তাহার পর ভীমসেন ক্রোধে আরক্তনয়ন হইয়া অগ্নির ন্যায় যেন দগ্ধ করিতে থাকিয়া স্বয়ং ত্বষ্টা প্রজাপতির তুল্য ত্বাষ্ট্র অস্ত্র সন্ধান করিলেন ॥৭৬॥

(৭৪)···প্রহর্ষঃ সমজায়ত—বা নি। (৭৬)···স্বয়ং ত্বষ্টেব মারিষ!—পি।

ততঃ শরসহস্রাণি প্রাদুরাসন্ সমন্ততঃ।
তৈঃ শরৈস্তব সৈন্যস্য বিদ্রবঃ সুমহানভূৎ ॥৭৭॥
তদস্ত্রং প্রেষিতং তেন ভীমসেনেন সংযুগে।
রাক্ষসস্য মহামায়াং হত্বা রাক্ষসমার্দ্দয়ৎ ॥৭৮॥
স বধ্যমানো বহুধা ভীমসেনেন রাক্ষসঃ।
সন্ত্যজ্য সংযুগে ভীমং দ্রোণানীকমথাব্রজৎ ॥৭৯॥
তস্মিংস্তু নির্জ্জিতে রাজন্! রাক্ষসেন্দ্রে মহাত্মনা।
অনাদয়ন্ সিংহনাদৈঃ পাণ্ডবাঃ সর্ব্বতো দিশম্ ॥৮০॥
অপূজয়ন্ মারুতিঞ্চ সংহৃষ্টাস্তে মহাবলম্।
প্রহ্লাদং সমরে জিত্বা যথা শক্রং মরুদ্‌গণাঃ ॥৮১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে অলম্বুষাপযানে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। ততস্ত্বাষ্ট্রাদস্ত্রাৎ। বিদ্রবঃ সম্প্রহারঃ ॥৭৭॥
তদিতি। প্রেষিতং নিক্ষিপ্তম্, তত্ত্বাষ্ট্রমস্ত্রং কর্ত্তৃ। হত্বা বিনাশ্য ॥৭৮॥
স ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। অব্রজৎ আত্মরক্ষার্থমগচ্ছৎ ॥৭৯॥
তস্মিন্নিতি। মহাত্মনা মহাবলেন ভীমসেনেন। সর্বতঃ সর্বান্ ॥৮০॥

মহারাজ! সেই ত্বাষ্ট্র অস্ত্র হইতে সকল দিকে সহস্র সহস্র বাণ প্রাদুর্ভূত হইল; সেই বাণসমূহে আপনার সৈন্যের গুরুতর উৎপীড়ন হইতে লাগিল ॥৭৭॥

যুদ্ধে ভীমসেননিক্ষিপ্ত সেই অস্ত্র অলম্বুষের মহামায়া বিনষ্ট করিয়া তাহাকে গুরুতর পীড়ন করিল ॥৭৮॥

ভীমসেন বহুপ্রকারে প্রহার করিতে লাগিলে, অলম্বুষ ভীমসেনকে পরিত্যাগ করিয়া দ্রোণসৈন্যের মধ্যে চলিয়া গেল ॥৭৯॥

রাজা! মহাবল ভীমসেন সেই রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে জয় করিলে, পাণ্ডবেরা সিংহনাদদ্বারা সমস্ত দিক্ নিনাদিত করিলেন ॥৮০॥

---

(৭৮) তদস্ত্রং প্রেরিতম্—বা নি। (৭৯)…সন্ত্যজ্য সমরে…দ্রোণানীকমুপাদ্রবৎ—বা নি। (৮১)…প্রহ্লাদমিব দৈতেয়াঃ—নি। * '…ষড়ধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ, '…অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ'—বা রা নি।

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

অলম্বুষং তথা যুদ্ধে বিচরন্তমভীতবৎ।
হৈড়িম্বঃ প্রযযৌ তূর্ণং বিব্যাধ চ শিতৈঃ শরৈঃ ॥১॥
তয়োঃ প্রতিভয়ং যুদ্ধমাসীদ্রাক্ষসসিংহয়োঃ।
কুর্বতোর্বিবিধা মায়াঃ শক্রশম্বরয়োরিব ॥২॥
অলম্বুষো ভৃশং ক্রুদ্ধো ঘটোৎকচমতাড়য়ৎ।
তয়োর্যুদ্ধং সমভবদ্রক্ষোগ্রামণিমুখ্যয়োঃ।
যাদৃগেব পুরা বৃত্তং রামরাবণয়োঃ প্রভো! ॥৩॥

ভারতকৌমুদী

অপূজয়ন্নিতি। মারুতিং ভীমম্। জিত্বা স্থিতম্। মরুতাং দেবানাং গণাঃ ॥৮১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

-:*:-

অলম্বুষমিতি। যুদ্ধে বিচরন্তং দ্রোণানীকং প্রবিশ্যাপি। হৈড়িম্বো ঘটোৎকচঃ ॥১॥

তয়োরিতি। প্রতিভয়ং ভয়ঙ্করম্। শক্রশম্বরয়োরিন্দ্রশম্বরাসুরয়োঃ ॥২॥

অলম্বুষ ইতি। গ্রামণীনি প্রধানানি রক্ষাংসীতি রক্ষোগ্রামণীনি প্রধানরাক্ষসাঃ অগ্নি-

---

ক্রমে পূর্ব্বকালে দেবতারা যুদ্ধে প্রহ্লাদবিজয়ী ইন্দ্রের যেমন সম্মান করিয়াছিলেন, সেইরূপ পাণ্ডবেরা আনন্দিত হইয়া মহাবল ভীমসেনের সম্মান করিতে লাগিলেন' ॥৮১॥

—:*:—

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অলম্বুষ দ্রোণসৈন্যের মধ্যে যাইয়াও নির্ভয়ের ন্যায় যুদ্ধে বিচরণ করিতে লাগিল; তখন ঘটোৎকচ সত্বর তাহার দিকে গমন করিল এবং শিলাশাণিত বাণসমূহদ্বারা তাহাকে বিদ্ধ করিল ॥১॥

ইন্দ্র ও শম্বরাসুরের ন্যায় সেই রাক্ষসশ্রেষ্ঠেরা দুই জন নানাবিধ মায়া প্রকাশ করিতে থাকিয়া যুদ্ধ করিতে থাকায় সে যুদ্ধ ভয়ঙ্করভাবেই হইতে লাগিল ॥২॥

ঘটোৎকচস্তু বিংশত্যা নারাচানাং স্তনান্তরে।
অলম্বুষমথো বিদ্ধা সিংহবন্ন্যনদম্মুহুঃ ॥৪॥
তথৈবালম্বুষো রাজন্! হৈড়িম্বং যুদ্ধদুর্ম্মদম্।
বিদ্ধা বিদ্ধানদদ্ধৃষ্টঃ পূরয়ন্ খং সমন্ততঃ ॥৫॥
তথা তৌ ভৃশসংক্রুদ্ধৌ রাক্ষসেন্দ্রৌ মহাবলৌ।
নির্বিশেষমযুধ্যেতাং মায়াভিরিতরেতরম্ ॥৬॥
মায়াশতস্জৌ দৃপ্তৌ মোহয়ন্তৌ পরস্পরম্।
মায়াযুদ্ধে কুশলিনৌ মায়াযুদ্ধমযুধ্যতাম্ ॥৭॥

ভারতকৌমুদী

স্তোকাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ, নপুংসকত্বাচ্চ হ্রস্বঃ, তেষপি মুখ্যয়োঃ প্রধানয়োঃ। বৃত্তং জাতম্। "গ্রামণীর্নাপিতে পুংসি শ্রেষ্ঠে গ্রামাধিপে ত্রিষু" ইত্যমরঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

ঘটোৎকচ ইতি। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি। বিদ্ধা তাড়য়িত্বা ॥৪॥

তথেতি। হৈড়িম্বং হিড়িম্বায়াঃ পুত্রং ঘটোৎকচম্। খমাকাশম্ ॥৫॥

তথেতি। নির্বিশেষং তারতম্যরহিতং যথা স্যাত্তথা ॥৬॥

মায়েতি। মায়াশতং সৃজতঃ কুরুত ইতি মায়াশতস্জৌ, দৃপ্তৌ দর্পযুক্তৌ ॥৭॥

অলম্বুষ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ঘটোৎকচকে তাড়ন করিল। রাজা! পূর্ব্বকালে রাম ও রাবণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, ক্রমে সেই প্রধানরাক্ষসশ্রেষ্ঠ দুই জনের সেইরূপই যুদ্ধ হইতে থাকিল ॥৩॥

ক্রমে ঘটোৎকচ কুড়িটা নারাচদ্বারা অলম্বুষের বক্ষস্থল বিদ্ধ করিয়া বার বার সিংহের ন্যায় গর্জন করিল ॥৪॥

রাজা! অলম্বুষও সেইরূপই যুদ্ধদুর্দ্ধর্ষ ঘটোৎকচকে বিদ্ধ করিয়া করিয়া হৃষ্ট হইয়া সকল দিকের আকাশ পূর্ণ করিতে থাকিয়া সিংহনাদ করিতে লাগিল ॥৫॥

মহাবল সেই রাক্ষসশ্রেষ্ঠেরা দুই জন অত্যন্তক্রুদ্ধ হইয়া মায়াদ্বারা নির্বিশেষভাবে পরস্পর যুদ্ধ করিতে থাকিল ॥৬॥

মায়াযুদ্ধে নিপুণ, বহুতরমায়াকারী, পরস্পর মোহজনক ও দর্পযুক্ত ঘটোৎকচ ও অলম্বুষ মায়াযুদ্ধই করিতে লাগিল ॥৭॥

---

(৭) মায়াশতসৃজৌ নিত্যম্—বা নি।

যাং যাং ঘটোৎকচো যুদ্ধে মায়াং দর্শয়তে নৃপ ! ।
তাং তামলম্বুষো রাজন্ ! মায়য়ৈব নিজঘ্নিবান্ ॥৮॥
তং তথা যুধ্যমানস্তু মায়াযুদ্ধবিশারদম্ ।
অলম্বুষং রাক্ষসেন্দ্রং দৃষ্ট্বা ক্রুধ্যন্ত পাণ্ডবাঃ ॥৯॥
ত এনং ভৃশসংক্রুদ্ধাঃ সর্ব্বতঃ প্রবরা রথৈঃ ।
অভ্যদ্রবন্ত সংরব্ধা ভীমসেনাদয়ো নৃপ ! ॥১০॥
ত এনং কোষ্ঠকীকৃত্য রথবংশেন মারিষ ! ।
সর্ব্বতো ব্যকিরন্ বাণৈরুল্কাভিরিব কুঞ্জরম্ ॥১১॥
স তেষামস্ত্রবেগং তং প্রতিহত্য স্বমায়য়া ।
তস্মাদ্রথব্রজান্মুক্তো বনদাহাদিব দ্বিপঃ ॥১২॥
স বিস্ফার্য্য ধনুর্ঘোরমিন্দ্রাশনিসমস্বনম্ ।
মারুতিং পঞ্চবিংশত্যা ভৈমসেনিঞ্চ পঞ্চভিঃ ॥১৩॥

ভারতকৌমুদী

যামিতি। দর্শয়তে আবিষ্করোতি স্ম। নিজঘ্নিবান্ ব্যনাশয়ৎ ॥৮॥
তমিতি। তথা মায়য়া ॥৯॥
ত ইতি। সর্ব্বতঃ অভ্যদ্রবন্ত অভ্যধাবন্, সংরব্ধাঃ সোৎসাহাঃ ॥১০॥
ত ইতি। কোষ্ঠকীকৃত্য পরিবেষ্ট্য, রথানাং বংশেন সমূহেন ॥১১॥
স ইতি। রথানাং ব্রজাৎ সমূহাৎ, মুক্তো নির্গতঃ ॥১২॥

নরনাথ রাজা! ঘটোৎকচ যুদ্ধে যে যে মায়া দেখাইতে লাগিল, অলম্বুষও মায়াদ্বারাই সেই সেই মায়া নষ্ট করিতে থাকিল ॥৮॥

মায়াযুদ্ধবিশারদ ও রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে সেইভাবে যুদ্ধ করিতে দেখিয়া পাণ্ডবেরা ক্রুদ্ধ হইলেন ॥৯॥

রাজা! তখন অত্যন্তক্রুদ্ধ ও উৎসাহসম্পন্ন ভীমসেন প্রভৃতি প্রধান বীরেরা রথারোহণে সকল দিক্ হইতে অলম্বুষের প্রতি ধাবিত হইলেন ॥১০॥

মাননীয় রাজা! তাঁহারা রথসমূহদ্বারা অলম্বুষকে পরিবেষ্টন করিয়া উল্কাদ্বারা যেমন হস্তীকে আঘাত করে, সেইরূপ সকল দিক্ হইতে বাণদ্বারা তাহাকে আঘাত করিতে লাগিলেন ॥১১॥

তখন অলম্বুষ আপন মায়াদ্বারা তাঁহাদের সেই অস্ত্রবেগ প্রতিহত করিয়া হস্তী যেমন বনদাহ হইতে মুক্ত হয়, সেইরূপ তাঁহাদের রথসমূহ হইতে মুক্ত হইল ॥১২॥

যুধিষ্ঠিরং ত্রিভির্বিদ্ধা সহদেবঞ্চ সপ্তভিঃ।
নকুলঞ্চ ত্রিসপ্তত্যা দ্রৌপদেয়াংশ্চ মারিষ!।
পঞ্চভিঃ পঞ্চভির্বিদ্ধা সিংহনাদং চকার হ ॥১৪॥ (যুগ্মকম্)
তং ভীমসেনো নবভিঃ সহদেবশ্চ সপ্তভিঃ।
যুধিষ্ঠিরঃ শতেনৈব রাক্ষসং প্রত্যবিধ্যত।
নকুলস্তু চতুঃষষ্ট্যা দ্রৌপদেয়াস্ত্রিভিস্ত্রিভিঃ ॥১৫॥
হৈড়িম্বো রাক্ষসং বিদ্ধা যুদ্ধে পঞ্চাশতা শরৈঃ।
পুনর্বিব্যাধ সপ্তত্যা ননাদ চ মহাবলঃ ॥১৬॥
তস্য নাদেন মহতা কম্পিতেয়ং বসুন্ধরা।
সপর্ব্বতবনা রাজন্! সপাদপজলাশয়া ॥১৭॥

ভারতকৌমুদী

স ইতি। মারুতিং মরুতো বায়োঃ পুত্রম্ ভীমম্, ভৈমসেনিং ঘটোৎকচম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদীপুত্রান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩—১৪॥

তমিতি। নবভির্বাণৈরিতি শেষঃ। রাক্ষসমলম্বুষম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৫॥

হৈড়িম্ব ইতি। হৈড়িম্বো ঘটোৎকচঃ, রাক্ষসমলম্বুষম্ ॥১৬॥

তস্যেতি। পর্ব্বতৈর্বনৈশ্চ সহেতি সা, পাদপৈর্বৃক্ষৈর্জলাশয়ৈশ্চ সহেতি সা চ ॥১৭॥

মাননীয় রাজা! পরে অলম্বুষ ইন্দ্রের বজ্রের তুল্য শব্দকারী ভয়ঙ্কর ধনু বিস্ফারিত করিয়া পঁচিশটা বাণদ্বারা ভীমকে, পাঁচটাদ্বারা ঘটোৎকচকে, তিনটাদ্বারা যুধিষ্ঠিরকে, সাতটাদ্বারা সহদেবকে, তিয়াত্তরটাদ্বারা নকুলকে এবং পাঁচ পাঁচটাদ্বারা দ্রৌপদীর পুত্রগণকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিল ॥১৩—১৪॥

তখন ভীমসেন নয়টা, সহদেব সাতটা, যুধিষ্ঠির একশত, নকুল চৌষট্টিটা এবং দ্রৌপদীর পুত্রেরা প্রত্যেকে তিন তিনটা বাণদ্বারা অলম্বুষকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৫॥

আর মহাবল ঘটোৎকচ পঞ্চাশটা বাণদ্বারা অলম্বুষকে বিদ্ধ করিয়া পুনরায় সত্তরটাদ্বারা বিদ্ধ করিল এবং সিংহনাদ করিয়া উঠিল ॥১৬॥

রাজা! ঘটোৎকচের সেই বিশাল সিংহনাদে পর্ব্বত, বন, বৃক্ষ ও জলাশয়ের সহিত এই পৃথিবীটাই কাঁপিতে লাগিল ॥১৭॥

---

(১৪)…ঘোরং নাদং ননাদ হ—বা নি।

সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ সর্ব্বতস্তৈর্মহারথৈঃ।
পুনর্বিব্যাধ তান্ সর্ব্বান্ পঞ্চভিঃ পঞ্চভিঃ শরৈঃ ॥১৮॥
তং ক্রুদ্ধং রাক্ষসং যুদ্ধে প্রতিক্রুদ্ধস্তু রাক্ষসঃ।
হৈড়িম্বো ভরতশ্রেষ্ঠ! প্রতিবিব্যাধ সপ্তভিঃ ॥১৯॥
সোঽতিবিদ্ধো বলবতা রাক্ষসেন্দ্রো মহাবলঃ।
ব্যসৃজচ্ছায়কাংস্তীক্ষ্ণান্ স্বর্ণপুঙ্খান্ শিলাশিতান্ ॥২০॥
তে শরা নতপর্ব্বাণো হৈড়িম্বং বিবিশুর্ভৃশম্।
রুষিতাঃ পন্নগা যদ্বদ্‌গিরিমুগ্রং মহাবলাঃ ॥২১॥
ততস্তে পাণ্ডবা রাজন্! সমন্তান্নিশিতান্ শরান্।
প্রেষয়ামাসুরুদ্বিগ্না হৈড়িম্বশ্চ ঘটোৎকচঃ ॥২২॥

ভারতকৌমুদী

স ইতি। সঃ অলম্বুষঃ, মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥১৮॥

তমিতি। রাক্ষসমলম্বুষম্। হৈড়িম্বো হিড়িম্বায়াঃ পুত্রো ঘটোৎকচঃ ॥১৯॥

স ইতি। সঃ অলম্বুষঃ। শিলাশিতান্ শিলাসু ঘর্ষণেন সুধারীকৃতান্ ॥২০॥

ত ইতি। নতপর্ব্বাণ ঈষদ্বক্রোপাস্তাঃ। মহাবলত্বাভাবে গিরিপ্রবেশো ন স্যাদিত্যাশয়ঃ ॥২১॥

তত ইতি। প্রেষয়ামাসুর্নিচিক্ষিপুঃ, উদ্বিগ্না ব্যস্তচিত্তাঃ ॥২২॥

সেই মহারথেরা সকল দিক্ হইতে অত্যন্ত বিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর অলম্বুষ পুনরায় পাঁচ পাঁচটা বাণদ্বারা তাঁহাদের সকলকে তাড়ন করিল ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! তখন প্রতিক্রুদ্ধ রাক্ষস ঘটোৎকচ যুদ্ধে সাতটা বাণদ্বারা ক্রুদ্ধ রাক্ষস অলম্বুষকে প্রতিতাড়ন করিল ॥১৯॥

বলবান্ ঘটোৎকচ অত্যন্তবিদ্ধ করিলে, রাক্ষসশ্রেষ্ঠ মহাবল অলম্বুষও ঘটোৎকচের প্রতি স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত ও তীক্ষ্ণ বহুতর বাণ নিক্ষেপ করিল ॥২০॥

তখন ক্রুদ্ধ মহাবল সর্পগণ যেমন ভীষণ পর্ব্বতের ভিতরে প্রবেশ করে, সেইরূপ সেই নতপর্ব্ব বাণগুলি যাইয়া ঘটোৎকচের শরীরে গুরুতরভাবে প্রবেশ করিল ॥২১॥

রাজা! তাহার পর সেই পাণ্ডবেরা এবং হিড়িম্বার পুত্র ঘটোৎকচ ব্যস্ত হইয়া সকল দিক্ হইতে সুধার বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥২২॥

---

(১৮) সোঽভিবিদ্ধো মহেষ্বাসৈ—বা নি। (২০)…শায়কাংস্তূর্ণম্—পি বা নি। (২১) …বিবি শূরাক্ষসং তদা…হৃষিতাঃ…গিরিশৃঙ্গম্—বা।

স বধ্যমানঃ সমরে পাণ্ডবৈর্জ্জিতকাশিভিঃ।
মর্ত্যধর্ম্মমনুপ্রাপ্তঃ কর্ত্তব্যং নান্বপদ্যত ॥২৩॥
ততঃ সমরশৌণ্ডোঽসৌ ভৈমসেনির্মহাবলঃ।
সমীক্ষ্যৈনং তথাবস্থং বধায়াস্য মনো দধে ॥২৪॥
বেগঞ্চক্রে মহান্তঞ্চ রাক্ষসেন্দ্ররথং প্রতি।
দগ্ধত্রিকূটশৃঙ্গাভং ভিন্নাঞ্জনচয়োপমম্ ॥২৫॥
রথাদ্রথমভিদ্রুত্য ক্রুদ্ধো হৈড়িম্বিরাক্ষিপৎ।
উদ্ববর্হ রথাচ্চাপি তং নাগং গরুড়ো যথা ॥২৬॥
সমুৎক্ষিপ্য চ বাহুভ্যামাবিধ্য চ পুনঃ পুনঃ।
নিষ্পিপেষ ক্ষিতৌ ক্ষিপ্রং পূর্ণকুম্ভমিবাশ্মনি ॥২৭॥
বললাঘবসম্পন্নঃ সম্পন্নো বিক্রমেণ চ।
ভৈমসেনী রণে ক্রুদ্ধঃ সর্ব্বসৈন্যান্যভীষয়ৎ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। জিতেন জয়েন কাশন্তে দীপ্যন্ত ইতি তৈঃ। মর্ত্যধর্ম্মং মরণস্বভাবম্ ॥২৩॥
তত ইতি। সমরে শৌণ্ডো মত্তঃ, ভৈমসেনির্ভীমসেনপুত্রো ঘটোৎকচঃ ॥২৪॥
বেগমিতি। দগ্ধং যৎ ত্রিকূটস্য পর্ব্বতস্য শৃঙ্গং তদাভম্ ॥২৫॥
রথাদিতি। অভিদ্রুত্য দ্রুতং গত্বা, আক্ষিপৎ আকর্ষৎ, উদ্ববর্হ উত্তোলয়ামাস ॥২৬॥
সমিতি। আবিধ্য ঘূর্ণয়িত্বা। অশ্মনি পাষাণে ॥২৭॥

বিজয়শোভী পাণ্ডবেরা যুদ্ধে আঘাত করিতে লাগিলে, অলম্বুষ মৃত্যুযোগ্য হইয়া কর্ত্তব্য স্থির করিতে পারিল না ॥২৩॥

তদনন্তর যুদ্ধমত্ত মহাবল ঘটোৎকচ অলম্বুষকে তদবস্থ দেখিয়া উহাকে বধ করিবার জন্য মনোনিবেশ করিল ॥২৪॥

পরে ঘটোৎকচ, ত্রিকূটপর্ব্বতের দগ্ধ শৃঙ্গতুল্য এবং স্নিগ্ধ কজ্জলরাশির সদৃশ অলম্বুষের রথের দিকে গুরুতর বেগ করিল (দ্রুত গমন করিল) ॥২৫॥

তৎপরে ক্রুদ্ধ ঘটোৎকচ আপন রথ হইতে অলম্বুষের রথে লাফাইয়া পড়িয়া গরুড় যেমন সর্প আকর্ষণ ও উত্তোলন করে, সেইরূপ অলম্বুষকে আকর্ষণ ও রথ হইতে উত্তোলন করিল ॥২৬॥

ক্রমে ঘটোৎকচ বাহুযুগলদ্বারা অলম্বুষকে উৎক্ষিপ্ত এবং বার বার ঘূর্ণিত করিয়া প্রস্তরে পূর্ণকুম্ভের ন্যায় সত্বর ভূতলে নিষ্পেষণ করিল ॥২৭॥

---

(২৪) ততঃ সমরশৌণ্ডো বৈ...সমীক্ষ্য তদবস্থং তম্—বা।

স বিস্ফারিতসর্ব্বাঙ্গশ্চূর্ণিতাস্থিবিভীষণঃ।
ঘটোৎকচেন বীরেণ হতঃ শালকটঙ্কটঃ ॥২৯॥
ততঃ সুমনসঃ পার্থা হতে তস্মিন্ নিশাচরে।
চুক্রুশুঃ সিংহনাদাংশ্চ বাসাংস্যাদুধুবুশ্চ হ ॥৩০॥
তাবকাশ্চ হতং দৃষ্ট্বা রাক্ষসেন্দ্রং মহাবলম্।
অলম্বুষং ভীমরূপং বিশীর্ণমিব পর্ব্বতম্।
হাহাকারমকুর্ব্বংস্ত সৈন্যানি ভরতর্ষভ ! ॥৩১॥
জনাশ্চ তদ্দদৃশিরে রক্ষঃ কৌতূহলান্বিতাঃ।
যদৃচ্ছয়া নিপতিতং ভূমাবঙ্গারকং যথা ॥৩২॥
ঘটোৎকচস্তু তদ্ধত্বা রক্ষো বলবতাং বরঃ।
মুমোচ বলবন্নাদং বলং হত্বেব বাসবঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

বলেতি। বলেন শক্ত্যা লাঘবেন শীঘ্রকারিতয়া চ সম্পন্নঃ ॥২৮॥
স ইতি। শালকটঙ্কটায়াঃ পুত্র ইতি শালকটঙ্কটঃ ॥২৯॥
তত ইতি। সুমনস আনন্দিতচিত্তাঃ। চুক্রুশুরুচ্চৈশ্চক্রুঃ। আদুধুবুঃ কম্পায়ামাসুঃ ॥৩০॥
তাবকা ইতি। তাবকাঃ প্রধানযোদ্ধারঃ। সৈন্যানি চ তাবকানি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥
জনা ইতি। রক্ষো রাক্ষসমলম্বুষম্। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। অঙ্গারকং মঙ্গলগ্রহম্ ॥৩২॥

বলবান্, শীঘ্রকারী, বিক্রমসম্পন্ন ও ক্রুদ্ধ ঘটোৎকচ সেইভাবে যুদ্ধে সমস্ত-সৈন্যের ভয় উৎপাদন করিল ॥২৮॥

তখন অলম্বুষের সমস্ত অঙ্গ প্রসারিত হইল, অস্থি সকল চূর্ণ হইয়া গেল এবং সে ভয় জন্মাইতে লাগিল। এইভাবে শালকটঙ্কটার পুত্র অলম্বুষ বীর ঘটোৎকচকর্ত্তৃক নিহত হইল ॥২৯॥

সেই রাক্ষস নিহত হইলে, তখন পাণ্ডবেরা আনন্দিত হইয়া উচ্চ সিংহনাদ এবং উর্দ্ধে বস্ত্রসঞ্চালন করিতে লাগিলেন ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ ! আর আপনার পক্ষের প্রধান যোদ্ধারা এবং সৈন্যেরা মহাবল ও ভীষণ মূর্ত্তি রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে বিশীর্ণ পর্ব্বতের ন্যায় নিহত দেখিয়া হাহাকার করিতে থাকিলেন ॥৩১॥

সাধারণ লোকেরা কৌতুকান্বিত হইয়া ঈশ্বরের ইচ্ছায় ভূতলে নিপতিত মঙ্গলগ্রহের ন্যায় সেই রাক্ষসকে দেখিতে লাগিল ॥৩২॥

---

(৩১)···হাহাকারমকার্ষুশ্চ—বা নি। (৩৩)···বলবতাং বরম্—বা নি।

সম্পূজ্যমানঃ পিতৃভিঃ সবান্ধবৈর্ঘটোৎকচঃ কর্ম্মণি দুষ্করে কৃতে।
রিপুং নিহত্যাভিননন্দ বৈ তদা হ্যলম্বুষং পক্বমলম্বুষং যথা ॥৩৪॥
ততো নিনাদঃ সুমহান্ সমুচ্ছ্রিতঃ সশঙ্খনানাবিধবাণঘোষবান্।
নিশম্য তং প্রত্যনদংস্তু কৌরবাস্ততোধ্বনির্ভুবনমথাস্পৃশস্তৃশম্ ॥৩৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে অলম্বুষনিপাতে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ঘটোৎকচ ইতি। বলবৎ সাতিশয়ম্, বলং নামাসুরম্, বাসব ইন্দ্রঃ ॥৩৩॥

সমিতি। পিতৃভির্যুধিষ্ঠিরাদিভিঃ। অলম্বুষং রাক্ষসম্, অলম্বুষং মুণ্ডীরীফলম্ ॥৩৪॥

তত ইতি। সমুচ্ছ্রিতঃ পাণ্ডবপক্ষে উত্থিতঃ, শঙ্খেন শঙ্খধ্বনিনা সহ নানাবিধবাণানাং ঘোষঃ শব্দোঽস্যাস্তীতি সঃ। অত্র প্রথমপাদত্রয়ে বংশস্থবিলং চতুর্থে তু রুচিরেত্যুপজাতির্বৃত্তম্ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অলম্বুষমিতি ॥১—২২॥ মর্ত্ত্যধর্ম্মং মরণযোগ্যতাম্ ॥২৩—২৫॥ আক্ষিপৎ গৃহীতবান্ ॥২৬॥ আবিধ্য ভ্রাময়িত্বা ॥২৭—২৮॥ বিস্ফারিতানি পৃথগ্ভূতানি সর্ব্বাঙ্গানি ॥২৯—৩৪॥ ভুবনং স্বর্লোকম্ ॥৩৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৩॥

কিন্তু বলিশ্রেষ্ঠ ঘটোৎকচ সেই রাক্ষসকে বধ করিয়া বলাসুরবধের পরে ইন্দ্রের ন্যায় বিশাল সিংহনাদ করিল ॥৩৩॥

ঘটোৎকচ দুষ্কর কার্য্য সম্পাদন করিলে, বান্ধবগণের সহিত যুধিষ্ঠির প্রভৃতি পাণ্ডবেরা ঘটোৎকচের প্রশংসা করিতে লাগিলেন; ঘটোৎকচও তখন পক্ব মুণ্ডীরফলের ন্যায় শত্রু অলম্বুষকে নিষ্পেষণপূর্ব্বক বধ করিয়া সর্ব্বতোভাবে আনন্দিত হইল ॥৩৪॥

তাহার পর পাণ্ডবপক্ষে শঙ্খধ্বনি ও নানাবিধ বাণধ্বনির সহিত অতিবিশাল আনন্দকোলাহল উত্থিত হইল; তাহা শুনিয়া কৌরবেরাও তাহার প্রতিকোলাহল করিলেন। তদনন্তর সেই উভয়ধ্বনি জগৎ স্পর্শ করিল' ॥৩৫॥

(৩৪) স পূজ্যমানঃ—বা নি। (৩৫)…প্রত্যনদংস্তু পাণ্ডবাঃ—বা নি। * '…সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '…নবাধিকশততমোঽধ্যায়ঃ'—বা রা নি।

চতুর্নবতিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ।

ভারদ্বাজং কথং যুদ্ধে যুযুধানো ন্যবারয়ৎ।
সঞ্জয়াচক্ষ্ব তত্ত্বেন পরং কৌতূহলং হি মে ॥১॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নেকমনাঃ সংগ্রামং লোমহর্ষণম্।
দ্রোণস্য পাণ্ডবৈঃ সার্দ্ধং যুযুধানপুরোগমৈঃ ॥২॥
বধ্যমানং বলং দৃষ্ট্বা যুযুধানেন মারিষ!।
অভ্যদ্রবৎ স্বয়ং দ্রোণঃ সাত্যকিং সত্যবিক্রমম্ ॥৩॥
তমাপতন্তং সহসা ভারদ্বাজং মহারথম্।
সাত্যকিঃ পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ ॥৪॥

ভারতকৌমুদী

ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্। যুযুধানঃ সাত্যকিঃ। তত্ত্বেন যাথার্থ্যেন ॥১॥
শৃণ্বিতি। যুযুধানঃ সাত্যকিঃ পুরোগমঃ অগ্রগামী যেষাং তৈঃ ॥২॥
বধ্যেতি। বলং কৌরবসৈন্যম্। হে মারিষ! আর্য্য!। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ ॥৩॥
তমিতি। ক্ষুদ্রকাণাং তদাখ্যানাং বাণবিশেষাণাম্, সমার্পয়দপীড়য়ৎ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সাত্যকি যুদ্ধে কিভাবে দ্রোণকে নিবারণ করিল, তাহা তুমি যথার্থরূপে বল; তাহা শুনিবার জন্য আমার গুরুতর কৌতূহল জন্মিয়াছে' ॥১॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনি একাগ্রচিত্ত হইয়া সাত্যকি প্রভৃতি পাণ্ডবপক্ষের সহিত দ্রোণের লোমহর্ষণ যুদ্ধের বৃত্তান্ত শ্রবণ করুন ॥২॥

মাননীয় মহারাজ! সাত্যকি কৌরবসৈন্য বধ করিতেছেন দেখিয়া দ্রোণ নিজেই যথার্থবিক্রমশালী সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥৩॥

মহারথ দ্রোণ বেগে আসিতে লাগিলে, সাত্যকি পঁচিশটা ক্ষুদ্রকদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥৪॥

(১)···পরং কৌতূহলং মম—বর্দ্ধ। (২) শৃণু রাজন্! মহাপ্রাজ্ঞ!—বা নি। (৩)···সাত্যকিঃ সত্যবিক্রমঃ—বঙ্গ বর্দ্ধ।

দ্রোণোঽপি যুধি বিক্রান্তো যুযুধানং সমাহিতঃ।
অবিধ্যৎ পঞ্চভিস্তূর্ণং হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥৫॥
তে বর্ম্ম ভিত্ত্বা সুদৃঢ়ং দ্বিষৎপিশিতভোজনাঃ।
অভ্যয়ুর্ধরণীং রাজন্! শ্বসন্ত ইব পন্নগাঃ ॥৬॥
দীর্ঘবাহুস্ততঃ ক্রুদ্ধস্তোত্রার্দ্দিত ইব দ্বিপঃ।
দ্রোণং পঞ্চাশতাবিধ্যন্নারাচৈরগ্নিসন্নিভৈঃ ॥৭॥
ভারদ্বাজো রণে বিদ্ধো যুযুধানেন সত্বরম্।
সাত্যকিং বহুভির্বাণৈর্যতমানমবিধ্যত ॥৮॥
ততঃ ক্রুদ্ধো মহেষ্বাসো ভূয় এব মহাবলঃ।
সাত্বতং পীড়য়ামাস শরেণানতপর্ব্বণা ॥৯॥
স বধ্যমানঃ সমরে ভারদ্বাজেন সাত্যকিঃ।
নাভ্যপশ্যত কর্ত্তব্যং কিঞ্চিদেব বিশাংপতে! ॥১০॥

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। সমাহিতঃ সাত্যকিপ্রহারে কৃতমনোযোগঃ ॥৫॥
ত ইতি। বর্ম্ম সাত্যকেঃ কবচম্। দ্বিষৎপিশিতভোজনাঃ শত্রুমাংসভোজিনঃ ॥৬॥
দীর্ঘেতি। দীর্ঘবাহুঃ সাত্যকিঃ, তোত্রার্দ্দিতঃ অঙ্কুশতাড়িতঃ, দ্বিপো হস্তী ॥৭॥
ভারেতি। ভারদ্বাজো দ্রোণঃ, যুযুধানেন সাত্যকিনা। যতমানং জয়ায় ॥৮॥
তত ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরো দ্রোণঃ। সাত্বতং সাত্বতবংশীয়ং সাত্যকিম্ ॥৯॥

যুদ্ধে বিক্রমশালী দ্রোণও মনোযোগী হইয়া স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত পাঁচটা বাণদ্বারা সত্বর সাত্যকিকে বিদ্ধ করিলেন ॥৫॥

রাজা! শত্রুমাংসভোজী সেই বাণগুলি যাইয়া সাত্যকির সুদৃঢ় বর্ম্ম ভেদ করিয়া নিশ্বাসত্যাগী সর্পের ন্যায় ভূমিতে প্রবেশ করিল ॥৬॥

তদনন্তর দীর্ঘবাহু সাত্যকি অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় ক্রুদ্ধ হইয়া অগ্নিতুল্য পঞ্চাশটা নারাচদ্বারা দ্রোণকে তাড়ন করিলেন ॥৭॥

সাত্যকি তাড়ন করিলে এবং জয়ের জন্য যত্ন করিতে থাকিলে, দ্রোণ সত্বর বহুতর বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৮॥

তাহার পরে আবার ক্রুদ্ধ, মহাধনুর্দ্ধর ও মহাবল দ্রোণ একটা নতপর্ব্ব বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিলেন ॥৯॥

---

(৫)…হেমপুঙ্খৈঃ শরৈঃ শিতৈঃ—বা নি। (৬)…বল্মীকমিব পন্নগাঃ—নি। (৭) দীর্ঘবাহুরভিক্রুদ্ধঃ—নি। (৯)…ব্রাতেন নতপর্বণাম্—বা নি।

বিষণ্ণবদনশ্চাপি যুযুধানোঽভবন্নৃপ ! ।
ভারদ্বাজং রণে দৃষ্ট্বা বিসৃজন্তং শিতান্ শরান্ ॥১১॥
তস্তু সংপ্রেক্ষ্য তে পুত্রাঃ সৈনিকাশ্চ বিশাংপতে ! ।
প্রহৃষ্টমনসো ভূত্বা সিংহবদ্ব্যনদন্ মুহুঃ ॥১২॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং পীড্যমানঞ্চ মাধবম্ ।
যুধিষ্ঠিরোঽব্রবীদ্রাজা সর্ব্বসৈন্যানি ভারত ! ॥১৩॥
এষ বৃষ্ণিবরো বীরঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ ।
গ্রস্যতে যুধি বীরেণ ভানুমানিব রাহুণা ॥১৪॥
অভিদ্রবত গচ্ছধ্বং সাত্যকির্যত্র যুধ্যতে ।
ধৃষ্টদ্যুম্নঞ্চ পাঞ্চাল্যমিদমাহ জনাধিপঃ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। নাভ্যপদ্যত অবধারয়িতুং নাশক্নোৎ ॥১০॥
বিষণ্ণেতি। বিসৃজন্তং নিক্ষিপন্তম্, শিতান্ শিলাঘর্ষণেন সুধারীকৃতান্ ॥১১॥
তমিতি। তং তদবস্থং সাত্যকিম্ ॥১২॥
তমিতি। মাধবং মধুবংশীয়ং সাত্যকিম্ ॥১৩॥
এষ ইতি। বৃষ্ণিবরো বৃষ্ণিবংশশ্রেষ্ঠঃ। বীরেণ দ্রোণেন, ভানুমান্ সূর্য্যঃ ॥১৪॥
অভীতি। অভিদ্রবতঃ দ্রোণমাক্রামত। জনাধিপো যুধিষ্ঠিরঃ ॥১৫॥

নরনাথ ! দ্রোণ যুদ্ধে আঘাত করিতে থাকিলে, সাত্যকি কোন কর্ত্তব্যই স্থির করিতে পারিলেন না ॥১০॥

রাজা ! বরং সাত্যকি যুদ্ধে দ্রোণকে অনবরত নিশিত শর নিক্ষেপ করিতে দেখিয়া বিষণ্ণবদন হইয়া পড়িলেন ॥১১॥

নরনাথ ! আপনার পুত্রেরা ও সৈন্যেরা সাত্যকিকে সেইরূপ দেখিয়া আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতে লাগিলেন ॥১২॥

ভরতনন্দন ! সেই ভয়ঙ্কর সিংহনাদ ও সাত্যকির পীড়নবৃত্তান্ত শুনিয়া রাজা যুধিষ্ঠির তাঁহার সমস্ত সৈন্যকে বলিলেন—॥১৩॥

'রাহু যেমন সূর্য্যকে গ্রাস করে, সেইরূপ বীর দ্রোণ এই বৃষ্ণিবংশশ্রেষ্ঠ, বীর ও যথার্থবিক্রমশালী সাত্যকিকে যুদ্ধে গ্রাস করিতে প্রবৃত্ত হইয়াছেন ॥১৪॥

অতএব সাত্যকি যেখানে যুদ্ধ করিতেছেন, তোমরা সেইখানে যাও, দ্রোণকে আক্রমণ কর'। পরে যুধিষ্ঠির পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্নকে এই কথা বলিলেন—॥১৫॥

অভিদ্রব দ্রুতং দ্রোণং কিন্নু তিষ্ঠসি পার্ষত !।
ন পশ্যসি ভয়ং ঘোরং দ্রোণাম্নঃ সমুপস্থিতম্ ॥১৬॥
অসৌ দ্রোণো মহেষ্বাসো যুযুধানেন সংযুগে।
ক্রীড়তে তন্তুবদ্ধেন পক্ষিণা বালকো যথা ॥১৭॥
তত্রৈব সর্ব্বে গচ্ছন্তু ভীমসেনমুখা রথাঃ।
ত্বয়ৈব সহিতা যত্তা যুযুধানরথং প্রতি ॥ ৮॥
পৃষ্ঠতোঽনুগমিষ্যামি ত্বামহংসহসৈনিকঃ।
সাত্যকিং মোক্ষয়স্বাদ্য যমদংষ্ট্রান্তরং গতম্ ॥১৯॥
এবমুক্ত্বা ততো রাজা সর্ব্বসৈন্যেন পাণ্ডবঃ।
অভ্যদ্রবদ্রণে দ্রোণং যুযুধানস্য কারণাৎ ॥২০॥
তত্রারাবো মহানাসীদ্দ্রোণমেকং যুযুৎসতাম্।
পাণ্ডবানাঞ্চ ভদ্রং তে সৃঞ্জয়ানাঞ্চ সর্ব্বশঃ ॥২১॥

ভারতকৌমুদী

অভীতি। অভিদ্রব অভিধাব। হে পার্ষত! পৃষতপৌত্র!। ঘোরং মহৎ ॥১৬॥
অসাবিতি। মহান্ ইষ্বাসো ধনুর্যস্য স মহাধনুর্দ্ধর ইত্যর্থঃ। তন্তুবদ্ধেন সূত্রবদ্ধেন ॥১৭॥
তত্রেতি। ভীমসেনমুখা ভীমসেনপ্রভৃতয়ঃ। যত্তাঃ সাত্যকিরক্ষণায় যত্নবন্তঃ ॥১৮॥
পৃষ্ঠত ইতি। অনু পরম্। যমস্য দংষ্ট্রান্তরং দন্তশ্রেণীদ্বয়াভ্যন্তরম্ ॥১৯॥
এবমিতি। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ। যুযুধানস্য কারণাৎ সাত্যকে রক্ষাহেতোঃ ॥২০॥

'পৃষতনন্দন! আপনি দাঁড়াইয়া আছেন কেন? দ্রোণ হইতে আমাদের যে গুরুতর ভয় উপস্থিত হইয়াছে, তাহা দেখিতেছেন না? ॥১৬॥

বালক যেমন সূত্রবদ্ধ পক্ষিদ্বারা খেলা করে, সেইরূপ মহাধনুর্দ্ধর ঐ দ্রোণ যুদ্ধে সাত্যকিদ্বারা খেলা করিতেছেন ॥১৭॥

অতএব ভীমসেনপ্রভৃতি রথীরা সকলে যত্নবান্ হইয়া আপনার সহিত সেই স্থানেই সাত্যকির রথের দিকে গমন করুন ॥১৮॥

আমি সৈন্যগণের সহিত মিলিত হইয়া আপনার পিছনে যাইব। আপনি আজ যমের দন্তশ্রেণীদ্বয়ের মধ্যগত সাত্যকিকে মুক্ত করুন' ॥১৯॥

রাজা যুধিষ্ঠির এই কথা বলিয়া সমস্ত সৈন্যের সহিত মিলিত হইয়া যুদ্ধে সাত্যকিকে রক্ষা করিবার জন্য দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২০॥

---

(১৭)...ক্রীড়তে সূত্রবদ্ধেন—বা নি। (১৮)...ভীমসেনপুরোগমাঃ...সহিতাঃ সর্বে—বা নি। (২০)...সর্বসৈন্যেন ভারত।—বা নি। (২১)...দ্রোণমেকং জিঘাংসতাম্—বঙ্গ বর্দ্ধ।

তে সমেত্য নরব্যাঘ্রা ভারদ্বাজং মহারথম্ ।
অভ্যবর্ষন্ শরৈস্তীক্ষ্ণৈঃ কঙ্কবর্হিণবাজিতৈঃ ॥২২॥
স্ময়ন্নেব তু তান্ বীরান্ দ্রোণঃ প্রত্যগ্রহীৎ স্বয়ম্ ।
অতিথীনাগতান্ যদ্বৎ সলিলেনাসনেন চ ॥২৩॥
তর্পিতাস্তে শরৈস্তস্য ভারদ্বাজস্য ধন্বিনঃ ।
আতিথেয়গৃহং প্রাপ্য তর্প্যন্তেঽতিথয়ো যথা ॥২৪॥
ভারদ্বাজন্তু তে সর্ব্বে ন শেকুঃ প্রতিবীক্ষিতুম্ ।
মধ্যন্দিনমনুপ্রাপ্তং সহস্রাংশুমিব প্রভো ! ॥২৫॥
তাংস্তু সর্ব্বান্ মহেষ্বাসান্ দ্রোণঃ শস্ত্রভৃতাং বরঃ ।
অতাপয়চ্ছরব্রাতৈর্গভস্তিভিরিবাংশুমান্ ॥২৬॥

ভারতকৌমুদী

তত্ত্রেতি । আরাবঃ কোলাহলঃ । যুযুৎসতাং যোদ্ধুমিচ্ছতাম্ । ভদ্রং মঙ্গলমস্তু ॥২১॥

ত ইতি । কঙ্কবর্হিণয়োঃ পক্ষিণোর্বাজাঃ পক্ষা এষু সঞ্জাতাঃ স্থিতা ইতি তৈঃ ॥২২॥

স্ময়ন্নিতি । স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্ । অতিথীন্ ধার্ম্মিকো গৃহস্থ ইতি শেষঃ ॥২৩॥

তর্পিতা ইতি । বীরা বীরাৎ প্রহারপ্রাপ্ত্যা তৃপ্যন্ত্যেবেতি ভাবঃ । আতিথেয়ঃ সদ্গৃহস্থঃ ॥২৪॥

ভারেতি । ভারদ্বাজং দ্রোণম্ । সহস্রাংশুং সূর্য্যম্ ॥২৫॥

এক দ্রোণের সহিত যুদ্ধ করিবার অভিলাষী সমস্ত পাণ্ডব ও সৃঞ্জয়গণের তখন বিশাল কোলাহল হইতে লাগিল। মহারাজ ! আপনার মঙ্গল হউক ॥২১॥

সেই নরশ্রেষ্ঠেরা উপস্থিত হইয়া মহারথ দ্রোণের উপরে কঙ্ক (হাড়গিলা) ও ময়ূরের পক্ষযুক্ত তীক্ষ্ণ বাণ সকল বর্ষণ করিতে লাগিলেন ॥২২॥

ধার্ম্মিক গৃহস্থ যেমন জল ও আসন দান করিয়া আগত অতিথিগণকে গ্রহণ করেন, সেইরূপ দ্রোণ স্বয়ং ঈষৎ হাস্য করিয়াই সেই বীরগণকে গ্রহণ করিলেন ॥২৩॥

অতিথিরা যেমন ধার্ম্মিক গৃহস্থের গৃহে উপস্থিত হইয়া অতিথিসৎকার পাইয়া তৃপ্তিলাভ করেন, সেইরূপ সেই ধনুর্দ্ধরেরা দ্রোণের নিকট হইতে শরাঘাত পাইয়া তৃপ্তিলাভ করিলেন ॥২৪॥

কিন্তু রাজা ! তাঁহারা সকলে মধ্যন্দিনগত সূর্য্যতুল্য দ্রোণের প্রতি দৃষ্টিপাতও করিতে সমর্থ হইলেন না ॥২৫॥

---

(২৩) স্ময়ন্নিব তু তান্ সর্ব্বান্—বঙ্গ বর্দ্ধ । (২৪)···নৃপতেঽতিথয়ো যথা—পি বর্দ্ধ ।

বধ্যমানা মহারাজ ! পাণ্ডবাঃ সৃঞ্জয়াস্তথা।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত পঙ্কমগ্না ইব দ্বিপাঃ ॥২৭॥
দ্রোণস্য চ ব্যদৃশ্যন্ত বিসর্পন্তো মহাশরাঃ।
গভস্তয় ইবার্কস্য প্রতপন্তঃ সমন্ততঃ ॥২৮॥
তস্মিন্ দ্রোণেন নিহতাঃ পাঞ্চালাঃ পঞ্চবিংশতিঃ।
মহারথাঃ সমাখ্যাতা ধৃষ্টদ্যুম্নস্য সম্মতাঃ ॥২৯॥
পাণ্ডূনাং সর্ব্বসৈন্যেষু পাঞ্চালানাং তথৈব চ।
দ্রোণং স্ম দদৃশুঃ শূরং বিনিঘ্নন্তং বরান্ বরান্ ॥৩০॥
কৈকেয়ানাং শতং হত্বা বিদ্রাব্য চ সমন্ততঃ।
দ্রোণস্তস্থৌ মহারাজ ! ব্যাদিতাস্য ইবান্তকঃ ॥৩১॥

ভারতকৌমুদী

ভানিতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, গভস্তিভিঃ কিরণৈঃ, অংশুমান্ সূর্য্যঃ ॥২৬॥
বধ্যেতি। বধ্যমানা আহন্যমানাঃ। ত্রাতারং রক্ষকম্। নাধ্যগচ্ছন্ত নালভন্ত ॥২৭॥
দ্রোণস্যেতি। বিসর্পন্তঃ সর্ব্বত্র প্রসরন্তঃ। গভস্তয়ঃ কিরণাঃ ॥২৮॥
তস্মিন্নিতি। তস্মিন্ কালে। সম্মতাঃ প্রিয়ত্বেন বীরত্বেন চাভিমতাঃ ॥২৯॥
পাণ্ডূনামিতি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্। স্মশব্দঃ পাদপূরণে। বরান্ বরান্ বীরান্ ॥৩০॥
কৈকেয়ানামিতি। বিদ্রাব্য অপসার্য্য। ব্যাদিতাস্যঃ প্রকটিতবদনঃ ॥৩১॥

অথচ সূর্য্য যেমন কিরণদ্বারা সকলকে সন্তপ্ত করেন, সেইরূপ অস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ বাণসমূহদ্বারা সেই সমস্ত মহাধনুর্দ্ধরকে সন্তপ্ত করিতে লাগিলেন ॥২৬॥

মহারাজ ! দ্রোণ আঘাত করিতে লাগিলে, পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ কর্দ্দমমগ্ন হস্তিগণের ন্যায় কাহাকেও রক্ষক পাইলেন না ॥২৭॥

সকল দিকে সন্তাপকারী সূর্য্যের কিরণসমূহের ন্যায় দ্রোণের বিশাল শরসমূহকে সকল দিকে বিচরণ করিতে দেখা গেল ॥২৮॥

সেই সময়ে দ্রোণ, মহারথ বলিয়া বিখ্যাত এবং ধৃষ্টদ্যুম্নের অভিমত পাঞ্চালদেশীয় পঁচিশ জন বীরকে বধ করিলেন ॥২৯॥

আর মহাবীর দ্রোণ, পাণ্ডবগণ ও পাঞ্চালগণের সমস্ত সৈন্যের মধ্যে প্রধান প্রধান বীরকে বধ করিতেছেন দেখা গেল ॥৩০॥

মহারাজ ! কৈকেয়গণের মধ্যে এক শত বীরকে বধ করিয়া এবং অন্য বীর-

(২৭) বধ্যমানা রণে রাজন্ !—পি বঙ্গ বর্দ্ধ। (২৯) তদা দ্রোণেন—বর্দ্ধ।

পাঞ্চালান্ সৃঞ্জয়ান্ মৎস্যান্ কৈকেয়াংশ্চ নরাধিপ ! ।
দ্রোণোঽজয়ন্মহাবাহুঃ শতশোঽথ সহস্রশঃ ॥৩২॥
তেষাং সমভবচ্ছব্দো বধ্যতাং দ্রোণসায়কৈঃ ।
বনৌকসামিবারণ্যে দহ্যতাং ধূমকেতুনা ॥৩৩॥
তত্র দেবাঃ সগন্ধর্ব্বাঃ পিতরশ্চাব্রুবন্ নৃপ ! ।
এতে দ্রবন্তি পাঞ্চালাঃ পাণ্ডবাশ্চ সসৈনিকাঃ ॥৩৪॥
তং তথা সমরে দ্রোণং নিঘ্নন্তং সোমকান্ রুষা ।
ন চাপ্যভিযযুঃ কেচিদপরে নৈব বিব্যধুঃ ॥৩৫॥
বর্ত্তমানে তথা রৌদ্রে তস্মিন্ বীরবরক্ষয়ে ।
অশৃণোৎ সহসা পার্থঃ পাঞ্চজন্যস্য নিস্বনম্ ।
পূরিতো বাসুদেবেন শঙ্খরাট্ স্বনতে ভৃশম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

পাঞ্চালানিতি। এতে দেশবাচিনঃ শব্দা দেশিষু লক্ষ্যন্তে ॥৩২॥

তেষামিতি। বধ্যতাং বধ্যমানানাম্। দহ্যতাং দহ্যমানানাম্, ধূমকেতুনা অগ্নিনা ॥৩৩॥

তত্রেতি। দ্রবন্তি দ্রোণপ্রহারাতিশয়াৎ পলায়ন্তে ॥৩৪॥

তমিতি। নৈব বিব্যধুঃ নৈব তাড়য়িতুং শেকুঃ, প্রহারার্ত্তত্বাৎ ॥৩৫॥

গণকে সকল দিকে অপসারিত করিয়া দ্রোণ প্রকটিতবদন যমের ন্যায় অবস্থান করিতে লাগিলেন ॥৩১॥

নরনাথ ! তাহার পর মহাবাহু দ্রোণ—পাঞ্চাল, সৃঞ্জয়, মৎস্য ও কেকয়দেশবাসী শত শত ও সহস্র সহস্র বীরকে জয় করিলেন ॥৩২॥

অগ্নি বনমধ্যে দগ্ধ করিতে লাগিলে বন্য জন্তুগণের যেমন আর্ত্তনাদ হইতে থাকে, সেইরূপ দ্রোণ বাণদ্বারা বধ করিতে লাগিলে সেই সৈন্যগণের আর্ত্তনাদ হইতে লাগিল ॥৩৩॥

রাজা ! তখন আকাশস্থ দেবগণ, গন্ধর্ব্বগণ ও পিতৃগণ বলিতে লাগিলেন—'এই পাণ্ডবগণ ও পাঞ্চালগণ সৈন্যগণের সহিত পলায়ন করিতেছেন' ॥৩৪॥

দ্রোণ ক্রোধবশতঃ যুদ্ধে সেইভাবে সোমকদিগকে সংহার করিতে লাগিলে, কোন যোদ্ধারাই তাঁহার অভিমুখে যাইতে পারিলেন না, কিংবা তাঁহাকে তাড়ন করিতে সমর্থ হইলেন না ॥৩৫॥

---

(৩৩)···বিদ্ধানাং দ্রোণসায়কৈঃ—বা নি। (৩৫)···সোমকান্ রণে—বা নি। (৩৬)···পুরিতে বাসুদেবেন শঙ্খরাজে মহাত্মনা—নি।

যুধ্যমানেষু বীরেষু সৈন্ধবস্যাভিরক্ষিষু।
নদৎসু ধার্ত্তরাষ্ট্রেষু বিজয়স্য রথং প্রতি ॥৩৭॥
গাণ্ডীবস্য চ নির্ঘোষে বিপ্রনষ্টে সমন্ততঃ।
কশ্মলাভিহতো রাজা চিন্তয়ামাস পাণ্ডবঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
ন নূনং স্বস্তি পার্থায় যথা স্বনতি শঙ্খরাট্।
কৌরবাশ্চ যথা হৃষ্টা বিনদন্তি মুহুর্মুহুঃ ॥৩৯॥
এবং স চিন্তয়িত্বা তু ব্যাকুলেনান্তরাত্মনা।
অজাতশত্রুঃ কৌন্তেয়ঃ সাত্বতং প্রত্যভাষত ॥৪০॥
বাষ্পগদ্গদয়া বাচা মুহ্যমানো মুহুর্মুহুঃ।
কৃত্যস্যানন্তরাপেক্ষী শৈনেয়ং শিনিপুঙ্গবম্ ॥৪১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বর্ত্তেতি। পার্থো যুধিষ্ঠিরঃ। দূরত্বেঽপি শ্রবণোপপত্তিমাহ পূরিত ইতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

যুধ্যেতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য। বিজয়স্যার্জ্জুনস্য। কশ্মলেন মোহেনাভিহতঃ ॥৩৭—৩৮॥

চিন্তাপ্রকারমাহ নেতি। স্বস্তি মঙ্গলম্, পার্থায়ার্জ্জুনায়। যথাশব্দদ্বয়ং হেত্বর্থে ॥৩৯॥

এবমিতি। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ, সাত্বতং সাত্বতবংশীয়ম্। কৃত্যস্য কর্ত্তব্যস্য, অনন্তরাপেক্ষী আনন্তর্য্যান্বেষী তৎপরকর্ত্তব্যানুসন্ধায়ীত্যর্থঃ, শৈনেয়ং সাত্যকিম্ ॥৪০—৪১॥

সেই ভাবে সেই ভীষণ বীরবরক্ষয় চলিতে লাগিলে, যুধিষ্ঠির হঠাৎ পাঞ্চজন্য-শঙ্খের ধ্বনি শুনিতে পাইলেন। কেন না, কৃষ্ণ মুখবায়ুদ্বারা পূর্ণ করিতেছিলেন বলিয়া সেই শঙ্খশ্রেষ্ঠ গুরুতর ধ্বনি উৎপাদন করিতেছিল ॥৩৬॥

জয়দ্রথের রক্ষক বীরেরা যুদ্ধ করিতে লাগিলে, ধার্ত্তরাষ্ট্রেরা অর্জ্জুনের রথের নিকটে সিংহনাদ করিতে থাকিলে এবং সকল দিকে গাণ্ডীবধনুর শব্দ তিরোহিত হইলে, রাজা যুধিষ্ঠির মোহে অভিভূত হইয়া চিন্তা করিলেন—॥৩৭—৩৮॥

'যে হেতু পাঞ্চজন্যধ্বনি হইতেছে এবং কৌরবেরা আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতেছে, সে হেতু নিশ্চয়ই অর্জ্জুন কুশলে নাই' ॥৩৯॥

এইরূপ চিন্তা করিয়া কুন্তীনন্দন যুধিষ্ঠির মোহে মুহুর্মুহু অভিভূত হইয়া পরকর্ত্তব্য বিষয়ের বিবেচনা করিয়া ব্যাকুল চিত্তে ও বাষ্পগদ্গদ বাক্যে সাত্বত-বংশীয় শিনিকুলশ্রেষ্ঠ সাত্যকিকে বলিলেন ॥৪০—৪১॥

(৪০) এবং সঞ্চিন্তয়িত্বা তু—বা নি।

যুধিষ্ঠির উবাচ।

যঃ স ধর্ম্মঃ পুরা দৃষ্টঃ সদ্ভিঃ শৈনেয়! শাশ্বতঃ।
সাম্পরায়ে সুহৃৎকৃত্যে তস্য কালোঽয়মাগতঃ ॥৪২॥
সর্ব্বেষ্বপি চ যোধেষু চিন্তয়ন্ শিনিপুঙ্গব!।
ত্বত্তঃ সুহৃত্তমং কঞ্চিন্নাভিজানামি সাত্যকে! ॥৪৩॥
যো হি প্রীতমনা নিত্যং যশ্চ নিত্যমনুব্রতঃ।
কার্য্যে স সাম্পরায়ে চ নিযোজ্য ইতি মে মতিঃ ॥৪৪॥
যথা চ কেশবো নিত্যং পাণ্ডবানাং পরায়ণম্।
তথা ত্বমপি বার্ষ্ণেয়! কৃষ্ণতুল্যপরাক্রমঃ ॥৪৫॥
সোঽহং ভারং সমাধাস্যে ত্বরিতং বোঢ়ুমর্হসি।
অভিপ্রায়ঞ্চ মে নিত্যং ন বৃথা কর্ত্তুমর্হসি ॥৪৬॥
স ত্বং ভ্রাতুর্বয়স্যস্য গুরোরপি চ সংযুগে।
কুরু কৃচ্ছ্রে সহায়ার্থমর্জ্জুনস্য নরর্ষভ! ॥৪৭॥

ভারতকৌমুদী

য ইতি। সদ্ভির্নিভিঃ, শাশ্বতশ্চিরন্তনঃ। সাম্পরায়ে যুদ্ধসম্বন্ধিনি ॥৪২॥
সর্ব্বেষ্বিতি। যোধেষু স্বপক্ষগতেষু। ত্বত্তঃ তবাপেক্ষয়া ॥৪৩॥
য ইতি। অনুব্রতঃ অনুকূলঃ। সাম্পরায়ে যুদ্ধসম্বন্ধিনি, নিযোজ্যঃ প্রেষ্যঃ ॥৪৪॥
যথেতি। পরায়ণং পরমাশ্রয়ঃ। হে বার্ষ্ণেয়! বৃষ্ণিবংশ্য! ॥৪৫॥
স ইতি। সমাধাস্যে ত্বয়ি স্থাপয়িষ্যে। বৃথা নিষ্ফলম্ ॥৪৬॥

যুধিষ্ঠির বলিলেন—'সাত্যকি! সাধুজনেরা পূর্ব্বে সেই যে চিরন্তন ধর্ম্মের বিষয় পর্য্যালোচনা করিয়া গিয়াছেন, যুদ্ধসম্বন্ধী সুহৃৎকার্য্যবিষয়ে এই তাহার কাল আসিয়াছে ॥৪২॥

শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি! আমি চিন্তা করিয়া আমার সমস্ত যোদ্ধার মধ্যেও তোমা অপেক্ষা প্রধান সুহৃৎ কাহাকেও দেখিতেছি না ॥৪৩॥

যিনি সর্ব্বদা সন্তুষ্টচিত্ত এবং যিনি সকল সময়েই অনুকূল থাকেন, যুদ্ধের কার্য্যে তাঁহাকেই নিযুক্ত করা উচিত ইহাই আমার ধারণা ॥৪৪॥

অথচ বৃষ্ণিনন্দন! কৃষ্ণ যেমন সর্ব্বদাই পাণ্ডবগণের পরম আশ্রয়, কৃষ্ণের তুল্য পরাক্রমশালী তুমিও সেইরূপই বট ॥৪৫॥

অতএব আমি তোমার উপরে কোন ভার আরোপণ করিব, তুমি তাহা সত্বর বহন করিতে পার। তুমি সর্ব্বদাই আমার ইচ্ছা সফল করিয়া থাক ॥৪৬॥

(৪৫) যথা বা—বর্দ্ধ। (৪৬)...ত্বরি তং বোঢ়ুমর্হসি—পি বা নি।

ত্বং হি সত্যব্রতঃ শূরো মিত্রাণামভয়ঙ্করঃ।
লোকে বিখ্যায়সে বীর! কর্ম্মভিঃ সত্যবাগিতি ॥৪৮॥
যো হি শৈনেয়! মিত্রার্থে যুধ্যমানস্ত্যজেত্তনুম্।
পৃথিবীং বা দ্বিজাতিভ্যো যো দদ্যাৎ স সমো ভবেৎ ॥৪৯॥
শ্রুতাশ্চ বহবোঽস্মাভী রাজানো যে দিবং গতাঃ।
দত্ত্বেমাং পৃথিবীং কৃৎস্নাং ব্রাহ্মণেভ্যো যথাবিধি ॥৫০॥
এবং ত্বামপি ধর্ম্মাত্মন্! প্রযাচেঽহং কৃতাঞ্জলিঃ।
পৃথিবীদানতুল্যং স্যাদধিকং বা ফলং বিভো! ॥৫১॥
এক এব সদা কৃষ্ণো মিত্রাণামভয়ঙ্করঃ।
রণে সংত্যজতি প্রাণান্ দ্বিতীয়স্ত্বঞ্চ সাত্যকে! ॥৫২॥

ভারতকৌমুদী

স ইতি। গুরোরস্ত্রশিক্ষকস্ত। সহায়ার্থং সহায়প্রয়োজনং সাহায্যম্ ॥৪৭॥
ত্বমিতি। সত্যব্রতশ্চিরসত্যপরায়ণঃ। বিখ্যায়সে বিশেষেণোচ্যসে ॥৪৮॥
অথার্জ্জুনসাহায্যার্থগমনে যদি মে মৃত্যুর্ভবেদিত্যাহ য ইতি। স দ্বিবিধো জনঃ ॥৪৯॥
নন্থ ব্রাহ্মণেভ্যো ভূমিদানে কিং ফলমিত্যাহ শ্রুতা ইতি। কৃৎস্নাং সর্ব্বপ্রকারাম্ ॥৫০॥
এবমিতি। প্রযাচে অর্জ্জুনসাহায্যার্থে গমনম্। ফলং যুদ্ধে মৃত্যাবিতি শেষঃ ॥৫১॥
কৃষ্ণতুল্যতয়া সাত্যকিং স্তৌতি তত্র গমনায় এক ইতি। সংত্যজতি ত্যক্তুমুদযুঙ্ক্তে ॥৫২॥

নরশ্রেষ্ঠ! অর্জ্জুন তোমার ভ্রাতা, সখা এবং অস্ত্রশিক্ষক। অতএব তুমি অর্জ্জুনের এই বিপদে সাহায্য কর ॥৪৭॥

বীর! তুমি সত্যপরায়ণ, বলবান্, মিত্রগণের অভয়দাতা এবং জগতে কর্ম্মদ্বারা সত্যবাদী বলিয়া বিখ্যাত হইয়াছ ॥৪৮॥

সাত্যকি! যে লোক মিত্রের জন্য যুদ্ধ করিতে থাকিয়া দেহত্যাগ করে, কিংবা যে লোক ব্রাহ্মণদিগকে ভূমি দান করে, সেই দ্বিবিধ লোকই সমান হইয়া থাকে ॥৪৯॥

যাঁহারা যথাবিধানে ব্রাহ্মণদিগকে সর্বপ্রকার ভূমি দান করিয়া স্বর্গে গমন করিয়াছেন, সেপ্রকার বহু রাজার বৃত্তান্ত আমরা শুনিয়াছি ॥৫০॥

ধর্ম্মাত্মন্! আমি কৃতাঞ্জলি হইয়া তোমার নিকটেও ইহা প্রার্থনা করিতেছি। কারণ, প্রভাবসম্পন্ন! যুদ্ধে মৃত্যু হইলে, ভূমিদানতুল্য, কিংবা তদপেক্ষাও অধিক ফল হইয়া থাকে ॥৫১॥

(৪৯)...পৃথিবীঞ্চ—বা নি।

বিক্রান্তস্য চ শূরস্য যুদ্ধাৎ প্রার্থয়তো যশঃ।
শূর এব সহায়ঃ স্যান্নেতরঃ প্রাকৃতো জনঃ ॥৫৩॥
ঈদৃশে হি পরামর্দ্দে বর্ত্তমানস্য মাধব!।
ত্বদন্যো হি রণে গোপ্তা বিজয়স্য ন বিদ্যতে ॥৫৪॥
শ্লাঘন্নেব হি কর্ম্মাণি শতশস্তব পাণ্ডবঃ।
মম সংজনয়ন্ হর্ষং পুনঃ পুনরকীর্ত্তয়ৎ ॥৫৫॥
লঘুহস্তশ্চিত্রযোধী তথা লঘুপরাক্রমঃ।
প্রাজ্ঞঃ সর্ব্বাস্ত্রবিচ্ছূরো ন চ মুহ্যতি সংযুগে ॥৫৬॥
মহাস্কন্ধো মহোরস্কো মহাবাহুর্মহাধনুঃ।
মহাবলো মহাবীর্য্যঃ স মহাত্মা মহারথঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

অথাত্রান্যো ন কিং নিযুজ্যত ইত্যাহ বিক্রান্তস্যেতি। প্রাকৃতঃ সাধারণঃ ॥৫৩॥
ঈদৃশ ইতি। পরামর্দ্দে দারুণসংঘর্ষে। গোপ্তা রক্ষকঃ, বিজয়স্যার্জ্জুনস্য ॥৫৪॥
সাত্যকের্যোগ্যতাং ব্যনক্তি শ্লাঘন্নিতি। শ্লাঘন্ গর্বং কুর্ব্বন্। পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥৫৫॥
অথ কেন রূপেণাকীর্ত্তয়দিত্যাহ দ্বাভ্যাং লঘ্বিতি। লঘুহস্তো দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যহস্তঃ ॥৫৬॥
মহেতি। মহোরস্কো বিশালবক্ষাঃ। বলং দৈহিকী শক্তিঃ, বীর্য্যঞ্চ মানসিকী শক্তিঃ ॥৫৭॥

সাত্যকি! মিত্রগণের অভয়জনক এক কৃষ্ণই সর্ব্বদা যুদ্ধে প্রাণত্যাগের উদ্‌যোগ করেন, দ্বিতীয়—তুমিও তাহা করিয়া থাক ॥৫২॥

বিক্রমশালী এবং যুদ্ধ হইতে যশঃপ্রার্থী বীরের সহায় বীরই হইয়া থাকেন; কিন্তু অপর সাধারণ লোক হয় না ॥৫৩॥

মধুবংশীয় বীর! তুমি ভিন্ন অপর কোন ব্যক্তিই ঈদৃশ যুদ্ধসংঘর্ষে প্রবৃত্ত অর্জ্জুনের রক্ষক হইতে পারে না ॥৫৪॥

দেখ—অর্জ্জুন আত্মশ্লাঘা করতঃ আমার আনন্দ জন্মাইতে থাকিয়া বার বার তোমার শত শত কার্য্যের উল্লেখ করিয়াছেন ॥৫৫॥

'সাত্যকি—লঘুহস্ত, বিচিত্রযোধী, দ্রুতপরাক্রমপ্রকাশকারী, বুদ্ধিমান্, সর্বাস্ত্রবিৎ, বীর এবং তিনি যুদ্ধে মোহিত হন না ॥৫৬॥

আর সাত্যকি—পীনস্কন্ধ, বিশালবক্ষা, মহাবাহু, মহাধন্বা, মহাবল, মহাবীর্য্য, মহাত্মা ও মহারথ ॥৫৭॥

(৫৩)···যুদ্ধে প্রার্থয়তঃ—বা নি। (৫৬) লঘ্বাস্ত্রশ্চিত্রযোধী চ—পি, লঘ স্ত্রশ্চিত্রযোধী চ—বঙ্গ বং। (৫৭)···মহাবাহুর্মহাধনুঃ—বা নি।

শিষ্যো মম সখা চৈব প্রিয়োঽস্যাহং প্রিয়শ্চ মে।
যুযুধানঃ সহায়ো মে প্রমথিষ্যতি কৌরবান্ ॥৫৮॥
অস্মদর্থঞ্চ রাজেন্দ্র ! সংনহ্যেদ্‌যদি কেশবঃ।
রামো বাপ্যনিরুদ্ধো বা প্রদ্যুম্নো বা মহারথঃ ॥৫৯॥
গদো বা সারণো বাপি শাম্বো বা সহ বৃষ্ণিভিঃ।
সহায়ার্থং মহারাজ ! সংগ্রামোত্তমমূর্দ্ধনি ॥৬০॥
তথাপ্যহং নরব্যাঘ্রং শৈনেয়ং সত্যবিক্রমম্।
সাহায্যে বিনিযোক্ষ্যামি নাস্তি মেঽন্যো হি তৎসমঃ ॥৬১॥ (বিশেষকম্)
ইতি দ্বৈতবনে তাত ! মামুবাচ ধনঞ্জয়ঃ।
পরোক্ষে ত্বদ্‌গুণাংস্তথ্যান্ কথয়ন্নার্য্যসংসদি ॥৬২॥
তস্য ত্বমেনং সঙ্কল্প ন বৃথা কর্ত্তুমর্হসি।
ধনঞ্জয়স্য বার্ষ্ণেয় ! মম ভীমস্য চোভয়োঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

উপযোগিত্বমপ্যকীর্ত্তয়দিত্যাহ শিষ্য ইতি। শিষ্যঃ অস্ত্রশিক্ষায়াম্। প্রিয়ঃ সঃ ॥৫৮॥

তৎফলমাহ ত্রিভির্বিশেষকেণ অস্মদিতি। সংনহ্যেৎ যুদ্ধসজ্জাং কুর্য্যাৎ। গদসারণাবপি যদুবংশ্যৌ। সহায়ার্থং সাহায্যনিমিত্তম্। শৈনেয়ং সাত্যকিম্ ॥৫৯—৬১॥

নন্বু কদেত্থমকীর্ত্তয়দিত্যাহ ইতীতি। আর্য্যসংসদি ব্রাহ্মণাদিসজ্জনসভায়াম্ ॥৬২॥

তস্যেতি। তস্য ধনঞ্জয়স্যেতি সম্বন্ধঃ। বৃথা নিষ্ফলম্ ॥৬৩॥

বিশেষতঃ সাত্যকি আমার শিষ্য ও সখা, আর আমি তাঁহার প্রিয় এবং তিনি আমার প্রিয়। সুতরাং সাত্যকি আমার সহায় হইয়া কৌরবগণকে মন্থন করিবেন ॥৫৮॥

অতএব রাজশ্রেষ্ঠ ! যদি স্বয়ং কৃষ্ণও আমাদের জন্য যুদ্ধসজ্জা করেন, কিংবা মহারাজ ! যদি রাম, অনিরুদ্ধ, মহারথ প্রদ্যুম্ন, গদ, সারণ, অথবা অপর বৃষ্ণিবংশীয়গণের সহিত শাম্বও মহাযুদ্ধে আমাদের সহায়তা করিবার জন্য প্রস্তুত হন, তথাপি আমি—নরশ্রেষ্ঠ ও যথার্থবিক্রমশালী সাত্যকিকে সাহায্য করার জন্য নিযুক্ত করিব। কারণ, তাঁহার তুল্য অপর কেহ আমার নাই' ॥৫৯—৬১॥

বৎস ! অর্জ্জুন দ্বৈতবনে সজ্জনসভায় বসিয়া তোমার অসমক্ষে তোমার যথার্থ গুণসমূহের বর্ণনা করিতে থাকিয়া আমার নিকট এই কথাগুলি বলিয়াছিলেন ॥৬২॥

যচ্চাপি তীর্থানি চরন্নগচ্ছং দ্বারকাং প্রতি।
তত্রাহমপি তে ভক্তিমর্জ্জুনং প্রতি দৃষ্টবান্ ॥৬৪॥
ন তৎ সৌহৃদমন্যেষু ময়া শৈনেয় ! লক্ষিতম্।
যথা ত্বমস্মান্ ভজসে বর্ত্তমানানুপপ্লবে ॥৬৫॥
সোঽভিজাতশ্চ ভক্তশ্চ সখ্যস্যাচার্য্যকস্য চ।
সৌহৃদস্য চ বীর্য্যস্য কুলীনত্বস্য মাধব ! ॥৬৬॥
সত্যস্য চ মহাবাহো ! অনুকম্পার্থমেব চ।
অনুরূপং মহেষ্বাস ! কর্ম্ম ত্বং কর্ত্তুমর্হসি ॥৬৭॥ (যুগ্মকম্)
সুযোধনো হি সহসা গতো দ্রোণেন দংশিতঃ।
পূর্ব্বমেব তু যাতাস্তে কৌরবাণাং মহারথাঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

যদিতি। যদ্‌যত্র। অর্জ্জুনং প্রতি তদসমক্ষেঽপীত্যাশয়ঃ ॥৬৪॥

নেতি। ভজসে সাহায্যবিধানেন সেবসে, উপপ্লবে যুদ্ধোপদ্রবে ॥৬৫॥

স ইতি। অভিজাতঃ সৎকুলোৎপন্নত্বম্। আচার্য্যকস্য গুরুগৌরবস্য। অনুকম্পার্থমস্মাসু দয়াপ্রকাশার্থম্। হে মহেষ্বাস ! মহাধনুর্দ্ধর ! ॥৬৬—৬৭॥

ভারতভাবদীপঃ

ভারদ্বাজমিতি ॥১—৪০॥ কৃত্যস্য জয়দ্রথবধস্য, অনন্তরাপেক্ষী অবিম্নাকাঙ্ক্ষী ॥৪১॥ যঃ স ধর্ম্মো মৈত্রীলক্ষণঃ, সাম্পরায়ে আপৎকালে ॥৪২—৪৬॥ বয়স্যস্য স্নিগ্ধস্য, সহায়ার্থং সহায়প্রয়োজনম্ ॥৪৭॥ সত্যব্রতো দৃঢ়নিশ্চয়ঃ ॥৪৮—৬৪॥ উপপ্লবে বিমর্দ্দে ॥৬৫—৬৬॥

বৃষ্ণিনন্দন ! তুমি সেই অর্জ্জুনের, আমার ও ভীমসেনের এই সঙ্কল্প নিষ্ফল করিতে পার না ॥৬৩॥

তা'র পর তীর্থপর্য্যটন করিতে করিতে যখন দ্বারকায় গিয়াছিলাম, তখনও আমি অর্জ্জুনের প্রতি তোমার ভক্তি দেখিয়াছি ॥৬৪॥

সাত্যকি ! বর্ত্তমান সময়ে আমরা ভীষণ বিপ্লবে রহিয়াছি, এ অবস্থাতেও তুমি আমাদের যেরূপ সেবা করিতেছ, এরূপ সৌহার্দ্দ আমি অন্যের দেখি নাই ॥৬৫॥

অতএব মধুবংশীয় মহাধনুর্দ্ধর মহাবাহু ! তুমি সদ্বংশজাত এবং আমাদের ভক্ত বলিয়া আমাদের প্রতি দয়া প্রকাশ করিবার জন্য সখিত্ব, গুরুগৌরব, সৌহার্দ্দ, বল, কুলীনত্ব ও সত্যের অনুরূপ কার্য করা তোমার উচিত ॥৬৬—৬৭॥

---

(৬৬) সোঽভিজাত্যা চ ভক্ত্যা চ—বা নি। (৬৭)···অনুরূপং মহাবাহো !—বর্দ্ধ। (৬৮)···পূর্ব্বমেবানুযাতাস্তে—বা নি।

সুমহান্ নিনদশ্চৈব শ্রূয়তে বিজয়ং প্রতি।
স শৈনেয়! জবেনাশু গন্তুমর্হসি মাধব! ॥৬৯॥
ভীমসেনো বয়ঞ্চৈব সংযত্তাঃ সহসৈনিকাঃ।
দ্রোণমাবারয়িষ্যামো যদি ত্বাং প্রতি যোৎস্যতে ॥৭০॥
পশ্য শৈনেয়! সৈন্যানি দ্রবমাণানি সংযুগে।
মহান্তঞ্চ রণে শব্দং দীর্য্যমাণাঞ্চ বাহিনীম্ ॥৭১॥
মহামারুতবেগেন সমুদ্রমিব পর্ব্বসু।
ধার্ত্তরাষ্ট্রবলং তাত! বিক্ষিপ্তং সব্যসাচিনা ॥৭২॥
রথৈর্বিপরিধাবদ্ভিঃ মনুষ্যৈশ্চ হয়ৈঃ সহ।
সৈন্যং রজঃ সমুদ্ধূতমেতৎ সংপরিবর্ত্ততে ॥৭৩॥

ভারতকৌমুদী

সুযোধন ইতি। গতঃ অর্জ্জুনং প্রতি, দংশিতঃ কবচবন্ধনেন সজ্জিতঃ ॥৬৮॥
সুমহানিতি। বিজয়ং প্রতি অর্জ্জুনসমীপে। জবেন বেগেন ॥৬৯॥
ভীমেতি। সংযত্তাঃ তব প্রবেশার্থে যত্নবন্তঃ সন্তঃ ॥৭০॥
পশ্যেতি। সৈন্যানি কুরুপক্ষস্য, দ্রবমাণানি পলায়মানানি ॥৭১॥
মহেতি। পর্ব্বসু পূর্ণিমামাবস্যাসু। বিক্ষিপ্তমুদ্বেলিতম্। পশ্যেত্যনুবৃত্তিঃ ॥৭২॥

ওদিকে দ্রোণ কবচবন্ধনপূর্ব্বক সজ্জিত করিয়া দেওয়ার পরে দুর্য্যোধন তৎক্ষণাৎ অর্জ্জুনের দিকে গিয়াছেন এবং কৌরবপক্ষের মহারথেরা ত পূর্ব্বেই সেখানে গমন করিয়াছেন ॥৬৮॥

অর্জ্জুনের দিকেও গুরুতর কোলাহল শুনা যাইতেছে। অতএব মধুবংশীয় সাত্যকি! সত্বর বেগে তোমার সেখানে গমন করা উচিত ॥৬৯॥

দ্রোণ যদি তোমার বিরুদ্ধে যুদ্ধ করেন, তাহা হইলে ভীমসেন ও আমি সৈন্যগণের সহিত মিলিত ও যত্নবান্ হইয়া তাঁহাকে বারণ করিব ॥৭০॥

সাত্যকি! দেখ—কৌরবসৈন্য পলায়ন করিতেছে, বিশাল কোলাহল হইতেছে এবং কৌরববাহিনী বিশ্লিষ্ট হইয়া যাইতেছে ॥৭১॥

বৎস! আরও দেখ—মহাবায়ুবেগ যেমন পূর্ণিমা বা অমাবস্যায় সমুদ্রকে উদ্বেলিত করে, সেইরূপ অর্জ্জুনও কৌরবসৈন্য উদ্বেলিত করিয়াছেন ॥৭২॥

পরিধাবিত রথ ও অশ্বের সহিত মনুষ্যেরা এই সৈন্যধূলি উত্তোলন করিয়াছে ॥৭৩॥

---

(৬৯)…গন্তুমর্হসি মানদ!—বা নি। (৭১)…দীর্য্যমাণাঞ্চ ভারতীম্—বা নি। (৭৩)…হয়ৈশ্চ হ—বা নি।

সংবৃতঃ সিন্ধুসৌবীরৈর্নখর প্রাসযোধিভিঃ।
অত্যন্তোপচিতৈঃ শূরৈঃ ফাল্গুনঃ পরবীরহা ॥৭৪॥
নৈতদ্বলমসংবার্য্য শক্যো হন্তুং জয়দ্রথঃ।
এতে হি সৈন্ধবস্যার্থে সর্ব্বে সন্ত্যক্তজীবিতাঃ ॥৭৫॥
শরশক্তিধ্বজবরং হয়নাগসমাকুলম্।
পশ্যৈতদ্ধার্ত্তরাষ্ট্রাণামনীকং সুদুরাসদম্ ॥৭৬॥
শৃণু দুন্দুভিনির্ঘোষং শঙ্খশব্দাংশ্চ পুষ্কলান্।
সিংহনাদরবাংশ্চৈব রথনেমিস্বনাংস্তথা ॥৭৭॥
নাগানাং শৃণু শব্দঞ্চ পত্তীনাঞ্চ সহস্রশঃ।
সাদিনাং দ্রবতাঞ্চৈব শৃণু কম্পয়তাং মহীম্ ॥৭৮॥
পুরস্তাৎ সৈন্ধবানীকং দ্রোণানীকস্য পৃষ্ঠতঃ।
বহুত্বাদ্ধি নরব্যাঘ্র! দেবেন্দ্রমপি পীড়য়েৎ ॥৭৯॥

ভারতকৌমুদী

রথৈরিতি। সৈন্যানামিদং সৈন্যম্, ইদমর্থে অণ্, রজো ধূলিঃ, সমুদ্ধ,তমুত্তোলিতম্ ॥৭৩॥
সংবৃত ইতি। অত্যন্তোপচিতৈরতীব বৃদ্ধিং প্রাপ্তৈঃ, ফাল্গুনঃ অর্জ্জুনঃ ॥৭৪॥
নেতি। শক্যঃ অর্জ্জুনেন। সৈন্ধবস্য জয়দ্রথস্য, সন্ত্যক্তজীবিতা জীবনত্যাগায়োদ্যতাঃ ॥৭৫॥
শরেতি। শরৈঃ শক্তিভির্ধ্বজৈশ্চ বরমুত্তমম্, হয়ৈরশ্বৈর্নাগৈর্গজৈশ্চ সমাকুলম্ ॥৭৬॥
শৃণ্বিতি। পুষ্কলান্ প্রচুরান্। রথানাং নেমিস্বনান্ চক্রপ্রান্তশব্দান্ ॥৭৭॥
নাগানামিতি। নাগানাং হস্তিনাম্। সাদিনামশ্বারোহিণাম্, দ্রবতাং ধাবতাম্ ॥৭৮॥

নখ ও প্রাসযোধী সিন্ধু ও সৌবীরদেশীয় বীরেরা অত্যন্ত বৃদ্ধি পাইয়া বিপক্ষবীরহন্তা অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়াছেন ॥৭৪॥

অর্জ্জুন এই সৈন্যগণকে নিবারণ না করিয়া জয়দ্রথকে বধ করিতে পারিবেন না। কারণ, ইহারা সকলেই জয়দ্রথকে রক্ষা করিবার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়াছে ॥৭৫॥

সাত্যকি! দেখ—বাণ, শক্তি, ধ্বজ, হস্তী ও অশ্বে পরিপূর্ণ এই কৌরবসৈন্য অত্যন্ত দুর্দ্ধর্ষ হইয়া দাঁড়াইয়াছে ॥৭৬॥

সাত্যকি! শোন, দুন্দুভিনির্ঘোষ, প্রচুর শঙ্খধ্বনি, সিংহনাদ ও রথচক্রের শব্দ হইতেছে ॥৭৭॥

আরও শোন, সহস্র সহস্র হস্তী, পদাতি ও অশ্বারোহী সমরভূমি কম্পিত করিয়া ধাবিত হইয়াছে, তাহাদেরও শব্দ হইতেছে ॥৭৮॥

---

(৭৫)...শক্যো জেতুং জয়দ্রথঃ—বা নি। (৭৯)...দ্রোণানীকক পৃষ্ঠতঃ—বা নি।

অপর্য্যন্তে বলে মগ্নো জহ্যাদপি চ জীবিতম্।
তস্মিংশ্চ নিহতে যুদ্ধে কথং জীবেত মাদৃশঃ ॥৮০॥
সর্ব্বথাহমনুপ্রাপ্তঃ সুকৃচ্ছ্রং বত জীবিতম্।
শ্যামো যুবা গুড়াকেশো দর্শনীয়শ্চ পাণ্ডবঃ ॥৮১॥
লঘ্বস্ত্রশ্চিত্রযোধী চ প্রবিষ্টস্তাত! ভারতীম্।
সূর্য্যোদয়ে মহাবাহুর্দিবসশ্চাতিবর্ত্ততে ॥৮২॥ (যুগ্মকম্)
তন্ন জানামি বার্ষ্ণেয়! যদি জীবতি বা ন বা।
কুরূণাঞ্চাপি তৎ সৈন্যং সাগরপ্রতিমং মহৎ ॥৮৩॥
এক এব চ বীভৎসুঃ প্রবিষ্টস্তাত! ভারতীম্।
অবিষহ্যাং মহাবাহুঃ সুরৈরপি মহাহবে ॥৮৪॥

ভারতকৌমুদী

পুরস্তাদিতি। পুরস্তাজ্জয়দ্রথাগ্রবর্ত্তি, সৈন্ধবানীকং জয়দ্রথসৈন্যং কর্ত্তৃ ॥৭৯॥

অপর্য্যন্ত ইতি। অপর্য্যন্তে অসীমে, বলে বিপক্ষসৈন্যে, মগ্নোঽর্জ্জুনঃ ॥৮০॥

সর্ব্বথেতি। সুকৃচ্ছ্রমতীবকষ্টযুক্তম্, বত খেদে। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা জিতনিদ্র ইত্যর্থঃ, পাণ্ডবোঽর্জ্জুনঃ। সূর্য্যোদয়ে প্রবিষ্ট ইতি সম্বন্ধঃ। ভারতীং কৌরবীং সেনাম ॥৮১—৮২॥

তদিতি। জীবতি পাণ্ডবোঽর্জ্জুন ইত্যনুবৃত্তিঃ। হেত্বন্তরমাহ কুরূণামিতি ॥৮৩॥

নরশ্রেষ্ঠ! দ্রোণসৈন্যের পিছনে ও জয়দ্রথের অগ্রে জয়দ্রথের সৈন্য রহিয়াছে, সেগুলি বহুতর বলিয়া দেবরাজকেও পীড়ন করিতে পারে ॥৭৯॥

অর্জ্জুন এই অসীমসৈন্যমধ্যে মগ্ন হইয়া হয় ত জীবনত্যাগও করিতে পারেন। তিনি যুদ্ধে নিহত হইলে, আমার মত লোক কি করিয়া জীবন ধারণ করিবে ॥৮০॥

হায়! আমার জীবন অতিকষ্টময় হইয়া পড়িয়াছে। বৎস সাত্যকি! শ্যামবর্ণ, যুবক, সর্ব্বদা সতর্ক, দর্শনীয়মূর্ত্তি, দ্রুত অস্ত্রনিক্ষেপী, বিচিত্রযোধী ও মহাবাহু অর্জ্জুন সূর্য্যোদয়ে কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন, আর এখন দিন প্রায় চলিয়া গিয়াছে ॥৮১—৮২॥

অতএব বৃষ্ণিনন্দন! জানি না—তিনি জীবিত আছেন কি না; বিশেষতঃ সেই কৌরবসৈন্যও সমুদ্রের ন্যায় বিশাল ॥৮৩॥

---

(৮১) সর্বথাহমনুপ্রাপ্তঃ সুকৃচ্ছ্রং ত্বয়ি জীবতি—বা, সর্বথা সমনুপ্রাপ্তঃ সুকৃচ্ছ্রং ত্বয়ি জীবতি—নি। (৮৪)·· শূরৈরপি মহামৃধে—বর্দ্ধ।

ন চ মে বৰ্ত্ততে বুদ্ধিরস্থ যুদ্ধে কথঞ্চন।
দ্রোণোঽপি রভসো যুদ্ধে মম পীড়য়তে বলম্।
প্রত্যক্ষং তে মহাবাহো! যথাসৌ চরতি দ্বিজঃ ॥৮৫॥
যুগপচ্চ সমেতানাং কার্য্যাণাং ত্বং বিচক্ষণঃ।
মহার্থং লঘুসংযুক্তং কর্ত্তুমর্হসি মানদ! ॥৮৬॥
তস্য মে সৰ্ব্বকার্য্যেষু কার্য্যমেতন্মতং মহৎ।
অৰ্জ্জুনস্য পরিত্রাণং কর্ত্তব্যমিতি সংযুগে ॥৮৭॥
নাহং শোচামি দাশার্হং গোপ্তারং জগতঃ প্রভুম্।
স শক্তো হি রণে ত্রাতুং ত্রীল্লোঁকানপি সঙ্গতান্ ॥৮৮॥
বিজেতুং পুরুষব্যাঘ্রঃ সত্যমেতদ্ব্রবীমি তে।
কিং পুনর্ধার্ত্তরাষ্ট্রস্য বলমেতৎ সুদুর্বলম্ ॥৮৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এক ইতি। বীভৎসুরর্জ্জুনঃ। ভারতীং কৌরবীং সেনাম্। অবিষহ্যাং বিবোঢুমশক্যাম্ ॥৮৪॥

নেতি। ন বৰ্ত্ততে, অর্জ্জুনানিষ্টাশঙ্কয়াবসাদাপাতাদিতি ভাবঃ। রভসো বেগবান্। যথা যতঃ। দ্বিজো দ্রোণঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৫॥

যুগপদিতি। কার্য্যাণাং সম্পাদনে। মহার্থং মহাপ্রয়োজনম্, লঘুসংযুক্তং দ্রুতম্ ॥৮৬॥

তস্যেতি। কিং তন্মহৎ কার্য্যমিত্যাহ অর্জ্জুনস্যেতি ॥৮৭॥

নন্থ কৃষ্ণার্থং কিং ন চিন্তয়সীত্যাহ নেতি। দাশার্হং কৃষ্ণম্, গোপ্তারং রক্ষকম্। সঙ্গতান্ সম্মিলিতান্। বিজেতুঞ্চ শক্ত ইতি সম্বন্ধঃ, প্রভুত্বাদেবেত্যাশয়ঃ ॥৮৮—৮৯॥

বৎস! একমাত্র মহাবাহু অর্জ্জুনই মহাযুদ্ধে দেবগণেরও অসহ্য কৌরব-সৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন ॥৮৪॥

কোন প্রকারেই আজ যুদ্ধে আমার বুদ্ধি প্রবৃত্ত হইতেছে না। এদিকে দ্রোণও যুদ্ধে বেগবান্ হইয়া আমার সৈন্যগণকে পীড়ন করিতেছেন। মহাবাহু! যে হেতু তোমার সমক্ষেই ঐ ব্রাহ্মণ বিচরণ করিতেছেন ॥৮৫॥

মানী লোকের সম্মানকারক! তুমি একদা অনেক কার্য্য সম্পাদনে বিচক্ষণ। সুতরাং তুমি সত্বর গুরুতর প্রয়োজন সম্পাদন কর ॥৮৬॥

যুদ্ধে অর্জ্জুনকে রক্ষা করা কর্ত্তব্য; সমস্ত কার্য্যের মধ্যে এই কার্য্যটাই প্রধান বলিয়া আমার ধারণা ॥৮৭॥

(৮৬) যুগপৎ সমবেতানাম্—মাধব।—পি বা নি। (৮৭,...এতন্মতং সদা—বঙ্গ বৰ্দ্ধ। (৮৮)...জগতঃ পতিম্...রণে তাত।—নি।

অর্জ্জুনস্ত্বেব বার্ষ্ণেয়! পীড়িতো বহুভির্মৃধে।
প্রজহ্যাৎ সমরে প্রাণাংস্তস্মাদ্বিন্দামি কশ্মলম্ ॥৯০॥
তস্য ত্বং পদবীং গচ্ছ গচ্ছেয়ুস্ত্বাদৃশা যথা।
তাদৃশস্যেদৃশে কালে মাদৃশেনাভিনোদিতঃ ॥৯১॥
রণে বৃষ্ণিপ্রবীরাণাং দ্বাবেবাতিরথৌ স্মৃতৌ।
প্রদ্যুম্নশ্চ মহাবাহুস্ত্বঞ্চ সাত্বত! বিশ্রুতঃ ॥৯২॥
অস্ত্রে নারায়ণসমঃ সঙ্কর্ষণসমো বলে।
বীরতায়াং নরব্যাঘ্র! ধনঞ্জয়সমো হ্যসি ॥৯৩॥
ভীষ্মদ্রোণাবতিক্রম্য সর্ব্বযুদ্ধবিশারদম্।
ত্বামদ্য পুরুষব্যাঘ্র! লোকে সন্তঃ প্রচক্ষতে ॥৯৪॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। প্রজহ্যাৎ ত্যজেৎ। বিন্দামি প্রাপ্নোমি, কশ্মলং মোহম্ ॥৯০॥
তস্যেতি। তাদৃশস্য বিপক্ষপরিবেষ্টিতস্য তস্যার্জ্জুনস্য। অভিনোদিতঃ প্রেরিতঃ ॥৯১॥
রণ ইতি। বৃষ্ণিপ্রবীরাণাং বৃষ্ণিবংশীয়প্রধানবীরাণাং মধ্যে। বিশ্রুতো বিখ্যাতঃ ॥৯২॥
অস্ত্র ইতি। নারায়ণসমঃ কৃষ্ণতুল্যঃ, সঙ্কর্ষণসমো রামসমানঃ ॥৯৩॥

জগতের রক্ষক ও প্রভু কৃষ্ণের জন্য আমি শোক করি না। কেন না পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ সম্মিলিত ত্রিভুবনকেও রক্ষা করিতে বা জয় করিতে সমর্থ হন; তাহাতে দুর্য্যোধনের অতি দুর্ব্বল এই সৈন্যের কথা আর কি বলিব। একথা আমি তোমার নিকট সত্য বলিতেছি ॥৮৮—৮৯॥

কিন্তু বৃষ্ণিনন্দন! বহু যোদ্ধা যুদ্ধে পীড়ন করিতে লাগিলে, হয় ত অর্জ্জুন প্রাণত্যাগ করিবেন। সেই জন্যই আমার মোহ উপস্থিত হইতেছে ॥৯০॥

সাত্যকি! আমি প্রেরণ করিতেছি। সুতরাং এইরূপ সময়ে তোমার ন্যায় বীরেরা যে ভাবে গমন করেন, তুমি সেই ভাবে অর্জ্জুনসদৃশ বীরের পথে গমন কর ॥৯১॥

সাত্বতবংশীয়! বৃষ্ণিবংশের প্রধান বীরগণের মধ্যে লোকে দুই জনকেই অতিরথ বলিয়া মনে করে—এক প্রদ্যুম্ন, আর দ্বিতীয়—মহাবাহু বলিয়া বিখ্যাত তুমি ॥৯২॥

নরশ্রেষ্ঠ! তুমি অস্ত্রে কৃষ্ণের তুল্য, বলে বলরামের সমান এবং বীরত্বে অর্জ্জুনের সদৃশ ॥৯৩॥

---

(৯০) অর্জ্জুনস্ত্বেবং—বা নি। (৯১)...মাদৃশৈরভিচোদিতঃ—পি বঙ্গ বর্দ্ধ। (৯৪)... ত্বামেব পুরুষব্যাঘ্রম্—বা নি।

নাসাধ্যং বিদ্যতে লোকে সাত্যকেরিতি মাধব ! ।
যদত্র ত্বাস্তু বক্ষ্যামি তৎ কুরুষ্ব মহাবল ! ॥৯৫॥
সম্ভাবনাং হি লোকস্য মম পার্থস্য চোভয়োঃ ।
নান্যথা তাং মহাবাহো ! সংপ্রকর্ত্তুমিহার্হসি ॥৯৬॥
পরিত্যজ্য প্রিয়ান্ প্রাণান্ রণে চর বিভীতবৎ ।
ন হি শৈনেয় ! দাশার্হা যুদ্ধে রক্ষন্তি জীবিতম্ ॥৯৭॥
অযুদ্ধমনবস্থানং সংগ্রামে চ পলায়নম্ ।
ভীরূণাং সম্মতো মার্গো নৈষ দাশার্হসেবিতঃ ॥৯৮॥

ভারতকৌমুদী

ভীষ্মেতি । অতিক্রম্য অনুল্লিখ্যেত্যর্থঃ । প্রচক্ষতে ব্রুবন্তি ॥৯৪॥
নেতি । নাসাধ্যং সাধয়িতুমশক্যং কার্য্যম্ । ইতি হেতোঃ ॥৯৫॥
সম্ভাবনামিতি । সম্ভাবনামুক্তরূপাং ধারণাম্ । পার্থস্যার্জ্জুনস্য ॥৯৬॥
পরীতি । প্রাণান্ প্রাণরক্ষণাশাম্ । বিভীতবৎ নির্ভয় ইব । দাশার্হা যাদবাঃ ॥৯৭॥
অযুদ্ধমিতি । অযুদ্ধং যুদ্ধাকরণম্, অনবস্থানং সম্মুখে ॥৯৮॥

ভারতভাবদীপঃ

সত্যস্তাঙ্গীকারস্ত অনুকম্পার্থমর্জ্জুনানুপালননিমিত্তম্ ॥৬৭—৮৬॥ মহার্থং মহাত্তমর্থম্, লঘুসংযুক্তমবিলম্বসম্পন্নম্ ॥৮৭—৯৩॥ বীরতায়ামুৎসাহকরণত্বে ॥৯৪—৯৫॥ সম্ভাবনাস্তিতাজ্ঞানং কুলশীলশ্রুতাদিষু বিভীতবদভীতঃ ॥৯৬—৯৭॥ অনবস্থানমস্থৈর্য্যম্ ॥৯৮—১০৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥৯৪॥

পুরুষশ্রেষ্ঠ ! জগতে সজ্জনেরা ভীষ্ম ও দ্রোণের উল্লেখ না করিয়া এখন তোমাকেই সর্ব্বযুদ্ধবিশারদ বলিয়া থাকেন ॥৯৪॥

মধুবংশীয় মহাবল ! জগতে সাত্যকির অসাধ্য কার্য্য নাই ; এই জন্যই আমি এখন তোমাকে যাহা বলিব, তাহা কর ॥৯৫॥

মহাবাহু ! তোমার সম্বন্ধে সাধারণ লোকের, আমার ও অর্জ্জুনের যে ধারণা আছে, তুমি এখন তাহার অন্যথা করিতে পার না ॥৯৬॥

সাত্যকি ! তুমি প্রিয় প্রাণের মমতা পরিত্যাগ করিয়া নির্ভয়ের ন্যায় যুদ্ধে বিচরণ কর । কারণ, যদুবংশীয়েরা যুদ্ধে জীবনরক্ষার অপেক্ষা করেন না ॥৯৭॥

সমরাঙ্গনে যাইয়া যুদ্ধ না করা, কিংবা সম্মুখে না থাকা, অথবা তথা হইতে পলায়ন করা, এগুলি ভীরুলোকদিগের অভিমত পথ ; কিন্তু যদুবংশীয়েরা ইহার কোন পথই অবলম্বন করেন না ॥৯৮॥

(৯৮)···ভীরূণামসতাং মার্গঃ—বা নি॰।

তবার্জ্জুনো গুরুস্তাত! ধর্ম্মাত্মা শিনিপুঙ্গব!।
বাসুদেবো গুরুশ্চাপি তথা পার্থস্য ধীমতঃ ॥৯৯॥
কারণদ্বয়মেতদ্ধি জানংস্ত্বামহমব্রুবম্।
মাবমংস্থা বচোমহ্যং গুরুস্তব গুরোরহম্ ॥১০০॥
বাসুদেবমতঞ্চৈব মম চৈবার্জ্জুনস্য চ।
সত্যমেতন্ময়োক্তং তে যাহি যত্র ধনঞ্জয়ঃ ॥১০১॥
এতদ্বচনমাজ্ঞায় মম সত্যপরাক্রম!।
প্রবিশৈতদ্বলং তাত! ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ম্মতেঃ ॥১০২॥
প্রবিশ্য চ যথান্যায়ং সঙ্গম্য চ মহারথৈঃ।
যথার্হমাত্মনঃ কর্ম্ম রণে সাত্বত! দর্শয় ॥১০৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে যুধিষ্ঠিরবাক্যে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তবেতি। বাসুদেবস্তব তথা ধীমতঃ পার্থস্য অর্জ্জুনস্যাপি গুরুরিতি সম্বন্ধঃ ॥৯৯॥

কারণেতি। অহম্, এতৎ কারণদ্বয়ম্ অযুদ্ধাদীনাং দাশার্হৈরসেবিতত্বং তব চ কৃষ্ণার্জ্জুন-গুরুকত্বম্, জানন্ স্মরন্ হি, ত্বামিদমব্রুবম্। মহ্যং মম বচো মাবমংস্থা নাবজানীহি। যেন হি অহম্, তব গুরোরর্জ্জুনস্য কৃষ্ণস্য চ গুরুঃ, জ্যেষ্ঠভ্রাতৃত্বাৎ ॥১০০॥

বাস্বিতি। মম চৈবার্জ্জুনস্য চ মতমিত্যর্থঃ। গুরুগণমতমবশ্যরক্ষ্যমিত্যাশয়ঃ ॥১০১॥

এতদিতি। আজ্ঞায় সর্ব্বথা যুক্তিযুক্ততয়া জ্ঞাত্বা। বলং সৈন্যম ॥১০২॥

প্রবিশ্যেতি। সঙ্গম্য মিলিত্বা, মহারথৈঃ কর্ণাদিভিঃ সহ। যথার্হমনুরূপম ॥১০৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

বৎস শিনিবংশশ্রেষ্ঠ! ধর্ম্মাত্মা অর্জ্জুন তোমার গুরু, আর কৃষ্ণ তোমার এবং ধীমান্ অর্জ্জুনেরও গুরু (অস্ত্রশিক্ষক) ॥৯৯॥

এই দুইটা কারণ স্মরণ করিয়াই আমি তোমাকে এইরূপ বলিলাম। তুমি আমার বাক্যে অবজ্ঞা করিও না। কারণ, আমি তোমার গুরুরও গুরু ॥১০০॥

ইহা কৃষ্ণের, আমারও ও অর্জ্জুনের মত। ইহা আমি তোমার নিকট সত্য বলিলাম। সুতরাং অর্জ্জুন যেখানে আছেন, সেইখানে যাও ॥১০১॥

বৎস সত্যপরাক্রম! আমার বাক্য যুক্তিযুক্ত মনে করিয়া দুর্ম্মতি দুর্য্যোধনের এই সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ কর ॥১০২॥

---

* '...অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...দশাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

প্রীতিযুক্তঞ্চ ধর্ম্ম্যঞ্চ মধুরাক্ষরমেব চ।
কালযুক্তঞ্চ চিত্রঞ্চ যুক্তং যচ্চাভিভাষিতম্ ॥১॥
ধর্ম্মরাজস্য তদ্বাক্যং নিশম্য শিনিপুঙ্গবঃ।
সাত্যকির্ভরতশ্রেষ্ঠ! প্রত্যুবাচ যুধিষ্ঠিরম্ ॥২॥ (যুগ্মকম্)
শ্রুতং তে গদতো বাক্যং সর্ব্বমেতন্ময়াচ্যুত!।
ন্যায়যুক্তঞ্চ চিত্রঞ্চ ফাল্গুনার্থে যশস্করম্ ॥৩॥
এবংবিধে তথা কালে মাদৃশং প্রেক্ষ্য সত্তম!।
বক্তুমর্হসি রাজেন্দ্র! যথা পার্থং তথৈব মাম্ ॥৪॥

ভারতকৌমুদী

প্রীতীতি। ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্। কালযুক্তং কালোচিতম্। নিশম্য শ্রুত্বা ॥১—২॥

শ্রুতমিতি। ফাল্গুনার্থে অর্জ্জুনার্থে বাক্যং গদত ইতি সম্বন্ধঃ। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! ॥৩॥

এবমিতি। এবংবিধে বিপৎসঙ্কুলরূপে। পার্থমর্জ্জুনম্ ॥৪॥

সাত্বতবংশীয় সাত্যকি! যথানিয়মে প্রবেশ করিয়া বিপক্ষ মহারথগণের সহিত মিলিত হইয়া যুদ্ধে নিজের অনুরূপ কার্য্য দেখাও' ॥১০৩॥

—:*:—

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! প্রীতিসম্পন্ন, ধর্ম্মসঙ্গত, মধুরবর্ণ, কালোচিত, বিচিত্র ও যুক্তিযুক্ত যে সকল বাক্য যুধিষ্ঠির কহিলেন, শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি যুধিষ্ঠিরের সেই সকল বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে বলিলেন—॥১—২॥

'ধার্ম্মিকশ্রেষ্ঠ! আপনি অর্জ্জুনের জন্য যে সকল ন্যায়সঙ্গত, বিচিত্র ও যশস্কর বাক্য বলিতেছিলেন, সে সমস্তই আমি শ্রবণ করিয়াছি ॥৩॥

সাধুশ্রেষ্ঠ রাজেন্দ্র! এইরূপ সময়ে আমার তুল্য ব্যক্তিকে দেখিয়া আপনি যেমন অর্জ্জুনকে বলিতে পারেন, আমাকেও তেমনই বলিতে পারেন ॥৪॥

---

(১) প্রীতিযুক্তং হৃত্তক—পি বা নি। (৪)…মাদৃশং প্রেক্ষ্য সাম্প্রতম্—বঙ্গ বর্দ্ধ।

ন মে ধনঞ্জয়স্তার্থে প্রাণা রক্ষ্যাঃ কথঞ্চন।
ত্বৎপ্রযুক্তঃ পুনরহং কিং ন কুর্য্যাং মহাহবে ॥৫॥
লোকত্রয়ং যোধয়েয়ং সদেবাসুরমানুষম্।
ত্বৎপ্রযুক্তো নরেন্দ্রেন্দ্র! কিমুতৈতৎ সুদুর্ব্বলম্ ॥৬॥
সুযোধনবলং ত্বত্য যোধয়িষ্যে সমন্ততঃ।
বিজেষ্যে চ রণে রাজন্! সত্যমেতদ্ ব্রবীমি তে ॥৭॥
কুশল্যহং কুশলিনং সমাসাদ্য ধনঞ্জয়ম্।
হতে জয়দ্রথে রাজন্! পুনরেষ্যামি তেঽন্তিকম্ ॥৮॥
অবশ্যন্তু ময়া সর্ব্বং বিজ্ঞাপ্যস্ত্বং নরাধিপ!।
বাসুদেবস্য যদ্বাক্যমর্জ্জুনস্য চ ধীমতঃ ॥৯॥
দৃঢ়ং ত্বভিহিতশ্চাহমর্জ্জুনেন পুনঃ পুনঃ।
মধ্যে চ সর্ব্বসৈন্যস্য বাসুদেবস্য শৃণ্বতঃ ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। ধনঞ্জয়ো মে প্রাণাধিক ইত্যাশয়ঃ। ত্বয়া প্রযুক্তো নিযুক্তঃ ॥৫॥
লোকেতি। এতদকুল্যা নির্দিষ্টং দুর্য্যোধনসৈন্যম্ ॥৬॥
সুযোধনেতি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু স্থিতমপীতি শেষঃ ॥৭॥
কুশলীতি। কুশলী অক্ষতদেহঃ, কুশলিনমক্ষতদেহম্ ॥৮॥
অবশ্যমিতি। এতদর্থমপি ভবান্ মাং প্রেষয়তীতি ভাবঃ ॥৯॥

অর্জ্জুনের বিষয়ে আমার প্রাণ কোন প্রকারেই রক্ষণীয় হইতে পারে না। বিশেষতঃ আপনি আদেশ করায় আমি মহাযুদ্ধে কি না করিব? ॥৫॥

নরেন্দ্রশ্রেষ্ঠ! আপনি আদেশ করিলে, আমি দেবতা, অসুর ও মানুষের সহিত ত্রিজগতের সঙ্গেও যুদ্ধ করিতে পারি; তাহাতে দুর্য্যোধনের এই অতিদুর্ব্বল সৈন্যের কথা আর কি বলিব? ॥৬॥

রাজা! আজ আমি সর্বদিগ্‌বর্ত্তী দুর্য্যোধনসৈন্যের সহিত যুদ্ধ করিব এবং যুদ্ধে জয়লাভও করিব; ইহা আমি আপনাকে সত্য বলিতেছি ॥৭॥

রাজা! আমি কুশলী থাকিয়া কুশলী অর্জ্জুনের নিকটে যাইয়া জয়দ্রথ নিহত হইলে পুনরায় আপনার নিকট আসিব ॥৮॥

এবং নরনাথ! কৃষ্ণের ও ধীমান্ অর্জ্জুনের যে বাক্য সে সমস্তই আমি আসিয়া অবশ্যই আপনাকে জানাইতে পারিব (ইহা ঠিক্) ॥৯॥

(৭)...বিজিষ্যে চ—পি বঙ্গ বর্দ্ধ। (১০) দৃঢ়ং ত্বভিপরীতোঽহম্—পি বঙ্গ বর্দ্ধ...মধ্যে সর্ব্বস্য সৈন্যস্য—নি।

অদ্য মাধব ! রাজানমপ্রমত্তোঽনুপালয় ।
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা যাবদ্ধন্মি জয়দ্রথম্ ॥১১॥
ত্বয়ি বাহং মহাবাহো ! প্রদ্যুম্নে বা মহারথে ।
নৃপং নিক্ষিপ্য গচ্ছেয়ং নিরপেক্ষো জয়দ্রথম্ ॥১২॥
জানীষে হি রণে দ্রোণং রভসং শ্রেষ্ঠসম্মতম্ ।
প্রতিজ্ঞা চাপি তে নিত্যং শ্রুতা দ্রোণস্য মাধব ! ॥১৩॥
গ্রহণং ধর্ম্মরাজস্য ভারদ্বাজোঽনুগৃধ্যতি ।
শক্তশ্চাপি রণে দ্রোণো নিগ্রহীতুং যুধিষ্ঠিরম্ ॥১৪॥
এবং ত্বয়ি সমাধায় ধর্ম্মরাজং নরোত্তমম্ ।
অহমদ্য গমিষ্যামি সৈন্ধবস্য বধং প্রতি ॥১৫॥

ভারতকৌমুদী

দৃঢ়মিতি। দৃঢ়ং সনির্বন্ধমিত্যর্থঃ। পরার্দ্ধেন স্বোক্তিপ্রামাণ্যং সূচিতম্ ॥১০॥
অদ্যেতি। অপ্রমত্তঃ সাবধানঃ। আর্য্যাং সাধ্বীং প্রতারণারহিতামিত্যর্থঃ ॥১১॥
ত্বয়ীতি। নিক্ষিপ্য নিক্ষেপভাবেন সংস্থাপ্য, নিরপেক্ষো যুধিষ্ঠিরাপেক্ষাশূন্যঃ ॥১২॥
জানীষ ইতি। রভসং বেগবন্তম্, শ্রেষ্ঠসম্মতং বীরশ্রেষ্ঠতয়া সর্বাভিমতম্ ॥১৩॥
গ্রহণমিতি। ভারদ্বাজো দ্রোণঃ, অনুগৃধ্যতি আকাঙ্ক্ষতি ॥১৪॥
এবমিতি। সমাধায় রক্ষণীয়ত্বেন সংস্থাপ্য। সৈন্ধবস্য জয়দ্রথস্য ॥১৫॥

কিন্তু অর্জ্জুন (যাইবার সময়ে) সমগ্র সৈন্যের মধ্যে এবং কৃষ্ণের সমক্ষে সনির্বন্ধভাবে বার বার আমাকে বলিয়া গিয়াছেন—॥১০॥

'সাত্যকি ! আমি যে পর্য্যন্ত জয়দ্রথকে বধ করি, সে পর্য্যন্ত আজ তুমি যুদ্ধে সদ্‌বুদ্ধি করিয়া সাবধান থাকিয়া রাজাকে (যুধিষ্ঠিরকে) রক্ষা কর ॥১১॥

মহাবাহু ! তোমার নিকটে, কিংবা মহারথ প্রদ্যুম্নের নিকটে রাজাকে গচ্ছিত রাখিয়া নিরপেক্ষ হইয়া আমি জয়দ্রথের নিকটে যাইতে পারি ॥১২॥

সাত্যকি ! তুমি জান যে, দ্রোণ যুদ্ধে বেগবান্ এবং বীরশ্রেষ্ঠ বলিয়া সকলের অভিমত; আর তুমি সর্ব্বদাই দ্রোণের প্রতিজ্ঞার কথা শুনিয়া থাক ॥১৩॥

দ্রোণ ধর্ম্মরাজকে ধরিবার ইচ্ছা করেন এবং দ্রোণ যুদ্ধে যুধিষ্ঠিরকে ধরিতে সমর্থও বটেন ॥১৪॥

(১২) ত্বয়ি চাহম্—বা নি। (১৩)…কুরুষু শ্রেষ্ঠসম্মতম্—বা নি। (১৪) গ্রহণে ধর্ম্মরাজস্য ভারদ্বাজোঽপি গৃধ্যতি—বা নি। (১৫)…সৈন্ধবস্য বধায় হি—বা নি।

জয়দ্রথমহং হত্বা ধ্রুবমেষ্যামি মাধব!।
ধর্ম্মরাজং ন চেদ্দ্রোণো নিগৃহ্লীয়াদ্রণে বলাৎ ॥১৬॥
নিগৃহীতে নরশ্রেষ্ঠে ভারদ্বাজেন মাধব!।
সৈন্ধবস্য বধো ন স্যান্মমাপ্রীতিস্তথা ভবেৎ ॥১৭॥
এবং গতে নরশ্রেষ্ঠে পাণ্ডবে চ যুধিষ্ঠিরে।
অস্মাকং গমনং ব্যক্তং বনং প্রতি ভবেৎ পুনঃ ॥১৮॥
সোঽয়ং জয়ো মম ব্যক্তং ব্যর্থ এব ভবিষ্যতি।
যদি দ্রোণো রণে ক্রুদ্ধো নিগৃহ্লীয়াদ্যুধিষ্ঠিরম্ ॥১৯॥
স ত্বমদ্য মহাবাহো! প্রিয়ার্থং মম মাধব!।
জয়ার্থঞ্চ যশোঽর্থঞ্চ রক্ষ রাজানমাহবে ॥২০॥

ভারতকৌমুদী

জয়দ্রথমিতি। নিগৃহ্লীয়াৎ বিজিত্য গৃহ্লীয়াৎ ॥১৬॥
অথ তস্য নিগ্রহে কিং ভবেদিত্যাহ নিগৃহীত ইতি। বধো ন স্যাদস্মাকমবসাদাৎ ॥১৭॥
মাস্তু সৈন্ধববধ ইত্যাহ এবমিতি। পুনর্দ্যূতক্রীড়য়া পূর্ব্ববন্নির্বাসনাবশ্যম্ভাবাৎ ॥১৮॥
তথাত্বে দোষান্তরমাহ স ইতি। অয়ং ভীষ্মাদিবধনিবন্ধনঃ সঞ্জাতো জয়ঃ ॥১৯॥
স ইতি। রাজানং যুধিষ্ঠিরম্, আহবে দ্রোণযুদ্ধে ॥২০॥

ভারতভাবদীপঃ

প্রীতীতি ॥১—৩॥ সম্মতমনুরক্তম্ ॥৪—৯॥ অভি পরীতো যন্ত্রিতঃ ॥১০—১৪॥ এবমীদৃশামপি কার্য্যগতৌ, সমাধায় নিক্ষিপ্য ॥১৫—১৭॥ এবংগতে গ্রহণং প্রাপ্তে ॥১৮॥

এই জন্যই আমি আজ নরশ্রেষ্ঠ ধর্ম্মরাজকে তোমার উপরে ন্যস্ত করিয়া জয়দ্রথবধার্থে গমন করিব ॥১৫॥

সাত্যকি! দ্রোণ যদি যুদ্ধে বলপূর্ব্বক ধর্ম্মরাজকে ধরিতে না পারেন, তবে নিশ্চয়ই আমি জয়দ্রথকে বধ করিয়া আগমন করিব ॥১৬॥

আর যদি দ্রোণ নরশ্রেষ্ঠ ধর্ম্মরাজকে ধরিতে পারেন, তাহা হইলে জয়দ্রথবধ ত হইবেই না, প্রত্যুত আমার গুরুতর দুঃখ হইবে ॥১৭॥

পাণ্ডুনন্দন নরশ্রেষ্ঠ যুধিষ্ঠির ধৃত হইলে, নিশ্চয়ই পুনরায় আমাদের বনগমন হইবে ॥১৮॥

বিশেষতঃ দ্রোণ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে যদি যুধিষ্ঠিরকে ধরিতে পারেন, তবে নিশ্চয়ই আমার এই জয় ব্যর্থই হইয়া যাইবে ॥১৯॥

---

(১৮)…পাণ্ডবে সত্যবাদিনি—বা নি।

স ভবান্ ময়ি নিক্ষেপো নিক্ষিপ্তঃ সব্যসাচিনা।
ভারদ্বাজভয়ং নিত্যং পশ্যমানেন তে প্রভো ! ॥২১॥
তস্যাপি চ মহাবাহো ! নিত্যং পশ্যামি সংযুগে।
নান্যং হি প্রতিযোদ্ধারং রৌক্মিণেয়াদৃতে প্রভো !।
মাঞ্চাপি মন্যতে যুদ্ধে ভারদ্বাজস্য ধীমতঃ ॥২২॥
সোঽহং সম্ভাবনামেতামাচার্য্যবচনঞ্চ তৎ।
পৃষ্ঠতো নোৎসহে কর্ত্তুং ত্বাং বা ত্যক্তুং মহীপতে ! ॥২৩॥
আচার্য্যো লঘুহস্তত্বাদভেদ্যকবচাবৃতঃ।
উপলভ্য রণে ক্রীড়েদ্‌যথা শকুনিনা শিশুঃ ॥২৪॥

ভারতকৌমুদী

এতাবতার্জ্জুনবাক্যাস্তনূস্থ সাত্যকির্নিষ্কর্ষমাহ স ইতি। নিক্ষেপো রক্ষিতদ্রব্যরূপঃ ॥২১॥

অথ তবাগমনে অর্জ্জুনস্য কা গতিরিত্যাহ তস্যেতি। তস্যার্জ্জুনস্যাপি প্রতিযোদ্ধারমিতি সম্বন্ধঃ। রৌক্মিণেয়াৎ রামাৎ। মাঞ্চাপি ভারদ্বাজস্য মন্যতে প্রতিযোদ্ধারমিতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

স ইতি। সম্ভাবনাং ময়ি তব স্থাপনাম্, আচার্য্যস্য গুরোরর্জ্জুনস্য বচনম্ ॥২৩॥

আচার্য্য ইতি। আচার্য্যো দ্রোণঃ। উপলভ্য ত্বাং প্রাপ্য। শকুনিনা কাষ্ঠপক্ষিণা ॥২৪॥

অতএব মহাবাহু সাত্যকি! তুমি আজ আমার প্রীতি, জয় ও যশের জন্য যুদ্ধে রাজাকে রক্ষা করিতে থাক' ॥২০॥

সুতরাং মহারাজ ! অর্জ্জুন সর্ব্বদা দ্রোণ হইতে ভয়ের আশঙ্কা করিয়া আপনাকে আমার হাতে গচ্ছিত রাখিয়া গিয়াছেন ॥২১॥

মহাবাহু রাজা ! একমাত্র বলরাম ব্যতীত সে অর্জ্জুনেরও অন্য প্রতিযোদ্ধা আমি দেখিতে পাই না; আবার অর্জ্জুনও আমাকেই ধীমান্ দ্রোণের প্রতিযোদ্ধা বলিয়া মনে করেন ॥২২॥

অতএব রাজা ! অর্জ্জুনের এই নির্ভর, কিংবা সেই গুরুদেবের সেই বাক্য আমি পিছনে রাখিতে ইচ্ছা করি না এবং আপনাকেও ত্যাগ করিতে পারি না ॥২৩॥

(আমি চলিয়া গেলে,) অভেদ্যকবচাবৃতদেহ দ্রোণাচার্য্য যুদ্ধে আপনাকে পাইয়া লঘুহস্ততানিবন্ধন—বালক যেমন দারুময় পক্ষিদ্বারা খেলা করে, সেইরূপ আপনাদ্বারা খেলা করিবেন ॥২৪॥

(২২)···কলং পশ্যসি সংযুগে—পি বঙ্গ বর্দ্ধ।

যদি কার্ষ্ণির্ধনুষ্পাণিরিহ স্যান্মকরধ্বজঃ।
তস্মৈ ত্বাং বিসৃজেয়ং বৈ স ত্বাং রক্ষেদ্‌যথার্জ্জুনঃ ॥২৫॥
কুরু ত্বমাত্মনো গুপ্তিং কস্তে গোপ্তা গতে ময়ি।
যঃ প্রতীয়াদ্রণে দ্রোণং যাবদ্‌গচ্ছামি পাণ্ডবম্ ॥২৬॥
মা চ তে ভয়মদ্যাস্তু রাজন্নর্জ্জুনসম্ভবম্।
ন স জাতু মহাবাহুর্ভারমুদ্যম্য সীদতি ॥২৭॥
যে চ সৌবীরকা বীরাস্তথা সৈন্ধবপৌরবাঃ।
উদীচ্যা দাক্ষিণাত্যাশ্চ যে চান্যেঽপি মহারথাঃ ॥২৮॥
যে চ কর্ণমুখা রাজন্! রথোদারাঃ প্রকীর্ত্তিতাঃ।
এতেঽর্জ্জুনস্য ক্রুদ্ধস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥২৯॥ (যুগ্মকম্)
উদ্‌যুক্তা পৃথিবী সর্বা সসুরাসুরমানুষা।
সরাক্ষসগণা রাজন্! সকিন্নরমহোরগা ॥৩০॥

ভারতকৌমুদী

যদীতি। কার্ষ্ণিঃ কৃষ্ণপুত্রঃ প্রদ্যুম্নঃ। মকরো ধ্বজে যস্য সঃ ॥২৫॥
কুর্বিতি। গুপ্তিং রক্ষাম্, গোপ্তা রক্ষকঃ। পাণ্ডবমর্জ্জুনম্ ॥২৬॥
মেতি। অর্জ্জুনে সম্ভবতীতি তৎ। জাতু কদাচিৎ। সীদতি অবসাদেন তং ত্যজতি ॥২৭॥
য ইতি। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ। কর্ণমুখাঃ কর্ণাদয়ঃ। কলামংশম্ ॥২৮—২৯॥

তবে কৃষ্ণনন্দন মকরধ্বজ প্রদ্যুম্ন যদি ধনুর্দ্ধর অবস্থায় এখানে থাকিতেন, তাহা হইলে আমি আপনাকে তাঁহার হস্তে ন্যস্ত করিতাম; তিনি আপনাকে অর্জ্জুনের ন্যায় রক্ষা করিতেন ॥২৫॥

আমি চলিয়া গেলে, আপনিই আপনার রক্ষা করুন। না হইলে, আমি যে পর্য্যন্ত অর্জ্জুনের নিকট যাইব (ও থাকিব), সে পর্য্যন্ত যিনি দ্রোণের প্রতিপক্ষে যাইতে পারেন, এমন কোন্ লোক আপনার রক্ষক হইবেন? ॥২৬॥

সে যাহা হউক, রাজা! আপনার যেন অর্জ্জুনের বিষয়ে কোন ভয় হয় না। কারণ, মহাবাহু অর্জ্জুন কোন ভার লইয়া তাহা বহনে অবসন্ন হন না ॥২৭॥

বিপক্ষে সৌবীর, সিন্ধু, উত্তর ও দক্ষিণ দেশীয় যে সকল বীর আছেন, কিংবা পুরুবংশীয় বা অন্য যে সকল মহারথ রহিয়াছেন, অথবা কর্ণপ্রভৃতি যে সকল বীর মহারথ বলিয়া কথিত হইয়া থাকেন, তাঁহারা ক্রুদ্ধ অর্জ্জুনের ষোল ভাগের একভাগেরও যোগ্য নহেন ॥২৮—২৯॥

(২৮) যে চ সৌবীরক যোধাঃ—পি বা নি।

জঙ্গমৈঃ স্থাবরৈঃ সার্দ্ধং নালং পার্থস্য সংযুগে।
এবং জ্ঞাত্বা মহারাজ! ব্যেতু তে ভীর্ধনঞ্জয়ে ॥৩১॥ (যুগ্মকম্)
যত্র বীরৌ মহেষ্বাসৌ কৃষ্ণৌ সত্যপরাক্রমৌ।
ন তত্র কর্ম্মণো ব্যাপৎ কথঞ্চিদপি বিদ্যতে ॥৩২॥
দৈবং কৃতাস্ত্রতাং যোগমমর্ষমপি চাহবে।
কৃতজ্ঞতাং দয়াঞ্চৈব ভ্রাতুস্ত্বমনুচিন্তয় ॥৩৩॥
ময়ি চাপি সহায়ে তে গচ্ছমানেঽর্জ্জুনং প্রতি।
দ্রোণে চিত্রাস্ত্রতাং সংখ্যে রাজংস্ত্বমনুচিন্তয় ॥৩৪॥
আচার্য্যো হি ভৃশং রাজন্! নিগ্রহে তব গৃধ্যতি।
প্রতিজ্ঞামাত্মনো রক্ষন্ সত্যাং কর্ত্তুঞ্চ ভারত! ॥৩৫॥

ভারতকৌমুদী

উদিতি। উদ্যুক্তা যোদ্ধুমুদ্যতা। নালং জয়ায় ন সমর্থা। ব্যেতু অপগচ্ছতু ॥৩০—৩১॥
যত্রেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। ব্যাপৎ বিশিষ্টা বিপৎ ॥৩২॥
দৈবমিতি। দৈবং শুভাদৃষ্টম্, যোগং যুদ্ধোপায়ম্। ভ্রাতুরর্জ্জুনস্য ॥৩৩॥
ময়ীতি। চিত্রাস্ত্রতাং বিচিত্রাস্ত্রক্ষেপিতাম্, সংখ্যে যুদ্ধে ॥৩৪॥

ভারতভাবদীপঃ

ব্যক্তং কদাচিৎ ॥১৯—২০॥ তস্য নিক্ষেপণস্য ফলং সাধ্যম্ ॥২১॥ হি যস্মাৎ ॥২২—২৫॥ যাবদ্ গচ্ছামি গমিষ্যামি ॥২৬॥ অর্জ্জুনস্য সম্ভবমর্জ্জুনবিষয়ম্ ॥২৭—৩২॥ দৈবমমানুষতাম্, যোগমভি-

---

রাজা! দেবতা, অসুর, মানুষ, রাক্ষস, কিন্নর ও মহানাগসমূহের সহিত সমগ্র পৃথিবী অন্যান্য স্থাবর ও জঙ্গমের সহিত মিলিত হইয়াও যুদ্ধে অর্জ্জুনকে জয় করিতে সমর্থ হয় না। মহারাজ! এইরূপ জানিয়া অর্জ্জুনসম্বন্ধে আপনার ভয় দূরীভূত হউক ॥৩০—৩১॥

যেখানে মহাবীর, মহাধনুর্দ্ধর ও যথার্থপরাক্রমশালী কৃষ্ণ ও অর্জ্জুন থাকেন, সেখানে কোন প্রকারে কার্য্যে বিপদ্ হইতে পারে না ॥৩২॥

মহারাজ! আপনি আপনার ভ্রাতার (অর্জ্জুনের) শুভাদৃষ্ট, সর্ব্বাস্ত্রজ্ঞতা, যুদ্ধোপায়াভিজ্ঞতা, ক্রোধ, কৃতজ্ঞতা ও দয়া এই গুণগুলি স্মরণ করুন ॥৩৩॥

রাজা! আমি আপনার সহায় রহিয়াছি; এ অবস্থায় আমিও অর্জ্জুনের দিকে চলিয়া গেলে, দ্রোণ যুদ্ধে কিরূপ বিচিত্র অস্ত্র ক্ষেপ করিতে থাকিবেন, তাহাও ভাবিয়া দেখুন ॥৩৪॥

---

(৩৩)···অমর্ষং শৌর্য্যমাহবে—নি। (৩৪) ময়ি চাপ্যপযাতে বৈ—পি, ময়ি চাপ্যপযাতে বৈ—বর্দ্ধ।

কুরুষ্বাত্মাত্মনো গুপ্তিং কস্তে গোপ্তা গতে ময়ি।
যস্যাহং প্রত্যয়াৎ পার্থ! গচ্ছেয়ং ফাল্গুনং প্রতি ॥৩৬॥
নহ্যহং ত্বামনিক্ষিপ্য কৌরবেন্দ্র! মহারণে।
কচিদ্যাস্যামি কৌন্তেয়! সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৩৭॥
এতদ্বিচার্য্য বহুশো বুদ্ধ্যা বুদ্ধিমতাং বর!।
দৃষ্ট্বা শ্রেয়ঃ পরং বুদ্ধ্যা ততো রাজন্! প্রশাধি মাম্ ॥৩৮॥

যুধিষ্ঠির উবাচ।

এবমেতন্মহাবাহো! যথা বদসি মাধব!।
নহি শুধ্যতি মে ভাবঃ শ্বেতাশ্বং প্রতি মারিষ! ॥৩৯॥

ভারতকৌমুদী

আচার্য্য ইতি। গৃধ্যতি অভিলষতি। সত্যাং কর্ত্তুঞ্চ গৃধ্যতীতি সম্বন্ধঃ ॥৩৫॥

কুরুষ্বেতি। গুপ্তিং রক্ষাম্, গোপ্তা রক্ষকঃ। প্রত্যয়াদ্বিশ্বাসাৎ ॥৩৬॥

নহীতি। অনিক্ষিপ্য কস্মিংশ্চি বীরে নিক্ষেপরূপেণাসংস্থাপ্য ॥৩৭॥

এতদিতি। দৃষ্টা আলোচ্য। প্রশাধি আদিশ ॥৩৮॥

এবমিতি। শুধ্যতি প্রসীদতি আশঙ্কারহিতো ভবতীত্যর্থঃ, ভাবো মনঃ, শ্বেতাশ্বমর্জ্জুনম্ ॥৩৯॥

রাজা! দ্রোণাচার্য্য নিজের প্রতিজ্ঞা রক্ষা করতঃ আপনাকে ধরিবার জন্য বিশেষ ইচ্ছা করেন এবং সেই প্রতিজ্ঞা সত্য করিবারও ইচ্ছা করেন ॥৩৫॥

পৃথানন্দন! যাঁহার উপরে বিশ্বাস করিয়া আমি অর্জ্জুনের দিকে যাইব, আপনার সেরূপ রক্ষক কে আছেন? সুতরাং আমি চলিয়া গেলে আপনি নিজেই নিজের রক্ষা করিবেন ॥৩৬॥

অতএব কৌরবশ্রেষ্ঠ কুন্তীনন্দন! আমি আপনাকে অপর কোন বীরের হাতে গচ্ছিত না রাখিয়া মহাযুদ্ধে অন্য কোন স্থানে যাইতে পারিব না; ইহা আপনার নিকট সত্য বলিতেছি ॥৩৭॥

বুদ্ধিযুক্তশ্রেষ্ঠ রাজা! আপনি আপন বুদ্ধিতে এ বিষয় বহু বিবেচনা করিয়া এবং নিজবুদ্ধিতে পরম মঙ্গল পর্য্যালোচনা করিয়া পরে আমাকে আদেশ করুন' ॥৩৮॥

---

(৩৮) ন হ্যহং ত্বাং মহারাজ! অনিক্ষিপ্য মহাহবে।...কৌরব্য!—বা নি। (৩৯) ন তু মে শুধ্যতে ভাবঃ—বা নি।

করিষ্যে পরমং যত্নমাত্মনো রক্ষণং প্রতি।
গচ্ছ ত্বং সমনুজ্ঞাতো যত্র যাতো ধনঞ্জয়ঃ ॥৪০॥
আত্মসংরক্ষণং সংখ্যে গমনঞ্চার্জ্জুনং প্রতি।
বিচার্য্যৈতৎ স্বয়ং বুদ্ধ্যা গমনং তত্র রোচয়ে ॥৪১॥
স ত্বমাতিষ্ঠ যানায় যত্র যাতো ধনঞ্জয়ঃ।
মমাপি রক্ষণং ভীমঃ করিষ্যতি মহাবলঃ ॥৪২॥
পার্ষতশ্চ সসোদর্য্যঃ পার্থিবাশ্চ মহাবলাঃ।
দ্রৌপদেয়াশ্চ মাং তাত! রক্ষিষ্যন্তি ন সংশয়ঃ ॥৪৩॥
কৈকেয়া ভ্রাতরঃ পঞ্চরাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
বিরাটো দ্রুপদশ্চৈব শিখণ্ডী চ মহারথঃ ॥৪৪॥
ধৃষ্টকেতুশ্চ বলবান্ কুন্তিভোজশ্চ মাতুলঃ।
নকুলঃ সহদেবশ্চ পাঞ্চালাঃ সৃঞ্জয়াস্তথা!
এতে মাং সহিতাস্তাত! রক্ষিষ্যন্তি ন সংশয়ঃ ॥৪৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

করিষ্য ইতি। সমনুজ্ঞাতো ময়েতি শেষঃ ॥৪০॥
আত্মেতি। সংখ্যে যুদ্ধে। এতদুভয়ম্। রোচয়ে প্রাধান্যাদিত্যাশয়ঃ ॥৪১॥
স ইতি। আতিষ্ঠ রথমারোহ, যানায় গমনায় ॥৪২॥
পার্ষত ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রো ধৃষ্টদ্যুম্নঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥৪৩॥

যুধিষ্ঠির বলিলেন—'মধুবংশীয় মহাবাহু! তুমি যাহা বলিতেছ, তাহা সত্য বটে; কিন্তু অর্জ্জুনের বিষয়ে আমার মন যে প্রসন্ন হইতেছে না ॥৩৯॥

সুতরাং আমি আত্মরক্ষার বিষয়ে বিশেষ যত্ন করিব। অতএব অর্জ্জুন যেখানে গিয়াছেন, আমার আদেশ অনুসারে তুমি সেইখানে যাও ॥৪০॥

যুদ্ধে আত্মরক্ষা এবং অর্জ্জুনের দিকে তোমার গমন, এই উভয় আপন বুদ্ধিতে বিবেচনা করিয়া তোমার সেখানে গমনই সঙ্গত মনে করিতেছি ॥৪১॥

অতএব অর্জ্জুন যেখানে গিয়াছেন, সেইখানে যাইবার জন্য তুমি রথে আরোহণ কর, আর মহাবল ভীমসেন আমাকে রক্ষা করিবেন ॥৪২॥

তা'র পর বৎস! সহোদরগণের সহিত ধৃষ্টদ্যুম্ন, মহাবল রাজারা এবং দ্রৌপদীর পুত্রেরা আমাকে রক্ষা করিবেন; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৩॥

(৪০)…রক্ষণং হৃহম্—বা নি। (৪৫)…কুন্তিভোজশ্চ মারিষ!—পি বঙ্গ বৰ্দ্ধ…এতে সমাহিতাস্তাত!—বা নি।

ন দ্রোণঃ সহ সৈন্যেন কৃতবর্ম্মা চ সংযুগে।
সমাসাদয়িতুং শক্তো ন চ মাং ধর্ষয়িষ্যতঃ ॥৪৬॥
ধৃষ্টদ্যুম্নশ্চ সমরে দ্রোণং ক্রুদ্ধং পরন্তপ !।
বারয়িষ্যতি বিক্রম্য বেলেব মকরালয়ম্ ॥৪৭॥
যত্র স্থাস্যতি সংগ্রামে পার্ষতঃ পরবীরহা।
ন দ্রোণসৈন্যং বলবৎ ক্রামেত্তত্র কথঞ্চন ॥৪৮॥
এষ দ্রোণবিনাশায় সমুৎপন্নো হুতাশনাৎ।
কবচী সশরঃ খড়্গী চর্ম্মী চ বরভূষণঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

কৈকেয়া ইতি। কৈকেয়াঃ কেকয়দেশবাসিনঃ। সহিতা মিলিতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪—৪৫॥

নেতি। সমাসাদয়িতুং প্রাপ্তুম্। ধর্ষয়িষ্যতো নিগ্রহীতুং শক্তয়াঃ ॥৪৬॥

ধৃষ্টেতি। বেলা তীরম্, মকরালয়ং সমুদ্রম্ ॥৪৭॥

যত্রেতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। বলবৎ শক্তিযুক্তমপি, ক্রামেদাক্রামেৎ ॥৪৮॥

এষ ইতি। এষ পার্ষতঃ। বরভূষণ উত্তমালঙ্কারযুক্তঃ ॥৪৯॥

বৎস সাত্যকি ! কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, রাক্ষস ঘটোৎকচ, বিরাট, দ্রুপদ, মহারথ শিখণ্ডী, বলবান্ ধৃষ্টকেতু, মাতুল কুন্তিভোজ, নকুল, সহদেব, পাঞ্চালগণ ও সৃঞ্জয়গণ, ইহারা মিলিত হইয়া আমাকে রক্ষা করিতে পারিবেন ; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৪—৪৫॥

দ্রোণ ও কৃতবর্ম্মা সৈন্যগণের সহিত মিলিত হইয়াও যুদ্ধে আমাকে ধরিতে বা পীড়ন করিতে সমর্থ হইবেন না ॥৪৬॥

পরন্তপ ! তীর যেমন সমুদ্রকে বারণ করে, সেইরূপ ধৃষ্টদ্যুম্ন বিক্রম প্রকাশ করিয়া যুদ্ধে ক্রুদ্ধ দ্রোণকে বারণ করিতে পারিবেন ॥৪৭॥

বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন সমরাঙ্গনের যে স্থানে থাকিবেন, দ্রোণের প্রবল সৈন্যও সে স্থানে আসিয়া কোন প্রকারে আক্রমণ করিতে পারিবে না ॥৪৮॥

এই ধৃষ্টদ্যুম্ন দ্রোণবিনাশের জন্যই কবচ, বাণ, তরবারি ও চর্ম্ম ধারণ করিয়া এবং উত্তম অলঙ্কারে অলঙ্কৃত হইয়া অগ্নি হইতে উৎপন্ন হইয়াছিলেন ॥৪৯॥

বিস্রব্ধো গচ্ছ শৈনেয় ! মা কার্ষীর্ময়ি সংভ্রমম্।
ধৃষ্টদ্যুম্নো রণে ক্রুদ্ধং দ্রোণমাবারয়িষ্যতি ॥৫০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে সাত্যকিং প্রতি যুধিষ্ঠিরবাক্যে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

ধর্ম্মরাজস্য তদ্বাক্যং নিশম্য শিনিপুঙ্গবঃ।
পার্থাচ্চ ভয়মাশংসন্ পরিত্যাগান্মহীপতেঃ ॥১॥
অপবাদং হ্যাত্মনশ্চ লোকাদ্রক্ষন্ বিশেষতঃ
ন মাং ভীত ইতি ব্রূয়ুঃ প্রয়াস্তং ফাল্গুনং প্রতি ॥২॥
নিশ্চিত্য বহুধৈবং স সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ।
ধর্ম্মরাজমিদং বাক্যমব্রবীৎ পুরুষর্ষভঃ ॥৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বিস্রব্ধ ইতি। বিস্রব্ধো বিশ্বস্তঃ। সংভ্রমং ভয়ম্ ॥৫০॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:*:——

ভারতভাবদীপঃ

জানম্ ॥৩৩—৩৬॥ কচিৎ কস্মিংশ্চিৎ অনিক্ষিপ্যতেষ্বায়ঃ ॥৩৭॥ দৃষ্টা নিশ্চিত্য ॥৩৮—৪১॥ আতিষ্ঠ প্রক্রমস্ব ॥৪৩—৪৯॥ ময়ি মামধিকৃত্য, সম্ভ্রমমুদ্বেগম্ ॥৫০॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৫॥

অতএব সাত্যকি ! তুমি বিশ্বস্ত চিত্তে গমন কর, আমার সম্বন্ধে কোন ভয় করিও না। ধৃষ্টদ্যুম্নই যুদ্ধে ক্রুদ্ধ দ্রোণকে বারণ করিবেন' ॥৫০॥

—:*:—

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! যুধিষ্ঠিরের সেই বাক্য শ্রবণ করিয়া শিনি-

---

* '…নবাধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '…একাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।
(২)…লোকাৎ পশ্যন্…তে মাং ভীতমিতি ব্রূয়ুঃ—বা,…আয়ান্তম্—পি বা বঙ্গ বর্দ্ধ।

কৃতাঞ্জলিরহং যাসে রক্ষাং স্বস্তি তেঽস্তু বিশাংপতে।।
অনুযাস্যামি বীভৎসুং করিষ্যে বচনং তব ॥৪॥
ন হি মে পাণ্ডবাৎ কশ্চিত্ত্রিষু লোকেষু বিদ্যতে।
যো বৈ প্রিয়তরো রাজন্! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৫॥
তস্যাহং পদবীং যাস্যে সন্দেশাত্তব মানদ!।
ত্বৎকৃতে নহি মে কিঞ্চিদকর্ত্তব্যং কথঞ্চন ॥৬॥
যথা হি মে গুরোর্বাক্যং বিশিষ্টং দ্বিপদাং বর!।
তথা তবাপি বচনং বিশিষ্টতরমেব চ ॥৭॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। পার্থাদর্জ্জুনাৎ, আশংসন্ সম্ভাবয়ন্, মহীপেতর্যুধিষ্ঠিরস্য। অপেতি পক্ষান্তরে। ফাল্গুনমর্জ্জুনম্। বহুধা বিবেচনেন, এবমর্জ্জুনান্তিকে গমনম্ ॥১—৩॥

কৃতামিতি। কৃতাং ভীমাদিভির্নির্ব্যূঢ়ম্। স্বস্তি মঙ্গলম্। বীভৎসুমর্জ্জুনম্ ॥৪॥

নেতি। পাণ্ডবাদর্জ্জুনাৎ, যঃ প্রিয়তরঃ, ঈদৃশঃ কশ্চিন্ন বিদ্যত ইতি সম্বন্ধঃ ॥৫॥

তস্যেতি। পদবীং পন্থানম্, সন্দেশাদাদেশাৎ। ত্বৎকৃতে ভবন্নিমিত্তম্ ॥৬॥

যথেতি। গুরোনর্জ্জুনস্য। বিশিষ্টতরম্, তস্যাপি গুরুত্বাদিত্যাশয়ঃ ॥৭॥

বংশশ্রেষ্ঠ, যুদ্ধদুর্দ্ধর্ষ ও পুরুষপ্রধান সাত্যকি এইরূপ বিবেচনা করিতে লাগিলেন যে, যুধিষ্ঠিরকে পরিত্যাগ করিয়া গেলে, অর্জ্জুনের আদেশ লঙ্ঘন করায় ভয়; আবার না গেলে, নিজের লোকাপবাদ হইবে; আর যদি অর্জ্জুনের দিকে যাই, তবে আর লোকে আমাকে ভীত বলিবে না; এইরূপ বহুপ্রকার বিবেচনাপূর্ব্বক গমনই স্থির করিয়া যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥১—৩॥

'নরনাথ! ভীমপ্রভৃতি আপনাকে রক্ষা করিতে পারিবেন, ইহা যদি মনে করেন, তবে আপনার মঙ্গল হউক; আমি অর্জ্জুনের অনুগমন করিব এবং আপনার আদেশ পালন করিব ॥৪॥

রাজা! আমি আপনার নিকট ইহা সত্য বলিতেছি যে, যিনি অর্জ্জুন অপেক্ষাও আমার প্রিয়তর হইবেন, এমন কোন লোক ত্রিভুবনে নাই ॥৫॥

অতএব সম্মানজনক রাজা! আমি আপনার আদেশে অর্জ্জুনের নিকট যাইব। কারণ, আপনার জন্য আমার কোন কার্য্য অকর্ত্তব্য নহে ॥৬॥

মনুষ্যশ্রেষ্ঠ! গুরুবাক্য (অর্জ্জুনের আদেশ) যেমন আমার নিকট বিশিষ্ট, তেমন আপনার বাক্যও বিশিষ্টতর ॥৭॥

প্রিয়ে হি তব বর্ত্তেতে ভ্রাতরৌ কৃষ্ণপাণ্ডবৌ।
তয়োঃ প্রিয়ে স্থিতঞ্চৈব বিদ্ধি মাং রাজপুঙ্গব! ॥৮॥
তবাজ্ঞাং শিরসা গৃহ্য পাণ্ডবার্থমহং প্রভো!।
ভিত্ত্বেদং দুর্ভিদং সৈন্যং প্রযাস্যে নরসত্তম! ॥৯॥
দ্রোণানীকং বিশাম্যেষ ক্রুদ্ধো ঝষ ইবার্ণবম্।
তত্র যাস্যামি যত্রাসৌ রাজা রাজন্! জয়দ্রথঃ ॥১০॥
যত্র সেনাং সমাশ্রিত্য ভীতস্তিষ্ঠতি ফাল্গুনাৎ।
গুপ্তো রথবরশ্রেষ্ঠৈর্দ্রৌণিকর্ণকৃপাদিভিঃ ॥১১॥
ইতস্ত্রিযোজনং মন্যে তমধ্বানং বিশাংপতে!।
যত্র তিষ্ঠতি পার্থোঽসৌ জয়দ্রথবধোদ্যতঃ ॥১২॥
ত্রিযোজনগতস্যাপি তস্য যাস্যাম্যহং পদম্।
আসৈন্ধববধাদ্রাজন্! সুদৃঢ়েনান্তরাত্মনা ॥১৩॥

ভারতকৌমুদী

প্রিয় ইতি। কৃষ্ণো যুধিষ্ঠিরস্য মাতুলপুত্ররূপো ভ্রাতা, পাণ্ডবোঽর্জ্জুনশ্চ সহোদরঃ ॥৮॥
তবেতি। গৃহ্য গৃহীত্বা, পাণ্ডবার্থমর্জ্জুনসাহায্যার্থম্ ॥৯॥
দ্রোণেতি। বিশামি প্রবিশামি। ঝষো মৎস্যঃ ॥১০॥
যত্রেতি। ফাল্গুনাদর্জ্জুনাৎ। গুপ্তো রক্ষিতঃ। দ্রৌণিরশ্বত্থামা ॥১১॥
ইত ইতি। অধ্বানং পন্থানম্। পার্থঃ অর্জ্জুনঃ ॥১২॥

রাজশ্রেষ্ঠ! আপনার ভ্রাতা কৃষ্ণ ও অর্জ্জুন আপনার প্রিয়কার্য্যে নিরতই রহিয়াছেন; আবার আমাকেও তাঁহাদের প্রিয়কার্য্যে নিরত বলিয়া অবগত হউন ॥৮॥

প্রভু নরশ্রেষ্ঠ! আমি আপনার আদেশ মস্তকে ধারণপূর্ব্বক এই দুর্ভেদ্যসৈন্য ভেদ করিয়া অর্জ্জুনের সাহায্য করিবার জন্য প্রস্থান করিব ॥৯॥

রাজা! মৎস্য যেমন সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ এই আমি ক্রুদ্ধ হইয়া দ্রোণসৈন্যমধ্যে প্রবেশ করিতেছি। ঐ জয়দ্রথরাজা যেখানে রহিয়াছেন, আমি সেইখানেই যাইব ॥১০॥

এবং অর্জ্জুন হইতে ভীত জয়দ্রথ—রথিশ্রেষ্ঠ অশ্বত্থামা, কর্ণ ও কৃপপ্রভৃতিকর্ত্তৃক রক্ষিত হইয়া সৈন্য আশ্রয় করিয়া যেখানে অবস্থান করিতেছেন ॥১১॥

নরনাথ! আমি মনে করি—ঐ অর্জ্জুন জয়দ্রথবধে উদ্যত হইয়া যেস্থানে রহিয়াছেন, সেস্থান এস্থান হইতে তিন যোজন হইবে ॥১২॥

(১১) যত্র সেনাত্মমাশ্রিত্য—নি।

অনাদিষ্টস্তু গুরুণা কো নু যুধ্যেত মাদৃশঃ।
আদিষ্টস্তু ত্বয়া রাজন্! কো ন যুধ্যেত মাদৃশঃ ॥১৪॥
অভিজানামি তং দেশং যত্র যাস্যাম্যহং প্রভো!।
বহুশক্তিগদাপ্রাসচর্ম্মখড়্গর্ষ্টিতোমরম্।
ইষ্বস্ত্রবরসংবাধং ক্ষোভয়িষ্যে বলার্ণবম্ ॥১৫॥
যদেতৎ কুঞ্জরানীকং সহস্রমনুপশ্যসি।
কুলমঞ্জনকং নাম যত্রৈতে বীর্য্যশালিনঃ ॥১৬॥
আস্থিতা বহুভির্ম্লেচ্ছৈর্যুদ্ধশৌণ্ডৈঃ প্রহারিভিঃ।
নাগা মেঘনিভা রাজন্! ক্ষরন্ত ইব তোয়দাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

ত্রীতি। পদং স্থানম্। আসৈন্ধববধাৎ জয়দ্রথবধাৎ পূর্বমেব ॥১৩॥

অনাদিষ্ট ইতি। গুরুণা অস্ত্রশিক্ষকাদিনা। ত্বয়া গুরোরর্জুনস্যাপি গুরুণা ॥১৪॥

অথাত্মনোঽসাধারণবীরত্বং সূচয়িতুমেকত্রিংশতা শ্লোকৈর্ভেত্তকৌরবসেনায়া গহনত্বং বর্ণয়তি। অভীতি। বহবঃ শক্তিগদাপ্রাসচর্ম্মখড়্গার্ষ্টিতোমরা যত্র তম্। তথা ইষুভির্বাণৈঃ অপরৈরস্ত্রবরৈশ্চ সংবাধং সঙ্কীর্ণং নিরন্তরমিতি যাবৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

যদিতি। কুঞ্জরানীকং হস্তিসৈন্যম্। কুলং হস্তিসমূহঃ, অঞ্জনকং তদ্বর্ণত্বাৎ ॥১৬॥

আস্থিতা ইতি। আস্থিতা আরূঢ়াঃ। যুদ্ধে শৌণ্ডৈর্মত্তৈঃ। নাগা গজাঃ ॥১৭॥

রাজা। তিনি তিন যোজন দূরে থাকিলেও, আমি অতিদৃঢ় চিত্তে জয়দ্রথ-বধের পূর্ব্বেই তাঁহার নিকটে উপস্থিত হইব ॥১৩॥

রাজা! গুরুজন আদেশ না করিলে, আমার মত কোন্ লোক যুদ্ধ করে? আবার আপনার মত গুরুজন আদেশ করিলেই বা আমার মত কোন্ ব্যক্তি যুদ্ধ না করে? ॥১৪॥

প্রভু! আমি যে স্থানে যাইব, সে স্থানের অবস্থা সর্ব্বতোভাবে জানি; সে স্থানে বহুতর শক্তি, গদা, কুন্ত, চর্ম্ম, তরবারি, ঋষ্টি ও তোমর চলিতেছে। আর বাণ ও অন্যান্য প্রধান অস্ত্রে পরিপূর্ণ বিপক্ষসৈন্যসমুদ্রকে আমি বিক্ষুব্ধ করিব ॥১৫॥

মহারাজ! এই যে সহস্র হস্তিসৈন্য দেখিতেছেন এবং যাহাতে এই বলবান্ বীরেরা রহিয়াছেন, ইহা 'অঞ্জনক'—নামে হস্তিসমূহ ॥১৬॥

রাজা! যুদ্ধমত্ত ও প্রহারনিপুণ বহুতর ম্লেচ্ছ যাহাতে আরোহণ

---

(১৫) শূলশক্তি—বা,...হলশক্তি—নি বঙ্গ বর্দ্ধ। (১৭)...নাগা নগনিভাঃ—নি।

নৈতে জাতু নিবর্ত্তেরন্ প্রেষিতা হস্তিসাদিভিঃ।
অন্যত্র হি বধাদেষাং নাস্তি রাজন্! পরাজয়ঃ ॥১৮॥
অথ যান্ রথিনো রাজন্! সমন্তাদনুপশ্যসি।
এতে রুক্মরথা নাম রাজপুত্রা মহারথাঃ ॥১৯॥
রথেম্বশ্বেষু নিপুণা নাগেষু চ বিশাংপতে!।
ধনুর্ব্বেদে গতাঃ পারং মুষ্টিযুদ্ধে চ কোবিদাঃ ॥২০॥
গদাযুদ্ধবিশেষজ্ঞা নিযুদ্ধকুশলাস্তথা।
খড়গপ্রহরণে যুক্তাঃ সম্পাতে চাসিচর্ম্মণোঃ ॥২১॥
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ স্পর্দ্ধন্তে চ পরস্পরম্।
নিত্যঞ্চ সমরে রাজন্! বিজিগীষন্তি মানবান্ ॥২২॥
কর্ণেন বিহিতা রাজন্! দুঃশাসনমনুব্রতাঃ।
এতাংস্তু বাসুদেবোঽপি রথোদারান্ প্রশংসতি ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। জাতু কদাচিৎ। হস্তিসাদিভির্হস্ত্যারোহিভিঃ ॥১৮॥
অথেতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু। রুক্মরথা স্বর্ণময়রথাঃ ॥১৯॥
রথেম্বিতি। নাগেষু হস্তিষু। কোবিদা বিচক্ষণাঃ। এত ইত্যনুবৃত্তিঃ ॥২০॥
গদেতি। নিযুদ্ধে বাহুযুদ্ধে কুশলাঃ। যুক্তা দক্ষাঃ, সম্পাতে সঞ্চালনে ॥২১॥
শূরা ইতি। বিজিগীষন্তি বিজেতুমিচ্ছন্তি, মানবান্ সর্বানেব ॥২২॥

করিয়াছে, এই সেই মেঘতুল্য হস্তিগণ মেঘেরই ন্যায় মদজল বর্ষণ করিতেছে ॥১৭॥

রাজা! আরোহীরা সঞ্চালন করিলে, এই হস্তিগুলি কখনও নিবৃত্তি পায় না এবং বধ ব্যতীত ইহাদের পরাজয়ও হয় না ॥১৮॥

রাজা! তাহার পর সকল দিকে যে সকল রথীকে দেখিতেছেন, ইহারা রাজপুত্র ও মহারথ এবং ইহাদের নাম—'রুক্মরথ' ॥১৯॥

নরনাথ! আর ইহারা রথ, অশ্ব ও হস্তিযুদ্ধে নিপুণ, ধনুর্ব্বেদের পারগামী ও মুষ্টিযুদ্ধে বিচক্ষণ ॥২০॥

বিশেষতঃ ইহারা গদাযুদ্ধে বিশেষজ্ঞ, বাহুযুদ্ধে বিশারদ এবং তরবারিপ্রহারে ও অসিচর্ম্মসঞ্চালনে দক্ষ ॥২১॥

রাজা! ইহারা বীর, কৃতবিদ্য, পরস্পর স্পর্দ্ধা করিয়া থাকেন এবং যুদ্ধে সর্ব্বদা সকল মানুষকেই জয় করিবার ইচ্ছা করেন ॥২২॥

সততং প্রিয়কামাশ্চ কর্ণস্যৈতে বশে স্থিতাঃ।
তস্যৈব বচনাদ্রাজন্! নিবৃত্তাঃ শ্বেতবাহনাৎ ॥২৪॥
তে ন ক্ষতা ন চ শ্রান্তা দৃঢ়াবরণকার্ম্মুকাঃ।
মদর্থে বিষ্ঠিতা নূনং ধার্ত্তরাষ্ট্রস্য শাসনাৎ ॥২৫॥
এতান্ সমথ্য সংগ্রামে প্রিয়ার্থং তব কৌরব!।
প্রযাস্যামি ততঃ পশ্চাৎ পদবীং সব্যসাচিনঃ ॥২৬॥
যানেতানপরান্ রাজন্! নাগান্ সপ্তশতানিহ।
প্রেক্ষসে বর্ম্মসংছন্নান্ কিরাতৈঃ সমধিষ্ঠিতান্ ॥২৭॥
কিরাতরাজো যান্ প্রাদাদ্বিজিতঃ সব্যসাচিনা।
স্বলঙ্কৃতাংস্তথা প্রেষ্যানিচ্ছন্ জীবিতমাত্মনঃ ॥২৮॥
আসন্নেতে পুরা রাজন্! তব কর্ম্মকরা দৃঢ়ম্।
ত্বামেবাদ্য যুযুৎসন্তে পশ্য কালস্য পর্য্যয়ম্ ॥২৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কর্ণেনেতি। দুঃশাসনং প্রতি অনুব্রতা অনুকূলাঃ। রথোদারান্ মহারথান্ ॥২৩॥
সততমিতি। শ্বেতবাহনাৎ অর্জ্জুনাৎ তেন সহ যুদ্ধাদিত্যর্থঃ, ॥২৪॥
ত ইতি। মদর্থে ময়া সহ যুদ্ধার্থে, বিষ্ঠিতা অবস্থিতাঃ, শাসনাদাদেশাৎ ॥২৫॥
এতানিতি। পদবীং পন্থানম্, সব্যসাচিনঃ অর্জ্জুনস্য। ॥২৬॥
যানিতি। নাগান্ গজান্। প্রাদাৎ অর্জ্জুনায়। ইচ্ছন্ অর্জ্জুনাদেব রক্ষিতুমিতি শেষঃ।
যুযুৎসন্তে ছিদ্রপ্রাপ্ত্যা বিপক্ষাবলম্বনাদিতি ভাবঃ। পর্য্যয়ং পরিবর্ত্তনম্ ॥২৭—২৯॥

নরনাথ! কর্ণ ইহাদিগকে দুঃশাসনের অনুবর্ত্তী করিয়া দিয়াছেন এবং কৃষ্ণও ইহাদিগকে মহারথ বলিয়া প্রশংসা করেন ॥২৩॥

রাজা! ইহারা সর্বদা কর্ণের প্রিয়কার্য্য করিবার অভিলাষী এবং তাঁহারই বশীভূত বলিয়া তাঁহারই আদেশে অর্জ্জুনের সহিত যুদ্ধ করেন নাই ॥২৪॥

ইহারা যুদ্ধে ক্ষত-বিক্ষত হন নাই বা পরিশ্রান্তও হন নাই; অথচ ইহাদের বর্ম্ম ও ধনু দৃঢ়। তা'র পর ইহারা নিশ্চয়ই দুর্য্যোধনের আদেশে আমার সহিত যুদ্ধ করিবার জন্য অবস্থান করিতেছেন ॥২৫॥

কৌরবনন্দন! অতএব আমি আপনার প্রিয়কার্য্য করিবার জন্য যুদ্ধে ইহাদিগকে মথিত করিয়া তাহার পরে অর্জ্জুনের পথে গমন করিব ॥২৬॥

রাজা! আপনি—বর্ম্মাবৃতদেহ ও কিরাতগণে অধিষ্ঠিত এই অপর যে

---

(২৫) তে ন ক্লান্তাঃ···মদর্থেঽধিষ্ঠিতাঃ—বা নি। (২৮)—গৃহীতঃ সব্যসাচিনা—বা নি।

এষামেতে মহামাত্রাঃ কিরাতা যুদ্ধদুর্ম্মদাঃ।
হস্তিশিক্ষাবিদশ্চৈব সর্ব্বে চৈবাগ্নিযোনয়ঃ ॥৩০॥
এতে বিনির্জ্জিতাঃ সর্ব্বে সংগ্রামে সব্যসাচিনা।
মদর্থমগু সংযত্তা দুর্য্যোধনবশানুগাঃ ॥৩১॥
এতান্ হত্বা শরৈ রাজন্! কিরাতান্ যুদ্ধদুর্ম্মদান্।
সৈন্ধবস্য বধে যত্তমনুযাস্যামি পাণ্ডবম্ ॥৩২॥
যে ত্বেতে সুমহানাগা অঞ্জনস্য কুলোদ্ভবাঃ।
কর্কশাশ্চ বিনীতাশ্চ প্রভিন্নকরটামুখাঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

এষামিতি। মহামাত্রা আরোহিণঃ, "মহামাত্রঃ প্রধানে স্যাদারোহকসমৃদ্ধয়োঃ" ইতি হেমচন্দ্রঃ ॥৩০॥

অগু ইতি। সংযত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ স্থিতা ইতি শেষঃ ॥৩১॥

এতানিতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য, যত্তং যত্নবন্তম্, পাণ্ডবমর্জ্জুনম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মেতি ॥১—১২॥ আসৈন্ধববধাৎ সৈন্ধববধাৎ প্রাগেব ॥১৩—১৪॥ শূলাদিতোমরান্ত-মর্শাস্তজস্তম্ ॥১৫॥ সহস্রঃ সহস্রপ্রতিমম্ ॥১৬—২০॥ সম্পাতে বিহরণে ॥২১—৩২॥ অঞ্জনস্য অরুণোপবাহ্যস্য ॥৩৩॥ স্নিগ্ধনীলাম্বুদপ্রখ্যাঃ সুবিভক্তপদৈর্যুতাঃ সুবিভক্তমহাশীর্ষাঃ

সপ্তশত হস্তী দেখিতেছেন এবং কিরাতরাজ (রাজসূয়ের সময়ে) অর্জ্জুন কর্ত্তৃক বিজিত হইয়া তাঁহার হস্ত হইতে নিজের জীবন রক্ষা করিবার ইচ্ছা করিয়া, সুন্দর অলঙ্কৃত ও আজ্ঞাবহ যে হস্তীগুলিকে (উপঢৌকনস্বরূপ) অর্জ্জুনকে দান করিয়াছিলেন; রাজা! এইগুলি পূর্ব্বে আপনারই দৃঢ়ভাবে কার্য্যকারী ছিল; কিন্তু আজ ইহারা আপনার সহিতই যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছে।। দেখুন—কালের কি পরিবর্ত্তন ॥২৭—২৯॥

ইহাদের আরোহী এই সকল যুদ্ধদুর্দ্ধর্ষ কিরাত হস্তীগণকে শিক্ষা দান করিতে জানে এবং ইহারা সকলেই অগ্নি হইতে উৎপন্ন ॥৩০॥

অর্জ্জুন যুদ্ধে ইহাদের সকলকেই জয় করিয়া গিয়াছেন। সুতরাং এখন ইহারা দুর্য্যোধনের আদেশে আমাকে জয় করিবার জন্য যত্নবান্ হইয়া রহিয়াছে ॥৩১॥

অতএব রাজা! আমি বাণদ্বারা এই যুদ্ধদুর্দ্ধর্ষ কিরাতগণকে জয় করিয়া জয়দ্রথবধে যত্নবান্ অর্জ্জুনের অনুসরণ করিব ॥৩২॥

(৩০)…ত্বেষামেতে…পি বঙ্গ বৰ্দ্ধ। (৩১) এতে বিনির্জ্জিতাঃ সংখ্যে সংগ্রামে—বা নি

জাম্বূনদনিভৈঃ সর্ব্বৈর্বর্ম্মভিঃ সুবিভূষিতাঃ।
লব্ধলক্ষা রণে রাজন্! ঐরাবণসমা যুধি ॥৩৪॥
উত্তরাৎ পর্ব্বতাদেতে তীক্ষ্ণৈর্দস্যুভিরাস্থিতাঃ।
কর্কশৈঃ প্রবরৈর্যোধৈঃ কার্ষ্ণায়সতনুচ্ছদৈঃ ॥৩৫॥ (বিশেষকম্)
সন্তি গোযোনয়শ্চাত্র সন্তি বানরযোনয়ঃ।
অনেকযোনয়শ্চান্যে তথা মানুষযোনয়ঃ ॥৩৬॥
অনীকং সমবেতানাং ধূম্রবর্ণমুদীর্য্যতে।
ম্লেচ্ছানাং পাপকর্ত্তৄণাং হিমবদ্দুর্গবাসিনাম্ ॥৩৭॥
এতদ্দুর্য্যোধনো লব্ধ্বা সমগ্রং রাজমণ্ডলম্।
কৃপঞ্চ সৌমদত্তিঞ্চ দ্রৌণিঞ্চ রথিনাং বরম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

য ইতি। সুমহানাগা অতিবিশালা গজাঃ, অঞ্জনস্ত তদাখ্যস্ত দিগ্‌গজস্ত। কর্কশাঃ কঠিনস্বভাবাঃ, বিনীতা যুদ্ধে শিক্ষিতাঃ, প্রভিন্নানি মদস্রাবীণি করটামুখানি গণ্ডদ্বয়ং বদনঞ্চ যেষাং তে। জাম্বূনদনিভৈঃ স্বর্ণবর্ণৈঃ। লব্ধলক্ষাঃ প্রাগপি প্রাপ্তলক্ষ্যাঃ। ঐরাবণসমা ঐরাবততুল্যাঃ। উত্তরাৎ পর্ব্বতাদাগতা ইতি শেষঃ, তীক্ষ্ণৈঃ হিংস্রস্বভাবৈঃ, আস্থিতা আরূঢ়াঃ। কার্ষ্ণায়সা দৃঢ়লৌহময়াস্তনুচ্ছদা বর্ম্মাণি যেষাং তৈঃ ॥৩৩—৩৫॥

সন্তীতি। গোযোনয়ো বশিষ্ঠবিশ্বামিত্রযুদ্ধকালে বশিষ্ঠতপঃপ্রভাবেণ গোযোনিতো জাতাঃ, গোষু মানুষৈরুৎপাদিতা বা। এবমন্তত্রাপি ॥৩৬॥

অনীকমিতি। অনীকং সৈন্যম্। উদীর্য্যতে উদ্দীপ্যতে। পাপকর্ত্তৄণাং বেদবিরুদ্ধাচরণাদিতি ভাবঃ ॥৩৭॥

দিগ্‌গজ অঞ্জনের কুলোৎপন্ন, কঠিনস্বভাব, যুদ্ধে সুশিক্ষিত, মদস্রাবি-গণ্ড-বদন, স্বর্ণবর্ণবর্ম্মে সম্যক্ অলঙ্কৃত, পূর্ব্বেও যুদ্ধে প্রাপ্তলক্ষ্য এবং যুদ্ধে ঐরাবতের তুল্য এই যে সকল বিশাল হস্তী হিমালয় হইতে আসিয়াছে, এগুলির উপরে ক্রূরস্বভাব, কঠিনদেহ, মহাযোদ্ধা ও দৃঢ়লৌহবর্ম্মাবৃত দস্যুরা আরোহণ করিয়া রহিয়াছে ॥৩৩—৩৫॥

ইহাদের মধ্যে গোযোনি, বানরযোনি, অন্যযোনি ও মানুষযোনি লোক আছে ॥৩৬॥

হিমালয়দুর্গবাসী ও পাপকারী সমবেত ধূম্রবর্ণ ম্লেচ্ছসৈন্যগণ ঐ প্রকাশ পাইতেছে ॥৩৭॥

---

(৩৫)…শূরৈরুত্তমপার্বতৈঃ—নি। (৩৭) অনীকামসতামেতদ্ধূম্রবর্ণম্…হিমদুর্গনিবাসিনাম্—নি। (৩৮)…দ্রোণঞ্চ রথিনাং বরম্—বা নি।

সিন্ধুরাজং তথা কর্ণমবামন্যত পাণ্ডবান্।
কৃতার্থমথ চাত্মানং মন্যতে কালচোদিতঃ ॥৩৯॥ (যুগ্মকম্)
তে তু সর্ব্বেঽস্য সংপ্রাপ্তা মম নারাচগোচরম্।
ন বিমোক্ষ্যন্তি কৌন্তেয়! যদ্যপি স্যুর্মনোজবাঃ ॥৪০॥
তেন সম্ভাবিতা নিত্যং পরবীর্য্যোপজীবিনা।
বিনাশমুপযাস্যন্তি মচ্ছরৌঘনিপীড়িতাঃ ॥৪১॥
যে ত্বেতে রথিনো রাজন্! দৃশ্যন্তে কাঞ্চনধ্বজাঃ।
এতে দুর্ব্বারণা নাম কাম্বোজা যদি তে শ্রুতাঃ ॥৪২॥
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ ধনুর্ব্বেদে চ নিষ্ঠিতাঃ।
সংহতাশ্চ ভৃশং হ্যেতে অন্যোন্যস্য হিতৈষিণঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

এতদিতি। সৌমদত্তিং ভূরিশ্রবসম্, দ্রোণিমশ্বত্থামানম্। কালেন চোদিতঃ প্রেরিতঃ ॥৩৮—৩৯॥

ত ইতি। নারাচানাং বাণবিশেষাণাং গোচরং বিষয়তাম্। মনস ইব জবো বেগো যেষাং তে ॥৪০॥

তেনেতি। তেন দুর্য্যোধনেন, সম্ভাবিতাঃ সম্মানিতাঃ ॥৪১॥

য ইতি। কাঞ্চনানামিম ইতি কাঞ্চনাঃ স্বর্ণময়া ধ্বজা যেষাং তে। ইদমর্থে অণ্ ॥৪২॥

শূরা ইতি। নিষ্ঠিতাঃ কৃতশ্রমাঃ। সংহতাঃ সম্মিলিতাঃ ॥৪৩॥

কালপ্রেরিত দুর্য্যোধন এই সমস্ত রাজমণ্ডলকে এবং রথিশ্রেষ্ঠ কৃপ, ভূরিশ্রবা, অশ্বত্থামা, জয়দ্রথ ও কর্ণকে পাইয়া পাণ্ডবগণের অবমাননা করিয়াছে এবং আপনাকে কৃতার্থ বলিয়া মনে করিতেছে ॥৩৮—৩৯॥

কুন্তীনন্দন! তাহারা সকলেই আজ আমার বাণগোচর হইয়াছে। সুতরাং উহারা যদি মনের ন্যায় বেগবান্‌ও হয়, তথাপি মুক্তি পাইবে না ॥৪০॥

পরবীর্য্যোপজীবী দুর্য্যোধন সর্ব্বদাই উহাদের সম্মান করিয়া থাকে; কিন্তু উহারা আজ আমার বাণসমূহে নিপীড়িত হইয়া বিনষ্ট হইবে ॥৪১॥

রাজা! এই যে স্বর্ণধ্বজ রথিগণকে দেখা যাইতেছে, ইহারা কাম্বোজ-দেশীয়; ইহাদের নাম—'দুর্বারণ'। হয় ত আপনি ইহাদের নাম শুনিয়া থাকিবেন ॥৪২॥

ইহারা বীর, কৃতবিদ্য, ধনুর্ব্বেদে শিক্ষিত, অত্যন্ত সংঘবদ্ধ এবং পরস্পর হিতৈষী ॥৪৩॥

---

(৪০)…ন তবিষ্যন্তি।—নি।

অক্ষৌহিণ্যশ্চ সংরব্ধা ধার্ত্তরাষ্ট্রস্য ভারত!।
যত্তা মদর্থং তিষ্ঠন্তি কুরুবীরাভিরক্ষিতাঃ ॥৪৪॥
অপ্রমত্তা মহারাজ! মামেব প্রত্যুপস্থিতাঃ।
তাংস্ত্বহং প্রমথিষ্যামি তৃণানীব হুতাশনঃ ॥৪৫॥
তস্মাৎ সর্বানুপাসঙ্গান্ সর্ব্বোপকরণানি চ।
রথে কুর্ব্বন্তু মে রাজন্! যথাবদ্রথকল্পকাঃ ॥৪৬॥
অস্মিংস্তু খলু সংগ্রামে গ্রাহ্যং বিবিধমায়ুধম্।
যথোপদিষ্টমাচার্য্যৈঃ কার্য্যঃ পঞ্চগুণো রথঃ ॥৪৭॥
কাম্বোজৈশ্চ সমেষ্যামি ক্রুদ্ধৈরাশীবিষোপমৈঃ।
নানাশস্ত্রসমাবায়ৈর্বিবিধযুধাযোধিভিঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

অক্ষৌহিণ্য ইতি। সংরব্ধা যুদ্ধায় সোৎসাহাঃ। যত্তা জয়ায় যত্নবন্তঃ ॥৪৪॥
অপ্রেতি। অপ্রমত্তা যুদ্ধে সাবধানাঃ ॥৪৫॥
তস্মাদিতি। উপাসঙ্গান্ তূণান্, সর্ব্বোপকরণানি কার্ম্মুকাদীনি ॥৪৬॥
অস্মিন্নিতি। কার্য্যঃ কর্ত্তব্যঃ, পঞ্চগুণঃ পঞ্চগুণসজ্জঃ ॥৪৭॥
কাম্বোজৈরিতি। সমেষ্যামি যুদ্ধে সম্মিলিতো ভবিষ্যামি। আশীবিষোপমৈস্তীক্ষ্ণবিষসর্পতুল্যৈঃ। নানা শস্ত্রাণাং সমাবায়ঃ সমূহো যেষু তৈঃ ॥৪৮॥

ভরতনন্দন! দুর্য্যোধনের বহু অক্ষৌহিণী সৈন্য যুদ্ধে উৎসাহী, জয়ের জন্য যত্নবান এবং কুরুবীরগণে রক্ষিত হইয়া আমার জন্য অবস্থান করিতেছে ॥৪৪॥

মহারাজ! ইহারা আমার জন্যই উপস্থিত হইয়াছে। সুতরাং অগ্নি যেমন তৃণসমূহ বিনষ্ট করে, আমিও সেইরূপ ইহাদিগকে বিনষ্ট করিব ॥৪৫॥

অতএব রাজা! রথসজ্জাকারী লোকেরা যথাযথভাবে আমার রথে সমস্ত তূণীর এবং সর্ব্বপ্রকার যুদ্ধোপকরণ সংস্থাপন করুক ॥৪৬॥

এই যুদ্ধে নানাপ্রকার অস্ত্র গ্রহণ করিতে হইবে; আর আচার্য্যগণের উপদেশক্রমে পাঁচগুণ রথসজ্জা করিতে হইবে ॥৪৭॥

আমি আজ ক্রুদ্ধ তীক্ষ্ণবিষ সর্পের তুল্য, নানাবিধ শস্ত্রধারী ও বহুবিধ অস্ত্রদ্বারা যুদ্ধকারী কাম্বোজগণের সহিত যুদ্ধে মিলিত হইব ॥৪৮॥

(৪৪)···মদর্থে···বা নি। (৪৭) অস্মিংস্তু কিল সংমর্দ্দে—বা নি। (৪৮) কাম্বোজৈর্হি তীক্ষ্ণৈরাশীবিষোপমৈঃ—বা নি।

কিরাতৈশ্চ সমেষ্যামি বিষকল্পৈঃ প্রহারিভিঃ।
লালিতৈঃ সততং রাজ্ঞা দুর্য্যোধনহিতৈষিভিঃ ॥৪৯॥
শকৈশ্চাপি সমেষ্যামি শক্রতুল্যপরাক্রমৈঃ।
অগ্নিকল্পৈর্দুরাধর্ষৈঃ প্রদীপ্তৈরিব পাবকৈঃ ॥৫০॥
তথান্যৈর্বিবিধৈর্ঘোরৈঃ কালকল্পৈর্দুরাসদৈঃ।
সমেষ্যামি রণে রাজন্! বহুভির্যুদ্ধদুর্ম্মদৈঃ ॥৫১॥
তস্মাদ্বৈ বাজিনো মুখ্যা বিশ্রান্তাঃ শুভলক্ষণাঃ।
উপাবৃত্তাশ্চ পীতাশ্চ পুনর্যুজ্যন্তু মে রথে ॥৫২॥

সঞ্জয় উবাচ।

তস্য সর্ব্বানুপাসঙ্গান্ সর্ব্বোপকরণানি চ।
রথে চাস্থাপরদ্রাজা শস্ত্রাণি বিবিধানি চ ॥৫৩॥

ভারতকৌমুদী

কিরাতৈরিতি। লালিতৈর্বেতনাদিনা সাদরং পোষিতৈঃ, রাজ্ঞা কিরাতরাজেন ॥৪৯॥
শকৈরিতি। প্রদীপ্তৈঃ প্রজ্বলিতৈঃ, পাবকৈরগ্নিস্তূপৈঃ ॥৫০॥
তথেতি। কালকল্পৈর্যমতুল্যৈঃ সহ ॥৫১॥
তস্মাদিতি। উপাবৃত্তা ঘূর্ণনং প্রাপিতাঃ, পীতাঃ পীতজলাঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

করিণোঽঞ্জনবংশজাঃ ॥৩৪॥ উত্তরাৎ পর্ব্বতাচ্চ হিমাচলাদাগতৈরর্থাৎ ॥৩৫—৪০॥ তেন দুর্য্যোধনেন, সম্ভাবিতাঃ সংবর্দ্ধিতাঃ ॥৪১—৪৪॥ তানুদ্দিষ্টান্ ॥৪৫—৪৬॥ পঞ্চগুণঃ পঞ্চগুণসামগ্রীকঃ ॥৪৭॥ নানাশস্ত্রাণাং সমাবায়ঃ সমূহো যেষু ॥৪৮—৫১॥ পীতাঃ

বিষের তুল্য তীক্ষ্ণ, প্রহারনিপুণ, সর্ব্বদা কিরাতরাজকর্ত্তৃক লালিত ও দুর্য্যোধনের হিতৈষী কিরাতগণের সহিত যুদ্ধ করিব ॥৪৯॥

ইন্দ্রের তুল্য পরাক্রমশালী, অগ্নির ন্যায় দুর্দ্ধর্ষ ও প্রজ্বলিত অগ্নির সমান তেজস্বী শকদিগের সহিতও মিলিত হইব ॥৫০॥

এবং রাজা! যমের তুল্য দুর্দ্ধর্ষ ও ভয়ঙ্কর যুদ্ধদুর্ম্মদ অন্য বহুবিধ বহু বীরের সহিত যুদ্ধে সম্মিলিত হইব ॥৫১॥

অতএব যেগুলি বিশ্রাম করিয়াছে, ঘুরিয়াছে এবং জলপান করিয়াছে, এইরূপ ও শুভলক্ষণসম্পন্ন উত্তম চারিটী ঘোড়া পুনরায় আমার রথে সংযুক্ত হউক' ॥৫২॥

---

(৫১)…বিবিধৈর্যোধৈঃ…বা নি। (৫২)…যুজ্যন্ত মে রথে—নি (৫৩)…রথেঽথব-স্থাপয়দ্রাজা—বঙ্গ বঙ্গ।

ততস্তান্ সর্ব্বতো মুক্তান্ সদশ্বাংশ্চতুরো জনাঃ ।
রসবৎ পায়য়ামাসুঃ পানং মদসমীরণম্ ॥৫৪॥
পীতোপবৃত্তান্ স্নাতাংশ্চ জগ্ধান্নান্ সমলঙ্কৃতান্ ।
বিনীতশল্যাংস্তুরগাংশ্চতুরো হেমমালিনঃ ॥৫৫॥
তাংস্তদা রূপ্যবর্ণাভান্ বিনীতান্ শীঘ্রগামিনঃ ।
সংহৃষ্টমনসোঽব্যগ্রান্ বিধিবৎ কল্পিতে রথে ॥৫৬॥
মহাধ্বজেন সিংহেন হেমকেশরমালিনা ।
সংবৃতে কেতকৈর্হৈমৈর্মণিবিদ্রুমচিত্রিতৈঃ ॥৫৭॥
পাণ্ডুরাভ্রপ্রকাশাভিঃ পতাকাভিরলঙ্কৃতে ।
হেমদণ্ডোচ্ছ্রিতচ্ছত্রে বহুশস্ত্রপরিচ্ছদে ।
যোজয়ামাস বিধিবদ্ধেমভাণ্ডবিভূষিতান্ ॥৫৮॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। উপাসঙ্গান্ তূণান্, সর্ব্বোপকরণানি কার্ম্মুকাদীনি । রাজা যুধিষ্ঠিরঃ ॥৫৩॥

তত ইতি। মুক্তান্ বহুকালং রথে অযোজিতান্, অতএব বিশ্রান্তানিত্যাশয়ঃ। রসবৎ স্বাদু, পীয়ত ইতি পানং জলম্, মদসমীরণং মত্ততাজনকম্ ॥৫৪॥

পীতেতি। জগ্ধান্নান্ ভুক্তঘাসান্। বিনীতশল্যান্ উদ্ধৃতবাণাগ্রান্। বিনীতান্ শিক্ষিতান্। অব্যগ্রান্ স্থিরান্, কল্পিতে সজ্জিতে। সিংহেন সিংহলাঞ্ছনেন। কেতকৈঃ পুষ্পৈঃ। পাণ্ডুরাভ্রবৎ শুভ্রমেঘবৎ প্রকাশো যাসাং তাভিঃ। হেমভাণ্ডৈঃ স্বর্ণভূষণৈর্বিভূষিতান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫—৫৮॥

সঞ্জয় বলিলেন—'তখন যুধিষ্ঠির সাত্যকির রথে সর্ব্বপ্রকার তূণ, সমস্তবিধ উপকরণ ও নানাবিধ অস্ত্র সংস্থাপন করাইলেন ॥৫৩॥

তাহার পর ভৃত্যেরা সর্ব্বতোভাবে বিশ্রান্ত চারিটী উত্তম অশ্বকে সুস্বাদু ও যুদ্ধমত্ততাজনক জল পান করাইল ॥৫৪॥

তখন রজতের ন্যায় শুভ্রবর্ণ, শিক্ষিত, শীঘ্রগামী, স্বর্ণমালাধারী ও স্থির-স্বভাব সেই চারিটী অশ্ব জল পান করিয়া, মণ্ডলাকারে ঘুরিয়া, স্নান করিয়া, ঘাস খাইয়া এবং অলঙ্কৃত ও শল্যশূন্য হইয়া হৃষ্টচিত্ত হইল। পরে ভৃত্যেরা স্বর্ণভূষণে ভূষিত সেই অশ্বগুলিকে নিয়া সুসজ্জিত রথে সংযুক্ত করিল এবং সেই রথের উপরে একটা বিশাল ধ্বজ তুলিয়া দিল, তাহার উপরে আবার স্বর্ণময়কেশরমালাধারী একটা সিংহমূর্ত্তি স্থাপন করিল; মণি ও প্রবালবিচিত্র

(৫৪)···সর্বতো মুক্তা—পি বঙ্গ বৰ্দ্ধ। (৫৭)···কেতনৈর্হৈমৈঃ—পি বঙ্গ বৰ্দ্ধ।

দারুকস্যানুজো ভ্রাতা সূতস্তস্য প্রিয়ঃ সখা।
ন্যবেদয়দ্রথং যুক্তং বাসবস্যেব মাতলিঃ ॥৫৯॥
ততঃ স্নাতঃ শুচির্ভূত্বা কৃতকৌতুকমঙ্গলঃ।
স্নাতকানাং সহস্রস্য স্বর্ণনিষ্কানথো দদৌ ॥৬০॥
আশীর্ব্বাদৈঃ পরিষ্বক্তঃ সাত্যকিঃ শ্রীমতাং বরঃ।
ততঃ স মধুপর্কাস্তঃ পীত্বা কৈরাতকং মধু ॥৬১॥
লোহিতাক্ষো বভৌ তত্র মদবিহ্বললোচনঃ।
আলভ্য বীরকাংস্যঞ্চ হর্ষেণ মহতান্বিতঃ ॥৬২॥ (যুগ্মকম্)
দ্বিগুণীকৃততেজাঃ স প্রজ্বলন্নিব পাবকঃ।
উৎসঙ্গে ধনুরাদায় সশরং রথিনাং বরঃ ॥৬৩॥
কৃতস্বস্ত্যয়নো বিপ্রৈঃ কবচী সমলঙ্কৃতঃ।
লাজৈর্গন্ধৈস্তথা মাল্যৈঃ কন্যাভিরভিনন্দিতঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

দারুকস্যেতি। দারুকস্য কৃষ্ণসারথেঃ। সূতঃ সারথিঃ। যুক্তং সজ্জিতম্ ॥৫৯॥

তত ইতি। স্নাতকানাং গৃহমেধিনাং বিপ্রাণাম্, স্বর্ণানাং নিষ্কান্ মুদ্রাঃ ॥৬০॥

আশীরিতি। পরিষ্বক্তঃ সম্বদ্ধঃ, শ্রীমতাং বীরশোভাবতাম্। কৈরাতকং কিরাতদেশোৎপন্নম্, মধু মদ্যম্। আলভ্য স্পৃষ্ট্বা, বীরকাংস্যং বীরযোগ্যকাংস্যদর্পণম্ ॥৬১—৬২॥

বহুতর স্বর্ণকেতকীপুষ্পদ্বারা সেই রথখানাকে আবৃত করিল, জলশূন্য মেঘের ন্যায় শুভ্রবর্ণ পতাকাদ্বারা অলঙ্কৃত করিল; আর তাহাতে স্বর্ণদণ্ড একটা ছত্র তুলিয়া দিল এবং বহুতর অস্ত্র ও পরিচ্ছদ সংস্থাপন করিল ॥৫:—৫৮॥

পরে মাতলি যেমন ইন্দ্রের নিকট নিবেদন করে, সেইরূপ কৃষ্ণসারথি দারুকের কনিষ্ঠ ভ্রাতা এবং সাত্যকির প্রিয় সখা সারথি আসিয়া নিবেদন করিল যে, 'রথ সজ্জিত হইয়াছে' ॥৫৯॥

তদনন্তর সাত্যকি স্নান করিয়া পবিত্র হইয়া কৌতুকমঙ্গল সম্পাদনপূর্ব্বক সহস্র গৃহস্থ ব্রাহ্মণকে স্বর্ণমুদ্রা দান করিলেন ॥৬০॥

তাহার পর বীরশোভায় শোভিতগণের মধ্যে শ্রেষ্ঠ সাত্যকি ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ পাইয়া মধুপর্কের জল ও কিরাতদেশজাত মদ্য পান করিয়া আরক্ত ও বিহ্বলনয়ন এবং বিশেষ আনন্দিত হইয়া বীরজনোচিত কাংস্যদর্পণ স্পর্শ করিয়া শোভা পাইতে লাগিলেন ॥৬১—৬২॥

---

(৬৩) দ্বিগুণীকৃততেজা হি—বা, দ্বিগুণীকৃততেজোভিঃ—নি।

যুধিষ্ঠিরস্য চরণৌ প্রণম্য চ কৃতাঞ্জলিঃ।
তেন মূর্দ্ধন্যুপাঘ্রাত আরুরোহ মহারথম্ ॥৬৫॥ (বিশেষকম্)
ততস্তে বাজিনো হৃষ্টাঃ সুপুষ্টা বাতরংহসঃ।
অজয্যা জৈত্রমূহুস্তং বিকুর্ব্বাণাঃ স্ম সৈন্ধবাঃ ॥৬৬॥
তথৈব ভীমসেনোঽপি ধর্ম্মরাজেন পূজিতঃ।
প্রায়াৎ সাত্যকিনা সার্দ্ধমভিবাদ্য যুধিষ্ঠিরম্ ॥৬৭॥
তৌ দৃষ্ট্বা প্রবিবিক্ষন্তৌ তব সৈন্যমরিন্দমৌ।
সংযত্তাস্তাবকাঃ সর্ব্বে তস্থুর্দ্রোণপুরোগমাঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

দ্বিগুণীতি। উৎসঙ্গে ক্রোড়ে। কৃতং স্বস্ত্যয়নং বেদপাঠাদিমঙ্গলাচরণং যস্য সঃ। কবচী বর্ম্মাবৃতদেহঃ। তেন যুধিষ্ঠিরেণ ॥৬৩—৬৫॥

তত ইতি। অজয্যা জেতুমশক্যাঃ, জৈত্রং জয়শীলম্, বিকুর্ব্বাণাস্তেজ আবিষ্কুর্ব্বন্তঃ ॥৬৬॥

তথেতি। পূজিতঃ কর্ত্তব্যকরণোত্থতয়া সম্মানিতঃ। প্রায়াৎ প্রয়াতুমারভত ॥৬৭॥

তাবিতি। তব সৈন্যং প্রবিবিক্ষন্তৌ প্রবেষ্টুমিচ্ছন্তৌ। সংযত্তাস্তয়োর্নিবারণায় যত্নবন্তঃ ॥৬৮॥

তখন তাঁহার তেজ দ্বিগুণ হইল; তিনি যেন অগ্নির ন্যায় জ্বলিতে লাগিলেন; ব্রাহ্মণেরা মঙ্গলাচরণ করিতে থাকিলেন; কন্যারা লাজ (খই), গন্ধদ্রব্য ও মালা নিক্ষেপ করিয়া অভিনন্দন করিতে লাগিল; সেই অবস্থায় কবচধারী, সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত ও রথিশ্রেষ্ঠ সাত্যকি ক্রোড়ে ধনু ও বাণ লইয়া যুধিষ্ঠিরের চরণযুগলে নমস্কার করিয়া কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন; তখন যুধিষ্ঠির তাঁহার মস্তকাঘ্রাণ করিলে তিনি বিশাল রথে আরোহণ করিলেন ॥৬৩—৬৫॥

তদনন্তর হৃষ্ট, পুষ্টদেহ, বায়ুর ন্যায় বেগবান্ ও অজেয় সিন্ধুদেশীয় সেই অশ্বগণ তেজ আবিষ্কার করিতে থাকিয়া বিজয়শীল সাত্যকিকে বহন করিতে লাগিল ॥৬৬॥

সেইরূপ ভীমসেনও যুধিষ্ঠিরকর্ত্তৃক সম্মানিত হইয়া এবং তাঁহাকে অভিবাদন করিয়া সাত্যকির সহিত গমন করিতে আরম্ভ করিলেন ॥৬৭॥

মহারাজ! শত্রুদমনকারী সেই সাত্যকি ও ভীমসেনকে আপনার

---

(৬৫)…অভিবন্দ্য কৃতাঞ্জলিঃ…বা,…অভিবাদ্য কৃতাঞ্জলিঃ—নি। (৬৮)…তব সেনাম্—নি।

সন্নদ্ধমনুগচ্ছন্তং দৃষ্ট্বা ভীমং স সাত্যকিঃ।
অভিনন্দ্যাব্রবীদ্বীরস্তদা হর্ষকরং বচঃ ॥৬৯॥
অথ হর্ষপরীতাঙ্গঃ সাত্যকির্ভীমমব্রবীৎ।
ত্বং ভীম! রক্ষ রাজানমেতৎ কার্য্যতমং হি তে ॥৭০॥
অহং ভিত্ত্বা প্রবেক্ষ্যামি কালপক্বমিদং বলম্।
আয়ত্যাঞ্চ তদাত্বে চ শ্রেয়ো রাজ্ঞোঽভিরক্ষণম্ ॥৭১॥
জানীষে মম বীর্য্যং ত্বং তব চাহমরিন্দম!।
তস্মাদ্ভীম! নিবর্ত্তস্ব মম চেদিচ্ছসি প্রিয়ম্ ॥৭২॥

ভারতকৌমুদী

সন্নদ্ধমিতি। সন্নদ্ধম্ অনুগমনায় সজ্জিতম্ ॥৬৯॥

অথেতি। হর্ষেণ পরীতাঙ্গো ব্যাপ্তগাত্রঃ। কার্য্যতমং প্রধানকার্য্যম্ ॥৭০॥

অহমিতি। কালেন পক্বং পক্বতয়া পতনোন্মুখম্। আয়ত্যামুত্তরকালে, তদাত্বে ইদানীম্ ॥৭১॥

জানীষ ইতি। এক এবাহং গন্তুমর্হামি, ত্বমেক এব রক্ষিতুমর্হসীতি ভাবঃ ॥৭২॥

ভারতভাবদীপঃ

পায়িতপেয়াঃ ॥৫২—৫৬॥ মহাধ্বজেনেতি বিশেষণে তৃতীয়া। কেতকৈঃ কুন্দঘটিত-শলাকাভিঃ ॥৫৭—৫৯॥ স্বর্ণনিষ্কাৎ দীনারাৎ ॥৬০—৭০॥ আয়ত্যামুত্তরকালে। তদাত্বে-তৎক্ষণে ॥৭১—৭২॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥৯৬॥

সৈন্যমধ্যে প্রবেশ করিবার ইচ্ছা করিতে দেখিয়া দ্রোণের অগ্রবর্ত্তী আপনার পক্ষের যোদ্ধারা তাঁহাদিগকে বারণ করিবার জন্য যত্নবান্ হইয়া রহিলেন ॥৬৮॥

ভীমসেন যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া অনুসরণ করিতেছেন দেখিয়া তখন বীর সাত্যকি তাঁহাকে অভিনন্দিত করিয়া আনন্দজনক বাক্য বলিলেন ॥৬৯॥

তৎকালে সাত্যকি আনন্দে উৎফুল্ল হইয়াই ভীমকে বলিয়াছিলেন—'মধ্যমপাণ্ডব! আপনি রাজাকে রক্ষা করুন, ইহাই আপনার প্রধান কার্য্য ॥৭০॥

আমি একাকীই এই কালপক্ব কৌরবসৈন্য ভেদ করিয়া প্রবেশ করিব; আর রাজাকে রক্ষা করাই আপনার পক্ষে বর্ত্তমানে ও ভবিষ্যতে মঙ্গলজনক ব্যাপার ॥৭১॥

---

(৭০) প্রথমার্দ্ধং বা রা নি নাস্তি। (৭২) শ্লোকাৎ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

তথোক্তঃ সাত্যকিং প্রাহ ব্রজ ত্বং কার্য্যসিদ্ধয়ে।
অহং রাজ্ঞঃ করিষ্যামি রক্ষাং পুরুষসত্তম ! ॥৭৩॥
এবমুক্তঃ প্রত্যুবাচ ভীমসেনং স মাধবঃ।
গচ্ছ গচ্ছ দ্রুতং পার্থ ! ধ্রুবোঽদ্য বিজয়ো মম ॥৭৪॥
যন্মে স্নিগ্ধোঽনুরক্তশ্চ ত্বমদ্য বশগঃ স্থিতঃ।
নিমিত্তানি চ ধন্যানি যথা ভীম ! বদন্তি মে ॥৭৫॥
নিহতে সৈন্ধবে পাপে পাণ্ডবেন মহাত্মনা।
পরিষ্বজিষ্যে রাজানং ধর্ম্মাত্মানং ন সংশয়ঃ ॥৭৬॥
এতাবদুক্ত্বা ভীমস্তু বিসৃজ্য চ মহামনাঃ।
সংপ্রৈক্ষত্তাবকং সৈন্যং ব্যাঘ্রো মৃগগণানিব ॥৭৭॥

ভারতকৌমুদী

তথেতি। প্রাহ ভীমো ব্রবীতি স্ম। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য ॥৭৩॥
এবমিতি। মাধবো মধুবংশীয়ঃ সাত্যকিঃ। হে পার্থ! পৃথাপুত্র! ভীম! ॥৭৪॥
কুতো ধ্রুবো বিজয় ইত্যাহ যদিতি। ধন্যানি পুণ্যজনিতানি। বদন্তি সূচয়ন্তি ॥৭৫॥
নিহত ইতি। সৈন্ধবে জয়দ্রথে, পাণ্ডবেনার্জ্জুনেন। পরিষ্বজিষ্যে আলিঙ্গিষ্যামি ॥৭৬॥

অরিন্দম মধ্যমপাণ্ডব! আপনি আমার শক্তি জানেন, আমিও আপনার শক্তি জানি। সুতরাং আপনি যদি আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করেন, তবে নিবৃত্ত হউন' ॥৭২॥

সাত্যকি সেইরূপ বলিলে, ভীম তাঁহাকে বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ! তবে তুমি কার্য্যসিদ্ধির জন্য গমন কর, আমি রাজাকে রক্ষা করিতে থাকি' ॥৭৩॥

ভীম এইরূপ বলিলে, সাত্যকি তাঁহাকে কহিলেন—'পৃথানন্দন! আপনি সত্বর গমন করুন, সত্বর গমন করুন। নিশ্চয়ই আজ আমার জয় হইবে ॥৭৪॥

মধ্যমপাণ্ডব! যে হেতু আমার প্রতি স্নেহ ও অনুরাগযুক্ত আপনি আমার বশে রহিলেন এবং পুণ্যজনিত শুভলক্ষণ সকল আমার নিকট যেরূপ সূচনা করিতেছে ॥৭৫॥

মহাত্মা অর্জ্জুন পাপাত্মা জয়দ্রথকে বধ করিলে, আমি আসিয়া ধর্ম্মাত্মা ধর্ম্মরাজকে আলিঙ্গন করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৭৬॥

---

(৭৫) ···বশমাস্থিতঃ···বদন্তি মাম্—নি। (৭৬)···ধর্ম্মাত্মানং যুধিষ্ঠিরম্—নি। (৭৭)··· বিসৃজ্য চ মহাযশাঃ—বা নি।

তং দৃষ্ট্বা প্রবিবিক্ষন্তং সৈন্যং তব জনাধিপ ! ।
ভূয় এবাভবন্মূঢ়ং সুভৃশঞ্চাপ্যকম্পত ॥৭৮॥
ততঃ প্রয়াতঃ সহসা সৈন্যং তব স সাত্যকিঃ ।
দিদৃক্ষুরর্জ্জুনং রাজন্ ! ধর্ম্মরাজস্য শাসনাৎ ॥৭৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ।

——:*:——

সঞ্জয় উবাচ ।

প্রয়াতে তব সৈন্যস্তু যুযুধানে যুযুৎসয়া ।
ধর্ম্মরাজো মহারাজ ! স্বেনানীকেন সংবৃতঃ ।
প্রায়াদ্‌দ্রোণরথং প্রেপ্সুর্যুযুধানস্য পৃষ্ঠতঃ ॥১॥

ভারতকৌমুদী

এতাবদিতি। মহামনাঃ সাত্যকিঃ। সংপ্রৈক্ষৎ সাটোপমবালোকয়ৎ ॥৭৭॥
তমিতি। প্রবিবিক্ষন্তং প্রবেষ্টুমিচ্ছন্তম্, সৈন্যং কর্তৃ। মূঢ়ং কর্ত্তব্যবিষয়ে ॥৭৮॥
তত ইতি। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ। শাসনাদাদেশাৎ ॥৭৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

প্রয়াত ইতি। যুযুধানে সাত্যকৌ, যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

এই পর্য্যন্ত বলিয়া ভীমসেনকে বিদায় দিয়া মহামনা সাত্যকি—ব্যাঘ্র যেমন হরিণগণের প্রতি দৃষ্টিপাত করে, সেইরূপ আপনার সৈন্যগণের প্রতি দৃষ্টিপাত করিলেন ॥৭৭॥

নরনাথ ! সাত্যকিকে প্রবেশ করিতে উদ্যত দেখিয়া আপনার সৈন্যেরা পুনরায় কর্ত্তব্যবিমূঢ় হইল এবং অত্যন্ত কাঁপিতে থাকিল ॥৭৮॥

রাজা ! তাহার পর সেই সাত্যকি যুধিষ্ঠিরের আদেশে অর্জ্জুনকে দেখিবার ইচ্ছা করিয়া বেগে আপনার সৈন্যের দিকে প্রস্থান করিলেন' ॥৭৯॥

---

* '... দশাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '... দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা ব্রা নি ।

ততঃ পাঞ্চালরাজস্য পুত্রঃ সংগ্রামদুর্ম্মদঃ।
প্রাক্রোশৎ পাণ্ডবানীকে বসুদানশ্চ পার্থিবঃ ॥২॥
আগচ্ছত প্রহরত দ্রুতং বিপরিধাবত।
যথা সুখেন গচ্ছেত সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ ॥৩॥
মহারথা হি বহবো যতিষ্যন্তেঽস্য নির্জ্জয়ে।
ইতি ব্রুবন্তো বেগেন নিপেতুস্তে মহারথাঃ ॥৪॥
বয়ং প্রতিজিগীষন্তস্তত্র তান্ সমভিদ্রুতাঃ।
ততঃ শব্দো মহানাসীদ্‌যুযুধানরথং প্রতি ॥৫॥
প্রকম্পমানা মহতী তব পুত্রস্য বাহিনী।
সাত্বতেন মহাবাহো! শতধাভিব্যদীর্য্যতে ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। পাঞ্চালরাজস্য পুত্রো ধৃষ্টদ্যুম্নঃ। প্রাক্রোশৎ উচ্চৈরাহুতবান্ ॥২॥
আগচ্ছতেতি। যুষ্মাভিঃ সহ যুদ্ধব্যাপৃততয়া বিপক্ষৈঃ সাত্যকের্বারণাসম্ভবাদিতি ভাবঃ ॥৩॥
মহেতি। অস্য সাত্যকেঃ। নিপেতুঃ কৌরবসৈন্যোপরি, তে ধৃষ্টদ্যুম্নাদয়ঃ ॥৪॥
বয়মিতি। বয়ং সঞ্জয়াদয়ঃ, প্রতিজিগীষন্তঃ প্রতিজেতুমিচ্ছন্তঃ ॥৫॥
প্রেতি। সাত্বতেন সাত্বতবংশীয়েন সাত্যকিনা। অভিব্যদীর্য্যত ব্যভজ্যত ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সাত্যকি যুদ্ধ করিবার ইচ্ছায় আপনার সৈন্যের দিকে গমন করিলে, যুধিষ্ঠির আপন সৈন্যে পরিবেষ্টিত হইয়া দ্রোণের রথ পাইবার ইচ্ছা করিয়া সাত্যকির পিছনে গমন করিতে লাগিলেন ॥১॥

তাহার পর যুদ্ধদুর্দ্ধর্ষ ধৃষ্টদ্যুম্ন এবং রাজা বসুদান পাণ্ডবসৈন্যমধ্যে উচ্চস্বরে আহ্বান করিলেন—॥২॥

'আপনারা সত্বর আসুন, ধাবিত হউন এবং প্রহার করিতে থাকুন। যাহাতে যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকি অনায়াসে যাইতে পারেন ॥৩॥

কারণ, বহুতর মহারথ সাত্যকিকে জয় করিবার চেষ্টা করিবেন' এইরূপ বলিতে বলিতে সেই মহারথেরা বেগে যাইয়া কৌরবসৈন্যের উপরে পতিত হইলেন ॥৪॥

মহারাজ! তখন আমরাও প্রতিজিগীষানিবন্ধন তাঁহাদের প্রতি ধাবিত হইলাম। তৎপরে সাত্যকির রথের নিকটে বিশাল কোলাহল হইতে লাগিল ॥৫॥

---

(২)…সমরদুর্ম্মদঃ…বা নি। (৪ …যতিষ্যন্ত্যস্য নির্জ্জয়ে—পি বঙ্গ বর্দ্ধ।

তস্যাং বিদীর্য্যমাণায়াং শিনেঃ পৌত্রো মহারথঃ।
সপ্ত বীরান্ মহেষ্বাসানগ্রানীকে ব্যপোথয়ৎ ॥৭॥
তথান্যানপি রাজেন্দ্র ! নানাজনপদেশ্বরান্।
শরৈরনলসঙ্কাশৈর্নিন্যে বীরান্ যমক্ষয়ম্ ॥৮॥
শতমেকেন বিব্যাধ শতেনৈকঞ্চ পত্রিণাম্।
দ্বিপারোহান্ দ্বিপাংশ্চৈব হয়ারোহান্ হয়াংস্তথা।
রথিনঃ সাশ্বসূতাংশ্চ জঘানেশঃ পশূনিব ॥ ॥
তং তথাদ্ভুতকর্ম্মাণং শরসম্পাতবর্ষিণম্।
ন কেচনাভ্যধাবন্ বৈ সাত্যকিং তব সৈনিকাঃ ॥১০॥

ভারতকৌমুদী

তস্যামিতি। শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। অগ্রানীকে কৌরবসৈন্যাগ্রে, ব্যপোথয়ং ব্যনাশয়ৎ ॥৭॥

তথেতি। নিন্যে প্রেরয়ামাস সাত্যকিঃ, যমক্ষয়ং যমালয়ম্ ॥৮॥

শতমিতি। একেন পত্রিণা, শতং সৈনিকান্ বিব্যাধ, একয়া সূচ্যা উৎপলপত্রশতবদিতি ভাবঃ। পত্রিণাং শতেন একঞ্চ সৈনিকং বিব্যাধ। ঈশো রুদ্রঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

তমিতি। শরাণাং সম্পাতং ধারাং বর্ষতীতি তম্ ॥১০॥

মহাবাহু রাজা ! ক্রমে সাত্যকির বিক্রমে আপনার পুত্রের বিশাল বাহিনী কাঁপিতে লাগিল এবং শতভাগে বিভক্ত হইয়া পড়িল ॥৬॥

সেই বাহিনী বিভক্ত হইয়া পড়িলে, মহারথ সাত্যকি কৌরবসৈন্যের সম্মুখভাগে সাত জন মহাধনুর্দ্ধর বীরকে বিনাশ করিলেন ॥৭॥

রাজশ্রেষ্ঠ ! তিনি অগ্নিতুল্য বাণসমূহদ্বারা নানাদেশের অধীশ্বর অন্যান্য বীরকেও যমালয়ে প্রেরণ করিলেন ॥৮॥

সাত্যকি একবাণে শত জন সৈন্যকে, আবার শতবাণে এক জন সৈন্যকে বিদ্ধ করিতে লাগিলেন এবং রুদ্র যেমন প্রলয়কালে প্রাণিগণকে বধ করেন, সেইরূপ সাত্যকি হস্তী ও হস্ত্যারোহীদিগকে, অশ্ব অশ্বারোহিগণকে এবং অশ্ব ও সারথিগণের সহিত রথিগণকে বধ করিতে থাকিলেন ॥৯॥

মহারাজ ! তখন আপনার কোন সৈন্যই শরধারাবর্ষণকারী ও অদ্ভুতকর্ম্মা সাত্যকির দিকে ধাবিত হইতে পারিল না ॥১০॥

---

(১০) …শরসম্পাতদক্ষিণম্—পি বঙ্গ বৰ্দ্ধ।

তে ভীতা মৃদ্যমানাশ্চ প্রমৃষ্টা দীর্ঘবাহুনা।
আয়োধনং জহুর্বীরা দৃষ্ট্বা তমতিপৌরুষম্ ॥১১॥
তমেকং বহুধাপশ্যন্ মোহিতাস্তস্য তেজসা।
সংগ্রামকোবিদং বীরং বিচরন্তমভীতবৎ ॥১২॥
রথৈর্বিমথিতাক্ষৈশ্চ ভগ্ননীড়ৈশ্চ মারিষ !।
চক্রৈর্বিমথিতৈশ্ছিন্নৈর্ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ ॥১৩॥
অনুকর্ষৈঃ পতাকাভিঃ শিরস্ত্রাণৈশ্চ কাঞ্চনৈঃ।
বাহুভিশ্চন্দনাদিগ্ধৈঃ সাঙ্গদৈশ্চ বিশাংপতে ! ॥১৪॥
হস্তিহস্তোপমৈশ্চাপি ভুজগাভোগসন্নিভৈঃ।
ঊরুভিঃ পৃথিবী চ্ছন্না মনুজানাং নরোত্তম ! ॥১৫॥ (বিশেষকম্)
শশাঙ্কসন্নিকাশৈশ্চ বদনৈশ্চারুকুণ্ডলৈঃ।
পতিতৈর্বৃষভাক্ষাণাং ভাতি ভারত ! মেদিনী ॥১৬॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রমৃষ্টা মর্দ্দিতাঃ, দীর্ঘবাহুনা সাত্যকিনা। আয়োধনং রণস্থলম্ ॥১১॥
তমিতি। সংগ্রামকোবিদং রণপণ্ডিতম্ ॥১২॥
রথৈরিতি। বিমথিতাক্ষৈঃ পোথিতাবয়বৈঃ, ভগ্নানি নীড়ানি রথিস্থিতিদেশা যেষাং তৈঃ। অনুকর্ষৈর্দীর্ঘদারুভিঃ বিনিপাতিতৈরিতি সম্বন্ধঃ। চন্দনেন আদিগ্ধৈর্লিপ্তৈঃ, সাঙ্গদৈঃ সকেয়ূরৈঃ। হস্তিনাং হস্তোপমৈঃ শুণ্ডাতুল্যৈঃ, ভুজগাভোগসন্নিভৈঃ বৃহৎসর্পশরীরতুল্যৈঃ ॥১৩—১৫॥

দীর্ঘবাহু সাত্যকি যাহাদিগকে পীড়ন করিয়াছিলেন ও করিতেছিলেন, সেই বীরেরা অতিপুরুষকারশালী সাত্যকিকে দেখিয়া ভীত হইয়া রণস্থল ত্যাগ করিতে লাগিলেন ॥১১॥

এবং কৌরবসৈন্যেরা সাত্যকির তেজে মোহিত হইয়া বীর, যুদ্ধবিশারদ ও নির্ভয়ের ন্যায় বিচরণকারী সেই এক সাত্যকিকে অনেকরূপে দেখিতে থাকিল ॥১২॥

মাননীয় নরশ্রেষ্ঠ নরনাথ ! ক্রমে মথিতাঙ্গ ও ভগ্ননীড় রথ, পোথিত চক্র, ছিন্ন ধ্বজ, নিপতিত রথের দীর্ঘদণ্ড, পতাকা, স্বর্ণময় শিরস্ত্রাণ এবং মনুষ্যগণের চন্দনলিপ্ত ও কেয়ূরযুক্ত বাহু, আর হস্তিশুণ্ডতুল্য ও বৃহৎ সর্পের শরীরসদৃশ উরুদ্বারা সমরভূমি আবৃত হইয়া গেল ॥১৩—১৫॥

---

(১১)···তমতিমানিনম্—বা নি। (১৫)···ভুজগাভোগসন্নিভৈঃ···নরাধিপ।—বা নি।
(১৬)···পতিতৈশ্চৰভাক্ষাণাম্—বা নি।

গজৈশ্চ বহুধা ছিন্নৈঃ শয়ানৈঃ পর্ব্বতোপমৈঃ।
ররাজাতিভৃশং ভূমির্বিকীর্ণৈরিব পর্ব্বতৈঃ ॥১৭॥
তপনীয়ময়ৈর্যোক্ত্রৈর্মুক্তাজালবিভূষিতৈঃ।
উরশ্ছদৈর্বিচিত্রৈশ্চ ব্যশোভন্ত তুরঙ্গমাঃ।
গতসত্ত্বা মহীং প্রাপ্য প্রমৃষ্টা দীর্ঘবাহুনা ॥১৮॥
নানাবিধানি সৈন্যানি তব হত্বা তু সাত্যকিঃ।
প্রবিষ্টস্তাবকং সৈন্যং দ্রাবয়িত্বা চমূং ভৃশম্ ॥১৯॥
ততস্তেনৈব মার্গেণ যেন যাতো ধনঞ্জয়ঃ।
ইয়েষ সাত্যকির্গন্তুং ততো দ্রোণেন বারিতঃ ॥২০॥
ভারদ্বাজং সমাসাদ্য যুযুধানস্তু মারিষ !।
নাত্যবর্ত্তত সংক্রুদ্ধো বেলামিব জলাশয়ঃ ॥২১॥

ভারতকৌমুদী

শশাঙ্কেতি। বৃষভস্যেব অক্ষিণী চক্ষুষী যেষাং তেষাম্। মেদিনী রণভূমিঃ ॥১৬॥

গজৈরিতি। বহুধা বহ্বঙ্গেষু। ভূমিঃ সমরদেশঃ ॥১৭॥

তপনীয়েতি। তপনীয়ময়ৈঃ স্বর্ণময়ৈঃ, যোক্ত্রৈর্মুখরজ্জুভিঃ। উরশ্ছদৈর্বক্ষসামাবরণৈঃ। গতসত্ত্বা নির্গতপ্রাণাঃ। প্রমৃষ্টা মর্দ্দিতাঃ, দীর্ঘবাহুনা সাত্যকিনা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

নানেতি। চমূং সেনাং সৈন্যসমূহমিতি ভেদঃ ॥১৯॥

তত ইতি। মার্গেণ পথা। গন্তুমিয়েষ, আপেক্ষিকসুগমত্বাৎ ॥২০॥

ভরতনন্দন! বৃষতুল্য বিশালনয়নশালী বীরগণের চন্দ্রতুল্য ও সুন্দর-কুণ্ডলযুক্ত মুখ সকল পতিত হওয়ায় সমরভূমি শোভা পাইতে লাগিল ॥১৬॥

সর্ব্বত্র বিক্ষিপ্ত পর্ব্বততুল্য, অঙ্গ-প্রত্যঙ্গে ছিন্ন ও শায়িত পর্ব্বতপ্রমাণ হস্তিগণদ্বারাও রণভূমি অত্যন্ত শোভা পাইতে থাকিল ॥১৭॥

দীর্ঘবাহু সাত্যকি দারুণ পীড়ন করায় অশ্বগণ প্রাণহীন ও ভূতলপতিত হইয়া স্বর্ণময় ও মুক্তাভূষিত মুখরজ্জু এবং বিচিত্র বক্ষের আবরণদ্বারা শোভা পাইতে লাগিল ॥১৮॥

এইভাবে সাত্যকি আপনার নানাবিধ সৈন্য বিনাশপূর্ব্বক সম্পূর্ণ বাহিনীকে গুরুতর পীড়ন করিয়া আপনার সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিলেন ॥১৯॥

তাহার পর অর্জ্জুন যে পথে গিয়াছিলেন, সাত্যকিও সেই পথেই যাইবার ইচ্ছা করিলেন; তখন দ্রোণ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২০॥

(১৮)···উরশ্ছদৈর্ভূষিতৈশ্চ···বঙ্গ। (১৯)···হত্বা তু সাত্বতঃ—পি বা নি। (২১)··· নাভ্যবর্ত্তত···পি,···ন ব্যবর্ত্তত—বা নি।

নিবার্য্য তু রণে দ্রোণো যুযুধানং মহারথম্।
বিব্যাধ নিশিতৈর্বাণৈঃ পঞ্চভির্মর্ম্মভেদিভিঃ ॥২২॥
সাত্যকিস্তু রণে দ্রোণং রাজন্! বিব্যাধ সপ্তভিঃ।
হেমপুঙ্খৈঃ শিলাধৌতৈঃ কঙ্কবর্হিণবাজিতৈঃ ॥২৩॥
তং ষড়্ভিঃ সায়কৈর্দ্রোণঃ সাশ্বযন্তারমার্পয়ৎ।
স তং ন মমৃষে দ্রোণং যুযুধানো মহারথঃ ॥২৪॥
সিংহনাদং ততঃ কৃত্বা দ্রোণং বিব্যাধ সাত্যকিঃ।
দশভিঃ সায়কৈশ্চান্যৈঃ ষড়্ভিরষ্টাভিরেব চ ॥২৫॥
যুযুধানঃ পুনর্দ্রোণং বিব্যাধ দশভিঃ শরৈঃ।
একেন সারথিঞ্চাস্য চতুর্ভিশ্চতুরো হয়ান্।
ধ্বজঞ্চৈকেন বাণেন বিব্যাধ যুধি মারিষ! ॥২৬॥

ভারতকৌমুদী

ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্, যুযুধানঃ সাত্যকিঃ। বেলাং তীরম্ ॥২১॥

নিবার্য্যেতি। নিশিতৈঃ শিলায়াং ঘর্ষণেন সুধারীকৃতৈঃ ॥২২॥

সাত্যকিরিতি। শিলয়া তত্র ঘর্ষণেন ধৌতৈঃ পরিষ্কৃতৈঃ, কঙ্কবর্হিণয়োঃ পক্ষিণোর্বাজাঃ পক্ষা এষু সঞ্জাতাস্তৈঃ। "বাজং ঘৃতেঽপি যজ্ঞান্নে বাজো নিস্বনপক্ষয়োঃ" ইত্যাদি বিশ্বঃ ॥২৩॥

তমিতি। অশ্বৈর্যন্ত্রা সারথিনা চ সহেতি তম্, আর্পয়দপীড়য়ৎ। মমৃষে সেহে ॥২৪॥

সিংহেতি। ক্রমিকতাড়নসূচনার্থমত্র সমাসো ন কৃতঃ ॥২৫॥

যুযুধান ইতি। চতুরঃ চতুঃসংখ্যকান্, হয়ানশ্বান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

মাননীয় রাজা! তখন জলাশয় যেমন তাহার তীর অতিক্রম করিতে পারে না, সেইরূপ ক্রুদ্ধ সাত্যকিও দ্রোণের নিকটে যাইয়া তাঁহাকে অতিক্রম করিতে পারিলেন না ॥২১॥

ক্রমে দ্রোণ যুদ্ধে মহারথ সাত্যকিকে নিবারণ করিয়া সুধার ও মর্ম্মভেদী পাঁচটা বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥২২॥

রাজা! তখন সাত্যকি স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত এবং কঙ্ক ও ময়ূরপক্ষযুক্ত সাতটা বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন ॥২৩॥

দ্রোণও ছয়টা বাণদ্বারা সাত্যকি, তাঁহার চারিটা অশ্ব ও সারথিকে তাড়ন করিলেন। তখন মহারথ সাত্যকি দ্রোণকে ক্ষমা করিলেন না ॥২৪॥

তিনি সিংহনাদ করিয়া ক্রমে দশটা, ছয়টা ও আটটা বাণদ্বারা দ্রোণকে তাড়ন করিলেন ॥২৫॥

(২৪)···সাশ্বযন্তারমার্দ্দয়ৎ—বা নি।

তং দ্রোণঃ সাশ্বযন্তারং সরথধ্বজমাশুগৈঃ।
ত্বরন্ প্রাচ্ছাদয়দ্বাণৈঃ শলভানামিব ব্রজৈঃ ॥২৭॥
তথৈব যুযুধানোঽপি দ্রোণং বহুভিরাশুগৈঃ।
প্রাচ্ছাদয়দসংভ্রান্তং ততো দ্রোণ উবাচ তম্ ॥২৮॥
তবাচার্য্যো রণং হিত্বা গতঃ কাপুরুষো যথা।
যুধ্যমানং হি মাং হিত্বা প্রদক্ষিণমবর্ত্তত ॥২৯॥
ত্বং হি মে যুধ্যতো নাগ্ন জীবন্ মোক্ষ্যসি মাধব!।
যদি মাং ত্বং রণে হিত্বা ন যাস্যাচার্য্যবদ্দ্রুতম্ ॥৩০॥

সাত্যকিরুবাচ।

ধনঞ্জয়স্য পদবীং ধর্ম্মরাজস্য শাসনাৎ।
গচ্ছামি স্বস্তি তে ব্রহ্মন্! ন মে কালাত্যয়ো ভবেৎ ॥৩১॥

ভারতকৌমুদী

তমিতি। আশুগৈঃ শীঘ্রগামিভিঃ। শলভানাং পতঙ্গানাম্, ব্রজৈঃ সমূহৈঃ ॥২৭॥
তথেতি। আশুগৈর্বাণৈঃ "অজিহ্মগখগাশুগাঃ" ইত্যমরঃ। অসংভ্রান্তমবিচলিতম্ ॥২৮॥
তবেতি। আচার্য্যঃ অস্ত্রশিক্ষকোঽর্জ্জুনঃ, হিত্বা ত্যক্ত্বা। অবর্ত্তত অগচ্ছৎ ॥২৯॥
ত্বমিতি। আচার্য্যবদর্জ্জুনবৎ। এতেন তদ্বদেব প্রদক্ষিণং যাহীতি সূচিতম্ ॥৩০॥
ধনঞ্জয়স্যেতি। শাসনাদাদেশাৎ। স্বস্তি মঙ্গলমস্তু ॥৩১॥

মাননীয় রাজা! সাত্যকি পুনরায় দশটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিয়া, একটাদ্বারা তাঁহার সারথিকে, চারিটাদ্বারা চারিটা ঘোড়াকে এবং একটাদ্বারা ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥২৬॥

তখন দ্রোণ ত্বরান্বিত হইয়া পতঙ্গসমূহের ন্যায় দ্রুতগামী বাণসমূহদ্বারা অশ্ব, সারথি, রথ ও ধ্বজের সহিত সাত্যকিকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৭॥

সাত্যকিও সেইরূপই বহুতর বাণদ্বারা অবিচলিত দ্রোণকে আচ্ছাদন করিলেন। তাহার পর দ্রোণ তাঁহাকে বলিলেন—॥২৮॥

'সাত্যকি! তোমার গুরু (অর্জ্জুন) কাপুরুষের ন্যায় যুদ্ধ ও যুধ্যমান আমাকে ত্যাগ করিয়া আমাকে প্রদক্ষিণপূর্ব্বক চলিয়া গিয়াছে ॥২৯॥

সাত্যকি! তুমিও যদি তোমার গুরুর ন্যায় যুদ্ধে আমাকে ত্যাগ করিয়া দ্রুত গমন না কর, তবে আজ জীবিত অবস্থায় যুধ্যমান আমার নিকট হইতে মুক্তি পাইবে না' ॥৩০॥

(৩০)...জীবন্ যাস্যসি মাধব।—বা নি।

আচার্য্যানুগতো মার্গঃ শিষ্যৈরন্বিষ্যতে সদা।
তস্মাদেব ব্রজাম্যাশু যথা মে স গুরুর্গতঃ ॥৩২॥
সঞ্জয় উবাচ।
এতাবদুক্ত্বা শৈনেয় আচার্য্যং পরিবর্জ্জয়ন্।
প্রয়াতঃ সহসা রাজন্! সারথিঞ্চেদমব্রবীৎ ॥৩৩॥
দ্রোণঃ করিষ্যতে যত্নং সর্বথা মম বারণে।
যত্তো যাহি রণে সূত! শৃণু চেদং বচো মম ॥৩৪॥
এতদালোক্যতে সৈন্যমাবন্ত্যানাং মহাপ্রভম্।
অস্যানন্তরতস্ত্বেতদ্দাক্ষিণাত্যং মহদ্বলম্ ॥৩৫॥
তদনন্তরমেতচ্চ বাহ্লীকানাং মহদ্বলম্।
বাহ্লীকাভ্যাসতো যুক্তং কর্ণস্যাপি মহদ্বলম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

আচার্য্যেতি। অন্বিষ্যতে গন্তুং মার্গ্যতে। গুরুরর্জ্জুনঃ ॥৩২॥
এতাবদিতি। শৈনেয়ঃ সাত্যকিঃ, আচার্য্যং দ্রোণম্, পরিবর্জ্জয়ন্ প্রাদক্ষিণ্যেন ॥৩৩॥
দ্রোণ ইতি। যত্তো দ্রুতগমনায় যত্নবান্ সন্। হে সূত! সারথে! ॥৩৪॥
এতদিতি। এতদঙ্গুল্যা নির্দ্দিষ্টম্। এবং সর্ব্বত্র। মহাপ্রভম্ উজ্জ্বলবেশত্বাৎ ॥৩৫॥

সাত্যকি বলিলেন—'ব্রাহ্মণ! আমি ধর্ম্মরাজের আদেশে ধনঞ্জয়ের পথে যাইতেছি; আপনার মঙ্গল হউক; আমার যেন কালবিলম্ব হয় না ॥৩১॥

শিষ্যেরা সর্ব্বদাই গুরুর অনুসৃত পথের অন্বেষণ করিয়া থাকে। সেই জন্যই আমার সেই গুরু (অর্জ্জুন) যে পথে গিয়াছেন, আমিও সত্বর সেই পথেই যাইব' ॥৩২॥

সঞ্জয় বলিলেন—'রাজা! সাত্যকি এইটুকু বলিয়াই প্রদক্ষিণক্রমে দ্রোণাচার্য্যকে পরিত্যাগ করিয়া বেগে প্রস্থান করিলেন এবং সারথিকে এই কথা বলিলেন—॥৩৩॥

'সারথি! দ্রোণ আমাকে বারণ করিবার জন্য সর্ব্বপ্রকারে যত্ন করিবেন। সুতরাং তুমি যত্নবান্ হইয়া দ্রুত গমন কর এবং আমার এই কথা শোন—॥৩৪॥

মহাপ্রভাসম্পন্ন এই অবন্তিদেশীয় সৈন্য দেখা যাইতেছে; ইহার পরে এই বিশাল দাক্ষিণাত্য সৈন্য রহিয়াছে ॥৩৫॥

(৩২)—শিষ্যৈরন্বাস্ততে সদা—বঙ্গ বর্দ্ধ বা নি। (৩৪)...বচঃ পরম্—বা নি। (৩৬)· কর্ণস্য চ মহদ্বলম্—বা নি।

অন্যোন্যেন চ সৈন্যানি ভিন্নান্যেতানি সারথে !।
অন্যোন্যং সমুপাশ্রিত্য ন ত্যক্ষ্যন্তি রণাজিরম্ ॥৩৭॥
এতদন্তরমাসাদ্য চোদয়াশ্বান্ প্রহৃষ্টবৎ।
মধ্যমং জবমাস্থায় বহ মামত্র সারথে ! ॥৩৮॥
বাহ্লীকা যত্র দৃশ্যন্তে নানাপ্রহরণোদ্যতাঃ।
দাক্ষিণাত্যাশ্চ বহবঃ সূতপুত্রপুরোগমাঃ ॥৩৯॥
হস্ত্যশ্বরথসংবাধং যত্রানীকং বিলোক্যতে।
নানাদেশসমুত্থৈশ্চ পদাতিভিরধিষ্ঠিতম্ ॥৪০॥ (বিশেষকম্)
এতাবদুক্ত্বা যন্তারং ব্রাহ্মণং পরিবর্জ্জয়ন্।
সব্যতোঽয়াদসংভ্রান্তঃ কর্ণস্য সুমহদ্বলম্ ॥৪১॥
তং দ্রোণোঽনুযযৌ ক্রুদ্ধো বিকিরন্ বিশিখান্ বহূন্।
যুযুধানং মহাবাহুং গচ্ছন্তমনিবর্ত্তিনম্ ॥৪২॥

ভারতকৌমুদী

তদিতি। বাহ্লীকানাম্ অভ্যাসতঃ সমীপে, যুক্তং সন্নিবেশিতম্ ॥৩৬॥

অন্যোন্যেনেতি। ভিন্নানি বিশ্লিষ্টানি। রণাজিরং সমরচত্বরম্ ॥৩৭॥

এতদিতি। এতেষামন্তরমবকাশম্, চোদয় প্রেরয়। জবং বেগম্। অত্র তত্র। সূতপুত্রঃ কর্ণঃ পুরোগমো যেষাং তে। হস্ত্যশ্বরথৈঃ সংবাধং সঙ্কীর্ণম্ ॥৩৮—৪০॥

এতাবদিতি। যন্তারং সারথিম্, ব্রাহ্মণং দ্রোণম্। সব্যতো দক্ষিণতঃ, অয়াদগচ্ছৎ ॥৪১॥

তাহার ওদিকে ঐ বিশাল বাহ্লীকসৈন্য অবস্থান করিতেছে। বাহ্লীকসৈন্যের নিকটে আবার কর্ণের বিশাল সৈন্যও সন্নিবেশিত আছে ॥৩৬॥

সারথি ! এই সৈন্যেরা পরস্পর বিশ্লিষ্ট অবস্থায় আছে বটে, কিন্তু তথাপি উহারা পরস্পরকে অবলম্বন করিয়া থাকায় সমরাঙ্গন ত্যাগ করিবে না ॥৩৭॥

সারথি ! ইহাদের ভিতরে যাইয়া প্রহৃষ্টের ন্যায় হইয়া অশ্বগুলিকে চালাইয়া দাও। যেখানে বহুতর বাহ্লীক ও দাক্ষিণাত্য সৈন্য নানাবিধ অস্ত্র লইয়া কর্ণকে অগ্রবর্ত্তী করিয়া দৃষ্টিগোচর হইতেছে, আর যেখানে হস্তী, অশ্ব ও রথে পরিপূর্ণ এবং নানাদেশ হইতে আগত পদাতি সৈন্য দেখা যাইতেছে, মধ্যম বেগ অবলম্বন করিয়া আমাকে সেইখানে লইয়া চল' ॥৩৮—৪০॥

সাত্যকি সারথিকে এই পর্য্যন্ত বলিয়া দ্রোণকে দক্ষিণদিকে ত্যাগ করিয়া অবিচলিতভাবে কর্ণের বিশাল সৈন্যের দিকে গমন করিলেন ॥৪১॥

(৪০)…যচ্চানীকং বিলোক্যতে—বা নি। (৪২)…যুযুধানং মহাভাগম্—বা নি। অত্র পুস্তকভেদেষেব পাঠভেদা লক্ষ্যন্তে।

কর্ণস্য সৈন্যং সুমহদভিহত্য শিতৈঃ শরৈঃ।
প্রাবিশদ্ভারতীং সেনামর্দ্দয়ন্তাঞ্চ সাত্যকিঃ ॥৪৩॥
প্রবিষ্টে যুযুধানে তু সৈনিকেষু দ্রুতেষু চ।
অমর্ষী কৃতবর্ম্মা তু সাত্যকিং পর্য্যবারয়ৎ ॥৪৪॥
তমাপতন্তং বিশিখৈঃ ষড়্ভিরাহত্য সাত্যকিঃ।
চতুর্ভিশ্চতুরোঽস্যাশ্বানাজঘানাশু বীর্য্যবান্ ॥৪৫॥
ততঃ পুনঃ ষোড়শভির্নতপর্ব্বভিরাশুগৈঃ।
সাত্যকিঃ কৃতবর্ম্মাণং প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥৪৬॥
স তুদ্যমানো বিশিখৈর্বহুভিস্তিগ্মতেজনৈঃ।
সাত্বতেন মহারাজ ! কৃতবর্ম্মা ন চক্ষমে ॥৪৭॥

ভারতকৌমুদী

তমিতি। বিকিরন্ নিক্ষিপন্, বিশিখান্ বাণান্ ॥৪২॥

কর্ণস্যেতি। শিতৈঃ সুধারৈঃ। ভারতীং কৌরবীম্ ॥৪৩॥

প্রবিষ্ট ইতি। দ্রুতেষু পলায়িতেষু। অমর্ষী ক্রুদ্ধঃ ॥৪৪॥

তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। চতুরঃ চতুঃসংখ্যকান্, অস্য কৃতবর্ম্মণঃ ॥৪৫॥

তত ইতি। নতপর্বভিরীষদ্বক্রোপাস্থৈঃ, আশুগৈর্বাণৈঃ ॥৪৬॥

স ইতি। তুদ্যমানো ব্যথ্যমানঃ। তিগ্মতেজনৈর্মহাবেগৈঃ। সাত্বতেন সাত্যকিনা ॥৪৭॥

তখন দ্রোণ ক্রুদ্ধ হইয়া বহুতর বাণ নিক্ষেপ করিতে করিতে গমনপ্রবৃত্ত ও অনিবর্ত্তী মহাবাহু সাত্যকির অনুসরণ করিতে লাগিলেন ॥৪২॥

ওদিকে সাত্যকি সুধার বাণসমূহদ্বারা কর্ণের বিশাল সৈন্যকে পীড়ন করিয়া কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন এবং সে সৈন্যকে তাড়ন করিতে লাগিলেন ॥৪৩॥

সাত্যকি প্রবেশ করিলে এবং কৌরবসৈন্য পলায়ন করিতে থাকিলে, কৃতবর্ম্মা ক্রুদ্ধ হইয়া আসিয়া সাত্যকিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৪॥

কৃতবর্ম্মা আসিতে লাগিলে, বলবান্ সাত্যকি ছয়টা বাণদ্বারা তাঁহাকে আঘাত করিয়া চারিটা বাণদ্বারা সত্বর তাঁহার চারিটা অশ্বকে আঘাত করিলেন ॥৪৫॥

তাহার পরে সাত্যকি আবার নতপর্ব্ব ষোলটা বাণদ্বারা কৃতবর্ম্মার বক্ষঃস্থল বিদ্ধ করিলেন ॥৪৬॥

---

(৪৭) স তাড্যমানো বিশিখৈঃ—ব। নি।

স বৎসদন্তং সন্ধায় জিহ্মগানলসন্নিভম্ ।
আকৃষ্য রাজন্নাকর্ণং বিব্যাধোরসি সাত্যকিম্ ॥৪৮॥
স তস্য দেহাবরণং ভিত্ত্বা দেহঞ্চ সায়কঃ ।
সপত্রপুঙ্খঃ পৃথিবীং বিবেশ রুধিরোক্ষিতঃ ॥৪৯॥
অথাস্য রহুভির্বাণৈরচ্ছিনৎ পরমাস্ত্রবিৎ ।
সমার্গণগণং রাজন্! কৃতবর্ম্মা শরাসনম্ ॥৫০॥
বিব্যাধ চ রণে রাজন্! সাত্যকিং সত্যবিক্রমম্ ।
দশভির্বিশিখৈস্তীক্ষ্ণৈরতিক্রুদ্ধঃ স্তনান্তরে ॥৫১॥
ততঃ প্রশীর্ণে ধনুষি শক্ত্যা শক্তিমতাং বরঃ ।
আর্দ্দয়দ্দক্ষিণং বাহুং সাত্যকিঃ কৃতবর্ম্মণঃ ॥৫২॥

ভারতকৌমুদী

স ইতি। জিহ্মগঃ সর্পঃ অনলশ্চ তৎসন্নিভম্। আকৃষ্য ধনুরিতি শেষঃ ॥৪৮॥
স ইতি। সায়কো বৎসদন্তো নাম। রুধিরোক্ষিতো রক্তসিক্তঃ ॥৪৯॥
অথেতি। মার্গণানাং বাণানাং গণেন সহেতি তৎ। শরাসনং ধনুঃ ॥৫০॥
বিব্যাধেতি। বিব্যাধ কৃতবর্ম্মেত্যনুবৃত্তিঃ। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৫১॥
তত ইতি। প্রশীর্ণে ছিন্নে, শক্ত্যা তদাখ্যেনাস্ত্রেণ। আর্দ্দয়দপীড়য়ৎ ॥৫২॥

মহারাজ! সাত্যকি মহাবেগশালী বহুতর বাণদ্বারা আঘাত করিলে, কৃতবর্ম্মা ক্ষমা করিলেন না ॥৪৭॥

রাজা! তিনি সর্প ও অগ্নির তুল্য একটা বৎসদন্ত (বাণবিশেষ) সন্ধান-পূর্ব্বক ধনুখানাকে কর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া সাত্যকির বক্ষস্থলে তাড়ন করিলেন ॥৪৮॥

সেই বাণটা যাইয়া সাত্যকির বর্ম্ম ও দেহ ভেদ করিয়া কঙ্কপক্ষ ও পুঙ্খের সহিত রক্তসিক্ত অবস্থায় ভূমিতে প্রবেশ করিল ॥৪৯॥

রাজা! তদনন্তর পরমাস্ত্রজ্ঞ কৃতবর্ম্মা বহুতর বাণদ্বারা সাত্যকির বাণসমূহের সহিত ধনুখানাকে ছেদন করিয়া ফেলিলেন ॥৫০॥

এবং রাজা! তিনি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দশটা তীক্ষ্ণ বাণদ্বারা যুদ্ধে যথার্থ-বিক্রমশালী সাত্যকির বক্ষস্থল আবার বিদ্ধ করিলেন ॥৫১॥

ধনু ছিন্ন হইয়া গেলে পর, শক্তিশালিশ্রেষ্ঠ সাত্যকি একটা শক্তিদ্বারা কৃতবর্ম্মার দক্ষিণ বাহুতে আঘাত করিলেন ॥৫২॥

---

(৪৮)···জিহ্মাংশ্বনলসপ্রভম্···আকর্ণাৎ—নি। (৪৯)···সপুঙ্খপত্রঃ—বা নি। (৫০)···সমার্গণগুণং রাজন্!—পি বঙ্গ বর্দ্ধ। (৫২)···অপান দক্ষিণং বাহুম্—বা নি।

ততোঽন্যৎ সুদৃঢ়ং বীরো ধনুরাদায় সাত্যকিঃ।
ব্যসৃজদ্বিশিখাংস্তূর্ণং শতশোঽথ সহস্রশঃ।
সরথং কৃতবর্ম্মাণং সমস্তাৎ পর্য্যবারয়ৎ ॥৫৩॥
তে শরাঃ সাত্বতেনাস্তাঃ কৃতবর্ম্মাণমাহবে।
ছাদয়াঞ্চক্রিরে বৃক্ষং শলভা ইব ঘোষিণঃ ॥৫৪॥
ছাদয়িত্বা রণে রাজন্! হার্দ্দিক্যং স তু সাত্যকিঃ।
অথাস্য ভল্লেন শিরঃ সারথেঃ সমকৃন্তত ॥৫৫॥
স পপাত হতঃ সূতো হার্দ্দিক্যস্য মহারথাৎ।
ততস্তে যন্তরি হতে প্রাদ্রবংস্তুরগা ভৃশম্ ॥৫৬॥
অথ ভোজস্তু সংভ্রান্তো নিগৃহ্য তুরগান্ স্বয়ম্।
তস্থৌ শরধনুষ্পাণিস্তৎ সৈন্যান্যভ্যপূজয়ন্ ॥৫৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সমস্তাৎ সর্ব্বাসু দিক্ষু, পর্য্যবারয়ৎ আচ্ছাদয়ৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥
ত ইতি। সাত্বতেন সাত্যকিনা, অস্তাঃ ক্ষিপ্তাঃ। ঘোষিণঃ শব্দকারিণঃ ॥৫৪॥
ছাদয়িত্বেতি। হার্দ্দিক্যং হৃদিকপুত্রং কৃতবর্ম্মাণম্। সমকৃন্তত অচ্ছিনৎ ॥৫৫॥
স ইতি। সূতঃ সারথিঃ। যন্তরি সারথৌ, প্রাদ্রবন্ যথেষ্টমধাবন্ ॥৫৬॥
অথেতি। ভোজো ভোজবংশ্যঃ কৃতবর্ম্মা, সংভ্রান্তো ব্যস্তঃ ॥৫৭॥

তাহার পর বীর সাত্যকি অন্য একখানা সুদৃঢ় ধনু লইয়া সত্বর শত শত ও সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিলেন এবং সকল দিকে রথের সহিত কৃতবর্ম্মাকে আবৃত করিয়া ফেলিলেন ॥৫৩॥

সাত্যকিনিক্ষিপ্ত শব্দকারী সেই বাণগুলি যাইয়া পতঙ্গ যেমন বৃক্ষ আবৃত করে, সেইরূপ যুদ্ধে কৃতবর্ম্মাকে আবৃত করিল ॥৫৪॥

রাজা! সাত্যকি যুদ্ধে কৃতবর্ম্মাকে আবৃত করিয়া পরে একটা ভল্লদ্বারা কৃতবর্ম্মার সারথির মস্তকচ্ছেদন করিলেন ॥৫৫॥

তখন সেই সারথি নিহত হইয়া কৃতবর্ম্মার বিশাল রথ হইতে পতিত হইল। সারথি নিহত হইলে অশ্বগুলি বেগে ছুটিতে লাগিল ॥৫৬॥

তদনন্তর কৃতবর্ম্মা ব্যস্ত হইয়া নিজেই অশ্বগুলিকে থামাইয়া ধনু ও বাণ ধারণ করিয়া রহিলেন; সৈন্যেরা তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিল ॥৫৭॥

---

(৫৩)···সমন্তাৎ পর্য্যবাকিরৎ—বর্দ্ধ। (৫৬)···ততস্তে যন্তৃরহিতাঃ—বা নি।

স মুহূর্ত্তমিবাশ্বস্য সদশ্বান্ সমচোদয়ৎ।
ব্যপেতভীরমিত্রাণামাবহৎ সুমহদ্ভয়ম্।
সাত্যকিশ্চাভ্যয়াত্তস্মাৎ স তু ভীমমুপাদ্রবৎ ॥৫৮॥
যুযুধানোঽপি রাজেন্দ্র! ভোজানীকাদ্বিনিঃসৃতঃ।
প্রযযৌ ত্বরিতো যত্র কাম্বোজানাং মহাচমূঃ ॥৫৯॥
স তত্র বহুভিঃ শূরৈঃ সন্নিরুদ্ধো মহারথৈঃ।
ন চচাল তদা রাজন্! সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥৬০॥
সন্ধায় চ চমূং দ্রোণো ভোজরাজং নিবেশ্য চ।
অভ্যধাবদ্রণে যত্তো যুযুধানং যুযুৎসয়া ॥৬১॥
তথা তমনুধাবন্তং যুযুধানস্য পৃষ্ঠতঃ।
ন্যবারয়ন্ সুসংক্রুদ্ধাঃ পাণ্ডুসৈন্যে বৃহত্তমাঃ ॥৬২॥

ভারতকৌমুদী

স ইতি। আবহৎ অজনয়ৎ। স কৃতবর্ম্মা, ভীমং ভীমসেনম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥
যুযুধান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ, ভোজানীকাৎ কৃতবর্ম্মসৈন্যাৎ ॥৫৯॥
স ইতি। ন চচাল চলিতুং ন শশাক ॥৬০॥
সন্ধায়েতি। চমূং সন্ধায় সাত্যকিনা বিশ্লিষ্টাং সংযোজ্য। যত্তো যত্নবান্ ॥৬১॥
তথেতি। বৃহত্তমাঃ প্রধানতমা বীরা ধৃষ্টদ্যুম্নাদয়ঃ ॥৬২॥

তিনি মুহূর্ত্তমধ্যে আশ্বস্ত হইয়া নির্ভয়চিত্তে উত্তম অশ্বগুলিকে চালাইয়া দিলেন এবং শত্রুপক্ষের গুরুতর ভয় উৎপাদন করিতে লাগিলেন। ওদিকে সাত্যকি সেস্থান হইতে গমন করিলেন এবং কৃতবর্ম্মা ভীমের দিকে ধাবিত হইলেন ॥৫৮॥

রাজশ্রেষ্ঠ! সাত্যকিও ভোজসৈন্য হইতে নির্গত হইয়া যে দিকে বিশাল কাম্বোজসৈন্য ছিল, সেই দিকে সত্বর গমন করিলেন ॥৫৯॥

রাজা! সেখানে তখন বহুতর মহারথ বীর রোধ করায় যথার্থবিক্রমশালী সাত্যকি অগ্রসর হইতে পারিলেন না ॥৬০॥

ওদিকে দ্রোণ সাত্যকিকর্ত্তৃকবিশ্লিষ্ট কৌরবসৈন্যকে সংযুক্ত করিয়া সেস্থানে কৃতবর্ম্মাকে স্থাপনপূর্ব্বক যুদ্ধ করিবার ইচ্ছায় যত্নের সহিত সাত্যকির পিছনে ধাবিত হইলেন ॥৬১॥

তিনি সেইভাবে সাত্যকির পিছনে ধাবিত হইলে, পাণ্ডবসৈন্যের প্রধান যোদ্ধারা অত্যন্তক্রুদ্ধ হইয়া তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৬২॥

সমাসাদ্য তু হার্দ্দিক্যং রথানাং প্রবরং রথম্।
পাঞ্চালা বিগতোৎসাহা ভীমসেনপুরোগমাঃ।
বিক্রম্য বারিতা রাজন্! বীরেণ কৃতবর্ম্মণা ॥৬৩॥
যতমানাংশ্চ তান্ সর্ব্বানীষদ্বিগতচেতসঃ।
অভিতস্তান্ শরৌঘেণ ক্লান্তবাহানবারয়ৎ ॥৬৪॥
নিগৃহীতাস্তু ভোজেন ভোজানীকেপ্সবো রণে।
অতিষ্ঠন্নার্য্যবদ্বীরাঃ প্রার্থয়ন্তো মহদ্‌যশঃ ॥৬৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সমাসাদ্যেতি। বিগতোৎসাহা অভবন্। যেন হি বারিতাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥
যতেতি। ঈষদ্বিগতচেতসঃ কিঞ্চিদ্বিষণ্ণচিত্তান্। অভিতঃ সর্ব্বতঃ ॥৬৪॥
নিগৃহীতা ইতি। ভোজানীকেপ্সবঃ কৃতবর্ম্মসৈন্যমাক্রমিতুমিচ্ছবঃ। আর্য্যবৎ সভ্যবৎ ॥৬৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

প্রয়াত ইতি ॥১—২৯॥ ত্বং হি ত্বমপি ॥৩০—৩৬॥ ভিন্নানি পৃথগ্‌ভূতানি ॥৩৭—৬০॥ সন্ধায় যথাস্থানমানীয় ॥৬১—৬৪॥ আর্য্যবৎ কুলীনবৎ কুলীনত্বাদিতি যাবৎ ॥৬৫॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৭॥

রাজা! ক্রমে পাঞ্চালসৈন্যেরা ভীমসেনকে অগ্রবর্ত্তী করিয়া রথিশ্রেষ্ঠ কৃতবর্ম্মার নিকটে উপস্থিত হইয়া তিনি বিক্রমসহকারে বারণ করিতে থাকায় উৎসাহবিহীন হইয়া পড়িল ॥৬৩॥

তৎকালে পাঞ্চালসৈন্যেরা কিঞ্চিৎ অবসন্ন হইয়াছিল এবং তাহাদের বাহনগুলিও ক্লান্ত হইয়া পড়িয়াছিল, তথাপি তাহারা সকলে প্রবেশ করিবার জন্য যত্ন করিতে লাগিল; তখন কৃতবর্ম্মা বাণসমূহদ্বারা সকল দিকে তাহাদিগকে বারণ করিতে লাগিলেন ॥৬৪॥

পাণ্ডবপক্ষীয় বীরেরা যুদ্ধে বিশেষ যশ কামনা করিয়া ভোজসৈন্যকে আক্রমণ করিবার ইচ্ছা করিতেছিলেন, কিন্তু কৃতবর্ম্মা বাধা দেওয়ায় তাঁহারা সভ্যের ন্যায় অবস্থান করিতে লাগিলেন' ॥৬৫॥

---

* '…একাদশাধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ,…'ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ'—বা রা নি।

অষ্টনবতিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ।

এবং বহুগুণং সৈন্যমেবং প্রবিদিতং বলম্‌।
ব্যূঢ়মেবং যথান্যায়মেবং বহু চ সঞ্জয়! ॥১॥
নিত্যং পূজিতমস্মাভিরভিকামঞ্চ নঃ সদা।
প্রৌঢ়মত্যদ্ভুতাকারং পুরস্তাদ্‌দৃষ্টবিক্রমম্‌ ॥২॥
নাতিবৃদ্ধং ন বা বালং ন কৃশং নাতিপীবরম্‌।
বৃত্তায়তলঘুপ্রায়ং সারমাত্রমনাময়ম্‌ ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। বহুগুণং বহুৎকর্ষযুক্তম্‌। বলমস্ত শক্তিঃ। ব্যূঢ়ং ব্যূহরূপেণ নিবেশিতম্‌ ॥১॥ নিত্যমিতি। পূজিতং সম্মানিতম্‌, অভিকামমনুরক্তম্‌। প্রৌঢ়ং প্রবলম্‌ ॥২॥ নেতি। নাতিপীবরং নাতিস্থূলম্‌। প্রায়েণ বৃত্তং গোলাকৃতি আয়তং দীর্ঘং লঘু দেহভারহীনঞ্চ তত্তথোক্তম্‌, সারমাত্রং সাকল্যেনৈব উত্তমম্‌, অনাময়ং নীরোগম্‌ ॥৩॥

ভারতভাবদীপঃ

এবমিতি। বহুগুণং বহবো গুণাঃ সন্ধ্যাদয়ো বা যস্মিন্‌, বলং প্রভবম্‌ ॥১॥ অভিকামমনুরক্তম্‌, প্রৌঢ়ং প্রবৃদ্ধম্‌, অত্যদ্ভুতাকারমনুপমসংস্থানং পুরস্তাৎ প্রাগেব দৃষ্টঃ পরীক্ষোত্তীর্ণো বিক্রমো যস্ত ॥২॥ লঘুনো মনোজ্ঞস্য বৃত্তস্যায়াতমায়ামঃ প্রায়ঃ প্রচুরং যত্র সারগাত্রং

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমার সৈন্যেরা পাণ্ডবসৈন্য অপেক্ষা এইরূপ বহুগুণসম্পন্ন, উহাদের শক্তিও এইভাবে বিশেষরূপে জানা গিয়াছে, যথা-নিয়মে এইরূপে ব্যূহাকারেও সন্নিবেশিত হইয়াছে এবং সংখ্যায়ও এইরূপ বহুতর ॥১॥

আমরা সর্ব্বদা উহাদের সম্মান করিয়া থাকি, উহারাও আমাদের প্রতি সর্ব্বদা অনুরক্ত আছে এবং উহারা প্রবল ও অদ্ভুত আকৃতিযুক্ত, আর পূর্ব্বেও উহাদের বিক্রম দেখা হইয়াছে ॥২॥

উহারা অত্যন্ত বৃদ্ধ নহে, অতিশয় বালক নহে, অধিক কৃশ নহে এবং অতিস্থূলও নহে; উহাদের শরীর গোল, দীর্ঘ ও হাল্‌কা, আর উহারা সকলেই উৎকৃষ্ট ও নীরোগ ॥৩॥

---

(২)···পুরস্তাদ্‌দৃঢ়বিক্রমম্‌—পি বঙ্গ বৰ্দ্ধ।

আত্তসন্নাহসম্পন্নং বহুশস্ত্রপরিচ্ছদম্।
শস্ত্রগ্রহণবিদ্যাসু বহ্বীষু পরিনিষ্ঠিতম্ ॥৪॥
আরোহে পর্য্যবস্কন্দে সরণে সান্তরপ্লুতে।
সম্যক্প্রহরণে যানে ব্যপযানে চ কোবিদম্ ॥৫॥
নাগেম্বশ্বেষু বহুশো রথেষু চ পরীক্ষিতম্।
পরীক্ষ্য চ যথান্যায়ং বেতনেনোপপাদিতম্ ॥৬॥
ন গোষ্ঠ্যা নোপকারেণ ন সম্বন্ধনিমিত্ততঃ।
নানাহূতং নাপ্যভৃতং মম সৈন্য বভূব হ ॥৭॥

ভারতকৌমুদী

আত্তেতি। আত্তেন রাজকোষাদেব প্রাপ্তেন সন্নাহেন যুদ্ধসজ্জয়া সম্পন্নম্, বহবঃ শস্ত্রাণি পরিচ্ছদাশ্চ যস্য তৎ। পরিনিষ্ঠিতং লব্ধদাক্ষ্যম্। সর্বত্র সৈন্যমিত্যনুবৃত্তিঃ ॥৪॥

আরোহ ইতি। আরোহে পর্বতাদ্যারোহণে, পর্য্যবস্কন্দে ততোঽবতরণে, সরণে আক্রমণে, অন্তরপ্লুতেন অভ্যন্তরপ্রবেশেন সহেতি তস্মিন্ তাদৃশে গমনে, যানে অগ্রগমনে, ব্যপযানে অনিষ্টদর্শনাদপসরণে চ, কোবিদং বিশারদম্ ॥৫॥

নাগেম্বিতি। নাগেষু গজেষু। পরীক্ষিতম আরোহণাদৌ। উপপাদিতং সংগৃহীতম্ ॥৬॥

নেতি। গোষ্ঠ্যা মদ্যপানাদিগোষ্ঠীরচনয়া। সম্বন্ধনিমিত্ততো ভাগিনেয়ত্বাদিসম্পর্ক-হেতোঃ। অভৃতং বেতনাদানেন সংগৃহীতম্। এভিগ্রহণে ঔদাসীন্যং স্যাদিতি ভাবঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

নিবিড়াবয়বম্, সারমাত্রমিতি পাঠে অসারশূন্যমিতি বা ॥৩—৪॥ পর্য্যবস্কন্দে অবরোহণে, সরণে প্রসরণে, সান্তরপ্লুতে বনান্তরিতায়াং গতৌ, যানে প্রয়াণে, ব্যপযানেঽপসরণে ॥৫॥ বেতনেন দিনমাসবর্ষদেয়েন ধনেন ॥৬॥ গোষ্ঠ্যাং সংলাপমাত্রেণ, উপকারেণ প্রাক্কৃতেন

উহারা রাজকোষ হইতে যুদ্ধসজ্জা লাভ করিয়াছে, বহুবিধ অস্ত্র ও পরিচ্ছদ পাইয়াছে এবং বহুতর অস্ত্রধারণবিদ্যায় সুদক্ষ ॥৪॥

উচ্চাস্থানারোহণে, তথা হইতে অবতরণে, আক্রমণে, অভ্যন্তরপ্রবেশে, সম্যক্প্রহারে, অগ্রগমনে এবং অপসরণেও উহারা সুনিপুণ ॥৫॥

হস্তী, অশ্ব ও রথ আরোহণে বহুবার উহাদিগকে পরীক্ষা করা হইয়াছে এবং পরীক্ষা করিয়া যথানিয়মে বেতন দিয়া রাখা হইয়াছে ॥৬॥

গোষ্ঠী (মদের আসর), উপকার, বা কোন সম্পর্কদ্বারা, অথবা আহ্বান ব্যতীত, কিংবা বিনা বেতনে আমার সৈন্য সংগৃহীত হয় নাই ॥৭॥

---

(৭)…নোপচারেণ…নাপ্যভৃতম্—পি বঙ্গ বর্দ্ধ।

কুলীনার্য্যজনোপেতং তুষ্টপুষ্টমনুদ্ধতম্।
কৃতমানোপচারঞ্চ যশস্বি চ মনস্বি চ ॥৮॥
সচিবৈশ্চাপরৈর্মুখ্যৈর্বহুভিঃ পুণ্যকর্ম্মভিঃ।
লোকপালোপমৈস্তাত! পালিতং নরসত্তমৈঃ ॥৯॥
বহুভিঃ পার্থিবৈগুপ্তমস্মৎপ্রিয়চিকীর্ষুভিঃ।
অস্মানভিসৃতৈঃ কামাৎ সবলৈঃ সপদানুগৈঃ ॥১০॥
মহোদধিমিবাপূর্ণমাপগাভিঃ সমন্ততঃ।
অপক্ষৈঃ পক্ষিসঙ্কাশৈ রথৈরশ্বৈশ্চ সংবৃতম্ ॥১১॥
প্রভিন্নকরটৈশ্চৈব দ্বিরদৈরাবৃতং মহৎ।
যদহন্যত মে সৈন্যং কিমন্যদ্ভাগধেয়তঃ ॥ ২॥ (কুলকম্)
যোধাক্ষয্যজলং ভীমং বাহনোর্ম্মিতরঙ্গিণম্।
ক্ষেপণ্যসিগদাশক্তিশরপ্রাসঝষাকুলম্ ॥১৩॥
ধ্বজভূষণসংবাধং রত্নোৎপলসুসঞ্চিতম্।
বাহনৈরভিধাবদ্ভির্ব্বায়ুবেগেন কম্পিতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

কুলীনেতি। কুলীনৈরার্য্যজনৈঃ সজ্জনৈরুপেতম্। অনুদ্ধতং নম্রস্বভাবম্। কৃতৌ মানোপচারৌ সম্মানপরিচর্য্যে যস্য তৎ। পুণ্যকর্ম্মভিঃ। অতএব প্রতারণাদিরহিতৈরিত্যাশয়ঃ। গুপ্তং রক্ষিতম্। কামাৎ স্বেচ্ছাত এবাস্মান্ অভিসৃতৈরাগতৈঃ। আপগাভির্নদীভিরাপূর্ণং মহোদধিং সদৃশীকৃত্য স্থিতমিবেত্যর্থঃ। প্রভিন্নকরটৈর্মদস্রাবিগণ্ডৈঃ, দ্বিরদৈর্গজৈঃ ॥৮—১২॥

বৎস সঞ্জয়! আমার সৈন্যগণ—হৃষ্ট, পুষ্ট, নম্রস্বভাব, যশস্বী ও মনস্বী, ইহাদের মধ্যে সৎকুলোৎপন্ন সজ্জনেরা রহিয়াছেন; উঁহাদের সম্মান ও পরিচর্য্যা করা হইয়া থাকে; ধার্ম্মিক, প্রধান, নরশ্রেষ্ঠ ও লোকপালসদৃশ অপর অমাত্যেরা উঁহাদিগকে পালন করিতেছিলেন; আমাদের প্রিয়কার্য্য করিবার অভিলাষী এবং সৈন্য ও অনুচরগণের সহিত ইচ্ছানুসারেই আমাদের নিকটে আগত বহুতর রাজা উঁহাদিগকে রক্ষা করিতেন; সকল দিক্ হইতে আগত নদীসমূহে পূর্ণ মহাসমুদ্রের ন্যায় উঁহারা অবস্থান করিত; পক্ষশূন্য পক্ষিগণের তুল্য রথ ও অশ্বে উঁহারা পরিপূর্ণ ছিল এবং মদস্রাবী হস্তিগণেও উঁহারা ব্যাপ্ত রহিয়াছিল; তথাপি উঁহারা যে নিহত হইয়াছে, ইহা ভাগ্য ভিন্ন আর কি বলা যাইতে পারে? ॥৮—১২॥

(৮)···কৃতমানোপকারঞ্চ—পি বজ বৰ্দ্ধ। (১৪)···বায়ুবেগবিকম্পিতম্—বা নি।

দ্রোণপাতালগম্ভীরং কৃতবর্ম্মমহাহ্রদম্।
জলসন্ধমহাগ্রাহং কর্ণচন্দ্রোদয়োদ্ধতম্ ॥১৫॥
গতে সৈন্যার্ণবং ভিত্ত্বা তরসা পাণ্ডবর্ষভে।
সঞ্জয়ৈকরথেনৈব যুযুধানে চ মামকম্ ॥১৬॥
তত্র শেষং ন পশ্যামি প্রবিষ্টে সব্যসাচিনি।
সাত্বতে চ রথোদারে মম সৈন্যস্য সঞ্জয় ! ॥১৭॥ (কুলকম্)
তৌ তত্র সমতিক্রান্তৌ দৃষ্ট্বা ভীমৌ তরস্বিনৌ।
সিন্ধুরাজঞ্চ সংপ্রেক্ষ্য গাণ্ডীবস্যেষুগোচরে ॥১৮॥

ভারতকৌমুদী

যোধেতি। অত্রাপি সৈন্যার্ণবং ভিত্ত্বেতি বক্ষ্যমাণস্যোপমাসাধকত্বাৎ রূপকস্য চ বাধকত্বাৎ সর্ব্বত্রোপমিতসমাস একবিধেয়ঃ। তথা চ যোধা যোদ্ধারঃ অক্ষয্যাণি জলানীব যত্র তম্, বাহনানি গজাশ্বাদীনি উর্ম্মিতরঙ্গা বীচিশ্রেণয় ইবাস্য সন্তীতি তম্। ক্ষেপণ্যসিগদাশক্তি-শরপ্রাসা অস্ত্রবিশেষা ঝষা মীনা ইব তৈরাকুলং ব্যাপ্তম্। ধ্বজৈর্ভূষণৈশ্চ সংবাধং ব্যাপ্তম্, লোকধৃতানি রত্নানি উৎপলানীব তৈঃ সুসংঞ্চিতং পরিপূর্ণম্ বায়ুবেগেন বায়ুবেগতুল্যৈঃ। দ্রোণেন পাতালগম্ভীরং পাতালপর্য্যন্তনিম্নং পাতালবদক্ষোভ্যঞ্চ, কৃতবর্ম্মা মহাহ্রদ ইব যত্র তম্। জলসন্ধো মহাগ্রাহো বিশালজলজন্তুরিব যত্র তম্, কর্ণশ্চন্দ্র ইব তস্যোদয়েন উদ্ধতমুদ্বেলিতম্। সৈন্যমর্ণব ইব তম্, তরসা বলেন, পাণ্ডবর্ষভে অর্জ্জুনে যুযুধানে সাত্যকৌ। সব্যসাচিনি অর্জ্জুনে। সাত্বতে সাত্যকৌ, রথোদারে মহারথে ॥১৩—১৭॥

সঞ্জয় ! আমার সৈন্য ভীষণসমুদ্রের ন্যায় অবস্থান করিতেছিল ; যোদ্ধারা ছিলেন তাহার অক্ষয় জলের তুল্য ; বাহনগুলি ছিল তরঙ্গশ্রেণীর ন্যায় ; ক্ষেপণী, তরবারি, গদা, শক্তি, বাণ ও প্রাস ছিল মৎস্যের সমান ; ধ্বজ ও অলঙ্কারে তাহা পূর্ণ ছিল ; লোকগাত্রের রত্ন ছিল উৎপলের তুল্য ; বায়ুবেগের ন্যায় ধাবিত বাহনগণদ্বারা তাহা কাঁপিতেছিল ; দ্রোণ থাকায় তাহা পাতালের ন্যায় অক্ষোভ্য ছিল ; কৃতবর্ম্মা ছিলেন মহাহ্রদের সদৃশ ; জলসন্ধ ছিলেন বিশাল জলজন্তুর সমান এবং চন্দ্রের তুল্য কর্ণের উদয়ে তাহা উদ্বেলিত হইতেছিল। সঞ্জয় ! অর্জ্জুন ও সাত্যকি এক এক রথে বলের প্রভাবে সমুদ্রের ন্যায় আমার এইরূপ সৈন্য ভেদ করিয়া গমন করিলে এবং মহারথ অর্জ্জুন ও সাত্যকি ক্রমশঃ প্রবেশ করিলে, আমার সৈন্যের শেষ থাকিবে না বলিয়াই আমি মনে করিতেছি ॥১৩—১৭॥

---

(১৮)···গাণ্ডীবস্য চ গোচরম্—নি।

কিং তদা কুরবঃ কৃত্যং বিদধুঃ কালচোদিতাঃ।
দারুণৈকায়নে কালে কথং বা প্রতিপেদিরে ॥১৯॥ (যুগ্মকম্)
গ্রস্তান্ হি কৌরবান্ মন্যে মৃত্যুনা তাত ! সংযুগে।
বিক্রমোঽপি রণে তেষাং ন তথা দৃশ্যতেঽস্য বৈ ॥২০॥
অক্ষতৌ সংযুগে তত্র প্রবিষ্টৌ কৃষ্ণপাণ্ডবৌ।
ন চ বারয়িতা কশ্চিত্তয়োরস্তীহ সঞ্জয় ! ॥২১॥
ভৃতাশ্চ বহবো যোধাঃ পরীক্ষ্যৈব মহারথাঃ।
বেতনেন যথাযোগং প্রিয়বাদেন চাপরে ॥২২॥

ভারতকৌমুদী

তাবিতি। সমনুক্রান্তৌ উপস্থিতৌ, ভীমৌ ভীষণৌ, তরস্বিনৌ বলবন্তৌ। ইষুগোচরে বাণবিষয়ীভূতস্থানে। কৃত্যং কার্য্যম্। দারুণং একমেব অয়নং পরলোকগমনং যত্র তস্মিন্ ॥১৮—১৯॥

গ্রস্তানিতি। মৃত্যুনা গ্রস্তান্ অর্জ্জুনসাত্যকিভ্যামাক্রান্তত্বাৎ। তথা পূর্ব্ববৎ ॥২০॥

অক্ষতাবিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। ইহ কৌরবসৈন্যে ॥২১॥

ভৃতা ইতি। ভৃতা রক্ষিতাঃ। যথাযোগং যথাসম্ভবম্ ॥২২॥

ভারতভাবদীপঃ

উপপাদিতমুল্লাসস্থাপিতমিত্যন্বয়ঃ। অনাহূতং যদৃচ্ছোপগতম্ ॥৭—১২॥ বাহনাস্তেবোর্ম্মি তরঙ্গঃ। পরম্পরা বিস্তৃতে যত্র ক্ষেপণ্যো যন্ত্রাণি ॥১৩॥ রত্নৈরুপলৈশ্চ সঞ্চিতম্ ॥১৪—১৮॥ দারুণৈকায়নেতি ভীষণেনানন্যগতিকে, অকালে অতীতে সময়ে ॥১৯—২২॥ লভ্যতে সৈন্যে-

---

ভীষণমূর্ত্তি ও বলবান্ অর্জ্জুন ও সাত্যকি সেখানে উপস্থিত হইয়াছেন দেখিয়া এবং জয়দ্রথকে গাণ্ডীবধন্বার বাণপাতস্থানে দেখিতে পাইয়া কালপ্রেরিত কৌরবেরা তখন কি কার্য্য করিলেন এবং দারুণ সংহারের সময়ে কিরূপই বা ভাবিতে লাগিলেন ? ॥১৮—১৯॥

বৎস সঞ্জয় ! যুদ্ধে মৃত্যু আসিয়া কৌরবগণকে গ্রাস করিয়াছিল বলিয়া আমি মনে করিতেছি এবং আজ যুদ্ধে তাঁহাদের সেপ্রকার বিক্রমও দেখিতেছি না ॥২০॥

সঞ্জয় ! কৃষ্ণ ও অর্জ্জুন অক্ষত শরীরে সেই যুদ্ধে প্রবেশ করিল ; কিন্তু কৌরবসৈন্যমধ্যে কোন ব্যক্তি তাহাদিগকে বারণ করিতে পারিল না ! ॥২১॥

---

(১৯) কিং নু বা কুরবঃ কৃত্যম্—বা নি। (২০)···তাত। সন্ততান্···দৃশ্যতে হি বৈ—বা নি।

অসৎকারভৃতস্তাত! মম সৈন্যে ন বিদ্যতে।
কর্ম্মণা হ্যনুরূপেণ লভ্যতে ভক্তবেতনম্ ॥২৩॥
ন চ যোধো ভবেৎ কশ্চিন্মম সৈন্যে তু সঞ্জয়!।
অল্পদানভৃতস্তাত! নহ্যভৃত্যোভৃতকো নরঃ ॥২৪॥
পূজিতো হি যথাশক্তি দানমানাশনৈর্ম্ময়া।
তথা পুত্রৈশ্চ মে তাত! জ্ঞাতিভিশ্চ সবান্ধবৈঃ ॥২৫॥
তে চ প্রাপ্যৈব সংগ্রামে নির্জ্জিতাঃ সব্যসাচিনা।
শৈনেয়েন পরামৃষ্টাঃ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥২৬॥
রক্ষ্যতে যশ্চ সংগ্রামে যে চ সঞ্জয়! রক্ষিণঃ।
একঃ সাধারণঃ পন্থা রক্ষ্যস্য সহ রক্ষিভিঃ ॥২৭॥

ভারতকৌমুদী

অসদিতি। অসৎকারেণ বলাদগ্রহণাদিনা ভৃতো রক্ষিতঃ। ভক্তমন্নম্ ॥২৩॥
নেতি। অল্পদানেন যোগ্যতাপেক্ষয়া ন্যূনবেতনেন। অভৃতকো বেতনশূন্যঃ ॥২৪॥
পূজিত ইতি। পূজিতঃ সম্মানিতঃ। অশনং ভোজনম্ ॥২৫॥
ত ইতি। প্রাপ্য আগত্যৈব। শৈনেয়েন সাত্যকিনা, পরামৃষ্টা ধর্ষিতাঃ ॥২৬॥
রক্ষ্যত ইতি। সাধারণঃ সমানঃ, পন্থা অবস্থা পরাজয় ইত্যর্থঃ ॥২৭॥

আমরা অপর বহুতর মহারথ যোদ্ধাকে পরীক্ষা করিয়াই যথাসম্ভব বেতন এবং প্রিয়বাক্যদ্বারা সৈন্যমধ্যে রাখিয়া আসিতেছি ॥২২॥

বৎস! আমার সৈন্যমধ্যে অসৎকারে কোন ব্যক্তিকেই রাখা হয় নাই; অথচ সকল লোকই অনুরূপ কার্য্যদ্বারা অন্ন ও বেতন পাইয়া থাকে ॥২৩॥

বৎস! সঞ্জয়! আমার সৈন্যমধ্যে কোন যোদ্ধাই অল্প বেতনে কিংবা বিনা বেতনে রহে নাই ॥২৪॥

বৎস! আমি, আমার পুত্রেরা ও বন্ধুবর্গের সহিত জ্ঞাতিরা শক্তি অনুসারে দান, মান ও ভোজনদ্বারা সকল যোদ্ধারই সৎকার করিয়া আসিতেছি ॥২৫॥

কিন্তু অর্জ্জুন উপস্থিত হইয়াই যুদ্ধে তাহাদিগকে জয় করিয়াছে এবং সাত্যকিও তাহাদিগকে দমন করিয়াছে। সুতরাং ভাগ্য ভিন্ন ইহাকে আর কি বলা যাইতে পারে ॥২৬॥

অতএব সঞ্জয়! যুদ্ধে যাহাকে রক্ষা করা হয় এবং যাঁহারা রক্ষা করেন, সেই রক্ষীদের সহিত সেই রক্ষণীয়ের এক সমান অবস্থাই হইল! ॥২৭॥

(২৪)···তথা চাভৃতকো নরঃ—বা নি। (২৫)···দানমানাসনৈর্ম্ময়া—বা নি।

অর্জ্জুনং সমরে দৃষ্ট্বা সৈন্ধবস্যাগ্রতঃ স্থিতম্ ।
পুত্ত্রো মম ভৃশং মূঢ়ঃ কিং কার্য্যং প্রত্যপদ্যত ॥২৮॥
সাত্যকিঞ্চ রণে দৃষ্ট্বা প্রবিশন্তমভীতবৎ ।
কিং নু দুর্য্যোধনঃ কৃত্যং প্রাপ্তকালমমন্যত ॥২৯॥
সর্ব্বশস্ত্রাতিগৌ সেনাং প্রবিষ্টৌ রথিসত্তমৌ ।
দৃষ্ট্বা কাং বৈ ধৃতিং যুদ্ধে প্রত্যপদ্যন্ত মামকাঃ ॥৩০॥
দৃষ্ট্বা কৃষ্ণন্তু দাশার্হমর্জ্জুনার্থে ব্যবস্থিতম্ ।
শিনীনামৃষভঞ্চৈব মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩১॥
দৃষ্ট্বা সেনাং ব্যতিক্রান্তাং সাত্বতেনার্জ্জুনেন চ ।
পলায়মানাংশ্চ কুরূন্ মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অর্জ্জুনমিতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য। পুত্ত্রো দুর্য্যোধনঃ। প্রত্যপদ্যত ন্যরূপয়ৎ ॥২৮॥
সাত্যকিমিতি। কৃত্যং কার্য্যম্, প্রাপ্তকালং তৎকালোচিতম্ ॥২৯॥
সর্বেতি। রথিসত্তমৌ অর্জ্জুনসাত্যকী। কাং কীদৃশীম্, ধৃতিং ধৈর্য্যম্ ॥৩০॥
দৃষ্টেতি। দাশার্হং তদ্বংশীয়ম্। শিনীনামৃষভং শিনিবংশশ্রেষ্ঠং সাত্যকিম্ ॥৩১॥
দৃষ্ট্বেতি। সাত্বতেন সাত্যকিনা। পুত্রকা ইত্যনুকম্পায়াং কপ্রত্যয়ঃ ॥৩২॥

রণস্থলে অর্জ্জুনকে জয়দ্রথের সম্মুখে থাকিতে দেখিয়া আমার অত্যন্ত মূর্খ পুত্র দুর্য্যোধন কোন্ কার্য্য কর্ত্তব্য বলিয়া স্থির করিয়াছিল ? ॥২৮॥

সাত্যকিকেও নির্ভয়ের ন্যায় যুদ্ধে প্রবেশ করিতে দেখিয়া দুর্য্যোধন কোন্ কার্য্যকে তৎকালোচিত বলিয়া মনে করিয়াছিল ? ॥২৯॥

সমস্ত-শস্ত্রাতিক্রমী ও রথিশ্রেষ্ঠ অর্জ্জুন এবং সাত্যকিকে সৈন্যমধ্যে প্রবিষ্ট দেখিয়া আমার পক্ষের লোকেরা কিরূপ ধৈর্য্য ধারণ করিয়াছিলেন ? ॥৩০॥

আমি মনে করি—দাশার্হবংশীয় কৃষ্ণকে এবং শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকিকে অর্জ্জুনের সাহায্যের জন্য থাকিতে দেখিয়া আমার পুত্রেরা শোক করিতেছিল ॥৩১॥

আমি ধারণা করি—অর্জ্জুন ও সাত্যকি কৌরবসৈন্য অতিক্রম করিয়াছে এবং কৌরবেরা পলায়ন করিতেছেন ইহা দেখিয়া আমার পুত্রেরা আক্ষেপ করিতেছিল ॥৩২॥

(৩০)...রথসত্তমৌ—পি বর্দ্ধ।

বিদ্রুতান্ রথিনো দৃষ্ট্বা নিরুৎসাহান্ দ্বিষজ্জয়ে।
পলায়নকৃতোৎসাহান্ মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৩॥
শূন্যান্ কৃতান্ রথোপস্থান্ সাত্বতেনার্জ্জুনেন চ।
হতাংশ্চ যোধান্ সংদৃশ্য মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৪॥
ব্যশ্বনাগরথান্ দৃষ্ট্বা তত্র বীরান্ সহস্রশঃ।
ধাবমানান্ রণে ব্যগ্রান্ মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৫॥
বিহীনা শ্চ রথানশ্বান্ বিরথাংশ্চ কৃতান্ নরান্।
তত্র সাত্যকিপার্থাভ্যাং দৃষ্ট্বা শোচন্তি পুত্রকাঃ ॥৩৬॥
মহানাগান্ বিদ্রবতো দৃষ্ট্বার্জ্জুনশরাহতান্।
পতিতান্ পততস্তাত! মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

বিদ্রুতানিতি। বিদ্রুতান্ অর্জ্জুনসাত্যক্যোর্বিক্রমেণাস্থিরীভূতান্ ॥৩৩॥
শূন্যানিতি। রথোপস্থান্ রথোপরিদেশান্ রথিস্থিতিস্থানানীত্যর্থঃ ॥৩৪॥
ব্যশ্বেতি। বিগতা নষ্টা অশ্বা নাগা গজা রথাশ্চ যেষাং তান্ ॥৩৫॥
বিহীনানিতি। বিহীনান্ আরোহিরহিতান্ ॥৩৬॥
মহেতি। মহানাগান্ বিশালগজান্, বিদ্রবতঃ পলায়মানান্ ॥৩৭॥

আমি সম্ভাবনা করি—কৌরবরথীরা অস্থির হইয়াছেন, শত্রুজয়ে নিরুৎসাহ হইয়া পড়িয়াছেন এবং পলায়নের ইচ্ছা করিতেছেন ইহা দেখিয়া আমার পুত্রেরা সন্তপ্ত হইতেছিল ॥৩৩॥

আমি আশঙ্কা করি—অর্জ্জুন ও সাত্যকি যোদ্ধাদিগকে বধ করিয়া রথ শূন্য করিয়াছে দেখিয়া আমার পুত্রেরা অনুতাপ করিতেছিল ॥৩৪॥

আমি মনে করি—সহস্র সহস্র বীর হস্তী, অশ্ব ও রথবিহীন হইয়া আকুল-ভাবে রণস্থলে ছুটাছুটি করিতেছেন দেখিয়া আমার পুত্রেরা শোক করিতেছিল ॥৩৫॥

অর্জ্জুন ও সাত্যকি তখন রথ ও অশ্বগুলিকে আরোহিশূন্য করিয়াছে এবং আরোহিগণকেও রথাদিবিহীন করিয়াছে দেখিয়া পুত্রেরা শোক করিতেছিল (বলিয়া মনে হয়) ॥৩৬॥

বৎস! বিশাল হস্তী সকল অর্জ্জুনের বাণে আহত হইয়া পলায়ন করিতেছিল, পতিত হইয়াছিল ও পতিত হইতেছিল ইহা দেখিয়া পুত্রেরা আক্ষেপ করিতেছিল বলিয়া মনে করি ॥৩৭॥

(৩৫) ব্যশ্বনাগরথান্ মন্তে—বর্দ্ধ।

হয়ৌঘান্ নিহতান্ দৃষ্ট্বা দ্রবমাণাংস্ততস্ততঃ।
রণে সাত্বতপার্থাভ্যাং মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৮॥
পত্তিসংঘান্ রণে দৃষ্ট্বা ধাবমানান্ সমন্ততঃ।
নিরাশা বিজয়ে সর্ব্বে মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৯॥
দ্রোণস্য সমতিক্রান্তাবনীকমপরাজিতৌ।
ক্ষণেন দৃষ্ট্বা তৌ বীরৌ মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৪০॥
সংমূঢ়োঽস্মি ভৃশং তাত! শ্রুত্বা কৃষ্ণধনঞ্জয়ৌ।
প্রবিষ্টৌ মামকং সৈন্যং সাত্বতেন সহাচ্যুতৌ ॥৪১॥
তস্মিন্ প্রবিষ্টে পৃতনাং শিনীনাং প্রবরে রথে।
ভোজানীকং ব্যতিক্রান্তে কথমাসন্ হি কৌরবাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

হয়েতি। হয়ৌঘান্ অশ্বসমূহান্, দ্রবমাণান্ ধাবতঃ ॥৩৮॥
পত্তীতি। পত্তিসংঘান্ পদাতিগণান্ ॥৩৯॥
দ্রোণস্যেতি। অনীকং সৈন্যম্। তৌ অর্জ্জুনসাত্যকী ॥৪০॥
সমিতি। সংমূঢ়ঃ কর্ত্তব্যজ্ঞানহীনঃ। সাত্বতেন সাত্যকিনা, অচ্যুতৌ বীরধর্ম্মাদভ্রষ্টৌ ॥৪১॥

আমি ধারণা করি—অর্জ্জুন ও সাত্যকির বাণে আহত হইয়া অশ্বগণ নানাদিকে ছুটাছুটি করিতেছে দেখিয়া আমার পুত্রেরা অনুতাপ করিতেছিল ॥৩৮॥

পদাতিগণ সমরাঙ্গনের সকল দিকে দৌড়াইতেছে দেখিয়া পুত্রেরা সকলে জয়ে নিরাশ হইয়া শোক করিতেছিল বলিয়া আমি ধারণা করি ॥৩৯॥

সেই বীরেরা দুই জন অপরাজিত থাকিয়া ক্ষণকালমধ্যে দ্রোণের সৈন্য অতিক্রম করিয়াছে দেখিয়া বোধ হয় আমার পুত্রেরা দুঃখপ্রকাশ করিতেছিল ॥৪০॥

বৎস সঞ্জয়! বীরধর্ম্ম হইতে অভ্রষ্ট কৃষ্ণ ও অর্জ্জুন সাত্যকির সহিত আমার সৈন্যমধ্যে আসিয়া প্রবেশ করিয়াছে শুনিয়া আমি অত্যন্ত আকুল হইয়া পড়িয়াছি ॥৪১॥

রথারোহী শিনিবংশপ্রধান সাত্যকি কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিলে এবং সে ভোজসৈন্য অতিক্রম করিয়া আসিলে, কৌরবগণের মনোবৃত্তি কিরূপ হইয়াছিল? ॥৪২॥

(৩৮)…রণে মাধবপার্থাভ্যাম্—বা নি (৩৯)…ধাবমানাংশ্চ সর্ব্বতঃ—বা নি। (৪২)…কিমকুর্ব্বত কৌরবাঃ—বা নি।

তথা দ্রোণেন সমরে নিগৃহীতেষু পাণ্ডুষু।
কথং যুদ্ধমভূৎ সূত ! তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥৪৩॥
দ্রোণো হি বলবান্ শূরঃ কৃতাস্ত্রো দৃঢ়বিক্রমঃ।
পাঞ্চালাস্তং মহেষ্বাসং প্রত্যযুধ্যন্ কথং রণে ॥৪৪॥
বদ্ধবৈরাস্ততো দ্রোণে ধর্ম্মরাজজয়ৈষিণঃ।
ভারদ্বাজস্তথা তেষু বদ্ধবৈরো মহাবলঃ ॥৪৫॥
অর্জ্জুনশ্চাপি যচ্চক্রে সিন্ধুরাজবধং প্রতি।
তন্মে সর্ব্বং সমাচক্ষ্ব কুশলো হ্যসি সঞ্জয় ! ॥৪৬॥

সঞ্জয় উবাচ।

আত্মাপরাধাৎ সম্ভূতং ব্যসনং ভরতর্ষভ !।
প্রাপ্য প্রাকৃতবদ্বীর ! ন ত্বং শোচিতুমর্হসি ॥৪৭॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। শিনীনাং প্রবরে সাত্যকৌ, রথে রথিনি। কথং কীদৃশমনোবৃত্তয়ঃ ॥৪২॥
তথেতি। নিগৃহীতেষু নির্জ্জিতেষু, পাণ্ডুষু পাণ্ডবসৈন্যেষু ॥৪৩॥
দ্রোণ ইতি। কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্বাস্ত্রঃ। মহেষ্বাসং মহাধানুষ্কম্ ॥৪৪॥
বদ্ধেতি। বদ্ধবৈরাঃ পূর্বং বিজয়াৎ। তচ্চাদিপর্বণ্যুক্তম্ ॥৪৫॥
অর্জ্জুন ইতি। সিন্ধুরাজবধং প্রতি জয়দ্রথবধবিষয়ে। কুশল উক্তিনিপুণঃ ॥৪৬॥

এবং সারথিবংশীয় সঞ্জয় ! দ্রোণ যুদ্ধে সেইভাবে পাণ্ডবসৈন্য জয় করিলে, কিরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা আমার নিকট বল ॥৪৩॥

দ্রোণ—বলবান্, বীর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত এবং দৃঢ়বিক্রমশালী। সুতরাং রণস্থলে পাঞ্চালেরা সেই মহাধনুর্দ্ধরের সহিত কিরূপ যুদ্ধ করিয়াছিল ? ॥৪৪॥

ধর্ম্মরাজের জয়াভিলাষী পাঞ্চালেরা দ্রোণের প্রতি বদ্ধবৈর; আবার মহাবল দ্রোণও তাহাদের প্রতি বদ্ধবৈর ॥৪৫॥

সঞ্জয় ! আর অর্জ্জুন জয়দ্রথের বধবিষয়ে যাহা করিয়াছে, সে সমস্ত বৃত্তান্ত তুমি আমার নিকট বল। তুমি বলিতে বড়ই নিপুণ' ॥৪৬॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ বীর ! আপনার নিজের অপরাধেই যাহা জন্মিয়াছে, সেই বিপদে পতিত হইয়া আপনি নীচ লোকের ন্যায় শোক করিতে পারেন না ॥৪৭॥

(৪৩)···কথং যুদ্ধমভূত্তত্র—বা নি। (৪৪) দ্রোণো হি বলবান্ শ্রেষ্ঠঃ কৃতাস্ত্রো যুদ্ধদুর্ম্মদঃ—বা নি। (৪৫) ধনঞ্জয়জয়ৈষিণঃ—নি।

পুরা যদুচ্যসে প্রাজ্ঞৈঃ সুহৃদ্ভির্বিদুরাদিভিঃ ।
মা হাসীঃ পাণ্ডবান্ রাজন্নিতি তন্ন ত্বয়া শ্রুতম্ ॥৪৮॥
সুহৃদাং হিতকামানাং বাক্যং যো ন শৃণোতি হ ।
স মহদ্ব্যসনং প্রাপ্য শোচতে বৈ যথা ভবান্ ॥৪৯॥
যাচিতোঽসি পুরা রাজন্ ! দাশার্হেণ শমং প্রতি ।
ন চ তং লব্ধবান্ কামং ত্বত্তঃ কৃষ্ণো মহাযশাঃ ॥৫০॥
তব নির্গুণতাং জ্ঞাত্বা পক্ষপাতং সুতেষু চ ।
দ্বৈধীভাবং তথা ধর্ম্মে পাণ্ডুবেষু চ মৎসরম্ ॥৫১॥
তব জিহ্মমভিপ্রায়াং বিদিত্বা পাণ্ডবান্ প্রতি ।
বাসুদেবস্ততো যুদ্ধমিদং ঘোরমযোজয়ৎ ॥৫২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

আস্থেতি। ব্যসনং বিপদম্। প্রাকৃতবৎ নীচজনবৎ ॥৪৭॥

পুরেতি। মা হাসীঃ সন্ধিত্যাগেন ন ত্যজ ॥৪৮॥

সুহৃদামিতি। ব্যসনং বিপদম্, "ব্যসনং বিপদি ভ্রংশে দোষে কামজকোপজে" ইত্যমরঃ ॥৪৯॥

যাচিত ইতি। দাশার্হেণ কৃষ্ণেন, শমং সন্ধিনিবন্ধনাং শান্তিম্ ॥৫০॥

তবেতি। নির্গুণতাং ন্যায়পরায়ণতাশূন্যতাম্। মৎসরং দ্বেষম্। জিহ্মং কুটিলম্ ॥৫১-৫২॥

পূর্ব্বে বুদ্ধিমান্ বিদুর প্রভৃতি সুহৃদ্‌গণ আপনাকে বলিয়াছিলেন যে, 'রাজা ! আপনি পাণ্ডবগণকে ত্যাগ করিবেন না' আপনি তাহা শোনেন নাই ॥৪৮॥

মহারাজ ! যে লোক হিতৈষী বন্ধুগণের বাক্য শোনে না, সে লোক আপনারই ন্যায় মহাবিপদে পতিত হইয়া শোক করিয়া থাকে ॥৪৯॥

রাজা ! কৃষ্ণ পূর্ব্বে আপনার নিকট সন্ধির প্রার্থনা করিয়াছিলেন ; কিন্তু সে মহাযশা কৃষ্ণ আপনার নিকট হইতে সে অভীষ্ট লাভ করেন নাই ॥৫০॥

তাহার পর আপনার অন্যায় ব্যবহার, পুত্রগণের প্রতি পক্ষপাত, ধর্ম্মের প্রতি দ্বৈধীভাব, পাণ্ডবগণের প্রতি বিদ্বেষ এবং তাঁহাদের প্রতি আপনার কুটিল মনোবৃত্তি জানিতে পারিয়া কৃষ্ণই এই ভয়ঙ্কর যুদ্ধ ঘটাইয়াছেন ॥৫১—৫২॥

---

(৪৮) মা হার্ষীঃ—বা নি। (৫২) পূর্বার্দ্ধাৎ পরম্ 'আর্ত্তপ্রলাপাংশ্চ বহূন্ মনুজাধিপ। সত্তম !। সর্বলোকস্য তত্ত্বজ্ঞঃ সর্বলোকেশ্বরঃ প্রভুঃ। বাসুদেবস্ততো যুদ্ধং কুরূণামকরোন্মহৎ ॥'—বা নি।

তবৈবাবিনয়াদ্রাজন্! প্রাপ্তস্তে স্বজনক্ষয়ঃ।
নৈনং দুর্য্যোধনে দোষং কর্ত্তুমর্হসি মানদ! ॥৫৩॥
নহি তে সুকৃতং কিঞ্চিদাদৌ মধ্যে চ ভারত!।
দৃশ্যতে পৃষ্ঠতশ্চৈব ত্বন্মূলো হি পরাজয়ঃ ॥৫৪॥
আর্ত্তপ্রলাপানিহ যানিদানীং কুরুষে নৃপ!।
নৈতদ্বৃদ্ধস্য তে সাধু গতাসোরিব মণ্ডনম্ ॥৫৫॥
তস্মাদস্য স্থিরো ভূত্বা জ্ঞাত্বা লোকস্য নির্ণয়ম্।
শৃণু যুদ্ধং যথা বৃত্তং ঘোরং দেবাসুরোপমম্ ॥৫৬॥
প্রবিষ্টে তব সৈন্যন্তু শৈনেয়ে সত্যবিক্রমে।
ভীমসেনমুখাঃ পার্থাঃ প্রতীয়ুর্বাহিনীং তব ॥৫৭॥

ভারতকৌমুদী

তবেতি। অবিনয়াদশিষ্টাচরণাৎ ছলেন পাণ্ডবানাং নির্বাসনাদিকারণাদিত্যর্থঃ ॥৫৩॥

নহীতি। সুকৃতং ধর্ম্মঃ। আদৌ বারণাবতে প্রস্থাপনাদৌ, মধ্যে দ্যূতক্রীড়ানন্তরং নির্বাসনাদৌ, পৃষ্ঠতঃ পশ্চাৎ সন্ধ্যকরণাদৌ, ত্বমেব মূলো যস্য সঃ ॥৫৪॥

আর্ত্তেতি। গতাসোর্নির্গতপ্রাণস্য দেহস্য, মণ্ডনং ভূষণমিব ॥৫৫॥

তস্মাদিতি। নির্ণয়ং স্বদোষাদেব স্ববিপৎপাত ইতি নিয়মম্। বৃত্তং জাতম্ ॥৫৬॥

প্রবিষ্ট ইতি। শৈনেয়ে সাত্যকৌ। পার্থাঃ পাণ্ডবাঃ, ঈয়ুর্জগ্মুঃ ॥৫৭॥

অতএব মানদাতা রাজা! আপনারই অশিষ্ট ব্যবহারে আপনার এই স্বজনক্ষয় উপস্থিত হইয়াছে। সুতরাং আপনি দুর্য্যোধনের উপরে এ দোষ দিতে পারেন না ॥৫৩॥

ভরতনন্দন! প্রথমে, মধ্যে ও শেষে আপনার কোন ধর্ম্মই দেখিতে পাওয়া যায় না। সুতরাং আপনিই এই পরাজয়ের মূল ॥৫৪॥

অতএব রাজা! আপনি এখন এই যে আর্ত্তপ্রলাপ করিতেছেন, ইহা—মৃতব্যক্তিকে অলঙ্কৃত করার ন্যায় আপনার শোভা পায় না। কেন না, আপনি বৃদ্ধ ॥৫৫॥

অতএব মহারাজ! মানুষের নিজের দোষেই নিজের বিপদ্ উপস্থিত হয় ইহা জানিয়া এখন স্থির হইয়া—দেবাসুরযুদ্ধের তুল্য যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা শ্রবণ করুন ॥৫৬॥

---

(৫৩) আত্মাপরাধাৎ সুমহান্ প্রাপ্তস্তে বিপুলঃ ক্ষয়ঃ—বা নি। (৫৫) শ্লোকোঽয়ং বা নি নাস্তি।

আগচ্ছতস্তান্ সহসা ক্রুদ্ধরূপান্ সহানুগান্ ।
দধারৈকো রণে পাণ্ডূন্ কৃতবর্ম্মা মহারথঃ ॥৫৮॥
যথোদ্বৃত্তং বারয়তে বেলা বৈ সলিলার্ণবম্ ।
পাণ্ডুসৈন্যং তথা সংখ্যে হার্দ্দিক্যঃ সমবারয়ৎ ॥৫৯॥
তত্রাদ্ভুতমপশ্যাম হার্দ্দিক্যস্য পরাক্রমম্ ।
যদেনং সহসা পার্থা নাতিচক্রমুরাহবে ॥৬০॥
ততো ভীমস্ত্রিভির্বিদ্ধা কৃতবর্ম্মাণমাশুগৈঃ ।
শঙ্খং দধ্মৌ মহাবাহুর্হর্ষয়ন্ সর্বপাণ্ডবান্ ॥৬১॥
সহদেবস্তু বিংশত্যা ধর্ম্মরাজস্তু পঞ্চভিঃ ।
শতেন নকুলশ্চাপি হার্দ্দিক্যং সমবিধ্যত ॥৬২॥

ভারতকৌমুদী

আগচ্ছত ইতি। সহানুগান্ অনুচরসহিতান্। পাণ্ডূন্ পাণ্ডবান্ ॥৫৮॥
যথেতি। উদ্বৃত্তং পূরাগমাদুদ্বেলিতম্, বেলা তীরম্। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা ॥৫৯॥
তত্রেতি। নাতিচক্রমুঃ অতিক্রমিতুং ন শেকুঃ, আহবে যুদ্ধে ॥৬০॥
তত ইতি। বিদ্ধা তাড়য়িত্বা, আশুগৈর্বাণৈঃ ॥৬১॥
সহেতি। সর্ব্বত্র আশুগৈরিত্যনুবৃত্তিঃ ॥৬২॥

রাজা! যথার্থবিক্রমশালী সাত্যকি আপনার সৈন্যমধ্যে প্রবেশ করিলে, ভীমসেনপ্রভৃতি পাণ্ডবেরা আপনার সৈন্যের দিকে আসিতে লাগিলেন ॥৫৭॥

তাঁহারা ক্রুদ্ধ হইয়া অনুচরবর্গের সহিত বেগে আসিতে লাগিলে, মহারথ এক কৃতবর্ম্মাই যুদ্ধে তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥৫৮॥

তীর যেমন উদ্বেলিত সমুদ্রকে বারণ করে, সেইরূপ কৃতবর্ম্মা যুদ্ধে পাণ্ডবসৈন্যকে বারণ করিতে লাগিলেন ॥৫৯॥

তখন আমরা কৃতবর্ম্মার অদ্ভুত পরাক্রম দেখিতে লাগিলাম। যে হেতু পাণ্ডবেরা সহসা যুদ্ধে কৃতবর্ম্মাকে অতিক্রম করিতে পারিলেন না ॥৬০॥

ক্রমে মহাবাহু ভীমসেন তিনটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিয়া সমস্ত পাণ্ডবপক্ষের হর্ষ উৎপাদন করতঃ শঙ্খধ্বনি করিলেন ॥৬১॥

আর সহদেব কুড়িটা, যুধিষ্ঠির পাঁচটা এবং নকুল একশতটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে তাড়ন করিলেন ॥৬২॥

---

(৬০)...যদেনং সহিতাঃ পার্থাঃ—বা নি। (৬২)...ধর্ম্মরাজশ্চ—বা নি।

দ্রৌপদেয়াস্ত্রিসপ্তত্যা সপ্তভিশ্চ ঘটোৎকচঃ।
ধৃষ্টদ্যুম্নস্ত্রিভিশ্চাপি কৃতবর্ম্মাণমার্দ্দয়ৎ।
বিরাটো দ্রুপদশ্চৈব ত্রিভিস্ত্রিভিরবিধ্যত ॥৬৩॥
শিখণ্ডী চাপি হার্দ্দিক্যং বিদ্ধা পঞ্চভিরাশুগৈঃ।
পুনর্বিব্যাধ বিংশত্যা সায়কানাং হসন্নিব ॥৬৪॥
কৃতবর্ম্মা ততো রাজন্! সর্ব্বতস্তান্ মহারথান্।
একৈকং পঞ্চভির্বিদ্ধা ভীমং বিব্যাধ সপ্তভিঃ।
ধনুর্ধ্বজঞ্চাস্য তদা রথাদ্ভূমাবপাতয়ৎ ॥৬৫॥
অথৈনং ছিন্নধন্বানং ত্বরমাণো মহারথঃ।
আজঘানোরসি ক্রুদ্ধঃ সপ্তত্যা নিশিতৈঃ শরৈঃ ॥৬৬॥
স গাঢ়বিদ্ধো বলবান্ হার্দ্দিক্যস্য শরোত্তমৈঃ।
চচাল রথমধ্যস্থঃ ক্ষিতিকম্পে যথাচলঃ ॥৬৭॥

ভারতকৌমুদী

দ্রৌপেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, ত্রিসপ্তত্যা বাণৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥
শিখণ্ডীতি। হার্দ্দিক্যং কৃতবর্ম্মাণম্। আশুগৈঃ শরৈঃ ॥৬৪॥
কৃতেতি। পঞ্চভির্বাণৈঃ। অপাতয়ৎ ছিত্ত্বেতি শেষঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৬৫॥
অথেতি। এনং ভীমম্। মহারথঃ কৃতবর্ম্মা। উরসি বক্ষসি ॥৬৬॥
স ইতি। চচাল চকম্পে। অচলঃ পর্ব্বতঃ ॥৬৭॥

ঘটোৎকচ সাতটা, ধৃষ্টদ্যুম্ন তিনটা ও দ্রৌপদীর পুত্রেরা ত্রিসপ্ততিসংখ্যক বাণদ্বারা কৃতবর্ম্মাকে পীড়ন করিলেন এবং বিরাট ও দ্রুপদ তিন তিনটা শরদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৬৩॥

শিখণ্ডীও পাঁচটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিয়া পুনরায় হাসিতে হাসিতেই যেন কুড়িটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৬৪॥

রাজা! তাহার পর কৃতবর্ম্মা সকল দিকে সেই মহারথগণের এক এক জনকে পাঁচ পাঁচটা বাণে বিদ্ধ করিয়া সাতটাদ্বারা ভীমকে বিদ্ধ করিলেন এবং ভীমের ধনু ও ধ্বজ ছেদন করিয়া রথ হইতে ভূতলে পাতিত করিলেন ॥৬৫॥

তদনন্তর মহারথ কৃতবর্ম্মা ক্রুদ্ধ ও ত্বরান্বিত হইয়া সত্তরটা সুধার বাণদ্বারা ছিন্নধন্বা ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৬৬॥

বলবান্ ভীমসেন কৃতবর্ম্মার উত্তম শরে গাঢ় বিদ্ধ হইয়া রথের মধ্যে থাকিয়াই ভূমিকম্পে যেমন পর্ব্বত কাঁপে সেইরূপ কাঁপিতে লাগিলেন ॥৬৭॥

ভীমসেনং তথা দৃষ্ট্বা ধর্ম্মরাজপুরোগমাঃ ।
বিসৃজন্তঃ শরান্ ঘোরান্ কৃতবর্ম্মাণমার্দ্দয়ন্ ॥৬৮॥
তং তথা কোষ্ঠকীকৃত্য রথবংশেন মারিষ ! ।
বিব্যধুঃ সায়কৈর্হৃষ্টা রক্ষার্থং মারুতের্মৃধে ॥৬৯॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং ভীমসেনো মহাবলঃ ।
শক্তিং জগ্রাহ সমরে হেমদণ্ডাময়স্ময়ীম্ ।
চিক্ষেপ চ রথাত্তূর্ণং কৃতবর্ম্মরথং প্রতি ॥৭০॥
সা ভীমভুজনির্ম্মুক্তা নির্ম্মুক্তোরগসন্নিভা ।
কৃতবর্ম্মাণমভিতঃ প্রজজ্বাল সুদারুণা ॥৭১॥
তামাপতন্তীং সহসা যুগান্তাগ্নিসমপ্রভাম্ ।
দ্বাভ্যাং শরাভ্যাং হার্দ্দিক্যো নিচকর্ত্ত দ্বিধা তদা ॥৭২॥

ভারতকৌমুদী

ভীমেতি। তথা কম্পিতম্, ধর্ম্মরাজপুরোগমা যুধিষ্ঠিরপ্রভৃতয়ঃ ॥৬৮॥
তমিতি। কোষ্ঠকীকৃত্য মধ্যবর্ত্তীকৃত্য, রথানাং বংশেন সমূহেন ॥৬৯॥
প্রতীতি। শক্তিমস্ত্রবিশেষম্। অয়স্ময়ীং লৌহময়ীম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭০॥
সেতি। নির্ম্মুক্তঃ সদ্যস্ত্যক্তত্বক্ য উরগঃ সর্পস্তৎসন্নিভা। অভিতঃ প্রতি ॥৭১॥
তামিতি। নিচকর্ত্ত চিচ্ছেদ। লৌহেন সদ্যো লৌহচ্ছেদাসম্ভবাদত্র ছেদো বারণম্ ॥৭২॥

ভীমসেনকে সেইরূপ দেখিয়া যুধিষ্ঠিরপ্রভৃতি বীরেরা ভয়ঙ্কর বাণ বর্ষণ করিতে থাকিয়া কৃতবর্ম্মাকে পীড়ন করিতে থাকিলেন ॥৬৮॥

মাননীয় রাজা! তাঁহারা ভীমসেনকে রক্ষা করিবার জন্য হৃষ্টভাবে রথসমূহদ্বারা পরিবেষ্টন করিয়া বাণদ্বারা সেইভাবে কৃতবর্ম্মাকে তাড়ন করিতে লাগিলেন ॥

তৎপরে মহাবল ভীমসেন সংজ্ঞা লাভ করিয়া একটা স্বর্ণদণ্ডা লৌহময়ী শক্তি গ্রহণ করিলেন এবং তাহা সত্বর আপন রথ হইতে কৃতবর্ম্মার রথের দিকে নিক্ষেপ করিলেন ॥৭০॥

ভীমের বাহুনিক্ষিপ্তা নির্ম্মুক্তসর্পতুল্যা সেই দারুণ শক্তিটা কৃতবর্ম্মার প্রতি যাইবার সময়ে জ্বলিতে লাগিল ॥৭১॥

প্রলয়কালের অগ্নির ন্যায় সেই শক্তিটা বেগে আসিতে লাগিলে, কৃতবর্ম্মা দুইটা বাণদ্বারা তখনই দুইভাগে তাহা ছেদন করিলেন ॥৭২॥

---

(৭২)···নিজঘান দ্বিধা তদা—বা নি।

সা চ্ছিন্না পতিতা ভূমৌ শক্তিঃ কনকভূষণা।
দ্যোতয়ন্তী দিশো রাজন্! মহোল্কেব নভশ্চ্যুতা ॥৭৩॥
শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা ভীমশ্চুক্রোধ বৈ ভৃশম্।
ততোঽন্যদ্ধনুরাদায় বেগবচ্চ মহাস্বনম্।
ভীমসেনো রণে ক্রুদ্ধো হার্দ্দিক্যং সমবাকিরৎ ॥৭৪॥
অথৈনং পঞ্চভির্বাণৈরাজঘান স্তনান্তরে।
ভীমো ভীমবলো রাজন্! তব দুর্মন্ত্রিতেন হ ॥৭৫॥
ভোজস্তু ক্ষতসর্ব্বাঙ্গো ভীমসেনেন মারিষ!।
রক্তাশোক ইবোৎফুল্লো ব্যরাজত রণাজিরে ॥৭৬॥
ততঃ ক্রুদ্ধস্ত্রিভির্বাণৈর্ভীমসেনং হসন্নিব।
অভিহত্য দৃঢ়ং যুদ্ধে তান্ সর্ব্বান্ প্রত্যবিধ্যত ॥৭৭॥
ত্রিভিস্ত্রিভির্মহেষ্বাসো যতমানান্ মহারথান্।
তেঽপি তং প্রত্যবিধ্যন্ত সপ্তভিঃ সপ্তভিঃ শরৈঃ ॥৭৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সেতি। দ্যোতয়ন্তী প্রকাশয়ন্তী। নভশ্চ্যুতা গগনাৎ পতিতা ॥৭৩॥
শক্তিমিতি। সমবাকিরৎ বাণৈরাবৃণোৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৪॥
অথেতি। তব দুর্মন্ত্রিতেন যুদ্ধঘটনাদেতন্মূলমপি তব দুর্মন্ত্রিতমেবেতি ভাবঃ ॥৭৫॥
ভোজ ইতি। ভোজস্তদ্বংশীয়ঃ কৃতবর্ম্মা। উৎফুল্লো বিকসিতপুষ্পঃ ॥৭৬॥
তত ইতি। ক্রুদ্ধো ভোজঃ। যতমানান্ জয়ায়েতি শেষঃ ॥৭৭—৭৮॥

রাজা! স্বর্ণভূষণা সেই শক্তিটা ছিন্ন হইয়া আকাশচ্যুত বিশাল উল্কার ন্যায় সমস্ত দিক্ আলোকিত করিয়া ভূতলে পতিত হইল ॥৭৩॥

ভীমসেন সেই শক্তিটাকে প্রতিহত দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন। তৎপরে অত্যন্তক্রুদ্ধ ভীমসেন বেগবান্ ও মহাশব্দকারী অন্য একখানা ধনু লইয়া বাণদ্বারা কৃতবর্ম্মাকে আবৃত করিলেন ॥৭৪॥

রাজা! আপনার কুমন্ত্রণার ফলেই তৎপরে ভীষণশক্তিশালী ভীমসেন পাঁচটা বাণদ্বারা কৃতবর্ম্মার বক্ষস্থলে আঘাত করিলেন ॥৭৫॥

মাননীয় রাজা! তখন কৃতবর্ম্মা ভীমসেনের আঘাতে সমস্ত অঙ্গ ক্ষত হওয়ায় সমরাঙ্গনে পুষ্পসমন্বিত রক্তাশোকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৭৬॥

তদনন্তর মহাধনুর্দ্ধর কৃতবর্ম্মা ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন তিনটা

(৭৪)…বেগবৎ সুমহাস্বনম্…সমবারয়ৎ—বা নি। (৭৬)…ব্যভ্রাজত রণাজিরে—বা নি।

শিখণ্ডিনস্ততঃ ক্রুদ্ধঃ ক্ষুরপ্রেণ মহারথঃ।
ধনুশ্চিচ্ছেদ সমরে প্রহসন্নিব সাত্বতঃ ॥৭৯॥
শিখণ্ডী তু ততঃ ক্রুদ্ধশ্ছিন্নে ধনুষি সত্বরঃ।
অসিং জগ্রাহ সমরে শতচন্দ্রঞ্চ ভাস্বরম্ ॥৮০॥
ভ্রাময়িত্বা মহচ্চর্ম্ম চামীকরবিভূষিতম্।
তমসিং প্রেষয়ামাস কৃতবর্ম্মরথং প্রতি ॥৮১॥
স তস্য সশরং চাপং ছিত্ত্বা সংখ্যে মহানসিঃ।
অভ্যগাদ্ধরণীং রাজন্! চ্যুতং জ্যোতিরিবাম্বরাৎ ॥৮২॥
এতস্মিন্নেব কালে তু ত্বরমাণো মহারথঃ।
বিব্যাধ সায়কৈর্গাঢ়ং কৃতবর্ম্মাণমাহবে ॥৮৩॥

ভারতকৌমুদী

শিখণ্ডিন ইতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন। সাত্বতস্তদ্বংশীয়ঃ কৃতবর্ম্মা ॥৭৯॥
শিখণ্ডীতি। শতং চন্দ্রাশ্চন্দ্রাকাররজতচিহ্নানি যত্র তত্তাদৃশং চর্ম্ম ॥৮০॥
ভ্রাময়িত্বেতি। চামীকরবিভূষিতং স্বর্ণালঙ্কৃতম্ ॥৮১॥
স ইতি। চ্যুতং পতিতম্, জ্যোতির্নক্ষত্রাদি তেজঃ, অম্বরাদাকাশাৎ ॥৮২॥
এতস্মিন্নিতি। মহারথঃ শিখণ্ডী। আহবে যুদ্ধে ॥৮৩॥

বাণদ্বারা ভীমসেনকে দৃঢ়ভাবে আঘাত করিয়া তিন তিনটা বাণদ্বারা জয়ে যত্নশীল সেই সকল মহারথের প্রত্যেককে বিদ্ধ করিলেন। তখন তাঁহাদের প্রত্যেকেও সাত সাতটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে প্রতিবিদ্ধ করিলেন ॥৭৭—৭৮॥

তৎপরে ক্রুদ্ধ মহারথ কৃতবর্ম্মা হাসিতে হাসিতেই যেন একটা ক্ষুরপ্রদ্বারা শিখণ্ডীর ধনু ছেদন করিলেন ॥৭৯॥

ধনু ছিন্ন হইলে, শিখণ্ডী ক্রুদ্ধ ও ত্বরান্বিত হইয়া তরবারি এবং শতচন্দ্রযুক্ত ও উজ্জ্বল চর্ম্ম গ্রহণ করিলেন ॥৮০॥

তৎপরে শিখণ্ডী স্বর্ণভূষিত সেই বিশাল চর্ম্ম ঘূর্ণিত করিয়া কৃতবর্ম্মার রথের দিকে সেই তরবারি নিক্ষেপ করিলেন ॥৮১॥

রাজা! সেই বিশাল তরবারি যাইয়া কৃতবর্ম্মার বাণযুক্ত ধনু ছেদন করিয়া আকাশচ্যুত নক্ষত্রের ন্যায় ভূতলে পতিত হইল ॥৮২॥

এই অবসরে মহারথ শিখণ্ডী ত্বরান্বিত হইয়া যুদ্ধে বহুতর বাণদ্বারা কৃতবর্ম্মাকে গাঢ়ভাবে বিদ্ধ করিলেন ॥৮৩॥

(৮২)…ছিত্ত্বা রাজন্। মহানসিঃ—বা নি। (৮৩)…ত্বরমাণং মহারথাঃ। বিব্যধুঃ—বা নি।

অথান্যদ্ধনুরাদায় ত্যক্ত্বা তচ্চ মহদ্ধনুঃ।
বিশীর্ণং ভরতশ্রেষ্ঠ! হার্দ্দিক্যঃ পরবীরহা ॥৮৪॥
বিব্যাধ পাণ্ডবান্ যুদ্ধে ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
শিখণ্ডিনঞ্চ বিব্যাধ ত্রিভিঃ পঞ্চভিরেব চ ॥৮৫॥ (যুগ্মকম্)
ধনুরন্যৎ সমাদায় শিখণ্ডী তু মহাযশাঃ।
অবারয়ৎ কূর্ম্মনখৈরাশুগৈর্হার্দিকাত্মজম্ ॥৮৬॥
ততঃ ক্রুদ্ধো রণে রাজন্! হৃদিকস্যাত্মসম্ভবঃ।
অভিদুদ্রাব বেগেন যাজ্ঞসেনিং মহারথম্ ॥৮৭॥
ভীষ্মস্য সমরে রাজন্! মৃত্যোর্হেতুং মহাত্মনঃ।
বিদর্শয়ন্ বলং শূরঃ শার্দ্দূল ইব কুঞ্জরম্ ॥৮৮॥ (যুগ্মকম্)
তৌ দিশাং গজসঙ্কাশৌ জ্বলিতাবিব পাবকৌ।
সমাপেততুরন্যোন্যং শরসংঘৈররিন্দমৌ ॥৮৯॥
বিধুন্বানৌ ধনুঃশ্রেষ্ঠে সন্দধানৌ চ সায়কান্।
বিসৃজন্তৌ চ শতশো গভস্তীনিব ভাস্করৌ ॥৯০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথেতি। বিশীর্ণং ছিন্নতয়া ক্ষীণম্। অজিহ্মগৈর্বাণৈঃ ॥৮৪—৮৫॥

ধনুরিতি। কূর্ম্মনখৈঃ কূর্ম্মনখাকারমুখৈঃ, আশুগৈর্বাণৈঃ ॥৮৬॥

তত ইতি। অভিদুদ্রাব অভিদধাব, যাজ্ঞসেনিং শিখণ্ডিনম্। হেতুম্ অগ্রবর্ত্তিত্বমাত্রেণ, ন তু হন্তারম্ অর্জ্জুনস্যৈব হন্তৃত্বাদিত্যাশয়ঃ। বলং শক্তিম্ ॥৮৭—৮৮॥

তাবিতি। দিশাং গজসঙ্কাশৌ দিগ্‌দন্তিতুল্যৌ। পাবকৌ অগ্নিতুল্যৌ। বিধুন্বানৌ আকর্ষণেন চালয়ন্তৌ। গভস্তীন্ কিরণান্ ॥৮৯—৯০॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর বিপক্ষবীরহন্তা কৃতবর্ম্মা সেই ছিন্ন বিশাল ধনু ত্যাগ করিয়া অন্য ধনু লইয়া তিন তিনটা বাণদ্বারা পাণ্ডবগণের প্রত্যেককে বিদ্ধ করিলেন,আবার প্রথমে তিনটা ও পরে পাঁচটা বাণদ্বারা শিখণ্ডীকেও তাড়ন করিলেন ॥৮৪—৮৫॥

এই সময়ে মহাযশা শিখণ্ডীও অন্য ধনু গ্রহণ করিয়া কূর্ম্মনখসদৃশ বহুতর বাণদ্বারা কৃতবর্ম্মাকে বারণ করিতে লাগিলেন ॥৮৬॥

রাজা! তাহার পর ব্যাঘ্র যেমন হস্তীর প্রতি ধাবিত হয়, সেইরূপ বীর কৃতবর্ম্মা ক্রুদ্ধ হইয়া নিজের শক্তি দেখাইতে থাকিয়া মহারথ ও যুদ্ধে মহাত্মা ভীষ্মের মৃত্যুর কারণ শিখণ্ডীর প্রতি বেগে ধাবিত হইলেন ॥৮৭—৮৮॥

(৮৯) তৌ দিশাগজসঙ্কাশৌ—নি।

তাপয়ন্তৌ শরৈস্তীক্ষ্ণৈরন্যোন্যং তৌ মহারথৌ।
যুগান্তপ্রতিমৌ বীরৌ রেজতুর্ভাস্করাবিব ॥৯১॥
কৃতবর্ম্মা তু সমরে যাজ্ঞসেনিং মহারথম্।
বিদ্ধেষুভিস্ত্রিসপ্তত্যা পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥৯২॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং মূর্চ্ছয়াভিপরিপ্লুতঃ ॥৯৩॥
তং বিষণ্ণং রণে দৃষ্ট্বা তাবকাঃ পুরুষর্ষভম্।
হার্দ্দিক্যং পূজয়ামাসুর্বাসাংস্যাদুধুবুশ্চ হ ॥৯৪॥
শিখণ্ডিনং তথা জ্ঞাত্বা হার্দ্দিক্যশরপীড়িতম্।
অপোবাহ রণাদ্‌যন্তা ত্বরমাণো মহারথম্ ॥৯৫॥

ভারতকৌমুদী

তাপয়ন্তাবিতি। যুগস্য অন্তো যস্মাৎ স যুগান্তো রুদ্রস্তৎপ্রতিমৌ ॥৯১॥
কৃতেতি। যাজ্ঞসেনিং শিখণ্ডিনম্। ইষুভির্বাণৈঃ ॥৯২॥
স ইতি। রথস্য উপস্থে উপরি দেশে উপবেশনস্থান ইতি যাবৎ ॥৯৩॥
তমিতি। বিষণ্ণমবসন্নম্। পূজয়ামাসুঃ প্রশশংসুঃ, আদুধুবুঃ সঞ্চালয়ামাসুঃ ॥৯৪॥
শিখণ্ডিনমিতি। অপোবাহ অপনিনায়, যন্তা সারথিঃ ॥৯৫॥

ক্রমে দুইটা দিগ্‌গজের তুল্য এবং প্রজ্বলিত দুইটা অগ্নিস্তূপের সমান সেই শত্রুদমনকারী কৃতবর্ম্মা ও শিখণ্ডী উত্তম ধনু দুইখানা সঞ্চালন, বাণসন্ধান এবং সূর্য্যকর্ত্তৃক কিরণনিক্ষেপের ন্যায় শত শত বাণ নিক্ষেপ করিতে থাকিয়া পরস্পর অগ্রসর হইলেন ॥৮৯—৯০॥

রুদ্রের ন্যায় বীর এবং সূর্য্যের ন্যায় তেজস্বী সেই মহারথেরা দুই জন তীক্ষ্ণ বাণদ্বারা পরস্পর সন্তপ্ত করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৯১॥

ক্রমে কৃতবর্ম্মা যুদ্ধে ত্রিসপ্ততি বাণদ্বারা মহারথ শিখণ্ডীকে বিদ্ধ করিয়া পুনরায় সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৯২॥

তখন শিখণ্ডী গাঢ়বিদ্ধ, ব্যথিত ও মূর্চ্ছাক্রান্ত হইয়া ধনু ও বাণ পরিত্যাগ করিয়া রথের উপরে উপবেশন করিলেন ॥৯৩॥

এই সময়ে আপনার পক্ষের লোকেরা পুরুষশ্রেষ্ঠ শিখণ্ডীকে অবসন্ন দেখিয়া কৃতবর্ম্মার প্রশংসা ও বসন আন্দোলন করিতে লাগিল ॥৯৪॥

ওদিকে মহারথ শিখণ্ডীর সারথি তাঁহাকে কৃতবর্ম্মার বাণে পীড়িত ও মূর্চ্ছিত জানিয়া সত্বর রণস্থল হইতে তাঁহাকে লইয়া গেল ॥৯৫॥

(৯৪)···তাবকাঃ পুরুষর্ষভ।—পি নি।

সাদিতন্তু রথোপস্থে দৃষ্ট্বা পার্থাঃ শিখণ্ডিনম্।
পরিবব্রু রথৈস্তূর্ণং কৃতবর্ম্মাণমাহবে ॥৯৬॥
তত্রাদ্ভুতং পরং চক্রে কৃতবর্ম্মা মহারথঃ।
যদেকঃ সমরে পার্থান্ বারয়ামাস সানুগান্ ॥৯৭॥
পার্থান্ জিত্বাজয়চ্চেদীন্ পাঞ্চালান্ সৃঞ্জয়ানপি।
কৈকেয়াংশ্চ মহাবীর্য্যান্ কৃতবর্ম্মা মহারথঃ ॥৯৮॥
তে বধ্যমানাঃ সমরে হার্দ্দিক্যেন স্ম পাণ্ডবাঃ।
ইতশ্চেতশ্চ ধাবন্তো নৈব চক্রুর্ধৃতিং বলে ॥৯৯॥
জিত্বা পাণ্ডুসুতান্ যুদ্ধে ভীমসেনপুরোগমান্।
হার্দ্দিক্যঃ সমরেঽতিষ্ঠদ্বিধূম ইব পাবকঃ ॥১০০॥

ভারতকৌমুদী

সাদিতমিতি। সাদিতং কৃতবর্ম্মণা অবসন্নীকৃতম। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে ॥৯৬॥
তত্রেতি। পরমত্যন্তম্। সানুগান্ অনুচরসহিতান্ ॥৯৭॥
পার্থানিতি। পার্থান্ পাণ্ডবান্। চেত্যাদয়ো দেশবাচিনঃ শব্দা দেশিষু লক্ষ্যন্তে ॥৯৮॥
ত ইতি। স্মশব্দঃ পাদপূরণে। ধৃতিমবস্থানম্, বলে পাণ্ডবসৈন্যে ॥৯৯॥

ভারতভাবদীপঃ

নার্থাৎ ॥২৩—৩৪॥ ব্যগ্রান্ অনেকাগ্রান্ অব্যগ্রান্ প্রলয়েনৈকমনস ইতি বা ॥৩৫—৫০॥ দ্বৈধীভাবমনিশ্চয়ম্ ॥৫১—৬৪॥ সর্ব্বতঃ সর্ব্বান্ ॥৬৫—৭১॥ দ্বিধা স্থানদ্বয়ে ॥৭২—৮৫॥ কূর্ম্মনখৈঃ কূর্ম্মনখাকৃতিফলকৈঃ ॥৮৬-৯৯॥ হার্দ্দিক্যেন তাবকৈশ্চ দ্রাব্যমাণা ইত্যন্বয়ঃ ॥১০০-১০১॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৮॥

আর পাণ্ডবেরা শিখণ্ডীকে অবসন্ন ও রথের উপরে উপবিষ্ট দেখিয়া সত্বর যাইয়া রথসমূহদ্বারা কৃতবর্ম্মাকে পরিবেষ্টন করিলেন ॥৯৬॥

তখন মহারথ কৃতবর্ম্মা অত্যন্ত অদ্ভুত কার্য্য করিলেন। যেহেতু তিনি একাকী যুদ্ধে অনুচরগণের সহিত পাণ্ডবগণকে বারণ করিতে লাগিলেন ॥৯৭॥

ক্রমে মহারথ কৃতবর্ম্মা পাণ্ডবগণকে জয় করিয়া চেদি, পাঞ্চাল, সৃঞ্জয় ও মহাবীর্য্যশালী কেকয়গণকেও জয় করিলেন ॥৯৮॥

কৃতবর্ম্মা যুদ্ধে বধ করিতে লাগিলে, সেই পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা ইতস্ততঃ ধাবিত হইতে লাগিলেন, কিন্তু পাণ্ডবসৈন্যমধ্যে আর থাকিতে পারিলেন না ॥৯৯॥

(৯৯)···ধৃতিং রণে—পি বা নি।

তে দ্রাব্যমাণাঃ সমরে হার্দ্দিক্যেন মহারথাঃ।
বিমুখাঃ সমপদ্যন্ত শরবৃষ্টিভিরাহতাঃ ॥১০১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে কৃতবর্ম্মপরাক্রমে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

নবনবতিতমোঽধ্যায়ঃ।

—:০:—

সঞ্জয় উবাচ।

শৃণুষ্বৈকমনা রাজন্! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
দ্রাব্যমাণে বলে তস্মিন্ হার্দ্দিক্যেন মহাত্মনা ॥১॥
লজ্জয়াবনতে চাপি পরিহৃষ্টে চ তাবকে।
দ্বীপো য আসীৎ পাণ্ডূনামগাধে গাধমিচ্ছতাম্ ॥২॥

ভারতকৌমুদী

জিত্বেতি। বিধূমো ধূমশূন্যঃ, পাবকো বহ্নিরিব ॥১০০॥
ত ইতি। দ্রাব্যমাণা মর্দ্দ্যমানাঃ। সমপদ্যন্ত সমজায়ন্ত ॥১০১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

হৃদিকনন্দন কৃতবর্ম্মা যুদ্ধে ভীমসেনপ্রভৃতি পাণ্ডবগণকে জয় করিয়া ধূমশূন্য অগ্নির ন্যায় সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন ॥১০০॥

কৃতবর্ম্মা যুদ্ধে পীড়ন করিতে লাগিলে, সেই পাণ্ডবপক্ষীয় মহারথেরা তাঁহার বাণবর্ষণে আহত হইয়া পরাঙ্মুখ হইলেন' ॥১০১॥

—:*:—

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনি আমার নিকট যে বিষয় জিজ্ঞাসা করিয়াছেন, তাহা একাগ্রচিত্তে শ্রবণ করুন। মহাত্মা কৃতবর্ম্মা পাণ্ডবসৈন্য পীড়ন করিলে এবং তাঁহারা লজ্জায় অবনত হইলে, আর আপনার পক্ষ

(১০১)···শরবৃষ্টিভিরর্দ্দিতাঃ—পি,···শরবৃষ্টিভিরার্দ্দিতাঃ—বা নি। * '···দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '···চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ'—বা নি। (২)···প্রহৃষ্টৈশ্চাপি তাবকৈঃ—পি বঙ্গ বর্দ্ধ।

শ্রুত্বা তু নিনদং ভীমং তাবকানাং মহাহবে।
শৈনেয়স্ত্বরিতো রাজন্! কৃতবর্ম্মাণমভ্যয়াৎ ॥৩॥ (বিশেষকম্)
কৃতবর্ম্মা তু হার্দ্দিক্যঃ শৈনেয়ং নিশিতৈঃ শরৈঃ।
অবাকিরৎ সুসংক্রুদ্ধস্ততোঽক্রুধ্যত সাত্যকিঃ ॥৪॥
অথাশু নিশিতং ভল্লং শৈনেয়ঃ কৃতবর্ম্মণঃ।
প্রেষয়ামাস সমরে শরাংশ্চ চতুরোঽপরান্ ॥৫॥
তস্য তে জঘ্নিরে বাহান্ ভল্লেনাস্যাচ্ছিনদ্ধনুঃ।
পৃষ্ঠরক্ষং তথা সূতমবিধ্যন্নিশিতৈঃ শরৈঃ ॥৬॥
ততস্তং বিরথং কৃত্বা সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
সেনামস্যার্দ্দয়ামাস শরৈঃ সন্নতপর্বভিঃ ॥৭॥

ভারতকৌমুদী

শৃণ্বিতি। যন্মাং ত্বং পরিপৃচ্ছসি "কথং যুদ্ধমভূৎ সূত!" ইতি প্রাগুক্তেন। দ্বীপো দ্বীপবদাশ্রয়ঃ। অগাধে অতলস্পর্শে বিপৎসাগরে, গাধমাশ্রয়ম্। শৈনেয়ঃ সাত্যকিঃ ॥১—৩॥

কৃতেতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ। অবাকিরৎ আবৃণোৎ ॥৪॥

অথেতি। কৃতবর্ম্মণো দিশি। প্রেষয়ামাস চিক্ষেপ। চতুরশ্চতুঃসংখ্যকান্ ॥৫॥

তস্যেতি। তস্য কৃতবর্ম্মণঃ। বাহান্ অশ্বান্। সূতং সারথিম্ ॥৬॥

আনন্দ লাভ করিলেও পাণ্ডবেরা অগাধ বিপৎসাগরে পতিত হইয়া আশ্রয়-প্রার্থী হইলে, যিনি তাঁহাদের দ্বীপস্বরূপ (আশ্রয়) ছিলেন, সেই সাত্যকি মহাযুদ্ধে আপনার পক্ষের ভীষণ জয়কোলাহল শুনিয়া সত্বর কৃতবর্ম্মার সম্মুখে উপস্থিত হইলেন ॥১—৩॥

তখন অত্যন্তক্রুদ্ধ হৃদিকনন্দন কৃতবর্ম্মা নিশিত বাণসমূহদ্বারা সাত্যকিকে আবৃত করিলেন; তাহাতে সাত্যকি ক্রুদ্ধ হইলেন ॥৪॥

তাহার পর সাত্যকি কৃতবর্ম্মার দিকে একটা সুধার ভল্ল এবং অপর চারিটা বাণ নিক্ষেপ করিলেন ॥৫॥

সেই চারিটা বাণ যাইয়া কৃতবর্ম্মার চারিটা ঘোড়াকে বধ করিল, আর ভল্লটা যাইয়া তাঁহার ধনু ছেদন করিল এবং সাত্যকি অপর সুধার বাণসমূহদ্বারা কৃতবর্ম্মার পৃষ্ঠরক্ষক ও সারথিকে বিদ্ধ করিলেন ॥৬॥

---

(৩) শ্লোকাৎ পরম্ 'উবাচ সারথিং তত্র ক্রোধামর্ষসমন্বিতঃ। হার্দ্দিক্যাভিমুখং সূত! কুরু মে রথমুত্তমম্॥ কুরুতে কদনং পশ্য পাণ্ডুসৈন্যে হ্যমর্ষিতঃ। এনং জিত্বা পুনঃ সূত! যাস্যামি বিজয়ং প্রতি॥ এবমুক্তে তু বচনে সূতস্তস্য মহামতে!। নিমেষান্তরমাত্রেণ কৃতবর্ম্মাণমভ্যয়াৎ॥' ইতি পাঠঃ বা নি।

অভজ্যতাথ পৃতনা শৈনেয়শরপীড়িতা।
ততঃ প্রায়াৎ স ত্বরিতঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥৮॥
শৃণু রাজন্! যদকরোত্তব সৈন্যেষু বীর্য্যবান্।
অতীত্য স মহারাজ! দ্রোণানীকমহার্ণবম্ ॥৯॥
পরাজিত্য চ সংহৃষ্টঃ কৃতবর্ম্মাণমাহবে।
যন্তারমব্রবীচ্ছূরঃ শনৈর্যাহীত্যসংভ্রমম্ ॥১০॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বা তু তব তৎ সৈন্যং রথাশ্বদ্বিপসঙ্কুলম্।
পদাতিজনসম্পূর্ণমব্রবীৎ সারথিং পুনঃ ॥১১॥
যদেতন্মেঘসঙ্কাশং দ্রোণানীকস্য সব্যতঃ।
সুমহৎ কুঞ্জরানীকং যস্য রুক্মরথো মুখম্ ॥১২॥
এতে হি বহবঃ সূত! দুর্নিবারাশ্চ সংযুগে।
দুর্য্যোধনসমাদিষ্টা মদর্থে ত্যক্তজীবিতাঃ ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। সন্নতপর্বভিঃ বক্রোপান্তদেশৈঃ ॥৭॥
অভজ্যতেতি। পৃতনা কৌরবসেনা। প্রায়াৎ অর্জ্জুনসাহায্যায় প্রাতিষ্ঠত ॥৮॥
শৃণ্বিতি। বীর্য্যবান্ সাত্যকিঃ। যন্তারং সারথিম্। অসংভ্রমং ধীরম্ ॥৯—১০॥
দৃষ্ট্বেতি। রথৈরশ্বৈর্দ্বিপৈর্গজৈশ্চ সঙ্কুলং ব্যাপ্তম্। অব্রবীৎ সাত্যকিরেব ॥১১॥

তৎপরে যথার্থবিক্রমশালী সাত্যকি কৃতবর্ম্মাকে রথবিহীন করিয়া নতপর্ব্ব বাণসমূহদ্বারা কৃতবর্ম্মার সৈন্যপীড়ন করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর কৌরবসৈন্য সাত্যকির বাণে পীড়িত হইয়া বিভক্ত হইল। তখন যথার্থবিক্রমশালী সাত্যকি সত্বর অর্জ্জুনের দিকে প্রস্থান করিলেন ॥৮॥

রাজা! তৎকালে বলবান্ সাত্যকি আপনার সৈন্যমধ্যে যাহা করিলেন, তাহা শ্রবণ করুন। মহারাজ! বীর সাত্যকি দ্রোণসৈন্যরূপ মহাসমুদ্র অতিক্রম করিয়া এবং যুদ্ধে হৃষ্টচিত্তে কৃতবর্ম্মাকে পরাজয় করিয়া ধীরভাবে সারথিকে বলিলেন—'সারথি! তুমি ধীরে ধীরে গমন কর' ॥৯—১০॥

ক্রমে হস্তী, অশ্ব, রথ ও পদাতিজনে পরিপূর্ণ আপনার সেই সৈন্য দেখিয়া তিনি পুনরায় সারথিকে বলিলেন—॥১১॥

'সারথি! দ্রোণসৈন্যের বামদিকে এই যে মেঘের ন্যায় বিশাল হস্তিসৈন্য রহিয়াছে এবং যাহার সম্মুখভাগে স্বর্ণরথারোহী দ্রোণ রহিয়াছেন, ইহার মধ্যে

(১৩)…দুর্নিবার্য্যাশ্চ সংযুগে—নি।

রাজপুত্রা মহেষ্বাসাঃ সর্ব্বে বিক্রান্তযোধিনঃ।
ত্রিগর্ত্তানাং রথোদারাঃ সুবর্ণবিকৃতধ্বজাঃ।
মামেবাভিমুখা বীরা যোৎস্যমানা ব্যবস্থিতাঃ ॥১৪॥ (বিশেষকম্)
অত্র মাং প্রাপয় ক্ষিপ্রমশ্বাংশ্চোদয় সারথে!।
ত্রিগর্ত্তৈঃ সহ যোৎস্যামি ভারদ্বাজস্য পশ্যতঃ ॥১৫॥
ততঃ প্রায়াচ্ছনৈঃ সূতঃ সাত্বতস্য মতে স্থিতঃ।
রথেনাদিত্যবর্ণেন ভাস্বরেণ পতাকিনা ॥১৬॥
তমূহুঃ সারথের্ব্বশ্যা বল্গমানা হয়োত্তমাঃ।
বায়ুবেগসমাঃ সংখ্যে কুন্দেন্দুরজতপ্রভাঃ ॥১৭॥
আপতন্তং রণে তন্তু শঙ্খবর্ণৈর্হয়োত্তমৈঃ।
পরিবব্রুস্ততঃ শূরা গজানীকেন সর্ব্বশঃ।
কিরন্তো বিবিধাংস্তীক্ষ্ণান্ সায়কাল্লঁঘুযোধিনঃ ॥১৮॥

ভারতকৌমুদী

যদিতি। সব্যতো বামতঃ। কুঞ্জরানীকং হস্তিসৈন্যম্, রুক্মরথো দ্রোণঃ, মুখং সম্মুখভাগে তিষ্ঠতীত্যর্থঃ। মদর্থে মন্নিবারণার্থে। রথোদারা মহারথাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১২-১৪॥

অত্রেতি। চোদয় চালয়। ভারদ্বাজস্য দ্রোণস্য ॥১৫॥

তত ইতি। সূতঃ সারথিঃ, সাত্বতস্য সাত্যকেঃ। ভাস্বরেণ উজ্জ্বলেন ॥১৬॥

তমিতি। উহুর্বহন্তি স্ম। বল্গমানা নৃত্যন্ত ইব গচ্ছন্তঃ ॥১৭॥

যুদ্ধে দুর্নিবার বহুতর যোদ্ধা দুর্য্যোধনের আদেশক্রমে আমাকে নিবারণ করিবার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়াছেন; ইঁহারা সকলেই রাজপুত্র, মহাধনুর্দ্ধর, বিক্রমযোধী, ত্রিগর্ত্তদেশীয় মহারথ এবং স্বর্ণখচিতধ্বজ। এই বীরেরা আমার সহিতই যুদ্ধ করিবেন বলিয়া অভিমুখ হইয়া রহিয়াছেন ॥১২—১৪॥

সারথি! সত্বর আমাকে ঐ স্থানে লইয়া চল, ঘোড়াগুলিকে চালাইয়া দাও। আমি দ্রোণের সমক্ষেই ত্রিগর্ত্তদের সহিত যুদ্ধ করিব' ॥১৫॥

তদনন্তর সাত্যকির মতানুবর্ত্তী সারথি সূর্য্যের ন্যায় উজ্জ্বল ও পতাকাযুক্ত রথে ধীরে ধীরে যাইতে লাগিল ॥১৬॥

তখন বায়ুর ন্যায় বেগবান্ এবং কুন্দপুষ্প, চন্দ্র ও রৌপ্যের ন্যায় শুভ্রবর্ণ আর সারথির বশীভূত ও নৃত্যবৎ গমনকারী উত্তম অশ্বগুলি সাত্যকিকে বহন করিতে লাগিল ॥১৭॥

(১৮)…সর্ব্বতঃ…লঘুবেধিনঃ—বা নি।

সাত্বতোঽপি শিতৈর্বাণৈর্গজানীকমযোধয়ৎ।
পর্ব্বতানিব বর্ষেণ তপান্তে জলদো মহান্ ॥১৯॥
বজ্রাশনিসমস্পর্শৈর্ব্বধ্যমানাঃ শরৈর্গজাঃ।
প্রাদ্রবন্ রণমুৎসৃজ্য শিনিবীরসমীরিতৈঃ ॥২০॥
শীর্ণদন্তা বিরুধিরা ভিন্নমস্তকপিণ্ডিকাঃ।
বিশীর্ণকর্ণাস্যকরা বিনিয়ন্তৃপতাকিনঃ ॥২১॥
সংভিন্নবর্ম্মঘণ্টাশ্চ বিনিকৃত্তমহাধ্বজাঃ।
হতারোহা দিশো রাজন্ ! ভেজিরে ভ্রষ্টকম্বলাঃ।
নদন্তো বিবিধান্ নাদান্ জলদোপমনিস্বনাঃ ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

আপতন্তমিতি। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে। লঘুযোধিনঃ শীঘ্রপ্রহারিণঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

সাত্বত ইতি। শিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ। তপান্তে গ্রীষ্মাবসানে ॥১৯॥

বজ্রেতি। অশনির্বিদ্যুৎ। শিনিবীরেণ সাত্যকিনা সমীরিতৈর্নিক্ষিপ্তৈঃ ॥২০॥

শীর্ণেতি। বিরুধিরা বিস্রুতরক্তাঃ, ভিন্না বিদীর্ণা মস্তকপিণ্ডিকাঃ শিরঃকুম্ভা যেষাং তে। বিশীর্ণাঃ ক্ষতাঃ কর্ণৌ আস্যানি মুখানি করাঃ শুণ্ডাশ্চ যেষাং তে, বিগতা নষ্টা নিয়ন্তারশ্চালকাঃ পতাকিনঃ পতাকাযুক্তা দণ্ডাশ্চ যেষাং তে। বিনিকৃত্তাশ্ছিন্না মহাধ্বজা যেষাং তে। হতা আরোহা আরোহিণো যোদ্ধারো যেষাং তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১—২২॥

সাত্যকি শঙ্খের ন্যায় শুভ্রবর্ণ ও উত্তম অশ্বগণের গুণে ক্রমে আসিতে লাগিলে, ত্রিগর্ত্তদেশীয় বীরেরা সকল দিক্ হইতে আসিয়া হস্তিসৈন্যদ্বারা তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥১৮॥

তখন গ্রীষ্মাবসানে বিশাল মেঘ যেমন বর্ষাদ্বারা পর্ব্বতসমূহকে প্রহার করে, সেইরূপ সাত্যকিও সুধার বাণসমূহদ্বারা সেই হস্তিসৈন্যকে প্রহার করিতে লাগিলেন ॥১৯॥

বজ্র ও বিদ্যুতের সমানস্পর্শ সাত্যকিনিক্ষিপ্ত বাণসমূহ যাইয়া আঘাত করিতে লাগিলে, সেই হস্তী সকল রণস্থল ত্যাগ করিয়া পলায়ন করিতে লাগিল ॥২০॥

রাজা! ক্রমে সেগুলির দন্ত ভগ্ন, রক্ত নির্গত, মস্তককুম্ভ বিদীর্ণ, কর্ণ মুখ ও শুণ্ড ক্ষত-বিক্ষত, চালক ও পতাকাদণ্ড বিনষ্ট, বর্ম্ম ও ঘণ্টা বিচ্যুত, বিশাল

---

(২২)...নদন্তো বিবিধান্—পি বা নি।

নারাচৈর্ব্বৎসদন্তৈশ্চ ভল্লৈরঞ্জলিকৈস্তথা।
ক্ষুরপ্রৈরর্দ্ধচন্দ্রৈশ্চ সাত্বতেন বিদারিতাঃ ॥২৩॥
ক্ষরন্তোঽসৃক্ তথা মূত্রং পুরীষঞ্চ প্রদুদ্রুবুঃ।
বভ্রমুশ্চস্খলুশ্চান্যে পেতুর্মম্লুস্তথাপরে ॥২৪॥ (যুগ্মকম্)
এবং তৎ কুঞ্জরানীকং যুযুধানেন তাপিতম্।
শরৈরগ্ন্যর্কসঙ্কাশৈঃ প্রদুদ্রাব সমন্ততঃ ॥২৫॥
তস্মিন্ হতে গজানীকে জলসন্ধো মহাবলঃ।
যত্তঃ সংপ্রাপয়ন্নাগং রজতাশ্বরথং প্রতি ॥২৬॥
রুক্মবর্ণরথঃ শূরস্তপনীয়াঙ্গদঃ শুচিঃ।
কুণ্ডলী মুকুটী শঙ্খী রক্তচন্দনরূষিতঃ ॥২৭॥
শিরসা ধারয়ন্ দীপ্তাং তপনীয়ময়ীং স্রজম্।
উরসা ধারয়ন্ নিষ্কং কণ্ঠসূত্রঞ্চ ভাস্বরম্ ॥২৮॥

ভারতকৌমুদী

নারাচৈরিতি। নারাচাদীনি তদানীন্তনাস্ত্রাণি। সাত্বতেন সাত্যকিনা। ক্ষরন্তো দেহান্নিঃসারয়ন্তঃ, অসৃক্ রক্তম্। পুরীষং গূথম্। মম্লু র্বিষেদুঃ ॥২৩—২৪॥

এবমিতি। যুযুধানেন সাত্যকিনা। প্রদুদ্রাব পলায়াঞ্চক্রে ॥২৫॥

তস্মিন্নিতি। যত্তো যুদ্ধে যত্নবান্। রজতাশ্বঃ সাত্যকিস্তস্য রথম্ ॥২৬॥

ধ্বজ ছিন্ন, আরোহী যোদ্ধারা নিহত এবং পৃষ্ঠের কম্বলগুলি নিপতিত হইতে থাকিলে, মেঘের ন্যায় গম্ভীরস্বর সেই হস্তী সকল বহুবিধ শব্দ করিতে থাকিয়া নানাদিকে পলায়ন করিতে থাকিল ॥২১—২২॥

নারাচ, বৎসদন্ত, ভল্ল, অঞ্জলিক, ক্ষুরপ্র ও অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সাত্যকি বিদারণ করিতে লাগিলে, অপরাপর হস্তী রক্ত, মূত্র ও বিষ্ঠা নিঃসারণ করিতে করিতে পলায়ন করিতে লাগিল। আর কতকগুলি ভ্রমণ করিতে থাকিল, কতকগুলি স্খলিত হইল, কতকগুলি পড়িয়া গেল এবং কতকগুলি অবসন্ন হইয়া পড়িল ॥২৩—২৪॥

এইভাবে সাত্যকি অগ্নি ও সূর্য্যের তুল্য বাণদ্বারা পীড়ন করিতে লাগিলে, সেই হস্তীসৈন্য সকল দিকে ছুটাছুটি করিতে লাগিল ॥২৫॥

এইরূপে সেই হস্তিসৈন্য নিহত হইতে থাকিলে, মহাবল জলসন্ধ যুদ্ধে যত্নবান্ হইয়া সাত্যকির রথের দিকে হস্তী চালাইয়া দিলেন ॥২৬॥

---

(২৫)···যুযুধানেন পীড়িতম্—বা নি।

চাপঞ্চ রুক্মবিকৃতং বিধুন্বন্ গজমূর্দ্ধনি।
অশোভত মহারাজ! সবিদ্যুদিব তোয়দঃ ॥২৯॥ (বিশেষকম্)
তমাপতন্তং সহসা মাগধস্য গজোত্তমম্।
সাত্যকির্ব্বারয়ামাস বেলেবোদ্ধতমর্ণবম্ ॥৩০॥
নাগং নিবারিতং দৃষ্ট্বা শৈনেয়স্য শরোত্তমৈঃ।
অক্রুধ্যত মহারাজ! জলসন্ধো মহাবলঃ ॥৩১॥
ততঃ ক্রুদ্ধো মহাবাহুর্মার্গণৈর্ভারসাধনৈঃ।
অবিধ্যত শিনেঃ পৌত্রং জলসন্ধো মহোরসি ॥৩২॥
ততোঽপরেণ ভল্লেন পীতেন নিশিতেন চ।
অস্যতো বৃষ্ণিবীরস্য নিচকর্ত্ত শরাসনম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

অদ্যেতি। যোধমুখ্যান্ কৌরবযোদ্ধশ্রেষ্ঠান্। পশ্চাত্তাপমনুতাপম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১০॥ বিশ্রম্ভয়ন্ আশ্বাসয়ন্ ॥১১—২৪॥ শ্বেতাশ্বস্য সকাশে কৃতমভ্যস্তং মার্গমস্ত্রশিক্ষামাচার্য্যস্য দ্রোণস্য দর্শয়িষ্যামীত্যন্বয়ঃ। অথবা আচার্য্যস্য বিদ্যোপদেষ্টুঃ শ্বেতাশ্বস্য

সাত্যকি বলিলেন—'সারথি! ইন্দ্র যেমন দানবগণকে বধ করিয়াছিলেন, সেইরূপ আমি এই মুণ্ডিতমস্তক কাম্বোজগণকে বধ করিব এবং প্রতিজ্ঞা রক্ষা করিব। অতএব আমাকে কাম্বোজগণের দিকেই লইয়া চল। আমি আজ ইহাদিগকে মর্দ্দন করিয়া সত্বর অর্জ্জুনের নিকট যাইব ॥২২॥

সারথি! মুণ্ডিতমস্তক কাম্বোজসৈন্য নিহত এবং অন্য সকল পরাজিত হইলে, দুর্য্যোধনের সহিত কৌরবেরা আজ আমার শক্তি দেখিবেন ॥২৩॥

আজ যুদ্ধে কৌরবসৈন্য ভগ্ন হইলে, তাহাদের নানাপ্রকার আর্ত্তনাদ শুনিয়া দুর্য্যোধন সন্তপ্ত হইবে ॥২৪॥

আমার অস্ত্রগুরু, পাণ্ডবশ্রেষ্ঠ এবং মহাত্মা অর্জ্জুনের কৃত পথ আজ আমি যুদ্ধে দর্শন করাইব ॥২৫॥

আজ সহস্র সহস্র প্রধান যোদ্ধাকে আমার বাণে নিহত দেখিয়া রাজা দুর্য্যোধন অনুতপ্ত হইবে ॥২৬॥

(২৩)...সূত! সর্ব্বসৈন্যেষু চাসকৃৎ—নি। (২৫)...আচার্য্যককৃতং মার্গং—বা নি।

অদ্য মে ক্ষিপ্রহস্তস্য ক্ষিপতঃ সায়কোত্তমান্।
অলাতচক্রপ্রতিমং ধনুর্দ্রক্ষ্যন্তি কৌরবাঃ ॥২৭॥
মৎসায়কচিতাঙ্গানাং রুধিরং স্রবতাং বহু।
সৈনিকানাং বধং দৃষ্ট্বা সন্তপ্স্যতি সুযোধনঃ ॥২৮॥
অদ্য মে ক্রুদ্ধরূপস্য নিঘ্নতশ্চ বরান্ বরান্।
দ্বিরর্জ্জুনমিমং লোকং মংস্যতে স সুযোধনঃ ॥২৯॥
অদ্য রাজসহস্রাণি নিহতানি ময়া রণে।
দৃষ্ট্বা সুযোধনো রাজা সন্তপ্স্যতি মহামৃধে ॥৩০॥
অদ্য স্নেহঞ্চ ভক্তিঞ্চ পাণ্ডবেষু মহাত্মসু।
হত্বা রাজসহস্রাণি দর্শয়িষ্যামি রাজসু।
বলং বীর্য্যং কৃতজ্ঞত্বং মম জ্ঞাস্যন্তি কৌরবাঃ ॥৩১॥

ভারতকৌমুদী

অদ্যেতি। অলাতচক্রং ঘূর্ণিতাগ্নিসংশ্লিষ্টং কাষ্ঠং তৎপ্রতিমম্ ॥২৭॥
মদিতি। মম সায়কৈশ্চিতানি ব্যাপ্তানি অঙ্গানি যেষাং তেষাম্ ॥২৮॥
অদ্যেতি। মংস্যতে সম্ভাবয়িষ্যতি, মমাপ্যর্জ্জুনতুল্যত্বমননাদিত্যাশয়ঃ ॥২৯॥
অদ্যেতি। মহামৃধে মহাযুদ্ধে ॥৩০॥
অদ্যেতি। বলং দৈহিকীং শক্তিম্, বীর্য্যঞ্চ মানসিকীং শক্তিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

আজ আমি যখন দ্রুতহস্তে উত্তম উত্তম বাণ নিক্ষেপ করিব, তখন অগ্নিসংযুক্ত ঘূর্ণিত কাষ্ঠের ন্যায় আমার ধনুখানাকে কৌরবেরা দর্শন করিবে ॥২৭॥

আমার বাণে সমস্ত অঙ্গ ব্যাপ্ত হইয়া যাইবে এবং প্রচুর রক্ত নির্গত হইতে থাকিবে, সেই অবস্থায় সৈন্যগণের বধ দেখিয়া দুর্য্যোধন সন্তপ্ত হইবে ॥২৮॥

আজ আমি ক্রুদ্ধ হইয়া প্রধান প্রধান যোদ্ধাকে বধ করিতে লাগিলে, দুর্য্যোধন এই জগতে দুই জন অর্জ্জুন আছে বলিয়া মনে করিবে ॥২৯॥

আজ আমি যুদ্ধে সহস্র সহস্র রাজাকে বধ করিয়াছি দেখিয়া রাজা দুর্য্যোধন মহাযুদ্ধমধ্যেই সন্তাপ করিতে থাকিবে ॥৩০॥

আজ আমি বহুসহস্র রাজাকে বধ করিয়া অবশিষ্ট রাজাদের নিকটে মহাত্মা পাণ্ডবদিগের উপরে আমার স্নেহ ও ভক্তি দেখাইব এবং আজ

(২৯)...মংস্যতেঽদ্য সুযোধনঃ—বা,...দ্বিরর্জ্জুনমিমং লোকং মংস্যতেঽদ্য সুযোধনঃ—নি।

সঞ্জয় উবাচ।

এবমুক্তস্তদা সূতঃ শিক্ষিতান্ সাধুবাহিনঃ।
শশাঙ্কসন্নিকাশান্ বৈ বাজিনোঽচূচুদদ্ভৃশম্ ॥৩২॥
তে পিবন্ত ইবাকাশং যুযুধানং হয়োত্তমাঃ।
প্রাপয়ন্ যবনান্ শীঘ্রং মনঃপবনরংহসঃ ॥৩৩॥
সাত্যকিং তে সমাসাদ্য পৃতনাস্বনিবর্ত্তিনম্।
বহবো লঘুহস্তাশ্চ শরবর্ষৈরবাকিরন্ ॥৩৪॥
তেষামিষূনথাস্ত্রাণি বেগবান্ নতপর্ব্বভিঃ।
অচ্ছিনৎ সাত্যকী রাজন্! নৈনং তে প্রাপ্নুবন্ শরাঃ ॥৩৫॥
রুক্মপুঙ্খৈঃ সুনিশিতৈর্গার্দ্ধ্রপত্রৈরজিহ্মগৈঃ।
উচ্চকর্ত্ত শিরাংস্যুগ্রো যবনানাং ভুজানপি ॥৩৬॥

ভারতকৌমুদী

এবমিতি। সূতঃ সারথিঃ। বাজিনঃ অশ্বান্, অচূচুদৎ চালিতবান্ ॥৩২॥
ত ইতি। মনঃপবনয়ো রংহ ইব রংহো বেগো যেষাং তে ॥৩৩॥
সাত্যকিমিতি। পৃতনাসু স্বসেনাসু। অবাকিরন্ আবৃণ্বন্ ॥৩৪॥
তেষামিতি। ইষূন্ বাণান্। নতপর্ব্বভির্বাণৈঃ। এনং সাত্যকিম্ ॥৩৫॥
রুক্মেতি। গৃধ্রাণাং পক্ষিণামিমানীতি গার্দ্ধ্রাণি পত্রাণি পক্ষা যেষু তৈঃ ॥৩৬॥

কৌরবেরা আমার দৈহিক বল, মানসিক বল ও কৃতজ্ঞতা বুঝিতে পারিবে' ॥৩১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সাত্যকি এইরূপ বলিলে, তখন তাঁহার সারথি শিক্ষিত, সম্যক্ বহনকারী ও চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ অশ্বগুলিকে বেগে চালাইয়া দিল ॥৩২॥

ক্রমে মন ও বায়ুর ন্যায় বেগবান্ সেই অশ্বগণ যেন আকাশ পান করিতে থাকিয়া সত্বরই সাত্যকিকে যবনসৈন্যের নিকটে লইয়া গেল ॥৩৩॥

লঘুহস্ত সেই বহুতর যবন অনিবর্ত্তী সাত্যকিকে আপন সৈন্যের নিকটে পাইয়া বাণবর্ষণদ্বারা তাঁহাকে আবৃত করিল ॥৩৪॥

রাজা! তাহার পর বেগবান্ সাত্যকি নতপর্ব্ব বাণসমূহদ্বারা তাহাদের বাণ ও অন্যান্য অস্ত্র সকল ছেদন করিলেন। সুতরাং সে বাণ বা অস্ত্র তাঁহার নিকট গমন করিতে পারিল না ॥৩৫॥

(৩২)…ব্যচূচুদদ্ভৃশম্—বা নি। (৩৩)…প্রাপয়ন্ জবনাঃ শীঘ্রং যবনান্ বাতরংহসঃ—বা নি।

শৈক্যায়সানি বর্ম্মাণি কাংস্যানি চ সমন্ততঃ।
ভিত্ত্বা দেহাংস্তথা তেষাং শরা জগ্মুর্মহীতলম্ ॥৩৭॥
তে হন্যমানা বীরেণ ম্লেচ্ছাঃ সাত্যকিনা রণে।
শতশো ন্যপতন্ রাজন্! ব্যসবো বসুধাতলে ॥৩৮॥
সুপূর্ণায়তনির্ম্মুক্তৈরব্যবচ্ছিন্নপিণ্ডিতৈঃ।
পঞ্চ ষট্ সপ্ত চাষ্টৌ চ চিচ্ছেদ যুগপচ্ছরৈঃ ॥৩৯॥
হতৈর্যবনকাম্বোজৈঃ কিরাতৈঃ সহবর্ব্বরৈঃ।
পদাতিভিশ্চ বীরেণ সাত্বতেন হতৈ রণে ॥৪০॥
পতিতৈরভবন্ রাজন্! সংবৃতা রণভূময়ঃ।
এবং তদ্‌যবনানীকং হত্বা চ্ছিত্ত্বা চ মাধবঃ ॥৪১॥

ভারতকৌমুদী

শৈক্যেতি। শৈক্যায়সানি লৌহসারনির্ম্মিতানি, কাংস্যানি তন্নির্ম্মিতানি চ ॥৩৭॥

ত ইতি। ম্লেচ্ছাস্তে যবনাঃ। ব্যসবো বিগতপ্রাণাঃ সন্তঃ ॥৩৮॥

সুপূর্ণেতি। সুপূর্ণং যথা স্যাত্তথা আয়তেন আকৃষ্টেন ধনুষা নির্ম্মুক্তৈর্নিক্ষিপ্তৈঃ, তথা অব্যবচ্ছিন্না অবিশ্লিষ্টা অতএব পিণ্ডিতাঃ সংহতাস্তৈঃ। চিচ্ছেদ সাত্যকিঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

দর্শয়িষ্যামীতি সামান্যকর্ম্মকম্ ॥২৫—২৮॥ দ্বিরর্জ্জুনং দ্বাবর্জ্জুনৌ যত্র নৈরুক্তো বর্ণাগমঃ ॥২৯—৩৬॥ শৈক্যায়সানি শোণিতায়োময়ানি ॥৩৭—৩৮॥ সুপূর্ণায়তনির্ম্মুক্তৈরাকর্ণজ্যাস্য সৃষ্টৈঃ অব্যবচ্ছিন্নপিণ্ডিতৈঃ অনবচ্ছিন্নসংহতৈঃ ॥৩৯—৫১॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৩॥

ক্রমে উগ্রমূর্ত্তি সাত্যকি স্বর্ণপুঙ্খ, সুধার ও গৃধ্রপক্ষযুক্ত বাণসমূহদ্বারা যবনগণের মস্তক ও বাহু সকল ছেদন করিতে লাগিলেন ॥৩৬॥

সাত্যকির বাণগুলি যবনগণের লৌহসার (ইস্পাত) ও কাংস্যনির্ম্মিত বর্ম্ম ও দেহ সকল ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিতে থাকিল ॥৩৭॥

রাজা! মহাবীর সাত্যকি যুদ্ধে বধ করিতে লাগিলে, সেই শত শত যবন প্রাণহীন হইয়া ভূতলে পতিত হইতে লাগিল ॥৩৮॥

সাত্যকি সম্পূর্ণ আকৃষ্ট কার্ম্মুক-নিক্ষিপ্ত এবং অবিচ্ছিন্নমিলিত বাণসমূহদ্বারা একদাই পাঁচ, ছয়, সাত ও আট জন করিয়া শত্রু ছেদন করিতে লাগিলেন ॥৩৯॥

---

(৩৯) সুপূর্ণায়তমুক্তৈস্তান—বা নি। ইতঃ পরং পুস্তকভেদ এব ভিন্নঃ পাঠঃ।

অগম্যরূপাং পৃথিবীং মাংসশোণিতকর্দ্দমাম্।
কৃতবাংস্তত্র শৈনেয়ঃ ক্ষপয়ংস্তাবকং বলম্ ॥৪২॥ (বিশেষকম্)
দস্যূনাং সশিরস্ত্রাণৈঃ শিরোভির্লূনমূর্দ্ধজৈঃ।
তত্র তত্র মহী কীর্ণা বিবর্হৈরণ্ডজৈরিব ॥৪৩॥
রুধিরোক্ষিতসর্ব্বাঙ্গৈস্তৈস্তদায়োধনং বভৌ।
কবন্ধৈঃ সংবৃতং সর্ব্বং তাম্রাভ্রৈঃ খমিবাবৃতম্ ॥৪৪॥
বজ্রাশনিসমস্পর্শৈঃ সুপর্ব্বভিরজিহ্মগৈঃ।
তে সাশ্বযানা নিহতাঃ সমাবব্রুর্বসুন্ধরাম্ ॥৪৫॥
অল্পাবশিষ্টাঃ সংভগ্নাঃ কৃচ্ছ্রপ্রাণা বিচেতসঃ।
জিতাঃ সংখ্যে মহারাজ! যুযুধানেন দংশিতাঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

হতৈরিতি। সাত্বতেন সাত্যকিনা। মাধবঃ সাত্যকিঃ। পৃথিবীং রণভূমিম্ ॥৪০—৪২॥
দস্যূনামিতি। লূনমূর্দ্ধজৈশ্ছিন্নকেশৈঃ। বিবর্হৈঃ পুচ্ছশূন্যৈঃ, অণ্ডজৈঃ পক্ষিভিঃ ॥৪৩॥
রুধিরেতি। আয়োধনং রণস্থলম্। তাম্রাভ্রৈ রক্তবর্ণমেঘৈঃ, খমাকাশম্ ॥৪৪॥
বজ্রেতি। অশনির্বিদ্যুৎ। অজিহ্মগৈর্বাণৈঃ। অশ্বৈর্যানৈশ্চ সহেতি তে ॥৪৫॥
অল্পেতি। সংভগ্নাঃ সংঘচ্যুতাঃ, কৃচ্ছ্রাঃ কষ্টরক্ষ্যাঃ প্রাণা যেষাং তে, বিচেতসো বিষণ্ণচিত্তাঃ। সংখ্যে যুদ্ধে, যুযুধানেন সাত্যকিনা, দংশিতাঃ কৃতসন্নাহাঃ ॥৪৬॥

রাজা! মহাবীর-সাত্যকিকর্ত্তৃক নিহত ও পতিত যবন, কাম্বোজ ও কিরাতজাতীয় পদাতিগণে রণভূমি আবৃত হইয়া গেল। এই ভাবে মধুবংশীয় সাত্যকি সেই যবন-সৈন্য বধ ও ছেদন করিয়া এবং আপনার অপর সৈন্য সংহার করিতে থাকিয়া মাংস ও রক্তের কর্দ্দমে সমরভূমিকে অগম্য করিয়া ফেলিলেন ॥৪০—৪২॥

পুচ্ছশূন্য পক্ষীর ন্যায় সেই দস্যুগণের শিরস্ত্রাণযুক্ত মুণ্ডিত মস্তকে সেই সেই স্থানে সমরভূমি ব্যাপ্ত হইয়া পড়িল ॥৪৩॥

তাম্রবর্ণ মেঘে আবৃত আকাশের ন্যায় সেই সমগ্র রণস্থলটাই রক্তসিক্তদেহ কবন্ধে আবৃত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৪৪॥

বজ্র ও বিদ্যুতের ন্যায় তীক্ষ্ণস্পর্শ ও সুন্দরপর্ব্বযুক্ত সাত্যকির বাণে নিহত এবং অশ্ব ও যানের সহিত পতিত হইয়া সেই যবনেরা সমরভূমিটাকে আবৃত করিয়া ফেলিল ॥৪৫॥

(৪২)…ক্ষয়য়ংস্তাবকং বলম্—পি বঙ্গ বৰ্দ্ধ। (৪৩)…দীর্ঘকূর্চ্চৈর্মহীকীর্ণা—বা নি। (৪৫) দীপ্তাশনিসমস্পর্শৈঃ—পি।

পার্ষ্ণিভিশ্চ কশাভিশ্চ তাড়য়ন্তস্তুরঙ্গমান্।
জবমুত্তমমাস্থায় সর্ব্বতঃ প্রাদ্রবন্ ভয়াৎ ॥৪৭॥
কাম্বোজসৈন্যং বিদ্রাব্য দুর্জ্জয়ং যুধি ভারত!।
যবনানাঞ্চ তৎসৈন্যং শকানাঞ্চ মহদ্বলম্ ॥৪৮॥
ততঃ স পুরুষব্যাঘ্রঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
প্রহৃষ্টস্তাবকান্ জিত্বা সূতাং যাহীত্যচোদয়ৎ ॥৪৯॥ (যুগ্মকম্)
তত্তস্য সমরে কর্ম্ম দৃষ্ট্বান্যৈরকৃতং পুরা।
চারণাঃ সহগন্ধর্ব্বাঃ পূজয়াঞ্চক্রিরে ভৃশম্ ॥৫০॥
তং যান্তং পৃষ্ঠগোপ্তারমর্জ্জুনস্য মহামৃধে।
ন কেচিদভ্যবর্ত্তন্ত তাবকা বৃষ্ণিনন্দনম্ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে যবনপরাজয়ে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পার্ষ্ণিভিরিতি। পার্ষ্ণিভিঃ পাদমূলৈঃ। জবং বেগম্। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪৭॥
কাম্বোজেতি। বিদ্রাব্য পরাজিত্য। সূতং সারথিম্। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৪৮—৪৯॥
তদিতি। পূজয়াঞ্চক্রিরে সাত্যকিং প্রশশংসুঃ ॥৫০॥

মহারাজ! সাত্যকি যুদ্ধে অল্পাবশিষ্ট, সংঘচ্যুত, কষ্টরক্ষ্যপ্রাণ, বিষণ্ণচিত্ত এবং সন্নদ্ধ সৈন্যগণকেও জয় করিলেন ॥৪৬॥

তখন তাহারা পার্ষ্ণি (পায়ের গোড়ালি) ও কশাদ্বারা অশ্বগণকে তাড়ন করিতে থাকিয়া অত্যন্ত বেগ অবলম্বন করিয়া ভয়ে সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥৪৭॥

ভরতনন্দন! তাহার পর যথার্থবিক্রমশালী পুরুষশ্রেষ্ঠ সাত্যকি যুদ্ধে দুর্জ্জয় কাম্বোজসৈন্য, যবনসৈন্য, বিশাল শকসৈন্য এবং আপনার অন্যান্য সৈন্যকে জয় করিয়া আনন্দিত হইয়া 'যাও' বলিয়া সারথিকে আদেশ করিলেন ॥৪৮—৪৯॥

তখন পূর্ব্বে যুদ্ধে অন্যের অকৃত সাত্যকির সেই কার্য্য দেখিয়া গন্ধর্ব্বগণ ও চারণগণ সাত্যকির অত্যন্ত প্রশংসা করিতে লাগিলেন ॥৫০॥

(৫১)...অর্জ্জুনস্য বিশাংপতে!। চারণাঃ প্রেক্ষ্য সংহৃষ্টাস্তদীয়াশ্চাভ্যপূজয়ন্—বা নি। *সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বা বা নি।

চতুরধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

জিত্বা যবনকাম্বোজান্ যুযুধানস্ততোঽর্জ্জুনম্।
জগাম তব সৈন্যস্য মধ্যেন রথিনাং বরঃ ॥১॥
শরদংষ্ট্রো নরব্যাঘ্রো বিচিত্রকবচধ্বজঃ।
মৃগান্ ব্যাঘ্র ইবাজিঘ্রংস্তব সৈন্যমভীষয়ৎ ॥২॥
স রথেন চরন্ মার্গান্ ধনুরভ্রাময়দ্ভৃশম্।
রুক্মপৃষ্ঠং মহাবেগং রুক্মচন্দ্রকসঙ্কুলম্ ॥৩॥

ভারতকৌমুদী

তমিতি। পৃষ্ঠগোপ্তারং পৃষ্ঠরক্ষকম্। অভ্যবর্ত্তন্ত অভ্যাগচ্ছন্ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

জিত্বেতি। যুযুধানঃ সাত্যকিঃ, অর্জ্জুনং প্রতি জগাম ॥১॥

শরেতি। শরা দংষ্ট্রা দন্তশ্রেণিরিব যস্য সঃ, নরব্যাঘ্রো নরশ্রেষ্ঠঃ ॥২॥

স ইতি। রুক্মপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্, রুক্মচন্দ্রকৈঃ স্বর্ণচন্দ্রচিহ্নৈঃ সঙ্কুলং ব্যাপ্তম্ ॥৩॥

বৃষ্ণিনন্দন সাত্যকি মহাযুদ্ধে অর্জ্জুনের পৃষ্ঠরক্ষক হইয়া যাইতে লাগিলে, আপনার পক্ষের কেহই তাঁহার অভিমুখে যাইতে পারিল না' ॥৫১॥

—:*:—

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর রথিশ্রেষ্ঠ সাত্যকি যবন ও কাম্বোজপ্রভৃতি যোদ্ধাদিগকে জয় করিয়া আপনার সৈন্যের মধ্য দিয়াই অর্জ্জুনের দিকে গমন করিতে লাগিলেন ॥১॥

দন্তশ্রেণির ন্যায় বাণশালী এবং বিচিত্রকবচ ও বিচিত্র ধ্বজযুক্ত নরশ্রেষ্ঠ সাত্যকি—ব্যাঘ্র যেমন হরিণগণের ঘ্রাণ লইয়াই সেগুলির ভয় উৎপাদন করে, সেইরূপ আপনার সৈন্যগণের প্রতি দৃষ্টিপাত করিয়াই তাহাদের ভয় উৎপাদন করিতে লাগিলেন ॥২॥

---

(২) চারুদংষ্ট্রঃ—বা, ...বিচিত্রকবচচ্ছবিঃ—নি।

রুক্মাঙ্গদশিরস্ত্রাণো রুক্মবর্ম্মসমাবৃতঃ।
রুক্মধ্বজবরঃ শূরো মেরুশৃঙ্গমিবাবভৌ ॥৪॥
স ধনুর্মণ্ডলঃ সংখ্যে তেজোভাস্বররশ্মিবান্।
শরদীবোদিতঃ সূর্য্যো নৃসূর্য্যো বিররাজ হ ॥৫॥
বৃষভস্কন্ধবিক্রান্তো বৃষভাক্ষো নরর্ষভঃ।
তাবকানাং বভৌ মধ্যে গবাং মধ্যে যথা বৃষঃ ॥৬॥
মত্তদ্বিরদসঙ্কাশং মত্তদ্বিরদগামিনম্।
প্রভিন্নমিব মাতঙ্গং যূথমধ্যে ব্যবস্থিতম্।
ব্যাঘ্রা ইব জিঘাংসন্তস্ত্বদীয়া ব্যদ্রবন্ রণে ॥৭॥

ভারতকৌমুদী

রুক্মেতি। রুক্মং স্বর্ণখচিতো ধ্বজবরো যস্য সঃ। মেরুশৃঙ্গমিব স্বর্ণময়ত্বাৎ ॥৪॥

স ইতি। তেজো ভাস্বঃরশ্মিরিব উজ্জলকিরণ ইবাস্যাস্তীতি সঃ। মোপধত্বাদ্বত্বঃ প্রশংসার্থে। অতএব তদর্থস্য বহুব্রীহিণা দ্যোতয়িতুমশক্যত্বাৎ "ন কর্ম্মধারয়াম্মত্বর্থীয়ো বহুব্রীহিশ্চেদর্থপ্রতিপত্তিকরঃ" ইতি নিষেধস্য ন বিষয়ঃ। এতচ্চাস্মাভির্বহুধা বিবৃতং নৈষধচরিত-টীকায়াং মালতীমাধবটীকায়াঞ্চ। অত্র নিয়ামকাভাবাদুপমিতসমাসো রূপকসমাসো বা ॥৫॥

বৃষভেতি। বৃষভস্যেব স্কন্ধৌ যস্য স চাসৌ বিক্রান্তশ্চেতি সঃ ॥৬॥

মত্তেতি। প্রভিন্নং মদস্রাবিণম্। ব্যদ্রবন্ অভ্যধাবন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

সাত্যকি রথারোহণে গন্তব্য পথে গমন করিতে থাকিয়া স্বর্ণখচিতপৃষ্ঠ, মহাবেগশালী ও চন্দ্রাকার-স্বর্ণচিহ্নযুক্ত ধনুখানাকে অত্যন্ত ভ্রমণ করাইতে থাকিলেন ॥৩॥

স্বর্ণকেয়ূর ও স্বর্ণশিরস্ত্রাণধারী, স্বর্ণবর্ম্মাবৃতদেহ ও স্বর্ণখচিতধ্বজযুক্ত সাত্যকি তৎকালে সুমেরুপর্ব্বতের শৃঙ্গের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৪॥

মনুষ্যমধ্যে সূর্য্যসদৃশ সাত্যকি তখন শরৎকালোদিত সূর্য্যের ন্যায় সমরাঙ্গনে প্রকাশ পাইতে লাগিলেন। কারণ, ধনু ছিল তাঁহার মণ্ডলতুল্য এবং তেজ ছিল উজ্জ্বল রশ্মির সদৃশ ॥৫॥

বৃষের তুল্য উন্নত স্কন্ধ ও বিশালনয়ন এবং বিক্রমশালী নরশ্রেষ্ঠ সাত্যকি তখন গোমধ্যে বৃষের ন্যায় আপনার সৈন্যমধ্যে প্রকাশ পাইতে থাকিলেন ॥৬॥

মহারাজ! ক্রমে আপনার পক্ষের যোদ্ধারা—মত্তহস্তীর ন্যায় বলবান্, মত্তহস্তীর তুল্য মন্থরগামী এবং যূথমধ্যে অবস্থিত মদস্রাবী হস্তীর সদৃশ

---

(৫)…তেজোভাস্বররশ্মিবান্—পি বা,…তেজোভাস্বররশ্মিমান্ দ্বিসূর্য্যঃ—বঙ্গ বং। (৭)… ব্যাঘ্রা ইব জিঘাংসন্তঃ—বা নি।

দ্রোণানীকমতিক্রান্তং ভোজানীকঞ্চ দুস্তরম্।
জলসন্ধার্ণবং তীর্ত্বা কাম্বোজানাঞ্চ বাহিনীম্ ॥৮॥
হার্দ্দিক্যমকরাম্মুক্তং তীর্ণং বৈ সৈন্যসাগরম্।
পরিবব্রুঃ সুসংক্রুদ্ধাস্ত্বদীয়াঃ সাত্যকিং রথাঃ ॥৯॥ (যুগ্মকম্)
দুর্য্যোধনশ্চিত্রসেনো দুঃশাসনবিবিংশতী।
শকুনির্দুঃসহশ্চৈব তথা দুর্ম্মর্ষণঃ ক্রথঃ ॥১০॥
অন্যে চ বহবঃ শূরাঃ শস্ত্রবন্তো দুরাসদাঃ।
পৃষ্ঠতঃ সাত্যকিং যান্তমন্বধাবন্নমর্ষিতাঃ ॥১১॥ (যুগ্মকম্)
অথ শব্দো মহানাসীত্তব সৈন্যস্য মারিষ!।
মারুতোদ্ধূতবেগস্য সাগরস্যেব পর্ব্বণি ॥১২॥
তানভিদ্রবতঃ সর্ব্বান্ সমীক্ষ্য শিনিপুঙ্গবঃ।
শনৈর্যাহীতি যন্তারমব্রবীৎ প্রহসন্নিব ॥১৩॥

ভারতকৌমুদী

দ্রোণেতি। তীর্ত্বা স্থিতমিতি শেষঃ। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে ॥৮—৯॥
দুর্য্যোধনেতি। ক্রথো নাম বীরঃ। অমর্ষিতাঃ ক্রুদ্ধাঃ ॥১০—১১॥
অথেতি। মারুতোদ্ধূতবেগস্য বায়ুৎপাদিতবেগস্য, পর্ব্বণি পূর্ণিমামাবাস্যয়োঃ ॥১২॥
তানিতি। অভিদ্রবতঃ অভিধাবতঃ যন্তারং সারথিম্ ॥১৩॥

গর্ব্বিত সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া ব্যাঘ্রগণের ন্যায় যুদ্ধে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৭॥

সে সময়ে সাত্যকি দুস্তর দ্রোণসৈন্য ও ভোজসৈন্য অতিক্রম করিয়াছিলেন, সমুদ্রতুল্য জলসন্ধকে ও কাম্বোজসৈন্যকে উত্তীর্ণ হইয়াছিলেন এবং কৃতবর্ম্মরূপ মকর ও অন্যসৈন্যরূপ সমুদ্র হইতে মুক্ত হইয়া আসিয়াছিলেন; কিন্তু তথাপি আপনার পক্ষের অপর রথীরা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যাইয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৮—৯॥

আবার দুর্য্যোধন, চিত্রসেন, দুঃশাসন, বিবিংশতি, শকুনি, দুঃসহ, দুর্ম্মর্ষণ ও ক্রথ এবং অন্যও বহুতর অস্ত্রধারী দুর্দ্ধর্ষ বীর ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনের দিকে গমনকারী সাত্যকির পিছনে ধাবিত হইলেন ॥১০—১১॥

মাননীয় রাজা! তাহার পর পূর্ণিমা বা অমাবস্যায় বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় আপনার সৈন্যমধ্যে বিশাল কোলাহল হইতে লাগিল ॥১২॥

(১০)···যুবা দুর্ধর্ষণঃ ক্রথঃ—নি। (১১)···অন্বধাবন্নমর্ষিণঃ—নি।

ইদমেতি সমুদ্ধূতং ধার্ত্তরাষ্ট্রস্য বৈ বলম্।
মামেবাভিমুখং তূর্ণং গজাশ্বরথপত্তিমৎ ॥১৪॥
নাদয়দ্বৈ দিশঃ সর্ব্বা রথঘোষেণ সারথে!।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ কম্পয়ৎ সাগরানপি ॥১৫॥ (যুগ্মকম্)
এবং বলার্ণবং তাত! বারয়িষ্যে মহারণে।
পৌর্ণমাস্যামিবোদ্ধূতং বেলেব সলিলার্ণবম্ ॥১৬॥
পশ্য মে সূত! বিক্রান্তমিন্দ্রস্যেব মহামৃধে।
এষ সৈন্যানি শত্রূণাং বিধমামি শিতৈঃ শরৈঃ ॥১৭॥
নিহতানাহবে পশ্য পদাত্যশ্বরথদ্বিপান্।
মচ্ছরৈরগ্নিসঙ্কাশৈর্বিবদ্ধদেহান্ সহস্রশঃ ॥১৮॥
ইত্যেবং ব্রুবতস্তস্য সাত্যকেরমিতৌজসঃ।
সমীপে সৈনিকাস্তে তু শীঘ্রমীয়ুর্যুযুৎসবঃ।
জহ্যাদ্রব ক্ষিপ প্রৈহি চ্ছিন্ধি ভিন্ধীতিবাদিনঃ ॥১৯॥

ভারতকৌমুদী

ইদমিতি। সমুদ্ধূতমুদ্বেলিতম্। সাগরান্ কম্পয়দপীতি সম্বন্ধঃ ॥১৪—১৫॥

এবমিতি। বেলা তীরম্। এক ইবশব্দঃ সম্ভাবনায়ামপরঃ সাদৃশ্যে ॥১৬॥

পশ্যেতি। বিক্রান্তং বিক্রমম্, মহামৃধে মহাযুদ্ধে। বিধমামি বিনাশয়ামি ॥১৭॥

নিহতানিতি। আহবে যুদ্ধে। বিদ্ধদেহান্ বিদীর্ণশরীরান্ ॥১৮॥

তাঁহারা সকলে অভিমুখে ধাবিত হইয়াছেন দেখিয়া শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি হাসিতে হাসিতেই যেন সারথিকে বলিলেন—'ধীরে ধীরে যাও' ॥১৩॥

'সারথি! হস্তী, অশ্ব, রথ ও পদাতিযুক্ত এই দুর্য্যোধনের সৈন্য রথের শব্দে সমস্ত দিক্, পৃথিবী ও আকাশ নিনাদিত এবং সমুদ্র কম্পিত করিয়া উদ্বেলিত ও অভিমুখ হইয়া সত্বর আমার দিকেই আসিতেছে ॥১৪—১৫॥

অতএব বৎস! তীর যেমন পূর্ণিমাতিথিতে উদ্বেলিত সমুদ্রকে বারণ করে, আমিও সেইরূপ মহাযুদ্ধে এই সৈন্যসমুদ্রকে বারণ করিব ॥১৬॥

সারথি! মহাযুদ্ধে ইন্দ্রের ন্যায় আমার বিক্রম দর্শন কর; এই আমি সুধার বাণসমূহদ্বারা শত্রুসৈন্য সংহার করিতেছি ॥১৭॥

আমার অগ্নিতুল্য বাণে নিহত ও বিদীর্ণদেহ সহস্র সহস্র হস্তী, অশ্ব, রথ ও পদাতিকে দর্শন কর' ॥১৮॥

---

(১৪)···ধার্ত্তরাষ্ট্রং মহদ্বলম্—পি, ···ধার্ত্তরাষ্ট্রস্য যদ্বলম্—বা, ··ধার্ত্তরাষ্ট্রবলং মহৎ—নি।
(১৯) জহ্যাদ্রবস্ব তিষ্ঠেতি পশ্য পশ্যেতিবাদিনঃ—বঙ্গ বর্দ্ধ বা নি।

তানেবং ব্রুবতো বীরান্ সাত্যকির্নিশিতৈঃ শরৈঃ।
জঘান ত্রিশতানশ্বান্ কুঞ্জরাংশ্চ চতুঃশতান্ ॥২০॥
স সম্প্রহারস্তুমুলস্তস্য তেষাঞ্চ ধন্বিনাম্।
দেবাসুররণপ্রখ্যঃ প্রাবর্ত্তত জনক্ষয়ঃ ॥২১॥
মেঘজালনিভং সৈন্যং তব পুত্রস্য মারিষ !।
প্রত্যগৃহ্লাচ্ছিনেঃ পৌত্রঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥২২॥
প্রচ্ছাদ্যমানঃ সমরে শরজালৈঃ স বীর্য্যবান্।
অসম্ভ্রমং মহারাজ ! তাবকানবধীদ্বহূন্ ॥২৩॥
আশ্চর্য্যং তত্র রাজেন্দ্র ! সুমহদ্দৃষ্টবানহম্।
ন মোঘঃ সায়কঃ কশ্চিৎ সাত্যকেরভবৎ প্রভো ! ॥২৪॥

ভারতকৌমুদী

ইতীতি। আদ্রব আক্রাম, ক্ষিপ অস্ত্রাণি, প্রৈহি আগচ্ছ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥
তানিতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥২০॥
স ইতি। সম্প্রহারো যুদ্ধম্। জনানাং ক্ষয়ো যস্মাৎ সঃ ॥২১॥
মেঘেতি। মেঘজালনিভং মেঘসমূহতুল্যং নিবিড়ম্। হে মারিষ ! আর্য্য ! ॥২২॥
প্রেতি। স শিনেঃ পৌত্রঃ। অসংভ্রমম্ অবিচলিতচিত্তং যথা স্যাত্তথা ॥২৩॥
আশ্চর্য্যমিতি। মোঘো লক্ষ্যভেদে ব্যর্থঃ ॥২৪॥

অমিততেজা সাত্যকি এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে 'বধ কর, আক্রমণ কর, অস্ত্রক্ষেপ কর, ধাবিত হও, ছেদন কর ও বিদারণ কর' এইরূপ বলিতে বলিতে সেই যুদ্ধার্থী সৈন্যেরা সত্বর সাত্যকির নিকটে উপস্থিত হইল ॥১৯॥

সেই বীরেরা এইরূপ বলিতেছিলেন, সেই অবস্থায় সাত্যকি সুধার বাণসমূহদ্বারা তিন শত অশ্ব এবং চারি শত হস্তীকে বধ করিলেন ॥২০॥

ক্রমে সাত্যকির ও ধনুর্দ্ধর কৌরবসৈন্যগণের দেবাসুরযুদ্ধতুল্য তুমুল যুদ্ধ হইতে লাগিল; তাহাতে বহুলোকক্ষয় হইতে থাকিল ॥২১॥

মাননীয় রাজা ! সাত্যকি একাকীই সর্পতুল্য বাণসমূহদ্বারা মেঘসদৃশ নিবিড় কৌরবসৈন্য গ্রহণ করিলেন ॥২২॥

মহারাজ ! তখন বলবান্ সাত্যকি যুদ্ধে বিপক্ষের শরজালে আবৃত হইতে থাকিয়াও অবিচলিতচিত্তে আপনার পক্ষের বহুতর যোদ্ধাকে বধ করিলেন ॥২৩॥

(২০)...ত্রিশতানার্ষ্যান্—বঙ্গ বর্দ্ধ। (২৩) পূর্ব্বার্দ্ধং বঙ্গ বর্দ্ধ নাস্তি।

রথনাগাশ্বকলিলঃ পদাত্যূর্ম্মিসমাকুলঃ।
শৈনেয়বেলামাসাদ্য স্থিতঃ সৈন্যমহার্ণবঃ ॥২৫॥
সম্ভ্রান্তরথনাগাশ্বমাবর্ত্তত মুহুর্মুহু।
তৎসৈন্যমিষুভিস্তেন বধ্যমানং সহস্রশঃ ॥২৬॥
রথিনঃ পত্তিনাগাশ্বসাদিনশ্চ শরাহতাঃ।
বভ্রমুস্তত্র তত্রৈব গাবঃ সিংহার্দ্দিতা ইব ॥২৭॥
পদাতিনং রথং নাগং সাদিনং তুরগং তথা।
অবিদ্ধং তত্র নাদ্রাক্ষং যুযুধানস্য সায়কৈঃ ॥২৮॥
ন তাদৃক্ কদনং রাজন্! কৃতবাংস্তত্র ফাল্গুনঃ।
যাদৃক্ ক্ষয়মনীকানামকরোৎ সাত্যকির্নৃপ! ॥২৯॥

ভারতকৌমুদী

রথেতি। রথৈঃ নাগৈর্গজৈঃ অশ্বৈশ্চ কলিলো ব্যাপ্তঃ, পদাতয় উর্ম্ময়স্তরঙ্গা ইব তাভিঃ সমাকুলঃ পূর্ণঃ, সৈন্যং মহার্ণব ইব সঃ, শৈনেয়ঃ সাত্যকির্বেলা তীরমিব তাম্, আসাদ্য প্রাপ্য, স্থিতো নিবৃত্তগতির্বভূব, তীরেণেব সাত্যকিনা নিবারণাৎ ॥২৫॥

সম্ভ্রান্তেতি। সম্ভ্রান্তা বিচলিতা রথা নাগা অশ্বাশ্চ যত্র তৎ ॥২৬॥

রথিন ইতি। পত্তয়ঃ নাগাশ্বসাদিনো গজাশ্বারোহিণশ্চ তে ॥২৭॥

পদাতিনমিতি। নাগং গজম্, সাদিনং গজাশ্বারোহিণম্। যুযুধানস্য সাত্যকেঃ ॥২৮॥

নেতি। কদনং নাশনম্। ফাল্গুনোঽর্জ্জুনঃ। হে নৃপ! প্রজাপালকেত্যপুনরুক্তিঃ ॥২৯॥

প্রভাবশালী রাজশ্রেষ্ঠ! তখন আমি গুরুতর আশ্চর্য্য দেখিতে লাগিলাম। যেহেতু সাত্যকির কোন বাণই ব্যর্থ হইল না ॥২৪॥

পরে হস্তী, অশ্ব ও রথে পরিপূর্ণ ও তরঙ্গতুল্য-পদাতিগণব্যাপ্ত মহাসমুদ্রসদৃশ সেই কৌরবসৈন্য তীরতুল্য সাত্যকির সম্মুখে যাইয়া স্থগিত হইল ॥২৫॥

সাত্যকি বাণদ্বারা বধ করিতে লাগিলে, সহস্র সহস্র হস্তী, অশ্ব ও রথ বিচলিত হইল; সুতরাং সে সৈন্য তখন মুহুর্মুহু ফিরিতে থাকিল ॥২৬॥

ক্রমে রথী, পদাতি, গজারোহী ও অশ্বারোহীরা সাত্যকির বাণে পীড়িত হইয়া সিংহপীড়িত গোসমূহের ন্যায় সেই সেই স্থানে ঘুরিতে লাগিল ॥২৭॥

তখন সাত্যকির বাণে হস্তী, অশ্ব, রথ, পদাতি, গজারোহী, বা অশ্বারোহী বিদ্ধ হয় নাই, এমন দেখিলাম না ॥২৮॥

প্রজাপালক রাজা! তৎকালে সাত্যকি যেমন সৈন্যক্ষয় করিতে লাগিলেন, তেমন সৈন্যক্ষয় অর্জ্জুনও করেন নাই ॥২৯॥

---

(২৭)...বভ্রাম...গাবঃ শীতার্দ্দিতা ইব—বা নি,...গাবো ব্যাঘ্রভয়াদিব—পি।

অত্যর্জ্জুনং শিনেঃ পৌত্রো যুধ্যতে পুরুষর্ষভঃ।
বীতভীর্লাঘবোপেতঃ কৃতিত্বং সম্প্রদর্শয়ন্ ॥৩০॥
ততো দুর্য্যোধনো রাজা সাত্বতস্য ত্রিভিঃ শরৈঃ।
বিব্যাধ সূতং বিশিখৈশ্চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৩১॥
সাত্যকিঞ্চ ত্রিভির্বিদ্ধা পুনর্বিব্যাধ সোঽষ্টভিঃ।
দুঃশাসনঃ ষোড়শভির্বিব্যাধ শিনিপুঙ্গবম্ ॥৩২॥
শকুনিঃ পঞ্চবিংশত্যা চিত্রসেনশ্চ সপ্তভিঃ।
দুঃসহঃ পঞ্চদশভির্বিব্যাধোরসি সাত্যকিম্ ॥৩৩॥
উৎস্ময়ন্ বৃষ্ণিশার্দ্দূলস্তথা বাণৈঃ সমাহতঃ।
তানবিধ্যন্মহারাজ! সর্ব্বানেব ত্রিভিস্ত্রিভিঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

অতীতি। অতি অতিক্রম্য। বীতভীস্ত্যক্তভয়ঃ, লাঘবোপেতঃ ক্ষিপ্রকারী ॥৩০॥
তত ইতি। সাত্বতস্য সাত্যকেঃ। সূতং সারথিম্ ॥৩১॥
সাত্যকিমিতি। ত্রিভিঃ শরৈঃ। এবমন্যত্র। স দুর্য্যোধনঃ ॥৩২॥
শকুনিরিতি। পঞ্চবিংশত্যা শরৈঃ। উরসি বক্ষসি ॥৩৩॥
উদিতি। উৎস্ময়ন্ উন্মুখভাবেনেষদ্ধসন্, বৃষ্ণিশার্দ্দূলঃ সাত্যকিঃ ॥৩৪॥

ক্রমে পুরুষশ্রেষ্ঠ সাত্যকি নির্ভয় ও ক্ষিপ্রকারী হইয়া, কৃতিত্ব দেখাইতে থাকিয়া, অর্জ্জুনকে অতিক্রম করিয়া, যুদ্ধ করিতে লাগিলেন ॥৩০॥

তাহার পর রাজা দুর্য্যোধন তিনটা বাণদ্বারা সাত্যকির সারথিকে এবং চারিটা বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥৩১॥

পরে তিনি তিনটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়া আবার আটটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং দুঃশাসন ষোলটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৩২॥

ক্রমে শকুনি পঁচিশটা, চিত্রসেন সাতটা ও দুঃসহ পনরটা বাণদ্বারা সাত্যকির বক্ষস্থলে আঘাত করিলেন ॥৩৩॥

মহারাজ! এই সময়ে সাত্যকি সেইভাবে বাণতাড়িত হইয়া মন্দহাস্য করিতে থাকিয়া তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের সকলকেই তাড়ন করিলেন ॥৩৪॥

(৩০)…যুধ্যতে পুরুষর্ষভ!—বঙ্গ বৰ্দ্ধ। (৩২)…পুনরষ্টাভিরেব 'চ—বা নি। (৩৩)… চিত্রসেনশ্চ পঞ্চভিঃ—বা নি।

গাঢ়বিদ্ধানরীন্ কৃত্বা মার্গণৈঃ সোঽতিতেজনৈঃ।
শৈনেয়ঃ শ্যেনবৎ সংখ্যে ব্যচরল্লঘুবিক্রমঃ ॥৩৫॥
সৌবলস্য ধনুশ্ছিত্ত্বা হস্তাবাপং নিকৃত্য চ।
দুর্য্যোধনং ত্রিভির্বাণৈরভ্যবিধ্যৎ স্তনান্তরে ॥৩৬॥
চিত্রসেনং শতেনৈব দশভির্দুঃসহং তথা।
দুঃশাসনঞ্চ বিংশত্যা বিব্যাধ শিনিপুঙ্গবঃ ॥৩৭॥
অথান্যদ্ধনুরাদায় শ্যালস্তব বিশাংপতে!।
অষ্টাভিঃ সাত্যকিং বিদ্ধা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ ॥৩৮॥
দুঃশাসনশ্চ দশভির্দুঃসহশ্চ ত্রিভিঃ শরৈঃ।
দুর্ম্মুখশ্চ দ্বাদশভী রাজন্! বিব্যাধ সাত্যকিম্ ॥৩৯॥
দুর্য্যোধনস্ত্রিসপ্তত্যা বিদ্ধা ভারত! মাধবম্।
ততোঽস্য নিশিতৈর্বাণৈস্ত্রিভির্বিব্যাধ সারথিম্ ॥৪০॥

ভারতকৌমুদী

গাঢ়েতি। মার্গণৈঃ শরৈঃ, অতিতেজনৈর্মহাবেগৈঃ। লঘুবিক্রমো দ্রুতবিক্রমঃ ॥৩৫॥
সৌবলস্যেতি। সৌবলস্য শকুনেঃ, হস্তাবাপং চর্ম্মনির্ম্মিতং হস্তাবরণম্ ॥৩৬॥
চিত্রেতি। শতেনৈব শরৈরিতি শেষঃ। এবমন্যত্রাপি ॥৩৭॥
অথেতি। শ্যালঃ শকুনিঃ। অষ্টাভিঃ পঞ্চভিশ্চ শরৈঃ ॥৩৮॥
দুঃশাসন ইতি। বিব্যাধ তাড়য়ামাস ॥৩৯॥

দ্রুতবিক্রমশালী সাত্যকি মহাবেগসম্পন্ন বাণসমূহদ্বারা শত্রুগণকে গাঢ়বিদ্ধ করিয়া শ্যেনপক্ষীর ন্যায় রণস্থলে বিচরণ করিতে লাগিলেন ॥৩৫॥

পরে তিনি শকুনির ধনু ও হস্তাবাপ ছেদন করিয়া তিনটা বাণদ্বারা দুর্য্যোধনের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৩৬॥

তদনন্তর শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি একশত বাণদ্বারা চিত্রসেনকে, দশটাদ্বারা দুঃসহকে এবং কুড়িটাদ্বারা দুঃশাসনকে তাড়ন করিলেন ॥৩৭॥

নরনাথ! তাহার পর আপনার শ্যালক শকুনি অন্য ধনু লইয়া আটটা-বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচটাদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩৮॥

রাজা! ক্রমে দুঃশাসন দশটা, দুঃসহ তিনটা ও দুর্ম্মুখ বারটা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিলেন ॥৩৯॥

(৩৫)...বাণৈর্মর্ম্মবিভেদিভিঃ। শ্যেনবদ্ব্যচরৎ সংখ্যে শৈনেয়ো লঘু মুষ্টি চ—পি।

তান্ সর্ব্বান্ সহিতান্ শূরান্ যতমানান্ মহারথান্।
পঞ্চভিঃ পঞ্চভির্বাণৈঃ পুনর্বিব্যাধ সাত্যকিঃ ॥৪১॥
ততঃ স রথিনাং শ্রেষ্ঠস্তব পুত্রস্য সারথিম্।
প্রজঘানাশু ভল্লেন স হতো ন্যপতদ্ভুবি ॥৪২॥
পতিতে সারথৌ তত্র তব পুত্ররথঃ প্রভো !।
বাতায়মানৈস্তৈরশ্বৈরপানীয়ত সঙ্গরাৎ ॥৪৩॥
তথাপরে তব সুতাঃ সৈনিকাশ্চ নরাধিপ !।
রাজ্ঞো রথমভিপ্রেক্ষ্য প্রাদ্রবন্ শতশো দিশঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। ত্রিসপ্তত্যা বাণৈঃ। মাধবং মধুবংশীয়ং সাত্যকিম্ ॥৪০॥
তানিতি। যতমানান্ জয়ায়েতি শেষঃ ॥৪১॥
তত ইতি। পুত্রস্য প্রাধান্যাদ্দুর্য্যোধনস্য। প্রজঘান আজঘান ॥৪২॥
পতিত ইতি। বাতায়মানৈর্বায়ুবদাচরদ্ভির্দ্রুতং গচ্ছদ্ভিঃ। সঙ্গরাৎ রণস্থলাৎ ॥৪৩॥
তথেতি। শতশঃ সৈনিকা ইতি সম্বন্ধঃ। রাজ্ঞো দুর্য্যোধনস্য। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪৪॥

ভরতনন্দন ! পরে দুর্য্যোধন তিয়াত্তরটা বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিয়া তৎপরে তিনটা ক্ষুধার বাণদ্বারা উহার সারথিকেও পীড়ন করিলেন ॥৪০॥

সেই বীর ও মহারথেরা সকলে মিলিত হইয়া জয়ের জন্য যত্ন করিতে থাকিলে, সাত্যকি পুনরায় পাঁচ পাঁচটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে বিদ্ধ করিলেন ॥৪১॥

তদনন্তর রথিশ্রেষ্ঠ সাত্যকি একটা ভল্লদ্বারা আপনার পুত্র দুর্য্যোধনের সারথিকে আঘাত করিলেন; তৎক্ষণাৎ সে নিহত হইয়া ভূতলে পতিত হইল ॥৪২॥

রাজা ! সারথি পতিত হইলে, সেই অশ্বগুলি বায়ুর ন্যায় দ্রুতগতিদ্বারা আপনার পুত্রের রথখানাকে রণস্থল হইতে লইয়া গেল ॥৪৩॥

নরনাথ ! তখন আপনার অন্য পুত্রেরা এবং শত শত সৈন্য রাজার রথের দিকে দৃষ্টিপাত করিয়া নানাদিকে পলায়ন করিতে লাগিলেন ॥৪৪॥

(৪১)…ভৃশং বিব্যাধ সাত্যকিঃ—পি। (৪৪) ততস্তব সুতা রাজন্ !—বঙ্গ বৰ্দ্ধ, ততস্তব সুতো রাজন্ ! সৈনিকাশ্চ বিশাংপতে !।…বিদ্রুতাঃ শতশোঽভবন্—বা নি।

ততস্তৎ প্রদ্রুতং সৈন্যং দৃষ্ট্বা ভারত! সাত্যকিঃ।
অবাকিরচ্ছরশতৈ রুক্মপুঙ্খৈর্মহারথঃ ॥৪৫॥
বিদ্রাব্য সর্ব্বসৈন্যানি তাবকানি সমন্ততঃ।
প্রযযৌ সাত্যকী রাজন্! শ্বেতাশ্বস্য রথং প্রতি ॥৪৬॥
তমরীনারুজন্তঞ্চ রক্ষন্তঞ্চৈব সারথিম্।
আত্মানং মোচয়ন্তঞ্চ তাবকাঃ সমপূজয়ন্ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে দুর্য্যোধনাদিপরাজয়ে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তত ইতি। প্রদ্রুতং পলায়মানম্। অবাকিরৎ তদেবাপীড়য়ৎ ॥৪৫॥

বিদ্রাব্যেতি। বিদ্রাব্য নিপীড্য। শ্বেতাশ্বস্য অর্জ্জুনস্য ॥৪৬॥

তমিতি। আরুজন্তং নিপীড়য়ন্তম্। সমপূজয়ন্ প্রাশংসন্ ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভরতনন্দন! তদনন্তর মহারথ সাত্যকি সেই সৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া স্বর্ণপুঙ্খ শত শত বাণদ্বারা তাহাদিগকে পীড়ন করিলেন ॥৪৫॥

রাজা! সাত্যকি সকল দিকে আপনার সমস্ত সৈন্যকে পীড়ন করিয়া অর্জ্জুনের রথের দিকেই যাইতে থাকিলেন ॥৪৬॥

মহারাজ! সাত্যকি একদা শত্রুগণকে পীড়ন, সারথিকে রক্ষা এবং আপনাকে মুক্ত করিতেছিলেন বলিয়া আপনার পক্ষের লোকেরা তাঁহার প্রশংসা করিতে লাগিল' ॥৪৭॥

—:*:—

(৪৫) বিদ্রুতং ত্বদহৎ সৈন্যম্—বঙ্গ বর্দ্ধ, ...শরৈস্তীক্ষ্ণৈরুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ—বঙ্গ বর্দ্ধ বা নি। (৪৭) তং শরানাদদানঞ্চ রক্ষমাণঞ্চ—বঙ্গ বর্দ্ধ বা নি। * '...অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বা নি।

পঞ্চাধিকশততমোঽধ্যায়

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

তৎ প্রমৃদ্য মহাসৈন্যং যান্তং সাত্যকিমর্জ্জুনম্।
নির্হ্রীকা মম তে পুত্রাঃ কিমকুর্ব্বত বীক্ষ্য বৈ ॥১॥
কথঞ্চৈষাং তদা যুদ্ধে ধৃতিরাসীচ্চ সঞ্জয়!।
শৈনেয়ে সমনুপ্রাপ্তে সদৃশে সব্যসাচিনঃ ॥২॥
বিদধে কিন্নু তৎ ক্ষত্রং তে চ যুদ্ধপরাজিতাঃ।
কথঞ্চ সাত্যকির্যুদ্ধে ব্যতিক্রান্তো মহাযশাঃ ॥৩॥
কথঞ্চ মম পুত্রাণাং জীবতামেব সঞ্জয়!।
শৈনেয়োঽভিযযৌ যুদ্ধে তন্মমাচক্ষ্ব তত্ত্বতঃ ॥৪॥

ভারতকৌমুদী

তদিতি। নির্হ্রীকা নির্লজ্জাঃ, পুনঃ পুনঃ পরাজয়েঽপি যুদ্ধপ্রবৃত্তেরিতি ভাবঃ ॥১॥
কথমিতি। এষাং মম পুত্রাণাম্। ধৃতির্ধৈর্য্যম্। সব্যসাচিনোঽর্জ্জুনস্য ॥২॥
বিদধ ইতি। ক্ষত্রং ক্ষত্রিয়গণঃ, তে মম পুত্রাশ্চ ॥৩॥
কথমিতি। অভিযযৌ অর্জ্জুনং প্রত্যভিযাতুং শশাক ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সাত্যকি আমার সেই বিশাল সৈন্য মর্দ্দন করিয়া অর্জ্জুনের দিকে যাইতেছেন দেখিয়া আমার সেই নির্লজ্জ পুত্রেরা কি করিল? ॥১॥

সঞ্জয়! অর্জ্জুনের সদৃশ সাত্যকি উপস্থিত হইলে, তখন ইহাদের (আমার পুত্রদের) কি প্রকারে যুদ্ধে ধৈর্য্য থাকিল? ॥২॥

সেই ক্ষত্রিয়েরা তখন কি করিলেন? যুদ্ধে পরাজিত আমার সেই পুত্রেরাই বা কি করিল? মহাযশা সাত্যকিই বা কি ভাবে যুদ্ধে অন্যকে অতিক্রম করিলেন? ॥৩॥

সঞ্জয়! আমার পুত্রেরা জীবিত থাকিতেই বা কি করিয়া সাত্যকি অর্জ্জুনের দিকে যাইতে পারিলেন? এই সকল বিষয় তুমি আমার নিকট যথার্থ বল ॥৪॥

---

(১) সংপ্রমৃদ্য মহৎ সৈন্যং যান্তং শৈনেয়মর্জ্জুনম্…কিমকুর্বত সঞ্জয়!—বঙ্গ বর্দ্ধ বা নি।
(৪)…জীবতাং তত্র সঞ্জয়!—বঙ্গ বর্দ্ধ বা নি।

অত্যদ্ভুতমিদং তাত! ত্বৎসকাশাচ্ছৃণোম্যহম্।
একস্য বহুভির্যুদ্ধং শত্রুভির্বৈর্ব মহারথৈঃ ॥৫॥
বিপরীতমিদং দৈবং সূত! মন্যে সুতান্ প্রতি।
যত্রাবধ্যন্ত সমরে সাত্বতেন মহারথাঃ ॥৬॥
একস্য হি ন পর্য্যাপ্তং মৎসৈন্যং তস্য সঞ্জয়!।
ক্রুদ্ধস্য যুযুধানস্য সর্ব্বে তিষ্ঠন্তু পাণ্ডবাঃ ॥৭॥
নির্জ্জিত্য সমরে দ্রোণং কৃতিনং যুদ্ধদুর্ম্মদম্।
যথা পশুগণান্ সিংহস্তদ্বদ্ধন্তা সুতান্ মম ॥৮॥
কৃতবর্ম্মাদিভিঃ শূরৈর্যত্তৈর্ব্বহুভিরাহবে।
যুযুধানো ন শকিতো জেতুং জেষ্যতি যে সুতান্ ॥৯॥

ভারতকৌমুদী

অতীতি। একস্য সাত্যকেঃ, বহুভির্মৎপুত্রাদিভিঃ ॥৫॥
বীতি। বিপরীতং প্রতিকূলম্। হে সূত! সূতবংশীয়! সঞ্জয়! ॥৬॥
একস্যেতি। পর্য্যাপ্তং যথেষ্টম্। তিষ্ঠন্তু বর্ণনে নিবর্ত্তন্তাম্ ॥৭॥
নির্জ্জিত্যেতি। কৃতিনং যুদ্ধনিপুণম্। হন্তা হনিষ্যতি ॥৮॥
কৃতেতি। যত্তৈর্জ্জয়ায় যত্নবদ্ভিঃ। যুযুধানঃ সাত্যকিঃ, শকিতঃ শক্তঃ ॥৯॥

বৎস! আমি তোমার নিকট এটা অতি অদ্ভুত বৃত্তান্ত শুনিলাম যে, বহুতর মহারথ শত্রুর সহিত একজনের যুদ্ধ হইয়াছিল ॥৫॥

সঞ্জয়! আমি মনে করি—এটা আমার পুত্রদের প্রতিকূল দৈবের কার্য্য। যে হেতু এক সাত্যকি অনেক মহারথকে যুদ্ধে বধ করিতে পারিয়াছেন ॥৬॥

সঞ্জয়! ক্রুদ্ধ সেই এক সাত্যকির নিকটেই আমার সেই সৈন্য পর্য্যাপ্ত হইল না, তাহাতে সমস্ত পাণ্ডবের কথা দূরে থা'ক ॥৭॥

অতএব সাত্যকি যুদ্ধনিপুণ ও যুদ্ধদুর্দ্ধর্ষ দ্রোণকে যুদ্ধে জয় করিয়া—সিংহ যেমন অপর পশুগণকে বধ করে, সেইরূপ আমার পুত্রগণকে বধ করিবে ॥৮॥

কৃতবর্ম্মপ্রভৃতি বহুতর বীর জয়ে যত্নবান্ হইয়াও সাত্যকিকে যুদ্ধে জয় করিতে পারেন নাই। অতএব সাত্যকিই আমার পুত্রগণকে জয় করিবেন ॥৯॥

---

(৬)...অহং মন্যে মন্দভাগ্যান্ সুতান্ প্রতি—বঙ্গ বর্দ্ধ,...মন্দভাগ্যং সুতং প্রতি—বা নি। (৮)...কৃতিনং চিত্রযোধিনম্—বা নি। (৯)...হন্তুং জ্যোত্তিতি—বঙ্গ বর্দ্ধ।

ন চৈতদীদৃশং কর্ম্ম কৃতবাংস্তত্র ফাল্গুনঃ।
যাদৃশং কৃতবান্ কর্ম্ম যুদ্ধে বীরঃ প্রতাপবান্ ॥১০॥

সঞ্জয় উবাচ।

শৃণুষ্ব রাজন্! সংগ্রামং নরবাজিগজক্ষয়ম্।
দুর্য্যোধনাপনীতেন তব দুর্মন্ত্রিতেন চ ॥১১॥
তে পুনঃ সংন্যবর্ত্তন্ত কৃত্বা সংশপথান্ মিথঃ।
পরাং যুদ্ধে মতিং ক্রূরাং তব পুত্রস্য শাসনাৎ ॥১২॥
ত্রীণি সাদিসহস্রাণি দুর্য্যোধনপুরোগমাঃ।
শককাম্বোজবাহ্লীকা যবনাঃ পারদাস্তথা ॥১৩॥
কুলিন্দাস্তঙ্গনাম্বষ্ঠাঃ পৈশাচাশ্চ সমন্দরাঃ।
পার্ব্বতীয়াশ্চ রাজানঃ ক্রুদ্ধাঃ পাষাণপাণয়ঃ ॥১৪॥
অভ্যদ্রবন্ত শৈনেয়ং শলভা ইব পাবকম্।
শূরাঃ পঞ্চশতা রাজন্! শৈনেয়ং সমুপাদ্রবন্ ॥১৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

নেতি। ফাল্গুনঃ অর্জ্জুনঃ। বীরঃ সাত্যকিঃ ॥১০॥

শৃণুষ্বেতি। নরবাজিগজানাং ক্ষয়ো যস্মাত্তম্। দুর্য্যোধনস্যাপনীতেন দুর্নীত্যা ॥১১॥

ত ইতি। তে তব যোদ্ধারঃ। মিথঃ পরস্পরম্। মতিঞ্চ কৃত্বেতি সম্বন্ধঃ ॥১২॥

ত্রীণীতি। সাদিনাং গজাশ্বারোহিণাং সহস্রাণি। পৈশাচাঃ পিশাচদেশীয়াঃ। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্, শৈনেয়ং সাত্যকিম্, শলভাঃ পতঙ্গাঃ ॥১৩—১৫॥

বীর ও প্রতাপশালী সাত্যকি যুদ্ধে যেরূপ কার্য্য করিয়াছেন, অর্জ্জুনও তখন এরূপ কার্য্য করেন নাই' ॥১০॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনার কুমন্ত্রণায় এবং দুর্য্যোধনের দুর্নীতিতে হস্তী, অশ্ব ও মনুষ্যক্ষয়জনক যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা শ্রবণ করুন ॥১১॥

আপনার পুত্রের আদেশে সেই সৈন্যেরা পরস্পর গুরুতর শপথ এবং যুদ্ধসম্বন্ধে অত্যন্ত ক্রূর বুদ্ধি করিয়া পুনরায় ফিরিল ॥১২॥

রাজা! তিন হাজার গজারোহী ও অশ্বারোহী এবং শক, কাম্বোজ, বাহ্লীক, যবন, পারদ, কুলিন্দ, তঙ্গন, অম্বষ্ঠ, পৈশাচ, মন্দর ও পাষাণপাণি ক্রুদ্ধ পার্ব্বতীয় রাজারা—দুর্য্যোধনকে অগ্রবর্ত্তী করিয়া পতঙ্গসমূহ যেমন অগ্নির দিকে ধাবিত হয়, সেইরূপ সাত্যকির দিকে ধাবিত হইলেন; তদ্ভিন্ন অপর পাঁচশত বীরও তাঁহার দিকে চলিলেন ॥১৩—১৫॥

---

(১২)...কৃত্বা সংশপ্তকান্ মিথঃ—পি বঙ্গ বর্দ্ধ।

ততো রথসহস্রেণ মহারথশতেন চ।
দ্বিরদানাং সহস্রেণ দ্বিসাহস্রৈশ্চ বাজিভিঃ ॥১৬॥
শরবর্ষাণি মুঞ্চন্তো বিবিধানি মহারথাঃ।
অভ্যদ্রবন্ত শৈনেয়মসংখ্যেয়াশ্চ পত্তয়ঃ ॥১৭॥ (যুগ্মকম্)
তাংস্তু সঞ্চোদয়ন্ সর্ব্বান্ হতৈনমিতি ভারত!।
দুঃশাসনো মহারাজ! সাত্যকিং পর্য্যবারয়ৎ ॥১৮॥
তত্রাদ্ভুতমপশ্যাম শৈনেয়চরিতং মহৎ।
যদেকো বহুভিঃ সার্দ্ধমসংভ্রান্তমযুধ্যত ॥১৯॥
অবধীচ্চ রথানীকং দ্বিরদানাঞ্চ তদ্বলম্।
সাদিনশ্চৈব তান্ সর্ব্বান্ দস্যূনপি চ সর্ব্বশঃ ॥২০॥
তত্র চক্রৈর্বিমথিতৈর্ভগ্নৈশ্চ বিবিধায়ুধৈঃ।
অক্ষৈশ্চ বিবিধৈর্ভগ্নৈরীশাদণ্ডকবন্ধুরৈঃ ॥২১॥
কুঞ্জরৈর্মথিতৈশ্চৈব ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ।
বর্ম্মভিশ্চর্ম্মভিশ্চৈব বিনিকীর্ণৈঃ সমন্ততঃ ॥২২॥

ভারতকৌমুদী

তত ইতি। সর্ব্বত্র সহার্থে তৃতীয়া। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্ ॥১৬—১৭॥
তানিতি। সঞ্চোদয়ন্ সঞ্চালয়ন্, হত যূয়ং বিনাশয়ত ॥১৮॥
তত্রেতি। অসংভ্রান্তম্ অস্থিরতারহিতং যথা স্যাত্তথা ॥১৯॥
অবধীদিতি। সাদিনঃ অশ্বারোহিণঃ। দস্যূন্ অনার্য্যান্ ॥২০॥

তদনন্তর সহস্র রথী, শত মহারথ, সহস্র গজারোহী ও দ্বিসহস্র অশ্বারোহীর সহিত মহারথেরা এবং অসংখ্য পদাতি নানাবিধ বাণ বর্ষণ করিতে থাকিয়া সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥১৬—১৭॥

ভরতনন্দন মহারাজ! 'ইহাকে বধ কর' এই কথা বলিয়া দুঃশাসন তাঁহাদের সকলকে সঞ্চালন করিতে করিতে যাইয়া সাত্যকিকে পরিবেষ্টন করিলেন ॥১৮॥

তখন আমরা সাত্যকির গুরুতর অদ্ভুত চরিত্র দেখিলাম ; যেহেতু তিনি একাকী বহুতর যোদ্ধার সহিত অবিচলিতভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥১৯॥

এবং তিনি রথিসৈন্য, হস্তিসৈন্য, অশ্বারোহিসৈন্য, আর সমস্ত অনার্য্য পদাতিসৈন্যকে বধও করিতে থাকিলেন ॥২০॥

---

(১৬)…দ্বিসাহস্রৈশ্চ বাজিনাম্—বঙ্গ বর্দ্ধ। (১৭) শরবর্ষাণি বর্ষন্তঃ—বঙ্গ বর্দ্ধ। (২১) ভগ্নৈশ্চ পরমায়ুধৈঃ—বা নি। (২২)…বর্ম্মভিশ্চ তথানীকৈর্ব্যবকীর্ণা বসুন্ধরা—বা নি।

স্রগ্‌ভিরাভরণৈর্ব্বস্ত্রৈরনুকর্ষৈশ্চ মারিষ ! ।
সংছন্না বসুধা তত্র দ্যৌগ্র্হৈরিব ভারত ! ॥২৩॥ (বিশেষকম্)
গিরিরূপধরাশ্চাপি পতিতাঃ কুঞ্জরোত্তমাঃ ।
অঞ্জনস্য কুলে জাতা বামনস্য চ ভারত ! ॥২৪॥
সুপ্রতীককুলে জাতা মহাপদ্মকুলে তথা ।
ঐরাবতকুলে চাপি তথান্যেষু কুলেষু চ ।
জাতা দন্তিবরা রাজন্ ! শেরতে স্ম মহাযুধি ॥২৫॥

ভারতকৌমুদী

তত্রেতি । ঈশাদণ্ডকবন্ধুরা রথস্য দারুবিশেষাঃ । বিনিকীর্ণৈর্বিক্ষিপ্তৈঃ । স্রগ্‌ভির্মাল্যৈঃ । অনুকর্ষৈর্নিম্নদারুভিঃ । সংছন্না আবৃতা । দ্যৌরাকাশম্ ॥২১—২৩॥

গিরীতি । গিরিরূপধরা বিশালত্বাৎ । অঞ্জনাদয়ো দিগ্‌গজাঃ । অত্র নীলকণ্ঠেন কৃতা ধৃতা বা কারিকা হেয়াঃ প্রমাণাভাবাৎ ॥২৪॥

সুপ্রতীকেতি । শেরতে স্ম শয়িতবন্তঃ ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

সংপ্রমৃষ্টেতি ॥১—২২॥ বামনস্য যমোপবাহ্যস্য । "চন্দ্রকান্তশিরোগ্রীবা নীচস্কন্ধা মনস্বিনঃ । ব্যূঢোরস্কাঃ সুনিশ্চিতা বামনান্বয়জা গজাঃ ॥" ॥২৪॥ সুপ্রতীকস্য ঈশোপবাহ্যস্য । সুবিভক্ত-মহাশীর্ষা জীমূতসদৃশপ্রভাঃ । প্রভূতহস্তা বলিনঃ সুপ্রতীককুলোদ্ভবাঃ ॥ মহাপদ্মস্য কুমুদকুলে, চণ্ডাঃ সমায়াতকরাঃ সুবদ্ধাবলিনোঽপি চ । মহাপদ্মান্বয়ভবা গজযুদ্ধপ্রিয়াগজাঃ ॥ শ্বেতবালনখাঃ শূরাঃ শ্বেতত্বক্কা মহাবলাঃ । উদগ্রাবর্ষবন্তশ্চ গজা ঐরাবতোদ্ভবাঃ ॥" অন্যেষু কুলেষু পুণ্ডরীক-পুষ্পদন্তসার্ব্বভৌমীয়েষু । "স্থিরাঃ শূলশিরোদন্তনিঃশঙ্কা বলিনোঽপি চ । শুক্লবর্ণনখাঃ শূরাঃ পুণ্ডরীকোদ্ভবাগজাঃ ॥ সমত্বগ্‌দশনাশ্চণ্ডা লম্বোষ্ঠাশ্চারুদর্শনাঃ । পীনায়তাননকরাঃ পুষ্পদন্তোদ্ভবা গজাঃ ॥ মণ্ডলাকৃতয়ঃ শূরাঃ সুবর্ষ্মাণঃ সুদর্শনাঃ । পীনায়তাস্যাঃ পীনাভাঃ সার্ব্বভৌমকুলোদ্ভবাঃ ॥"

মাননীয় ভরতনন্দন রাজা ! তখন ভগ্ন চক্র, ছিন্ন নানাবিধ অস্ত্র, চূর্ণিত নানাপ্রকার রথকাষ্ঠ, ভগ্ন ঊর্দ্ধদণ্ড, তির্য্যগ্‌দণ্ড ও বক্র কাষ্ঠ, মথিত হস্তী, নিপাতিত ধ্বজ, সকল দিকে বিক্ষিপ্ত চর্ম্ম, বর্ম্ম, মাল্য, অলঙ্কার, বস্ত্র এবং রথের নীচের কাষ্ঠদ্বারা—গ্রহগণদ্বারা আকাশের ন্যায় সমরভূমি আবৃত হইয়া গেল ॥২১—২৩॥

ভরতনন্দন ! অঞ্জন ও বামনবংশে উৎপন্ন পর্ব্বতপ্রমাণ উত্তম হস্তী সকল পতিত হইতে লাগিল ॥২৪॥

---

(২৫)·· শেরতে বহবো হতাঃ—বঙ্গ বর্দ্ধ বা নি ।

বনায়ুজান্ পার্ব্বতীয়ান্ কাম্বোজানথ বাহ্লিকান্।
তথা হয়বরান্ রাজন্! নিজঘ্নে তত্র সাত্যকিঃ ॥২৬॥
নানাদেশসমুত্থাংশ্চ নানাজাত্যাংশ্চ পত্তিকান্।
নিজঘ্নে তত্র শৈনেয়ঃ শতশোঽথ সহস্রশঃ ॥২৭॥
তেষু প্রকাল্যমানেষু দস্যূন্ দুঃশাসনোঽব্রবীৎ।
নিবর্ত্তধ্বমধর্ম্মজ্ঞা যুধ্যধ্বং কিং সৃতেন বঃ ॥২৮॥
তাংশ্চাপি ভগ্নান্ সংপ্রেক্ষ্য পুত্রো দুঃশাসনস্তব।
পাষাণযোধিনঃ শূরান্ পার্ব্বতীয়ানচোদয়ৎ ॥২৯॥
অশ্মযুদ্ধেষু কুশলান্ নৈতজ্জানাতি সাত্যকিঃ।
অশ্মযুদ্ধমজানন্তং হতৈনং যুদ্ধকামুকম্ ॥৩০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বনেতি। বনায়ুপ্রভৃতয়ো দেশাস্তেষু জাতান্ সম্বদ্ধাংশ্চ ॥২৬॥

নানেতি। নানাদেশেষু সমুত্থানুৎপন্নান্, নানাজাতিষু জাতান্ নানাজাত্যান্ ॥২৭॥

তেম্বিতি। প্রকাল্যমানেষু মর্দ্দ্যমানেষু, দস্যূননার্য্যান্। সৃতেনাপসরণেন ॥২৮॥

তানিতি। অপি তথাবিধমুক্তানপি। অচোদয়ৎ প্রৈরয়ৎ। অশ্মযুদ্ধেষু পাষাণযুদ্ধেষু কুশলান্ নিপুণান্, এতৎ অশ্মযুদ্ধম্। হত যূয়ং বিনাশয়ত ॥২৯—৩০॥

এবং রাজা! সুপ্রতীক, মহাপদ্ম ও ঐরাবতবংশজাত, আর অন্যান্য হস্তীর কুলে সমুৎপন্ন মহাহস্তিগণও মহাযুদ্ধে শয়ন করিতে থাকিল ॥২৫॥

তখন সাত্যকি—বনায়ু, কাম্বোজ ও বাহ্লিকদেশজাত এবং পার্ব্বতীয় উত্তম অশ্বসমূহকে বধ করিলেন ॥২৬॥

আর নানাদেশজাত ও নানাজাতীয় শত শত ও সহস্র সহস্র পদাতিকেও সাত্যকি সংহার করিলেন ॥২৭॥

সাত্যকি সেই সকলকে মর্দ্দন করিতে লাগিলে, দুঃশাসন অনার্য্য সৈন্যগণকে বলিলেন—'হে ধর্ম্মানভিজ্ঞ সৈন্যগণ! তোমরা ফের, যুদ্ধ কর, অপসরণ করায় তোমাদের কি ফল হইবে' ॥২৮॥

তথাপি তাহারা অপসরণ করিতে লাগিল দেখিয়া আপনার পুত্র দুঃশাসন—পাষাণযোধী ও পাষাণযুদ্ধে নিপুণ পার্ব্বতীয় বীরগণকে বলিলেন—'সাত্যকি পাষাণযুদ্ধ জানে না, অথচ যুদ্ধকামী। সুতরাং পাষাণযুদ্ধে অনভিজ্ঞ এই সাত্যকিটাকে তোমরা বধ কর ॥২৯—৩০॥

---

(২৭) নানাজাতীংশ্চ দন্তিনঃ—বা নি। (২৯) তাংশ্চাতিভগ্নান্—বা নি।

তথৈব কুরবঃ সর্ব্বে নাশ্মযুদ্ধবিশারদাঃ।
অভিদ্রবত মা ভৈষ্ট ন বঃ প্রাপ্স্যতি সাত্যকিঃ ॥৩১॥
তে পার্ব্বতীয়া রাজানঃ সর্ব্বে পাষাণপাণয়ঃ।
অভ্যদ্রবন্ত শৈনেয়ং রাজানমিব মন্ত্রিণঃ ॥৩২॥
ততো গজশিরঃপ্রখ্যৈরুপলৈঃ শৈলবাসিনঃ।
উদ্যতৈর্যুযুধানস্য পুরস্তে তস্থুরাহবে ॥৩৩॥
ক্ষেপণীয়ৈস্তথাপ্যন্যে সাত্বতস্য বধৈষিণঃ।
চোদিতাস্তব পুত্রেণ রুরুধুঃ সর্ব্বতো দিশঃ ॥৩৪॥
তেষামাপততামেব শিলাযুদ্ধং চিকীর্ষতাম্।
সাত্যকিঃ প্রতিসন্ধায় নিশিতান্ প্রাহিণোচ্ছরান্ ॥৩৫॥

ভারতকৌমুদী

তথেতি। অভিদ্রবত সাত্যকিমভিধাবত। প্রাপ্স্যতি প্রহারায় ॥৩১॥
ত ইতি। রাজানমি মন্ত্রিণ ইত্যনেন তেষাং সভয়ত্বং সূচিতম্ ॥৩২॥
তত ইতি। গজশিরঃপ্রখ্যোঃ হস্তিমস্তকতুল্যবিশালৈঃ, উপলৈঃ পাষাণৈঃ ॥৩৩॥
ক্ষেপেতি। ক্ষেপণীয়ৈরস্ত্রবিশেষৈঃ। চোদিতাঃ প্রেরিতাঃ, পুত্রেণ দুঃশাসনেন ॥৩৪॥
তেষামিতি। চিকীর্ষতাং কর্ত্তুমিচ্ছতাম্। প্রাহিণোৎ ন্যক্ষিপৎ ॥৩৫॥

অন্য কুরুবংশীয় সকলেও পাষাণযুদ্ধে নিপুণ নহেন। সুতরাং তোমরা সাত্যকির দিকে ধাবিত হও, ভয় করিও না, সাত্যকি তোমাদিগকে পাইবে না' ॥৩১॥

তখন মন্ত্রীরা যেমন রাজার দিকে গমন করেন, সেইরূপ পাষাণধারী সেই পার্ব্বতীয় রাজারা সকলে সাত্যকির দিকে গমন করিতে লাগিলেন ॥৩২॥

তদনন্তর সেই পর্ব্বতবাসীরা হস্তীর মস্তকের তুল্য বৃহৎ বৃহৎ পাষাণ উত্তোলন করিয়া রণস্থলে সাত্যকির সম্মুখে দাঁড়াইল ॥৩৩॥

আপনার পুত্র দুঃশাসনের আদেশে অন্য সৈন্যেরাও সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া ক্ষেপণীয়াস্ত্র উত্তোলনপূর্ব্বক সাত্যকির সকল দিক্ রুদ্ধ করিল ॥৩৪॥

শিলাযুদ্ধ করিবার অভিলাষী সেই পার্ব্বতীয়েরা আসিতে লাগিলে, সাত্যকি সন্ধান করিয়া সুধার বাণ সকল নিক্ষেপ করিলেন ॥৩৫॥

---

(৩২)···পাষাণযোধিনঃ—বা নি। (৩৫)···ত্রিংশতং প্রাহিণোচ্ছরান্—বঙ্গ বং।

তামশ্মবৃষ্টিমতুলাং পার্ব্বতীয়ৈঃ সমীরিতাম্।
বিভেদোরগসঙ্কাশৈর্নারাচৈঃ শিনিপুঙ্গবঃ ॥৩৬॥
তৈরশ্মচূর্ণৈর্দীপ্যদ্ভিঃ খদ্যোতানামিব ব্রজৈঃ।
প্রায়ঃ সৈন্যান্যবধ্যন্ত হাহাভূতানি মারিষ! ॥৩৭॥
ততঃ পঞ্চশতাঃ শূরাঃ সমুদ্যতমহাশিলাঃ।
নিকৃত্তবাহবো রাজন্! নিপেতুর্ধরণীতলে ॥৩৮॥
পুনর্দশশতাশ্চান্যে শতসাহস্রিণস্তথা।
সোপলৈর্ব্বাহুভিশ্ছিন্নৈঃ পেতুরপ্রাপ্য সাত্যকিম্ ॥৩৯॥
পাষাণযোধিনঃ শূরান্ যতমানানবস্থিতান্।
অবধীদ্বহুসাহস্রাংস্তদদ্ভুতমিবাভবৎ ॥৪০॥

ভারতকৌমুদী

তামিতি। অশ্মবৃষ্টিং পাষাণবৃষ্টিম্। সমীরিতাং ক্ষিপ্তাম্ ॥৩৬॥
তৈরিতি। দীপ্যদ্ভির্নারাচঘর্ষণেন জ্বলদ্ভিঃ। ব্রজৈঃ সমূহৈঃ ॥৩৭॥
তত ইতি। সমুদ্যতমহাশিলা উত্তোলিতবৃহৎপাষাণাঃ। নিকৃত্তবাহবশ্ছিন্নভুজাঃ ॥৩৮॥
পুনরিতি। শতসাহস্রিণো লক্ষান্তর্গতাঃ। সোপলৈঃ পাষাণসহিতৈঃ ॥৩৯॥
পাষাণেতি। যতমানান্ জয়ায়। একেন বহুসাহস্রহননমেবাদ্ভুতম্ ॥৪০॥

পরে শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি সর্পতুল্য নারাচসমূহদ্বারা পার্ব্বতীয়গণনিক্ষিপ্ত সেই অতুলনীয় শিলাবৃষ্টি বিদীর্ণ করিতে লাগিলেন ॥৩৬॥

মাননীয় রাজা! পতঙ্গসমূহের ন্যায় উজ্জ্বল সেই সকল শিলাচূর্ণ যাইয়া যাইয়া হাহাকারী প্রায় পার্ব্বতীয় সৈন্যকে বধ করিল ॥৩৭॥

রাজা! তাহার পর পাঁচশত বীর বিশাল শিলা উত্তোলন করার পরেই ছিন্নবাহু হইয়া ভূতলে পতিত হইল ॥৩৮॥

পুনরায় একলক্ষের অন্তর্গত একসহস্র সৈন্য শিলাযুক্ত বাহু ছিন্ন হওয়ায় সাত্যকিকে আঘাত করিবার পূর্ব্বেই পতিত হইল ॥৩৯॥

পাষাণযোধী বহুসহস্র বীর জয়ে যত্নবান্ হইয়া অবস্থান করিতেছিলেন, সাত্যকি তাহাদিগকেও বধ করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া মনে হইল ॥৪০॥

---

(৩৬) তামশ্মবৃষ্টিং তুমুলাম্...চিচ্ছেদোরগসঙ্কাশৈঃ—পি বা নি। (৩৭)...প্রায়ঃ সৈন্যান্যহন্যন্ত—পি বা নি।

ততঃ পুনস্তু সম্ভূয় তেঽশ্মবৃষ্টিং সমন্ততঃ।
অয়োহস্তাঃ শূলহস্তা দরদাস্তঙ্গনাঃ খশাঃ ॥৪১॥
লম্পাকাশ্চ কুলিন্দাশ্চ চিক্ষিপুস্তাংশ্চ সাত্যকিঃ।
নারাচৈঃ প্রতিবিব্যাধ প্রতিপত্তিবিশারদঃ ॥৪২॥ (যুগ্মকম্)
অদ্রীণাং ভিদ্যমানানামন্তরীক্ষে শিতৈঃ শরৈঃ।
শব্দেন প্রাদ্রবন্ রাজন্! গজাশ্বরথপত্তয়ঃ ॥৪৩॥
অশ্মচূর্ণৈঃ সমাকীর্ণা মনুষ্যা গজবাজিনঃ।
নাশক্নুবন্নবস্থাতুং ভ্রমরৈরিব দংশিতাঃ ॥৪৪॥
হতশিষ্টাঃ সরুধিরা ভিন্নমস্তকপিণ্ডিকাঃ।
কুঞ্জরা বর্জ্জয়ামাসুর্যুযুধানরথং তদা ॥৭৫॥

ভারতকৌমুদী

তত ইতি। সম্ভূয় মিলিত্বা, অশ্মবৃষ্টিং পাষাণবর্ষণম্। অয়োহস্তা লৌহদণ্ডপাণয়ঃ। তান্ লৌহদণ্ডাদীন্ অস্ত্রবিশেষান্। প্রতীপত্তিবিশারদঃ প্রতিকারনিপুণঃ ॥৪১—৪২॥

অদ্রীণামিতি। অদ্রীণাম্ অদ্র্যঙ্গশিলানাম্। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪৩॥

অশ্মেতি। সমাকীর্ণা ব্যাপ্তদেহাঃ। দংশিতা দষ্টাঃ ॥৪৪॥

হতেতি। ভিন্নাঃ শরাঘাতেন বিদীর্ণা মস্তকপিণ্ডিকাঃ শিরঃকুম্ভা যেষাং তে ॥৪৫॥

ভারতভাবদীপঃ

॥২৫—৩৩॥ ক্ষেপণীয়ৈঃ শস্ত্রৈঃ ॥৩৫—৪০॥ ব্যাত্তমুখা ম্লেচ্ছবিশেষাঃ ॥৪১—৪২॥ অদ্রীণাং প্রস্তরাণাম্ ॥৪৩—৫৭॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৫॥

তদনন্তর পুনরায় সেই পার্ব্বতীয়গণ এবং লৌহদণ্ড ও শূলধারী দরদ, তঙ্গন, খশ, লম্পাক ও কুলিন্দগণ মিলিত হইয়া সকল দিক্ হইতে শিলাবৃষ্টি করিতে লাগিল; কিন্তু প্রতিকারনিপুণ সাত্যকি নারাচসমূহদ্বারা তাহা ব্যর্থ করিতে থাকিলেন ॥৪১—৪২॥

রাজা! তখন সাত্যকির সুধার বাণসমূহে ভিদ্যমান পাষাণসমূহের শব্দে কৌরবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতি সকল পলায়ন করিতে লাগিল ॥৪৩॥

ক্রমে পদাতি, হস্তী ও অশ্ব সকল পাষাণচূর্ণে আহত হইতে থাকিয়া ভ্রমরদষ্টের ন্যায় রণাঙ্গনে অবস্থান করিতে পারিল না ॥৪৪॥

(৪১) ততঃ পুনর্ব্যাত্তমুখাঃ—বা। (৪২)…নারাচৈঃ প্রতিচিচ্ছেদ—পি বা নি। (৪৪) অশ্মচূর্ণৈরবাকীর্ণাঃ—নি।

ততঃ শব্দঃ সমভবত্তব সৈন্যস্য মারিষ ! ।
মাধবেনার্দ্দ্যমানস্য সাগরস্যেব পর্ব্বণি ॥৪৬॥
তং শব্দং তুমুলং শ্রুত্বা দ্রোণো যন্তারমব্রবীৎ ।
এষ সূত ! রণে ক্রুদ্ধঃ সাত্বতানাং মহারথঃ ॥৪৭॥
দারয়ন্ বহুধা সৈন্যং রণে চরতি কালবৎ ।
যত্রৈষ তুমুলঃ শব্দস্তত্র সূত ! রথং নয় ॥৪৮॥ (যুগ্মকম্)
পাষাণযোধিভির্নূনং যুযুধানঃ সমাগতঃ ।
তথাহি রথিনঃ সর্ব্বে হ্রিয়ন্তে বিদ্রুতৈর্হয়ৈঃ ॥৪৯॥
বিশস্ত্রকবচা রুগ্ণাস্তত্র তত্র পতন্তি চ ।
ন শক্নুবন্তি যন্তারঃ সংযন্তুং তুমুলে হয়ান্ ॥৫০॥

ভারতকৌমুদী

তত ইতি। শব্দঃ কোলাহলঃ। মাধবেন সাত্যকিনা। পর্ব্বণি পূর্ণিমামাবাস্যয়োঃ ॥৪৬॥
তমিতি। যন্তারং সারথিম্। কালবৎ যম ইব ॥৪৭—৪৮॥
পাষাণেতি। সমাগতঃ সম্মিলিতঃ। বিদ্রুতৈর্দ্রুতমপসরদ্ভিঃ ॥৪৯॥
বিশস্ত্রেতি। রুগ্ণাঃ পীড়িতাঃ। যন্তারঃ সারথয়ঃ, সংযন্তুং নিরোদ্ধুম্ ॥৫০॥

তখন সাত্যকির বাণে মস্তককুম্ভ বিদীর্ণ হইতে লাগিলে, রক্তাক্তদেহ হতাবশিষ্ট হস্তিগণ সাত্যকির রথের সম্মুখ পরিত্যাগ করিয়া যাইতে লাগিল ॥৪৫॥

মাননীয় রাজা ! সাত্যকি পীড়ন করিতে থাকিলে, পূর্ণিমা বা অমাবস্যায় সমুদ্রের ন্যায় আপনার সৈন্যের মধ্যে কোলাহল হইতে থাকিল ॥৪৬॥

সেই তুমুল কোলাহল শুনিয়া দ্রোণ তাঁহার সারথিকে বলিলেন—'সারথি ! সাত্বতবংশের মহারথ এই সাত্যকি ক্রুদ্ধ হইয়া বহুপ্রকারে কৌরবসৈন্য বিদীর্ণ করিতে থাকিয়া যমের ন্যায় রণস্থলে বিচরণ করিতেছেন। সুতরাং যেখানে এই তুমুল কোলাহল হইতেছে, সেইখানে আমার রথ লইয়া যাও ॥৪৭—৪৮॥

নিশ্চয়ই সাত্যকি পাষাণযোধীদের সহিত যুদ্ধে মিলিত হইয়াছেন। তাহাই দেখ—দ্রুতগামী অশ্বগণ সমস্ত রথীকে লইয়া যাইতেছে ॥৪৯॥

অস্ত্র ও কবচবিহীন রথীরা পীড়িত হইয়া সেই সেই স্থানে পতিত হইতেছেন এবং সারথিরা তুমুল যুদ্ধে অশ্বগণকে থামাইতে পারিতেছে না' ॥৫০॥

---

(৪৯)···হ্রিয়ন্তে বহুভির্হয়ৈঃ—বঙ্গ বর্দ্ধ।

ইত্যেবং বচনং শ্রুত্বা ভারদ্বাজস্য সারথিঃ।
প্রত্যুবাচ ততো দ্রোণং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্ ॥৫১॥
আয়ুষ্মন্! দ্রবতে সৈন্যং কৌরবেয়ং সমন্ততঃ।
পশ্য যোধান্ রণে ভিন্নান্ ধাবমানানিতস্ততঃ ॥৫২॥
ইমে চ সংহতাঃ শূরাঃ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
ত্বামেব হি জিঘাংসন্ত আদ্রবন্তি সমন্ততঃ ॥৫৩॥
অত্র কার্য্যং সমাধৎস্ব প্রাপ্তকালমরিন্দম!।
স্থানে বা গমনে বাপি দূরং যাতশ্চ সাত্যকিঃ ॥৫৪॥
তথৈবং বদতস্তস্য ভারদ্বাজস্য সারথেঃ।
প্রত্যদৃশ্যত শৈনেয়ো নিঘ্নন্ বহুবিধান্ রথান্ ॥৫৫॥

ভারতকৌমুদী

ইতীতি। ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৫১॥

আয়ুষ্মন্নিতি। দ্রবতে পলায়তে। ভিন্নান্ সংঘচ্যুতান্ ॥৫২॥

ইম ইতি। সংহতাঃ সংঘবদ্ধাঃ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ, আদ্রবন্তি আগচ্ছন্তি ॥৫৩॥

অত্রেতি। হে অরিন্দম! অত্রেদানীম্, প্রাপ্তকালং কালোচিতম্, স্থানে অবস্থিতৌ বা গমনে বাপি, কার্য্যং কর্ত্তব্যমবধারণম্, সমাধৎস্ব বিধেহি। ত্বন্মতং কিমিত্যাহ দূরমিতি। সাত্যকির্দূরং যাতঃ। অতএব তদনুগমনং বিহায় এভিঃ সহ যোদ্ধুমত্রৈবাবতিষ্ঠস্বেত্যাশয়ঃ ॥৫৪॥

তথেতি। প্রত্যদৃশ্যত অস্মাভিঃ, শৈনেয়ঃ সাত্যকিঃ ॥৫৫॥

দ্রোণের এইরূপ কথা শুনিয়া তাঁহার সারথি সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণকে বলিল—॥৫১॥

'আয়ুষ্মন্! দেখুন কৌরবসৈন্যেরা সকল দিকে পলায়ন করিতেছে এবং অপর যোদ্ধারা সংঘচ্যুত হইয়া নানাদিকে ধাবিত হইয়াছেন ॥৫২॥

এই বীর পাঞ্চালগণ পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া আপনাকেই বধ করিবার ইচ্ছা করিয়া সকল দিক্ হইতে আসিতেছে ॥৫৩॥

অতএব অরিন্দম! এখন থাকার বা যাওয়ার বিষয়ে কালোচিত কর্ত্তব্য নিশ্চয় করুন; সাত্যকিও দূরে গিয়াছেন' ॥৫৪॥

---

(৫২) সৈন্যং দ্রবতি চায়ুষ্মন্!...রণে ভগ্নান্ ধাবতো বৈ ততস্ততঃ—বা নি। (৫৩) এতে চ সংহতাঃ... ত্বামেবাভিজিঘাংসন্তঃ—বর্দ্ধ। (৫৪) তত্র কার্য্যম্—পি। (৫৫) তথা চ বদতঃ—পি, অথৈবং বদতঃ—বঙ্গ বর্দ্ধ।

তে বধ্যমানাঃ সময়ে যুযুধানেন তাবকাঃ।
যুযুধানরথং ত্যক্ত্বা দ্রোণানীকং প্রদুদ্রুবুঃ ॥৫৬॥
যৈস্তু দুঃশাসনঃ সার্দ্ধং রথৈঃ পূর্ব্বং ন্যবর্ত্তত।
তে ভীতাস্ত্বভ্যধাবন্ত সর্ব্বে দ্রোণরথং প্রতি ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে পাষাণযোধিপরাজয়ে পঞ্চাধিকশততমোঽধ্যায় ॥০॥ *

—:*:—

ষড়ধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

দুঃশাসনরথং দৃষ্ট্বা সমীপে পর্য্যবস্থিতম্।
ভারদ্বাজস্ততো বাক্যং দুঃশাসনমথাব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

ত ইতি। যুযুধানেন সাত্যকিনা প্রদুদ্রুবুর্দ্রু'তং জগ্মুঃ ॥৫৬॥

যৈরিতি। ন্যবর্ত্তত সাত্যকিনা সহ যোদ্ধুমাগচ্ছৎ ॥৫৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

দুঃশাসনেতি। পর্য্যবস্থিতমাগত্যেতি শেষঃ। ভারদ্বাজো দ্রোণঃ ॥১॥

দ্রোণের সারথি এইরূপ বলিতেছিল, এমন সময়ে দেখা গেল—সাত্যকি নানাবিধ রথ নষ্ট করিতে করিতে যাইতেছেন ॥৫৫॥

রাজা! সাত্যকি যুদ্ধে বধ করিতে লাগিলে, আপনার পক্ষের সৈন্যেরা সাত্যকির রথ পরিত্যাগ করিয়া দ্রোণের সৈন্যের দিকেই ছুটিতে লাগিল ॥৫৬॥

পূর্ব্বে দুঃশাসন যে সকল রথীর সহিত ফিরিয়া আসিয়াছিলেন, তাঁহারা সকলেও ভীত হইয়া দ্রোণের রথের দিকে ধাবিত হইলেন' ॥৫৭॥

---

(৫৬)...দ্রোণানীকায় দুদ্রুবুঃ—বা নি। * '...একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ...'—বঙ্গ বঃ, '...একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ...'—বা রা নি।

দুঃশাসন ! রথাঃ সর্ব্বে কস্মাদেতে প্রবিদ্রুতাঃ ।
কচ্চিৎ ক্ষেমস্তু নৃপতেঃ কচ্চিজ্জীবতি সৈন্ধবঃ ॥২॥
রাজপুত্রো ভবানত্র রাজভ্রাতা মহারথঃ ।
কিমর্থং দ্রবসে যুদ্ধে যৌবরাজ্যমবাপ্য হ ॥৩॥
দাসী জিতাসি দ্যূতে ত্বং যথাকামচরী ভব ।
বাসসাং বাহিকা রাজ্ঞো ভ্রাতুর্জ্যেষ্ঠস্য মে ভব ॥৪॥
ন সন্তি পতয়স্তেঽদ্য সর্ব্বে ষণ্ডতিলৈঃ সমাঃ ।
দুঃশাসনৈবমুক্ত্বা ত্বং পূর্ব্বং কস্মাৎ পলায়সে ॥৫॥
স্বয়ং বৈরং মহৎ কৃত্বা পাঞ্চালৈঃ পাণ্ডবৈঃ সহ ।
একং সাত্যকিমাসাদ্য কথং ভীতোঽসি সংযুগে ॥৬॥

ভারতকৌমুদী

দুঃশাসনেতি। ক্ষেমং কুশলম্, নৃপতের্দুর্য্যোধনস্য। সৈন্ধবো জয়দ্রথঃ ॥২॥
সোল্লুণ্ঠনমাহ রাজেতি। অত্রেদানীম্, দ্রবসে পলায়সে ॥৩॥
দ্যূতকালে দ্রৌপদীং প্রতি দুঃশাসনোক্তিমনুবদতি দাসীতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য ॥৪॥
নেতি। ষণ্ডাঃ ক্লীবা অঙ্কুরজননাশক্তা যে তিলাস্তৈঃ, কিমপি কর্ত্তুমশক্তত্বাৎ ॥৫॥
স্বয়মিতি। পাণ্ডবৈঃ সহ বৈরকরণেনৈব দ্রৌপদীসম্বন্ধাৎ পাঞ্চালেষ্বপি তৎকরণম্ ॥৬॥

সঞ্জয় কহিলেন—'তাহার পর দুঃশাসনের রথ আসিয়া নিকটে দাঁড়াইল দেখিয়া তখন দ্রোণ দুঃশাসনকে এই কথা বলিলেন—॥১॥

'দুঃশাসন! এই রথ সকল ছুটিয়া আসিতেছে কেন? রাজার মঙ্গল ত? সিন্ধুরাজ (জয়দ্রথ) জীবিত আছেন ত? ॥২॥

তুমি রাজার পুত্র, রাজার ভ্রাতা ও মহারথ হইয়া এবং যৌবরাজ্য পাইয়া এখন যুদ্ধে পলায়ন করিতেছ কেন? ॥৩॥

'দ্রৌপদি! রাজা তোমাকে দ্যূতক্রীড়ায় জয় করিয়াছেন। সুতরাং তুমি তাঁহার দাসী হইয়াছ। অতএব তুমি রাজগৃহে ইচ্ছানুসারে বিচরণ কর এবং আমার জ্যেষ্ঠ ভ্রাতা রাজা দুর্য্যোধনের বস্ত্রবাহিনী হও ॥৪॥

আজ তোমার পতিরা নাই, উহারা সকলেই নপুংসক তিলের তুল্য হইয়া গিয়াছে'। দুঃশাসন! পূর্ব্বে তুমি এইরূপ বলিয়া এখন পলাইতেছ কেন? ॥৫॥

নিজেরাই পাণ্ডব ও পাঞ্চালগণের সহিত গুরুতর শত্রুতা করিয়া এখন যুদ্ধে এক সাত্যকিকে পাইয়াই ভীত হইয়াছ কেন? ॥৬॥

---

(২) কচ্চিৎ ক্ষেমং ন নৃপতেঃ—পি। (৩)…অবাপ্য হি—পি,…অবাপ্য চ—বা নি।

ন জানীষে পুরা ত্বস্ত গৃহ্ণন্নক্ষান্ দুরোদরে।
শরা হ্যেতে ভবিষ্যন্তি দারুণাশীবিষোপমাঃ ॥৭॥
অপ্রিয়াণাঞ্চ বচনং পাণ্ডবেষু বিশেষতঃ।
দ্রৌপদ্যাশ্চ পরিক্লেশস্তম্মূলো হ্যভবৎ পুরা ॥৮॥
ক তে মানশ্চ দর্পশ্চ ক তে তদ্বীরগর্জ্জিতম্।
আশীবিষসমান্ পার্থান্ কোপয়িত্বা ক যাস্যসি ॥৯॥
শোচ্যেয়ং ভারতী সেনা রাজা চৈব সুযোধনঃ।
যস্য ত্বং কর্কশো ভ্রাতা পলায়নপরায়ণঃ ॥১০॥
নন্বু নাম ত্বয়া বীর! দীর্য্যমাণা ভয়ার্দ্দিতা।
স্ববাহুবলমাস্থায় রক্ষিতব্যা হ্যনীকিনী।
স ত্বমদ্য রণং হিত্বা ভীতো হর্ষয়সে পরান্ ॥১১॥

ভারতকৌমুদী

নেতি। দুরোদরে দ্যূতক্রীড়ায়াম্। এতে অক্ষাঃ, ভবিষ্যন্তি যুদ্ধোৎপাদনাৎ ॥৭॥
অপ্রিয়াণামিতি। তন্মূলো দ্যূতনিমিত্তঃ। এতৎ সর্ব্বং সভাপর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥৮॥
কেতি। আশীবিষসমান্ তীক্ষ্ণবিষসর্পতুল্যান্, পার্থান্ পাণ্ডবান্ ॥৯॥
শোচ্যেতি। ভারতী কৌরবী। কর্কশো দুর্ম্মুখঃ ॥১০॥
নন্বিতি। দীর্য্যমাণা পরৈর্ভজ্যমানা। হিত্বা পরিত্যজ্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

পূর্ব্বে দ্যূতক্রীড়ার সময়ে পাশক গ্রহণ করিয়াছিলে; কিন্তু তখন ইহা বুঝিতে পার নাই যে, এই পাশকই ভবিষ্যতে দারুণসর্পতুল্য বাণ হইয়া যাইবে ॥৭॥

পাণ্ডবগণের উপরে বিশেষভাবে অপ্রিয়বাক্য বলা এবং দ্রৌপদীকে সর্ব্বতোভাবে কষ্ট দেওয়া, এই সমস্তের কারণ হইয়াছিল একমাত্র সেই পূর্ব্বের দ্যূতক্রীড়া ॥৮॥

তোমার সেই অভিমান, দর্প ও বীরগর্জ্জন আজ কোথায় গেল? তীক্ষ্ণবিষ সর্পের তুল্য পাণ্ডবগণের ক্রোধ জন্মাইয়া এখন কোথায় যাইবে? ॥৯॥

এই কৌরবসৈন্য ও তাহার প্রভু দুর্য্যোধন এই দু-ই শোকের বিষয় হইয়া পড়িয়াছেন। কারণ, যাহার রক্ষক ও যাঁহার দুর্ম্মুখ ভ্রাতা তুমি এখন পলায়নমাত্র সম্বল করিয়াছ ॥১০॥

---

(৮) পাণ্ডবস্য বিশেষতঃ—নি। (৯) ক তে বীর্য্যং ক গর্জ্জিতম্—বা নি। (১০)··· রাজ্যশ্চৈব—বা নি। (১১)···দার্য্যমাণা—নি।

বিদ্রুতে ত্বয়ি সৈন্যস্য নায়কে শক্রসূদন !।
কোঽন্যঃ স্থাস্যতি সংগ্রামে ভীতো ভীতব্যপাশ্রয়ঃ ॥১২॥
একেন সাত্বতেনাদ্য যুধ্যমানস্য চানঘ !।
পলায়নে তব মতিঃ সংগ্রামাদ্ধি প্রবর্ত্ততে ॥১৩॥
যদা গাণ্ডীবধন্বানং ভীমসেনঞ্চ কৌরব !।
যমৌ চ যুধি দ্রষ্টাসি তদা ত্বং কিং করিষ্যসি ॥১৪॥
এতে ফাল্গুনবাণানাং সূর্য্যাগ্নিসমতেজসাম্।
ন তুল্যাঃ সাত্যকিশরা যেভ্যো ভীতঃ পলায়সে ॥১৫॥
যদি তাবৎ কৃতা বুদ্ধিঃ পলায়নপরায়ণা।
পৃথিবী ধর্ম্মরাজায় শমেনৈব প্রদীয়তাম্ ॥১৬॥

ভারতকৌমুদী

বীতি। বিদ্রুতে পলায়িতে। ভীতানাং ব্যপাশ্রয়ো বিশেষেণ রক্ষকঃ ॥১২॥
একেনেতি। সাত্বতেন সাত্যকিনা সহ। অনঘেতি সোল্লুণ্ঠনং সম্বোধনম্ ॥১৩॥
যদেতি। গাণ্ডীবধন্বানমর্জ্জুনম্। যমৌ নকুলসহদেবৌ, দ্রষ্টাসি দ্রক্ষ্যসি ॥১৪॥
এত ইতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। তদ্বাণবিষয়ে তব কা গতির্ভবিষ্যতীত্যাশয়ঃ ॥১৫॥
যদীতি। পলায়নমেব পরম্ অয়নং বিষয়ো যস্যাঃ সা। শমেন শান্ত্যা ॥১৬॥

বীর ! বিপক্ষেরা সৈন্য বিদীর্ণ করিতে লাগিলে, আপন বাহুবল অবলম্বন করিয়া তোমারই সেই ভয়ার্ত্ত সৈন্য রক্ষা করা উচিত। সেই তুমি আজ ভীত হইয়া রণস্থল পরিত্যাগ করিয়া শত্রুগণকে আনন্দিত করিতেছ ! ॥১১॥

শত্রুদমন ! তুমি সৈন্যের নায়ক ছিলে, সেই অবস্থায় তুমি পলায়ন করিয়া আসিলে, ভীতরক্ষক অপর কোন্ ব্যক্তি ভীত অবস্থায় রণস্থলে থাকিবে ? ॥১২॥

নিষ্পাপ ! একমাত্র সাত্যকির সহিত যুদ্ধ করিবার সময়েই তোমার রণস্থল হইতে পলায়ন করিবার বুদ্ধি হইয়াছে ॥১৩॥

তাহাতে যখন অর্জ্জুন, ভীমসেন, নকুল ও সহদেবকে রণস্থলে দেখিতে পাইবে, তখন তুমি কি করিবে ? ॥১৪॥

সাত্যকির এই বাণগুলি, সূর্য্য ও অগ্নির তুল্য তেজস্বী অর্জ্জুনের বাণের তুল্য নহে ; যেগুলির ভয়ে তুমি পলায়ন করিয়া আসিয়াছ ॥১৫॥

তোমরা যদি পলায়নেই বুদ্ধি কর, তবে শান্তিপূর্ব্বকই (আপোষ-নিষ্পত্তিদ্বারাই) যুধিষ্ঠিরকে রাজ্য দান কর ॥১৬॥

(১২)···ভীতে ব্যপাশ্রয়ে—নি। (১৫)···যেষাং ভীতঃ—বর্দ্ধ।

যাবৎ ফাল্গুনবাণা বৈ নির্ম্মুক্তোরগসন্নিভাঃ।
নাবিশন্তি শরীরং তে তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৭॥
যাবত্তে পৃথিবীং পার্থা হত্বা ভ্রাতৃশতং রণে।
নাক্ষিপন্তি মহাত্মানস্তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৮॥
যাবন্ন ক্রুধ্যতে রাজা ধর্ম্মপুত্ত্রো যুধিষ্ঠিরঃ।
কৃষ্ণশ্চ সমরশ্লাঘী তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৯॥
যাবদ্ভীমো মহাবাহুর্বিগাহ্য মহতীং চমূম্।
সোদরাংস্তে ন গৃহ্লাতি তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥২০॥
পূর্ব্বমুক্তশ্চ তে ভ্রাতা ভীষ্মেণাসৌ সুযোধনঃ।
অজেয়াঃ পাণ্ডবাঃ সংখ্যে সৌম্য ! সংশাম্য তৈঃ সহ ॥২ ॥

ভারতকৌমুদী

যাবদিতি। নির্ম্মুক্তোরগসন্নিভাঃ ত্যক্তচর্ম্মসর্পতুল্যাঃ। সংশাম্য শান্তো ভব ॥১৭॥
যাবদিতি। নাক্ষিপন্তি বলাদাকৃষ্য ন নয়ন্তি ॥১৮॥
যাবদিতি। ধর্ম্মপুত্রস্য ক্রোধে অধার্ম্মিকাণাং যুষ্মাকং নাস্তি নিস্তার ইতি ভাবঃ ॥১৯॥
যাবদিতি। বিগাহ্য আলোড্য। ন গৃহ্লাতি বধায় ন ধরতি ॥২০॥
ন কেবলমহমীদৃশমুক্তবান্ ব্রবীমি চেত্যাহ পূর্ব্বমিতি। সংখ্যে যুদ্ধে ॥২১॥

ত্যক্তচর্ম্মা সর্পের তুল্য অর্জ্জুনের বাণ সকল যে পর্য্যন্ত তোমার দেহে প্রবেশ না করে, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্ব্বক সন্ধি কর ॥১৭॥

মহাত্মা পাণ্ডবেরা যে পর্য্যন্ত তোমাদের একশত ভ্রাতাকে যুদ্ধে বধ করিয়া রাজত্ব গ্রহণ না করেন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্ব্বক সন্ধি কর ॥১৮॥

ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠির এবং সমরশ্লাঘী কৃষ্ণ যে পর্য্যন্ত ক্রুদ্ধ না হন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্ব্বক সন্ধি কর ॥১৯॥

মহাবাহু ভীমসেন যে পর্য্যন্ত বিশাল কৌরবসৈন্য আলোড়ন করিয়া তোমার সহোদরগণকে না ধরেন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত সন্ধি কর ॥২০॥

দুঃশাসন ! ভীষ্মও পূর্ব্বে তোমার ভ্রাতা দুর্য্যোধনকে বলিয়াছিলেন—'সৌম্য ! পাণ্ডবেরা যুদ্ধে অজেয়। সুতরাং তুমি তাহাদের সহিত সন্ধি কর' ॥২১॥

(১৭) যাবৎ কঙ্কনারাচাঃ—নি। (২০)…সোদরাংস্তে ন মৃদ্নাতি—পি নি।

ন চ তৎ কৃতবান্ মন্দস্তব ভ্রাতা সুযোধনঃ।
স যুদ্ধে ধৃতিমাস্থায় যত্তো যুধ্যস্ব কৌরব ! ॥২২॥
গচ্ছ তূর্ণং রথেনৈব যত্র তিষ্ঠতি সাত্যকিঃ।
ত্বয়া হীনং বলং হ্যেতদ্বিদ্রবিষ্যতি ভারত !।
আত্মার্থং যোধয় রণে সাত্যকিং সত্যবিক্রমম্ ॥২৩॥
এবমুক্তস্তব সুতো নাবোচৎ কিঞ্চিদপ্যসৌ।
শ্রুতমশ্রুতবৎ কৃত্বা প্রায়াদ্‌যেন স সাত্যকিঃ ॥২৪॥
সৈন্যেন মহতা যুক্তো ম্লেচ্ছানামনিবর্ত্তিনাম্।
আসাদ্য চ রণে যত্তো যুযুধানমযোধয়ৎ ॥২৫॥
দ্রোণোঽপি রথিনাং শ্রেষ্ঠঃ পাঞ্চালান্ পাণ্ডবাংস্তথা।
অভ্যদ্রবৎ সুসংক্রুদ্ধো জবমাস্থায় মধ্যমম্ ॥২৬॥

ভারতকৌমুদী

নেতি। মন্দো মূঢ়ঃ। স ত্বম্, ধৃতিং ধৈর্য্যম্, যত্তো জয়ায় যত্নবান্ ॥২২॥

গচ্ছেতি। বিদ্রবিষ্যতি পলায়িষ্যতে। আত্মার্থং স্বযশঃপ্রচারার্থম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

এবমিতি। সুতো দুঃশাসনঃ। কৃত্বা উত্তরাদানেন, যেন দিগ্বিভাগেন ॥২৪॥

সৈন্যেনেতি। যত্তো জয়ায় যত্নবান্ সন্, যুযুধানং সাত্যকিম্ ॥২৫॥

দ্রোণ ইতি। অভ্যদ্রবৎ, অভ্যধাবৎ, জবং বেগম্ ॥২৬॥

কিন্তু তোমার মূর্খ ভ্রাতা দুর্য্যোধন তাহা করে নাই। (সে যাহা হউক,) কৌরব! তুমি যুদ্ধে ধৈর্য্য অবলম্বন করিয়া এবং জয়ে যত্নবান্ হইয়া যুদ্ধ কর ॥২২॥

মহারাজ ! ভীমসেন বধ করিতে লাগিলে, আপনার পক্ষের যোদ্ধারা ভীমকে ত্যাগ করিয়া উত্তম অশ্বগুলিকে চালাইতে থাকিয়া রণস্থল হইতে চলিয়া গেলেন ॥১১৩॥

মহাবল পাণ্ডুনন্দন ভীমসেন এইভাবে তাঁহাদিগকে যুদ্ধে জয় করিয়া সিংহনাদ ও বাহ্বাস্ফোটন করিলেন ॥১১৪॥

ক্রমে মহাবল ভীমসেন বিশাল করতলধ্বনি করিয়া, রথী সৈন্যদের ভয় জন্মাইয়া প্রধান প্রধান যোদ্ধাকে বধ করিয়া, সেই রথীদিগকে অতিক্রমপূর্ব্বক দ্রোণসৈন্যের দিকে ধাবিত হইলেন' ॥১১৫॥

——:*:——

* '...পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা, অধ্যায়সমাপ্তির্নাস্তি নি।

একাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

তং জিঘাংসন্তমায়ান্তং পাণ্ডবং প্রহসন্ রণে।
বিবারয়িষুরাচার্য্যঃ শরবর্ষৈরবাকিরৎ ॥১॥
পিবন্নিব শরৌঘাংস্তান্ দ্রোণচাপপরিচ্যুতান্।
সোঽভ্যদ্রবত সোদর্য্যান্ মোহয়ন্ মায়য়া বলম্ ॥২॥
তং মৃধে বেগমাস্থায় পরং পরমধন্বিনঃ।
চোদিতাস্তব পুত্রেণ সর্বতঃ পর্য্যবারয়ন্ ॥৩॥
স তথা সংবৃতো ভীমঃ প্রহসন্নিব ভারত!।
উদযচ্ছদ্‌গদাং তেভ্যঃ সুঘোরাং সিংহবন্নদন্।
অবাসৃজচ্চ বেগেন শত্রুপক্ষবিনাশিনীম্ ॥৪॥

ভারতকৌমুদী

তমিতি। জিঘাংসন্তং বিপক্ষান্ হন্তুমিচ্ছন্তম্। বিবারয়িষুর্বারয়িতুমিচ্ছুঃ ॥১॥
পিবন্নিতি। সোদর্য্যান্ ধার্ত্তরাষ্ট্রান্, মায়য়া অস্ত্রাদিকৌশলেন ॥২॥
তমিতি। পরমধন্বিনো মহাধনুর্দ্ধরাঃ। চোদিতাঃ প্রেরিতাঃ, পুত্রেণ দুর্য্যোধনেন ॥৩॥
স ইতি। উদযচ্ছৎ উদতোলয়ৎ। অবাসৃজৎ চিক্ষিপৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ভীমসেন বিপক্ষদিগকে বধ করিবার ইচ্ছায় আসিতে লাগিলে, দ্রোণাচার্য্য তাঁহাকে বারণ করিবার ইচ্ছা করিয়া হাস্য করতঃ বাণবর্ষণ করিতে লাগিলেন ॥১॥

তখন ভীমসেন দ্রোণকার্ম্মুকনির্গত সেই বাণসমূহকে যেন পান করিতে থাকিয়া অস্ত্রকৌশলে শত্রুসৈন্যের মোহ উৎপাদন করতঃ ধার্ত্তরাষ্ট্রগণের দিকে ধাবিত হইলেন ॥২॥

সেই সময়ে আপনার পুত্রের (দুর্য্যোধনের) আদেশে মহাধনুর্দ্ধরেরা গুরুতর বেগ অবলম্বন করিয়া সকল দিক্ হইতে যাইয়া ভীমকে পরিবেষ্টন করিলেন ॥৩॥

ভরতনন্দন! ভীমসেন সেইরূপ পরিবেষ্টিত হইয়া হাস্য করতই যেন

---

(১) সমুত্তীর্ণং রথানীকং পাণ্ডবং বিহসন রণে—ব নি। (২)…বলমায়য়া—পি।

যথা হি গোবৃষো বর্ষং প্রতিগৃহ্ণাতি লীলয়া।
তথা ভীমো নরব্যাঘ্রঃ শরবর্ষং সমগ্রহীৎ ॥১৬॥
স বধ্যমানঃ সমরে রথং দ্রোণস্য মারিষ !।
ঈষায়াং পাণিনা গৃহ্য প্রচিক্ষেপ মহাবলঃ ॥১৭॥
দ্রোণস্তু সত্বরো রাজন্ ! ক্ষিপ্তো ভীমেন সংযুগে।
রথমন্যং সমাস্থায় ব্যূহদ্বারমুপাযযৌ ॥১৮॥
তস্মিন্ ক্ষণে তু সংযন্তা তূর্ণমশ্বানচোদয়ৎ।
ভীমসেনস্য কৌরব্য ! তবদ্ভুতমিবাভবৎ ॥১৯॥
ততঃ স্বরথমাস্থায় ভীমসেনো মহাবলঃ।
অভ্যদ্রবত বেগেন তব পুত্রস্য বাহিনীম্ ॥২০॥

ভারতকৌমুদী

যথেতি। গোবৃষো মহাবৃষভঃ। লীলয়া অনায়াসেন। শরবর্ষং দ্রোণস্য ॥১৬॥
স ইতি। বধ্যমান আহন্যমানঃ। ঈষায়াং তির্য্যগ্‌দারুণি, গৃহ্য গৃহীত্বা ॥১৭॥
দ্রোণ ইতি। সমাস্থায় আরুহ্য, উপাযযৌ প্রতিবিধানাক্ষমত্বাৎ ॥১৮॥
তস্মিন্নিতি। সংযন্তা সারথিঃ। নিবিড়বিপক্ষমধ্যে রথচালনমেবাদ্ভুতম্ ॥১৯॥
তত ইতি। আস্থায় আরুহ্য। অভ্যদ্রবত অভ্যধাবৎ ॥২০॥

রাজা! যখন মহাবীর ভীমসেন দ্রোণকার্ম্মুকনির্গত শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণদ্বারা আহত হইতে লাগিলেন, তখন তিনি রথ হইতে লাফাইয়া পড়িয়া নয়নযুগল মুদ্রিত করিয়া বেগ অবলম্বনপূর্ব্বক পাদচারে দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥১৪—১৫॥

তৎকালে মহাবৃষ যেমন অবলীলাক্রমে বৃষ্টি গ্রহণ করে, সেইরূপ নরশ্রেষ্ঠ ভীমসেন দ্রোণের বাণবর্ষণ গ্রহণ করিতে লাগিলেন ॥১৬॥

মাননীয় রাজা! দ্রোণ বাণদ্বারা তাড়ন করিতে থাকিলেও, মহাবল ভীমসেন যাইয়া হস্তদ্বারা দ্রোণের রথের ঈষা (তেরচা কাঠ) ধারণ করিয়া রথখানাকে নিক্ষেপ করিলেন ॥১৭॥

রাজা। ভীম নিক্ষেপ করিলে, দ্রোণ সত্বর অন্য রথে আরোহণ করিয়া ব্যূহদ্বারে চলিয়া গেলেন ॥১৮॥

কৌরবনন্দন! সেই সময়ে ভীমের সারথি সত্বর অশ্বগুলিকে ভীমের দিকে চালাইয়া দিল; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১৯॥

(১৮) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'দৃশ্যতে তাবকৈর্যোধৈর্বিস্ময়োৎফুল্ললোচনৈঃ। পরিহৃত্য রথং দ্রোণশ্চর্ণিতং তং মহীতলে ॥' ইতি পাদচতুষ্টয়মধিকং পি বা নি।

সংমৃদ্নন্ ক্ষত্রিয়ানাজৌ বাতো বৃক্ষানিবোদ্ধতঃ।
অগচ্ছদ্দারয়ন্ সেনাং সিন্ধুবেগো নগানিব ॥২১॥
ভোজানীকং সমাসাদ্য হার্দ্দিক্যেন তু রক্ষিতম্।
প্রমথ্য বহুধা রাজন্! ভীমসেনঃ সমভ্যয়াৎ ॥২২॥
সন্ত্রাসয়ন্ননীকানি তলশব্দেন মারিষ!।
আর্দ্দয়ৎ সর্ব্বসৈন্যানি শার্দ্দূল ইব গোবৃষান্ ॥২৩॥
ভোজানীকমতিক্রম্য কাম্বোজানাঞ্চ বাহিনীম্।
তথা ম্লেচ্ছগণাংশ্চান্যান্ বহূন্ যুদ্ধবিশারদান্ ॥২৪॥
সাত্যকিঞ্চাপি সংপ্রেক্ষ্য যুধ্যমানং মহারথম্।
রথেন যত্তঃ কৌন্তেয়ো বেগেন প্রযযৌ তদা ॥২৫॥
ভীমসেনো মহারাজ! দ্রষ্টুকামো ধনঞ্জয়ম্।
অতীত্য সমরে যোধাংস্তাবকান্ পাণ্ডুনন্দনঃ ॥২৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

সংমৃদ্নন্নিতি। উদ্ধতো বেগবান্। সিন্ধোর্নদ্যা বেগঃ, নগান্ পর্ব্বতান্ ॥২১॥
ভোজেতি। হার্দ্দিক্যেন হৃদিকপুত্রেণ কৃতবর্ম্মণা। প্রমথ্য আলোড্য ॥২২॥
সন্ত্রাসয়ন্নিতি। তলশব্দেন করতলধ্বনিনা। গোবৃষান্ মহাবৃষভান্ ॥২৩॥
ভোজেতি। অতিক্রম্য জয়েন। যত্তো যত্নবান্। যোধান্ যোদ্ধৄন্ ॥২৪—২৬॥

তাহার পর মহাবল ভীমসেন আপন রথে আরোহণ করিয়া বেগে আপনার পুত্রের সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২০॥

বেগবান্ বায়ু যেমন বৃক্ষসমূহকে মর্দ্দন করে, সেইরূপ ভীমসেন যুদ্ধে ক্ষত্রিয়গণকে মর্দ্দন করিতে থাকিয়া—নদীর বেগ যেমন পর্ব্বতসমূহ বিদীর্ণ করিয়া গমন করে, তেমন কৌরবসৈন্য বিদীর্ণ করতঃ গমন করিতে লাগিলেন ॥২১॥

রাজা! ক্রমে ভীমসেন কৃতবর্ম্মরক্ষিত ভোজসৈন্যের নিকটে উপস্থিত হইয়া তাহা আলোড়ন করিয়া যাইতে থাকিলেন ॥২২॥

মাননীয় রাজা! ব্যাঘ্র যেমন বিশাল বৃষগণকে পীড়ন করে, সেইরূপ ভীমসেন করতলশব্দে সৈন্যগণের ত্রাস উৎপাদন করতঃ তাহাদিগকে পীড়ন করিতে লাগিলেন ॥২৩॥

(২২)…প্রমথ্য তরসা বীরস্তদপ্যতিবসোঽভ্যয়াৎ—পি বা নি। (২৪)…দরদানাঞ্চ বাহিনীম্…পি বা নি, অথ ম্লেচ্ছগণান্—পি। (২৫)…প্রযযৌ ততঃ—পি।

সোঽপশ্যদর্জ্জুনং তত্র যুধ্যমানং মহারথম্ ।
সৈন্ধবস্য বধার্থায় পরাক্রান্তং পরাক্রমী ॥২৭॥
তং দৃষ্ট্বা পুরুষব্যাঘ্রশ্চুক্রোশ মহতো রবান্ ।
প্রাবৃট্‌কালে মহারাজ ! নদন্নিব বলাহকঃ ॥২৮॥
তং তস্য সুমহানাদং পার্থঃ শুশ্রাব নর্দ্দতঃ ।
বাসুদেবশ্চ কৌরব্য ! ভীমসেনস্য সংযুগে ॥২৯॥
তৌ শ্রুত্বা যুগপদ্বীরৌ নিনদং তস্য শুষ্মিণঃ ।
পুনঃ পুনঃ প্রাণদতাং দিদৃক্ষন্তৌ বৃকোদরম্ ॥৩০॥
ততঃ পার্থো মহানাদং মুঞ্চন্ বৈ মাধবশ্চ হ !
অভ্যয়াতাং মহারাজ ! নদন্তৌ গোবৃষাবিব ॥৩১॥

ভারতকৌমুদী

স ইতি। স ভীমসেনঃ। সৈন্ধবস্য সিন্ধুরাজস্য জয়দ্রথস্য ॥২৭॥
তমিতি। চুক্রোশ চকার। প্রাবৃট্‌কালে বর্ষাসময়ে। বলাহকো মেঘঃ ॥২৮॥
তমিতি। পার্থঃ অর্জ্জুনঃ, বাসুদেবসাহচর্য্যাৎ। সংযুগে যুদ্ধে ॥২৯॥
তাবিতি। বীরৌ কৃষ্ণার্জ্জুনৌ। শুষ্মিণস্তেজঃসন্তাপবতঃ। দিদৃক্ষন্তৌ দ্রষ্টুমিচ্ছন্তৌ ॥৩০॥
তত ইতি। মাধবঃ কৃষ্ণঃ। অভ্যয়াতামুৎসাহেনাগ্রবর্ত্তিনাবভবতাম্ ॥৩১॥

মহারাজ! কুন্তীপুত্র পাণ্ডুনন্দন ভীমসেন এইভাবে ভোজসৈন্য, কাম্বোজ-সৈন্য ও যুদ্ধবিশারদ অপর বহু ম্লেচ্ছগণকে অতিক্রম করিয়া, যুধ্যমান মহারথ সাত্যকিকে দেখিতে পাইয়া, অর্জ্জুনদর্শনার্থে যত্নবান্ হইয়া, আপনার পক্ষের অপর যোদ্ধাদিগকেও অতিক্রমপূর্ব্বক রথারোহণে বেগে গমন করিতে থাকিলেন ॥২১—২৬॥

পরে পরাক্রমশালী ভীমসেন মহারথ ও পরাক্রান্ত অর্জ্জুনকে জয়দ্রথবধের জন্য যুদ্ধ করিতে দেখিলেন ॥২৭॥

মহারাজ! পুরুষশ্রেষ্ঠ ভীমসেন অর্জ্জুনকে দেখিয়া বর্ষাকালে গর্জ্জনকারী মেঘের ন্যায় বিশাল সিংহনাদ করিলেন ॥২৮॥

কৌরবনন্দন! কৃষ্ণ ও অর্জ্জুন রণস্থলে গর্জ্জনকারী ভীমসেনের সেই মহানাদ শুনিতে পাইলেন ॥২৯॥

তেজস্বী ভীমসেনের সেই সিংহনাদ শুনিয়া তাঁহাকে দেখিবার ইচ্ছা করিয়া মহাবীর কৃষ্ণ ও অর্জ্জুন একদা বার বার সিংহনাদ করিলেন ॥৩০॥

---

(২৭)...সৈন্ধবস্য বধার্থং হি—পি বা নি। (২৯) তং তস্য নিনদং ঘোরম্—পি বা নি। (৩০)...দিদৃক্ষু তৌ বৃকোদরম্—পি।

ভীমসেনরবং শ্রুত্বা ফাল্গুনস্য চ ধন্বিনঃ।
অপ্রীয়ত মহারাজ! ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৩২॥
বিশোকশ্চাভবদ্রাজা শ্রুত্বা তং নিনদং তয়োঃ।
ধনঞ্জয়স্য চ রণে জয়মাশাস্তবান্ বিভুঃ ॥৩৩॥
তথা তু নর্দ্দমানে বৈ ভীমসেনে মদোৎকটে।
স্মিতং কৃত্বা মহাবাহুর্ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
হৃদ্‌গতং মনসা প্রাহ ধ্যাত্বা ধর্ম্মভৃতাং বরঃ ॥৩৪॥
দত্তা ভীম! ত্বয়া সংবিৎ কৃতং গুরুবচস্তথা।
নহি তেষাং জয়ো যুদ্ধে যেষাং দ্বেষ্টাসি পাণ্ডব! ॥৩৫॥
দিষ্ট্যা জীবতি সংগ্রামে সব্যসাচী ধনঞ্জয়ঃ।
দিষ্ট্যা চ কুশলী বীরঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

ভীমেতি। ফাল্গুনস্য অর্জ্জুনস্য ॥৩২॥
বিশোক ইতি। বিশোকো নিরুদ্বেগঃ। আশাস্তবান্ আশাবিষয়ীকৃতবান্ ॥৩৩॥
তথেতি। মদোৎকটে মত্ততোদ্ধতে। স্মিতং মন্দহাস্যম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥
দত্তেতি। সংবিৎ সঙ্কেতঃ, গুরুবচো জ্যেষ্ঠভ্রাতুর্মে বাক্যপালনম্ ॥৩৫॥

মহারাজ! ক্রমে কৃষ্ণ ও অর্জ্জুন সিংহনাদ ছাড়িয়া গর্জ্জনকারী দুইটা মহাবৃষের ন্যায় অগ্রসর হইতে লাগিলেন ॥৩১॥

মহারাজ! এদিকে ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ভীমসেনের ও ধনুর্দ্ধর অর্জ্জুনের সেই সিংহনাদ শুনিয়া সন্তুষ্ট হইলেন ॥৩২॥

এবং প্রভাবশালী রাজা যুধিষ্ঠির তাঁহাদের সিংহনাদ শুনিয়া নিরুদ্বেগ হইলেন, আর যুদ্ধে অর্জ্জুনের জয়ের আশাও করিলেন ॥৩৩॥

মদমত্ত ভীমসেন সেইরূপ গর্জ্জন করিলে, মহাবাহু ও ধার্ম্মিকশ্রেষ্ঠ ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ঈষৎ হাস্য করিয়া চিন্তাপূর্ব্বক মনের ভাব মনে মনে বলিতে লাগিলেন—॥৩৪॥

'ভীমসেন! তুমি অর্জ্জুন ও সাত্যকির জীবনসঙ্কেত জানাইয়াছ এবং জ্যেষ্ঠভ্রাতার আদেশ পালন করিয়াছ। পাণ্ডব! তুমি যাহাদের উপরে বিদ্বেষ কর, তাহাদের জয় হয় না ॥৩৫॥

ভাগ্যবশতঃ সব্যসাচী অর্জ্জুন যুদ্ধে জীবিত আছেন এবং বীর ও যথার্থবিক্রমশালী সাত্যকিও কুশলে আছেন ॥৩৬॥

দিষ্ট্যা শৃণোমি গর্জ্জন্তৌ বাসুদেবধনঞ্জয়ৌ।
যেন শক্রং রণে জিত্বা তর্পিতো হব্যবাহনঃ।
স হন্তা দ্বিষতাং সংখ্যে দিষ্ট্যা জীবতি ফাল্গুনঃ ॥৩৭॥
যস্য বাহুবলং সর্ব্বে বয়মাশ্রিত্য জীবিতাঃ।
স হন্তা রিপুসৈন্যানাং দিষ্ট্যা জীবতি ফাল্গুনঃ ॥৩৮॥
নিবাতকবচা যেন দেবৈরপি সুদুর্জ্জয়াঃ।
নির্জ্জিতা ধনুষৈকেন দিষ্ট্যা পার্থঃ স জীবতি ॥৩৯॥
কৌরবান্ সহিতান্ সর্ব্বান্ গোগ্রহার্থে সমাগতান্।
যোঽজয়ন্মৎস্যনগরে দিষ্ট্যা পার্থঃ স জীবতি ॥৪০॥
কালকেয়সহস্রাণি চতুর্দ্দশ মহারণে।
যোঽবধীদ্ভুজবীর্য্যেণ দিষ্ট্যা পার্থঃ স জীবতি ॥৪১॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। সব্যসাচী উভয়হস্তেনাস্ত্রসম্বন্ধী ॥৩৬॥
দিষ্ট্যেতি। শৃণোমি তয়োর্গর্জ্জনমিত্যর্থঃ। তর্পিতঃ খাণ্ডবদাহেন। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৭॥
যস্যেতি। হন্তেতি তৃচ্। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৩৮॥
নিবাতেতি। নিবাতকবচাস্তদাখ্যা অসুরাঃ। বনপর্ব্ববৃত্তান্তোঽয়ম্ ॥৩৯॥
কৌরবানিতি। বিরাটপর্ব্বণি বৃত্তান্তোঽয়ং দ্রষ্টব্যঃ। পার্থোঽর্জ্জুনঃ ॥৪০॥
কালেতি। কালকেয়াস্তদাখ্যা অসুরাস্তেষাং সহস্রাণি ॥৪১॥

ভাগ্যবশতঃ আমি কৃষ্ণ ও অর্জ্জুনের গর্জ্জন শুনিলাম। যিনি (খাণ্ডবদাহে) ইন্দ্রকে জয় করিয়া অগ্নিদেবের তৃপ্তিসাধন করিয়াছিলেন, যুদ্ধে শত্রুহন্তা সেই অর্জ্জুন ভাগ্যবশতঃ জীবিত আছেন ॥৩৭॥

যাঁহার বাহুবল অবলম্বন করিয়া আমরা সকলে জীবিত রহিয়াছি, শত্রুহন্তা সেই অর্জ্জুন ভাগ্যবশতঃ জীবিত রহিয়াছেন ॥৩৮॥

যিনি দেবগণেরও অতিদুর্জ্জয় নিবাতকবচগণকে এক ধনুদ্বারা জয় করিয়াছিলেন, ভাগ্যবশতঃ সেই অর্জ্জুন জীবিত আছেন ॥৩৯॥

যিনি বিরাটনগরে গোগ্রহণের জন্য সমাগত সম্মিলিত সমস্ত কৌরবকে জয় করিয়াছিলেন, ভাগ্যবশতঃ সেই অর্জ্জুন জীবিত আছেন ॥৪০॥

যিনি বাহুবলে মহাযুদ্ধে চতুর্দ্দশসহস্র কালকেয় অসুর বধ করিয়াছিলেন, ভাগ্যবশতঃ সেই অর্জ্জুন জীবিত আছেন ॥৪১॥

---

(৩৭)...জীবতি ফল্গুনঃ—নি।

গন্ধর্ব্বরাজং বলিনং দুর্য্যোধনকৃতেন বৈ।
জিতবান্ যোঽস্ত্রবীর্য্যেণ দিষ্ট্যা পার্থঃ স জীবতি ॥৪২॥
কিরীটমালী বলবান্ শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ।
মম প্রিয়শ্চ সততং দিষ্ট্যা জীবতি ফাল্গুনঃ ॥৪৩॥
পুত্রশোকাভিসন্তপ্তশ্চিকীর্ষন্ কর্ম্ম দুষ্করম্।
জয়দ্রথবধান্বেষী প্রতিজ্ঞাং কৃতবান্ হি যঃ।
কচ্চিৎ স সৈন্ধবং সংখ্যে হনিষ্যতি ধনঞ্জয়ঃ ॥৪৪॥
কচ্চিত্তীর্ণপ্রতিজ্ঞং হি বাসুদেবেন রক্ষিতম্।
অনস্তমিত আদিত্যে সমেষ্যাম্যহমর্জ্জুনম্ ॥৪৫॥
কচ্চিৎ সৈন্ধবকো রাজা দুর্য্যোধনহিতে রতঃ।
নন্দয়িষ্যত্যমিত্রাণি ফাল্গুনেন নিপাতিতঃ ॥৪৬॥
কচ্চিদ্দুর্য্যোধনো রাজা ফাল্গুনেন নিপাতিতম্।
দৃষ্ট্বা সৈন্ধবকং সংখ্যে শমমস্মাসু ধাস্যতি ॥৪৭॥

ভারতকৌমুদী

গন্ধর্ব্বেতি। দুর্য্যোধনকৃতেন দুর্য্যোধননিমিত্তেন। জিতবান্ ঘোষযাত্রায়াম্ ॥৪২॥

কিরীটেতি। শ্বেতা অশ্বা যস্য সঃ, কৃষ্ণঃ সারথির্যস্য সঃ ॥৪৩॥

পুত্রেতি। কর্ম্ম যুদ্ধম্। সৈন্ধবং জয়দ্রথম্। হনিষ্যতি হন্তুং শক্ষ্যতি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪॥

কচ্চিদিতি। তীর্ণা প্রতিজ্ঞা যেন তম্। সমেষ্যামি প্রাপ্স্যামি ॥৪৫॥

কচ্চিদিতি। নন্দয়িষ্যতি আমোদয়িষ্যতি, অমিত্রাণি শত্রূন্ ॥৪৬॥

যিনি অস্ত্রবলে ঘোষযাত্রায় দুর্য্যোধনের জন্য বলবান্ গন্ধর্ব্বরাজ চিত্রসেনকে জয় করিয়াছিলেন, ভাগ্যবশতঃ সেই অর্জ্জুন জীবিত আছেন ॥৪২॥

কিরীট ও মালাধারী, বলবান্, শ্বেতাশ্ব, কৃষ্ণসারথি এবং সর্ব্বদা আমার প্রিয় অর্জ্জুন ভাগ্যক্রমে জীবিত আছেন ॥৪৩॥

যিনি পুত্রশোকে সন্তপ্ত হইয়া দুষ্কর কার্য্য করিবার ইচ্ছা করিয়া জয়দ্রথবধার্থে প্রতিজ্ঞা করিয়াছেন, সেই অর্জ্জুন যুদ্ধে সে জয়দ্রথকে বধ করিতে পারিবেন কি? ॥৪৪॥

কৃষ্ণরক্ষিত উত্তীর্ণপ্রতিজ্ঞ অর্জ্জুনকে আমি সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে পাইব কি? ॥৪৫॥

দুর্য্যোধনের হিতে নিরত রাজা জয়দ্রথ অর্জ্জুনকর্ত্তৃক নিপাতিত হইয়া শত্রুগণকে আনন্দিত করিবে কি? ॥৪৬॥

দৃষ্ট্বা বিনিহতান্ ভ্রাতৄন্ ভীমসেনেন সংযুগে।
কচ্চিদ্দুর্য্যোধনো মন্দঃ শমমস্মাসু যাস্যতি ॥৪৮॥
দৃষ্ট্বা চান্যান্ বহূন্ যোধান্ পতিতান্ ধরণীতলে।
কচ্চিদ্দুর্য্যোধনো মন্দঃ পশ্চাত্তাপং গমিষ্যতি ॥৪৯॥
কচ্চিদ্ভীষ্মেণ নো বৈরমেকেনৈব প্রশাম্যতি।
শেষস্য রক্ষণার্থঞ্চ সন্ধাস্যতি সুযোধনঃ ॥৫০॥
এবং বহুবিধং তস্য চিন্তয়ানস্য পার্থিব!।
কৃপয়াভিপরীতস্য ঘোরং যুদ্ধমবর্ত্তত ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে যুধিষ্ঠিরহর্ষে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কচ্চিদিতি। শমং শান্তিং তন্নিবন্ধনং সন্ধিমিতি যাবৎ, ধাস্যতি করিষ্যতি ॥৪৭॥
দৃষ্ট্বেতি। মন্দো মূঢ়ঃ। যাস্যতি প্রাপ্স্যতি ॥৪৮॥
দৃষ্ট্বেতি। যুধ্যন্ত ইতি যোধা যোদ্ধারস্তান্। পশ্চাত্তাপমনুতাপম্ ॥৪৯॥
কচ্চিদিতি। নঃ অস্মাকম্। সন্ধাস্যতি সন্ধিং করিষ্যতি ॥৫০॥
এবমিতি। চিন্তয়ানস্যেতি মকারাগমাভাব আর্ষঃ। অভিপরীতস্য ব্যাপ্তচিত্তস্য ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে একদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

রাজা দুর্য্যোধন যুদ্ধে জয়দ্রথকে অর্জ্জুন কর্ত্তৃক নিপাতিত দেখিয়া আমাদের উপরে শান্ত হইবেন ত? (সন্ধি করিবেন কি?) ॥৪৭॥

ভীমসেন যুদ্ধে ভ্রাতৃগণকে নিহত করিয়াছেন দেখিয়া মূঢ় দুর্য্যোধন আমাদের উপরে শান্ত হইবে ত? ॥৪৮॥

অন্য বহুতর যোদ্ধাকে ভূতলে পতিত দেখিয়া মূঢ় দুর্য্যোধন অনুতপ্ত হইবে কি? ॥৪৯॥

এক ভীষ্মবধেই আমাদের শত্রুতার নিবৃত্তি হইবে কি? অবশিষ্ট বীরগণের রক্ষার জন্য দুর্য্যোধন সন্ধি করিবে কি?' ॥৫০॥

রাজা! কৃপাকুলচিত্ত যুধিষ্ঠির এইরূপ নানাপ্রকার চিন্তা করিতেছিলেন; সে সময়ে ভয়ঙ্কর যুদ্ধ চলিতেছিল' ॥৫১॥

(৪৮) শমমস্মাসু ধাস্যতি—পি বঙ্গ বর্দ্ধ। (৪৯)··অন্যান্ মহাযোধান্—পি বা নি। (৫০)··বৈরং সমমেকেন যাস্যতি—পি বা নি। (৫১)··চিন্তয়তঃ সদা···পি,···চিন্তয়তস্তদা—বা নি।
* '···ষড়বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

তং তথা নর্দ্দমানন্তু ভীমসেনং মহাবলম্।
মেঘস্তনিতনির্ঘোষং কে বীরাঃ পর্য্যবারয়ন্ ॥১॥
নহি পশ্যাম্যহং তং বৈ ত্রিষু লোকেষু সঞ্জয়!।
ক্রুদ্ধস্য ভীমসেনস্য যস্তিষ্ঠেদগ্রতো রণে ॥২॥
গদামুদ্যচ্ছতস্তস্য কালস্যেব মহামৃধে।
নহি পশ্যাম্যহং তাত! যস্তিষ্ঠেত রণাজিরে ॥৩॥
রথং রথেন যো হন্যাৎ কুঞ্জরং কুঞ্জরেণ চ।
কস্তস্য সমরে স্থাতা সাক্ষাদপি পুরন্দরঃ ॥৪॥

ভারতকৌমুদী

তমিতি। নর্দ্দমানং গর্জ্জন্তম্। মেঘস্য স্তনিতং গর্জ্জিতমিব নির্ঘোষো যস্মিন্ তদ্যথা তথা ॥১॥

নহীতি। অগ্রতঃ সম্মুখে। অত্র মহামুদ্ধেগো ব্যজ্যতে ॥২॥

গদামিতি। উদ্যচ্ছত উত্তোলয়তঃ, কালস্য যমস্য, মহামৃধে মহাযুদ্ধে ॥৩॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'মহাবল ভীমসেন মেঘগর্জ্জনের ন্যায় সেইরূপ গম্ভীর গর্জ্জন করিতে লাগিলে, কোন্ বীরেরা তাহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন? ॥১॥

সঞ্জয়! যিনি যুদ্ধে ক্রুদ্ধ ভীমসেনের সম্মুখে থাকিতে পারেন, সে প্রকার বীর আমি ত্রিভুবনেই দেখিতে পাই না ॥২॥

বৎস! ভীমসেন যমের ন্যায় মহাযুদ্ধে গদা উত্তোলন করিয়া দাঁড়াইলে, রণস্থলে তাহার সম্মুখে যিনি থাকিতে পারেন, তেমন লোকই আমি দেখি না ॥৩॥

যে, রথদ্বারা রথ ও হাতীদ্বারা হাতী বিনাশ করে, তা'র যুদ্ধে কে থাকিতে পারে? সাক্ষাৎ ইন্দ্রও না ॥৪॥

(১) নিনদন্তং তথা তত্র ভীমসেনম্—পি বা নি। (২)…ত্রিষু লোকেষু কঞ্চন—বা নি।
(৩) গদাং যুযুৎসমানস্য কালস্যেবেহ সঞ্জয়!—বা নি।

ক্রুদ্ধস্য ভীমসেনস্য মম পুত্রান্ জিঘাংসতঃ।
দুর্য্যোধনহিতে যুক্তাঃ সমতিষ্ঠন্ত কেঽগ্রতঃ ॥৫॥
ভীমসেনদবাগ্নেস্তু মম পুত্রতৃণোলপান্।
প্রধক্ষ্যতো রণমুখে কেঽতিষ্ঠন্নগ্রতো নৃপাঃ ॥৬॥
কাল্যমানান্ হি মে পুত্রান্ ভীমেনাবেক্ষ্য সংযুগে।
কালেনেব প্রজাঃ সর্ব্বাঃ কে ভীমং পর্য্যবারয়ন্ ॥৭॥
ন মেঽর্জ্জুনাদ্ভয়ং তাদৃক্ কৃষ্ণান্নাপি চ সাত্বতাৎ
হুতভুগ্‌জন্মনো নৈব যাদৃগ্‌ভীমাদ্ভয়ং মম ॥৮॥
ভীমবহ্নেঃ প্রদীপ্তস্য মম পুত্রান্ দিধক্ষতঃ।
কে শূরাঃ পর্য্যবর্ত্তন্ত তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৯॥

ভারতকৌমুদী

রথমিতি। স্থাতা স্থাস্যতি, সাক্ষাৎ পুরন্দরোঽপি নেত্যর্থঃ ॥৪॥
ক্রুদ্ধস্যেতি। জিঘাংসতো হন্তুমিচ্ছতঃ। যুক্তা উদ্যতাঃ ॥৫॥
ভীমেতি। পুত্রা এব তৃণোলপাঃ শুষ্কতৃণলতাস্তান্ ॥৬॥
কাল্যেতি। কাল্যমানান্ পীড্যমানান্। কালেন রুদ্রেণ, প্রজাঃ প্রাণিনঃ ॥৭॥
নেতি। সাত্বতাৎ সাত্বতবংশ্যাৎ। হুতভুজো বহ্নের্জন্ম যস্য তস্মাৎ ধৃষ্টদ্যুম্নাৎ ॥৮॥
ভীমেতি। প্রদীপ্তস্য প্রজ্বলিতস্য। দিধক্ষতো দগ্ধুমিচ্ছতঃ সম্মুখে ইতি শেষঃ ॥৯॥

ভীম ক্রুদ্ধ হইয়া আমার পুত্রগণকে বধ করিবার ইচ্ছা করিলে, দুর্য্যোধনের হিতে উদ্যত কোন্ বীরেরা তাহার সম্মুখে ছিলেন? ॥৫॥

ভীমসেনরূপ দাবাগ্নি আমার পুত্রগণরূপ শুষ্ক তৃণ-লতা দগ্ধ করিতে প্রবৃত্ত হইলে, কোন্ রাজারা যুদ্ধে তাহার সম্মুখে রহিয়াছিলেন? ॥৬॥

রুদ্র যেমন প্রলয়কালে সমস্ত প্রাণী পীড়ন করেন, সেইরূপ ভীমসেন যুদ্ধে আমার পুত্রগণকে পীড়ন করিতেছে দেখিয়া কাঁহারা তাহাকে বারণ করিতে লাগিলেন? ॥৭॥

ভীম হইতে আমার যেরূপ ভয় হয়, সেরূপ ভয় অর্জ্জুন হইতে, বা সাত্বতবংশীয় কৃষ্ণ হইতে, কিংবা ধৃষ্টদ্যুম্ন হইতে হয় না ॥৮॥

সঞ্জয়! ভীমসেনরূপ অগ্নি প্রজ্বলিত হইয়া আমার পুত্রগণকে দগ্ধ করিবার ইচ্ছা করিলে, কোন্ বীরেরা তাহার সম্মুখে রহিয়াছিলেন, তাহা আমার নিকট বল' ॥৯॥

---

(৬)...মম পুত্রাংস্তৃণোলপম্—বা নি। (৮)...নাপি কৃষ্ণাচ্চ সাত্বতাৎ—বঙ্গ বর্দ্ধ।

সঞ্জয় উবাচ।

তথা তু নর্দ্দমানং তং ভীমসেনং মহাবলম্।
তুমুলেনৈব শব্দেন কর্ণোঽপ্যভ্যদ্রবদ্বলী ॥১০॥
ব্যাক্ষিপ্য বলবচ্চাপমতিমাত্রমমর্ষণঃ।
কর্ণঃ সুযুদ্ধমাকাঙ্ক্ষন্ দর্শয়িষ্যন্ বলং বলী।
রুরোধ মার্গং ভীমস্য বাতস্যেব মহীরুহঃ ॥১১॥
ভীমোঽপি দৃষ্ট্বা সাবেগং পুরো বৈকর্ত্তনং স্থিতম্।
চুকোপ বলবদ্বীরশ্চিক্ষেপাস্য শিলাশিতান্।
তান্ প্রত্যগৃহ্লাৎ কর্ণোঽপি প্রতীপং প্রেষয়ন্ শরান্ ॥১২॥
ততস্তু সর্ব্বযোধানাং যততাং প্রেক্ষতামপি।
প্রাবেপন্নিব গাত্রাণি কর্ণভীমসমাগমে ॥১৩॥

ভারতকৌমুদী

তথেতি। নর্দ্দমানং গর্জ্জন্তম্। শব্দেন জয়কোলাহলেন, অভ্যদ্রবং অভ্যধাবং ॥১০॥

ব্যাক্ষিপ্যেতি। ব্যাক্ষিপ্য আকৃষ্য, বলবং দৃঢ়ম্। অমর্ষণঃ ক্রুদ্ধঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

ভীম ইতি। বৈকর্ত্তনং কর্ণম্। বলবদধিকম্। শিলায়াং শিতান্ ঘর্ষণেন সুধারীকৃতান্ শরান্। প্রতীপং প্রতিকূলম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥

তত ইতি। যততাং যুদ্ধায় যতমানানাম্। প্রাবেপন্ অকম্পন্ত ॥১৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাবল ভীমসেন সেইরূপ গর্জ্জন করিতে লাগিলে, বলবান্ কর্ণও তুমুল জয়কোলাহলের সহিত তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১০॥

ক্রুদ্ধ ও বলবান্ কর্ণ শক্তি দেখাইবেন বলিয়া ন্যায়যুদ্ধ কামনা করিয়া সুদৃঢ় ধনুখানাকে অত্যন্ত আকর্ষণপূর্ব্বক - বৃক্ষ যেমন বায়ুর পথ রুদ্ধ করে, সেইরূপ ভীমসেনের পথ রুদ্ধ করিলেন ॥১১॥

মহাবীর ভীমসেনও আবেগের সহিত সম্মুখস্থিত কর্ণকে দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং শিলাশাণিত বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন; আবার কর্ণও তাঁহার প্রতিকূলে বাণক্ষেপ করিতে থাকিয়া তাঁহার বাণগুলি গ্রহণ করিতে থাকিলেন ॥১২॥

কর্ণ ও ভীমের সম্মেলন হইলে, যুদ্ধের জন্য যত্নবান্ ও যুদ্ধদর্শী সমস্ত যোদ্ধারই দেহ যেন কাঁপিতে লাগিল ॥১৩॥

(১০)...কর্ণো হ্যভ্যদ্রবং...বর্দ্ধ। (১২)...দৃষ্টা সাবেশম্...বর্দ্ধ। (১৩)...প্রতততং প্রেক্ষতাং জ্যা...পি বর্দ্ধ।

রথিনাং সাদিনাঞ্চৈব তয়োঃ শ্রুত্বা তলস্বনম্ ।
ভীমসেনস্য নিনদং ঘোরং শ্রুত্বা রণাজিরে ।
খঞ্চ ভূমিঞ্চ সংরুদ্ধাং মেনিরে তব সৈনিকাঃ ॥১৪॥
পুনর্ঘোরেণ নাদেন পাণ্ডবস্য মহাত্মনঃ ।
সমরে সর্ব্বযোধানাং ধনূংষি ন্যপতন্ ক্ষিতৌ ॥১৫॥
বিত্রস্তানি চ সর্ব্বাণি শকৃন্মূত্রং প্রসুস্রুবুঃ ।
বাহনানি মহারাজ ! বভূবুর্বিমনাংসি চ ॥১৬॥
প্রাদুরাসন্ নিমিত্তানি ঘোরাণি চ মহান্তি চ ।
গৃধ্রকাকবলৈশ্চাসীদন্তরীক্ষং সমাবৃতম্ ।
তস্মিংস্তু তুমুলে রাজন্ ! ভীমকর্ণসমাগমে ॥১৭॥
ততঃ কর্ণস্তু বিংশত্যা শরাণাং ভীমমার্দ্দয়ৎ ।
বিব্যাধ চাস্য ত্বরিতং সূতং পঞ্চভিরাশুগৈঃ ॥১৮॥

ভারতকৌমুদী

রথিনামিতি। সাদিনাং গজাশ্বারোহিণাঞ্চ গণা ইতি শেষঃ। তলস্বনং শরক্ষেপকালীন-হস্তাবাপধ্বনিম্। খমাকাশম্, সংরুদ্ধাং ব্যাপ্তাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

পুনরিতি। পাণ্ডবস্য ভীমস্য। ন্যপতন্ ভয়েনাবশহস্তত্বাদিত্যাশয়ঃ ॥১৫॥

বিত্রস্তানীতি। শকৃদ্বিষ্ঠাম্, প্রসুস্রুবুঃ তত্যজুঃ। বাহনানি গজাদীনি ॥১৬॥

প্রাদুরিতি। নিমিত্তানি উল্কাপাতাদীনি দুর্লক্ষণানি। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৭॥

মহারাজ! আপনার সৈন্যশ্রেণীভুক্ত রথী, গজারোহী ও অশ্বারোহীরা সমরাঙ্গনে ভীম ও কর্ণের হস্তাবাপের (চর্ম্মনির্ম্মিত হস্তাবরণের) ধ্বনি এবং ভীমের ভয়ঙ্কর গর্জ্জন শুনিয়া আকাশ ও ভূমি ব্যাপ্ত হইতেছে বলিয়া মনে করিল ॥১৪॥

আবার মহাবল ভীমের ভয়ঙ্কর সিংহনাদে সমস্ত যোদ্ধার হস্ত হইতে ধনুগুলি ভূতলে পতিত হইল ॥১৫॥

মহারাজ! বাহন সকল ভীত হইয়া বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে লাগিল এবং বিষণ্ণচিত্ত হইয়া পড়িল ॥১৬॥

রাজা! ভীম ও কর্ণের সেই তুমুল সম্মেলনে মহাভয়ঙ্কর দুর্লক্ষণ সকল আবির্ভূত হইতে লাগিল এবং গৃধ্র, কাক ও বকপক্ষিগণে আকাশ আবৃত হইয়া গেল ॥১৭॥

---

(১৪)···মেনিরে ক্ষত্রিয়র্ষভাঃ—বঙ্গ বর্দ্ধ বা নি। (১৬)···শকৃন্মূত্রে—পি। (১৭)···ঘোরাণি সুবহূন্যত—পি বা নি। (১৮)···বিব্যাধ চাস্য ত্বরিতঃ—পি বা নি।

প্রহস্য ভীমসেনশ্চ কর্ণং প্রত্যর্দ্দয়দ্রণে।
সায়কানাং চতুঃষষ্ট্যা ক্ষিপ্রকারী মহাবলঃ ॥১৯॥
তস্য কর্ণো মহেষ্বাসঃ সায়কাংশ্চতুরোঽক্ষিপৎ।
অসংপ্রাপ্তাংস্তু তান্ ভীমঃ সায়কৈর্নতপর্ব্বভিঃ ॥২০॥
চিচ্ছেদ বহুধা রাজন্! দর্শয়ন্ পানিলাঘবম্।
তং কর্ণশ্ছাদয়ামাস শরব্রাতৈরনেকশঃ ॥২১॥ (যুগ্মকম্)
স চ্ছাদ্যমানঃ কর্ণেন বহুধা পাণ্ডুনন্দনঃ।
চিচ্ছেদ চাপং কর্ণস্য মুষ্টিদেশে মহারথঃ।
বিব্যাধ চৈনং বহুভিঃ সায়কৈর্নতপর্ব্বভিঃ ॥২২॥
অথান্যদ্ধনুরাদায় সজ্যং কৃত্বা চ সূতজঃ।
বিব্যাধ সমরে ভীমং ভীমকর্ম্মা মহারথঃ ॥২৩॥

ভারতকৌমুদী

তত ইতি। আৰ্দ্দয়দপীড়য়ৎ। সূতং সারথিম্, আশুগৈর্বাণৈঃ ॥১৮॥
প্রহস্যেতি। হাসোঽয়ং বীরব্যভিচারী ভাবঃ ॥১৯॥
তস্যেতি। চতুরশ্চতুঃসংখ্যকান্। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥২০—২১॥
স ইতি। বহুধা বহুভিঃ শরৈরিত্যর্থঃ নতপর্ব্বভির্বক্রোপাটৈঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২২॥
অথেতি। সজ্যম্ আরোপিতগুণম্, সূতজঃ কর্ণঃ ॥২৩॥

ক্রমে কর্ণ কুড়িটা বাণদ্বারা ভীমসেনকে পীড়ন করিলেন এবং পাঁচটা বাণদ্বারা তাঁহার সারথিকে তাড়ন করিলেন ॥ ১৮॥

পরে ক্ষিপ্রকারী এবং মহাবল ভীমসেনও হাস্য করিয়া চৌষট্টিটা বাণদ্বারা কর্ণকে যুদ্ধে প্রতিপীড়ন করিলেন ॥১৯॥

রাজা! তখন মহাধনুর্দ্ধর কর্ণ ভীমের উপরে চারিটা বাণ নিক্ষেপ করিলেন; সেই বাণগুলি না আসিতেই ভীমসেন লঘুহস্ততা দেখাইতে থাকিয়া বহুতর নতপর্ব্ব বাণদ্বারা সেগুলিকে ছেদন করিলেন। পরে কর্ণ আবার অনেক বাণসমূহদ্বারা ভীমসেনকে আচ্ছাদন করিয়া ফেলিলেন ॥২০—২১॥

কর্ণ বহুবাণদ্বারা আচ্ছাদন করিলে, মহারথ ভীমসেন কর্ণের ধনুখানার মুষ্টিদেশ ছেদন করিলেন এবং নতপর্ব্ব বহুবাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২২॥

---

(১৯)···ভীমসেনোঽপি···ক্ষিপ্রকারী মহাযশাঃ—পি বা নি। (২০)···মহেষ্বাসো ব্যাক্ষিপচ্চতুরঃ শরান্—বঙ্গ বৰ্দ্ধ।

তস্য ভীমো ভৃশং ক্রুদ্ধস্ত্রীন্ শরান্ নতপর্ব্বণঃ।
নিচখানোরসি তদা সূতপুত্রস্য বেগিনঃ ॥২৪॥
তৈঃ কর্ণোঽরাজত শরৈরুরোমধ্যগতৈস্তদা।
মহীধর ইবোদগ্রস্ত্রিশৃঙ্গো ভরতর্ষভ ! ॥২৫॥
সুস্রাব চাস্য রুধিরং বিদ্ধস্য পরমেষুভিঃ।
ধাতুপ্রস্যন্দিনঃ শৈলাদ্‌যথা গৈরিকধাতবঃ ॥২৬॥
কিঞ্চিদ্বিচলিতঃ কর্ণঃ সংপ্রহারাভিপীড়িতঃ।
ধনুঃ সসায়কং কৃত্বা ভীমং বিব্যাধ মারিষ ! ।
চিক্ষেপ চ পুনর্বাণান্ শতশোঽথ সহস্রশঃ ॥২৭॥
স চ্ছাদ্যমানঃ সহসা কর্ণেন দৃঢ়ধন্বিনা।
ধনুর্জ্যামচ্ছিনত্তূর্ণং প্রস্ময়ন্ পাণ্ডুনন্দনঃ ॥২৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। নিচখান প্রবেশয়ামাস, উরসি বক্ষসি ॥২৪॥
তৈরিতি। উরোমধ্যগতৈর্বক্ষোমধ্যস্থিতৈঃ। উদগ্র উন্নতঃ ॥২৫॥
সুস্রাবেতি। ধাতুপ্রস্যন্দিনো নানাবর্ণারসস্রাবিণঃ। গৈরিকধাতবো রক্তরসাঃ ॥২৬॥
কিঞ্চিদিতি। সসায়কং বাণযুক্তম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥
স ইতি। ধনুর্জ্যাং কর্ণস্য ধনুষো গুণম্। প্রস্ময়ন্ ঈষদ্ধসন্ ॥২৮॥

তাহার পর ভয়ঙ্করকর্ম্মা মহারথ কর্ণ অন্য একখানা ধনু লইয়া তাহাতে গুণ আরোপণ করিয়া যুদ্ধে ভীমসেনকে বিদ্ধ করিতে লাগিলেন ॥২৩॥

তখন ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া বেগবান্ কর্ণের বক্ষস্থলে নতপর্ব্ব তিনটা বাণ প্রবেশ করাইয়া দিলেন ॥২৮॥

ভরতশ্রেষ্ঠ! তখন কর্ণ সেই বক্ষোমধ্যগত বাণ তিনটাদ্বারা ত্রিশৃঙ্গ উন্নত পর্ব্বতের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥২৫॥

তখন ধাতুস্রাবকারী পর্ব্বত হইতে গৈরিকধাতুর ন্যায় মহাবাণবিদ্ধ কর্ণের দেহ হইতে রক্ত নির্গত হইতে লাগিল ॥২৬॥

মাননীয় রাজা! কর্ণ গুরুতর প্রহারে নিতান্ত পীড়িত হইয়া কিঞ্চিৎ বিচলিত হইলেন। তথাপি তিনি ধনুতে বাণ যোজনা করিয়া ভীমকে বিদ্ধ করিলেন এবং পুনরায় শত শত ও সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিলেন ॥২৭॥

(২৮) তস্য ভীমোঽথ সংক্রুদ্ধঃ...সূতপুত্রস্য পার্থিব!—পি,...সূতপুত্রস্য বেগতঃ—বা নি। (২৫)...উরোমধ্যগতৈঃ সদা—বা নি।

সারথিঞ্চাস্য ভল্লেন প্রাহিণোদ্‌যমসাদনম্।
বাহাংশ্চ চতুরস্তস্য ব্যসূংশ্চক্রে মহাবলঃ ॥২৯॥
হতাশ্বাত্তু রথাত্তূর্ণং সমাপ্লুত্য বিশাংপতে!।
স্যন্দনং বৃষসেনস্য সমারোহন্মহারথঃ ॥৩০॥
নির্জ্জিত্য তু রণে কর্ণং ভীমসেনঃ প্রতাপবান্।
ননাদ বলবন্নাদং পর্জ্জন্যনিনদোপমম্।
তস্য তং নিনদং শ্রুত্বা প্রহৃষ্টোঽভূদ্‌যুধিষ্ঠিরঃ ॥৩১॥
কর্ণস্তু নির্জ্জিতং মত্বা ভীমসেনেন মারিষ!।
সমন্তাচ্ছঙ্খনিনদং পাণ্ডুসেনাকরোত্তদা ॥৩২॥
শত্রুসেনাধ্বনিং শ্রুত্বা তাবকা হ্যনদন্ ভৃশম্।
গাণ্ডীবং ব্যাক্ষিপৎ পার্থঃ কৃষ্ণোঽপ্যব্জমবাদয়ৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

সারথিমিতি। বাহানশ্বান্, ব্যসূন্ বিগতপ্রাণান্, মহাবলঃ পাণ্ডুনন্দনঃ ॥২৯॥
হতেতি। স্যন্দনং রথম্। মহারথঃ কর্ণঃ ॥৩০॥
নির্জ্জিত্যেতি। বলবৎ সাতিশয়ম্। প্রহৃষ্টোঽভূজ্জয়াবধারণাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥
কর্ণমিতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু। অকরোদানন্দেন ॥৩২॥

দৃঢ়ধনুর্দ্ধর কর্ণ সহসা বাণদ্বারা আবৃত করিলে, ভীমসেন ঈষৎ হাস্য করতঃ সত্বর কর্ণের ধনুর গুণ ছেদন করিয়া ফেলিলেন ॥২৮॥

এবং মহাবল ভীমসেন একটা ভল্লদ্বারা কর্ণের সারথিকে যমালয়ে প্রেরণ করিলেন, আর তাঁহার চারিটা অশ্বকে বধ করিলেন ॥২৯॥

নরনাথ! অশ্বগুলি নিহত হইলে, মহারথ কর্ণ সত্বর নিজের রথ হইতে লাফাইয়া পড়িয়া বৃষসেনের রথে যাইয়া আরোহণ করিলেন ॥৩০॥

প্রতাপশালী ভীমসেন যুদ্ধে কর্ণকে জয় করিয়া মেঘগর্জ্জনের ন্যায় গম্ভীর ও বিশাল সিংহনাদ করিলেন। ভীমসেনের সেই সিংহনাদ শুনিয়া যুধিষ্ঠির আনন্দিত হইলেন ॥৩১॥

মাননীয় মহারাজ! তখন ভীমসেন কর্ণকে জয় করিয়াছেন মনে করিয়া পাণ্ডবসৈন্যেরা সকল দিকে শঙ্খধ্বনি করিতে লাগিল ॥৩২॥

শত্রুসৈন্যের ধ্বনি শুনিয়া আপনার সৈন্যেরাও গুরুতর ধ্বনি করিতে থাকিল; ওদিকে অর্জ্জুন গাণ্ডীবটঙ্কার করিতে লাগিলেন এবং কৃষ্ণও পাঞ্চজন্যশঙ্খ বাজাইতে থাকিলেন ॥৩৩॥

(২৯)...ব্যসূংশ্চক্রে মহারথঃ—পি।

তমস্তর্ধায় নিনদং ধ্বনির্ভীমস্য নর্দ্দতঃ।
অশ্রূয়ত মহারাজ ! সর্বসৈন্যেষু দারুণঃ ॥৩৪॥
ততো ব্যায়চ্ছতাং বীরৌ পৃথক্ পৃথগজিহ্মগৈঃ।
মৃদুপূর্ব্বঞ্চ রাধেয়ো দৃঢ়পূর্ব্বঞ্চ পাণ্ডবঃ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে কর্ণপরাজয়ে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

শক্রসেনেতি ব্যাক্ষিপৎ আকর্ষণধ্বনিমকরোৎ। অব্জং পাঞ্চজন্যশঙ্খম্ ॥৩৩॥

তমিতি। নর্দ্দতো গর্জ্জতঃ। অশ্রূয়ত সর্বৈরেব ॥৩৪॥

তত ইতি। ব্যায়চ্ছতাং ব্যায়াম মকুরুতাম্ ক্ষেপেণ পর্য্যশ্রাম্যতাম্। অজিহ্মগৈর্বাণৈঃ। মৃদুপূর্ব্বং কোমলতাপূর্ব্বকম্, পরাজয়েন লজ্জিতত্বাৎ; রাধেয়ঃ কর্ণঃ, দৃঢ়পূর্ব্বং দৃঢ়তাপূর্ব্বকং জয়েনোৎসাহাতিরেকাৎ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

-:*:-

ভারতভাবদীপঃ

নিনদস্তমিতি ॥১—২॥ যুযুৎসমানস্য ব্যাপারয়তঃ ॥৩—১৩॥ সংরুদ্ধামেকতামাপন্নাম্ ॥১৪—৩৪॥ ব্যায়চ্ছতাং প্রাহরতাম্ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১২॥

——:*:——

মহারাজ! তখন গর্জ্জনকারী ভীমসেনের দারুণ কণ্ঠধ্বনি সেই সমস্ত ধ্বনিকে অন্তর্হিত করিয়া সকল সৈন্যের শ্রুতিগোচর হইতে লাগিল ॥৩৪॥

তদনন্তর বীর কর্ণ ও ভীমসেন বাণদ্বারা পৃথক্ পৃথক্ ব্যায়াম করিতে লাগিলেন; কর্ণ কোমলতাপূর্ব্বক, আর ভীম দৃঢ়তাপূর্ব্বক বাণক্ষেপ করিতে থাকিলেন ॥৩৫॥

—:*:—

(৩৪) অন্তর্ধায় নিনাদং তং ভীমস্য নদতো ধ্বনিঃ—পি। (৩৫)···পৃথক্ পৃথগরিন্দমৌ—পি। * '···সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···একোনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' —বা ম নি।

ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

তস্মিন্ বিলুলিতে সৈন্যে সৈন্ধবায়ার্জ্জুনে গতে।
সাত্যকৌ ভীমসেনে চ পুত্ত্রস্তে দ্রোণমভ্যয়াৎ।
ত্বরন্নেকরথেনৈব বহু কৃত্যং বিচিন্তয়ন্ ॥১॥
স রথস্তব পুত্ত্রস্য ত্বরয়া পরয়া যুতঃ।
তূর্ণমভ্যদ্রবদ্দ্রোণং মনোমারুতবেগবান্।
উবাচ চৈনং পুত্ত্রস্তে সংরম্ভাদ্রক্তলোচনঃ ॥২॥
অর্জ্জুনো ভীমসেনশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ।
বিজিত্য সর্ব্বসৈন্যানি সুমহান্তি মহারথাঃ ॥৩॥
সংপ্রাপ্তাঃ সিন্ধুরাজস্য সমীপমনিবারিতাঃ।
ব্যায়চ্ছন্তি চ তত্রাপি সর্ব্ব এব মহারথাঃ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। বিলুলিতে আলোড়িতে, সৈন্ধবায় জয়দ্রথায়। পুত্ত্রো দুর্য্যোধনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

স ইতি। পরয়া মহত্যা। সংরম্ভাৎ ক্রোধাৎ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২॥

অর্জ্জুন ইতি। সুমহান্তি অতিবিশালানি। ব্যায়চ্ছন্তি অস্ত্রক্ষেপেণ শ্রাম্যন্তি ॥৩–৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কৌরবসৈন্য আলোড়িত হইলে এবং ক্রমে অর্জ্জুন, সাত্যকি ও ভীমসেন জয়দ্রথের দিকে গমন করিলে, আপনার পুত্র (দুর্য্যোধন) বহুতর কর্ত্তব্য বিষয় চিন্তা করতঃ সত্বর একরথেই দ্রোণের নিকট গমন করিতে লাগিলেন ॥১॥

আপনার পুত্রের সেই রথখানা অত্যন্তত্বরান্বিত এবং মন ও বায়ুর ন্যায় বেগবান্ হইয়া সত্বর দ্রোণের নিকট উপস্থিত হইল। তখন আপনার পুত্র (দুর্য্যোধন) ক্রোধে আরক্তনয়ন হইয়া দ্রোণকে বলিলেন—॥২॥

'অর্জ্জুন, ভীমসেন ও সাত্যকি পরাজিত না হইয়া, অথচ আমাদের অতিবিশাল সমস্ত সৈন্য জয় করিয়া অনিবারিত অবস্থায় জয়দ্রথের নিকট উপস্থিত হইয়াছে এবং সেখানেও ঐ মহারথেরা সকলেই যুদ্ধ করিতেছে ॥৩–৪॥

(১) ...সাত্বতে ভীমসেনে চ...বঙ্গ বর্দ্ধ—বা নি। (৪)...সর্ব এবাপরাজিতাঃ—বা নি।

যদি তাবদ্রণে পার্থো ব্যতিক্রান্তো মহাবলঃ।
কথং সাত্যকিভীমাভ্যাং ব্যতিক্রান্তোঽসি মানদ ! ॥৫॥
আশ্চর্য্যভূতো লোকেঽস্মিন্ সমুদ্রস্যেব শোষণম্।
নির্জয়স্তব বিপ্রাগ্র্য ! সাত্বতেনার্জ্জুনেন চ।
তথৈব ভীমসেনেন লোকঃ সংবদতে ভৃশম্ ॥৬॥
কথং দ্রোণো জিতঃ সংখ্যে ধনুর্ব্বেদস্য পারগঃ।
ইত্যেবং ব্রুবতে যোধা অশ্রদ্ধেয়মিদং তব ॥৭॥
নাশ এব তু মে নূনং মন্দভাগ্যস্য সংযুগে।
যত্র ত্বাং পুরুষব্যাঘ্রমতিক্রান্তাস্ত্রয়ো রথাঃ ॥৮॥
এবং গতে তু কৃত্যেঽস্মিন্ ব্রূহি যত্তে মনোগতম্।
যদ্‌গতং গতমেবেহ শেষং চিন্তয় মানদ ! ॥৯॥

ভারতকৌমুদী

যদীতি। প্রথমে ব্যতিক্রান্তপদে কর্ত্তরি দ্বিতীয়ে চ কর্ম্মণি ক্তপ্রত্যয়ঃ ॥৫॥

আশ্চর্য্যেতি। সাত্বতেন সাত্যকিনা। সংবদতে প্রাগুক্তং বদতি। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬॥

কথমিতি। তব ইদং জিতত্বম্, অশ্রদ্ধেয়ম্ অবিশ্বাস্যম্, ধনুর্বেদপারগত্বাৎ ॥৭॥

নাশ ইতি। যত্র যেন হেতুনা, পুরুষব্যাঘ্রং বীরত্বাদিনা পুরুষশ্রেষ্ঠম্ ॥৮॥

মানী জনের সম্মানকারক আচার্য্য ! মহাবল অর্জ্জুন যদিও যুদ্ধে আপনাকে অতিক্রম করিয়া থাকে, তথাপি সাত্যকি ও ভীম আপনাকে কি করিয়া অতিক্রম করিল। ॥৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! অর্জ্জুন, সাত্যকি ও ভীমকর্ত্তৃক আপনার এই জয় সমুদ্র শোষণ করার ন্যায় এই জগতে আশ্চর্য্যস্বরূপই হইয়াছে ; ইহা সমস্ত লোকই বিশেষভাবে বলিতেছে ॥৬॥

'ধনুর্ব্বেদের পারগামী দ্রোণ কি করিয়া যুদ্ধে পরাজিত হইলেন' এইরূপ যোদ্ধারা বলিতেছেন। কারণ, আপনার এই পরাজয় অবিশ্বাস্য ॥৭॥

আমি মন্দভাগ্য কি না, তাই এই যুদ্ধে আমার নিশ্চয়ই ধ্বংস হইবে। যেহেতু আপনি পুরুষশ্রেষ্ঠ হইলেও তিন জন মহারথ আপনাকে অতিক্রম করিয়া গিয়াছে ॥৮॥

এই ব্যাপার এইরূপ হওয়ায় আপনার যাহা অভিপ্রায়, তাহা বলুন। অথবা যাহা গিয়াছে, তাহা গিয়াছেই। সুতরাং মানদ ! অবশিষ্ট কর্ত্তব্যের চিন্তা করুন ॥৯॥

(৬) আশ্চর্য্যভূতং লোকেঽস্মিন্—বঙ্গ বর্দ্ধ। (৯)…যত্তে বিবক্ষিতম্—বঙ্গ বর্দ্ধ।

যৎ কৃত্যং সিন্ধুরাজস্য প্রাপ্তকালমরিন্দম!।
তদ্‌ব্রবীতু ভবান্ ক্ষিপ্রং সাধু তৎ সংবিধীয়তাম্ ॥১০॥

দ্রোণ উবাচ।

চিন্ত্যং বহুবিধং রাজন্! কৃত্যং যত্তত্ত্ মে শৃণু।
ত্রয়ো হি সমতিক্রান্তাঃ পাণ্ডবানাং মহারথাঃ ॥১১॥
যাবদেব ভয়ং পশ্চাত্তাবদেব ভয়ং পুরঃ।
তদ্‌গরীয়স্তরং মন্যে যত্র কৃষ্ণধনঞ্জয়ৌ ॥১২॥
সা পুরস্তাচ্চ পশ্চাচ্চ গৃহীতা ভারতী চমূঃ।
তত্র কৃত্যতমং মন্যে সৈন্ধবস্যাভিরক্ষণম্ ॥১৩॥
স নো রক্ষ্যতমস্তাত! ক্রুদ্ধাদ্ভীতো ধনঞ্জয়াৎ।
গতৌ হি সৈন্ধবং বীরৌ যুযুধানবৃকোদরৌ ॥১৪॥

ভারতকৌমুদী

এবমিতি। গতে ভূতে, কৃত্যে কার্য্যে। শেষং কর্ত্তব্যম্ ॥৯॥
যদিতি। কৃত্যং কর্ত্তব্যম্, প্রাপ্তকালম্ এতৎকালোচিতম্। সংবিধীয়তাং ত্বয়াপি ॥১০॥
চিন্ত্যমিতি। সমতিক্রান্তা মামতীত্য গতাঃ ॥১১॥
যাবদিতি। পশ্চাদ্ভাবি। পুরো ভূতম্। গরীয়স্তরম্ অতীবগুরুতরং কার্য্যম্ ॥১২॥
সেতি। পুরস্তাৎ ধৃষ্টদ্যুম্নাদিভিঃ, পশ্চাদর্জ্জুনাদিভিঃ, গৃহীতা ধৃতা আক্রান্তা ॥১৩॥
স ইতি। স সৈন্ধবঃ, নঃ অস্মাকম্। সৈন্ধবং জয়দ্রথম্, যুযুধানঃ সাত্যকিঃ ॥১৪॥

অরিন্দম! বর্ত্তমান সময়ে জয়দ্রথের যাহা কর্ত্তব্য, তাহা আপনি সত্বর বলুন এবং আপনিও তাহা ভাল করিয়া করুন' ॥১০॥

দ্রোণ বলিলেন—'রাজা! যে সকল কার্য্য বহুপ্রকারে বিবেচ্য, তাহা আমার নিকট শ্রবণ কর। পাণ্ডবপক্ষের তিন জন মহারথ আমাকে অতিক্রম করিয়া গিয়াছেন ॥১১॥

যত ভয় পরে হইত, তত ভয় পূর্ব্বে হইয়াছে। সুতরাং যেখানে কৃষ্ণ ও অর্জ্জুন রহিয়াছেন, সেইখানেই অতিগুরুতর কার্য্য রহিয়াছে বলিয়া মনে করি ॥১২॥

কৌরবসৈন্য সম্মুখে ও পিছনে আক্রান্ত হইয়াছে। তথাপি জয়দ্রথকে রক্ষা করাই সর্ব্বপ্রধান কার্য্য বলিয়া আমি মনে করি ॥১৩॥

(১০)…প্রাপ্তকালমনন্তরম। তস্মিন্ বিধীয়তাং ক্ষিপ্রং সাধু সঞ্চিন্ত্য নো দ্বিজ!—পি। (১১) …তাত! যৎ কৃত্যং তচ্ছৃণুষ্ব মে। ত্রয়ো হি সমতিক্রান্তাঃ—পি। (১২)…তাবদেব পুরস্সরম্—পি। (১৪)…ভীমৌ যুযুধানবৃকোদরৌ—বা নি।

সংপ্রাপ্তং তদিদং দ্যূতং যত্তচ্ছকুনিবুদ্ধিজম্।
ন সভায়াং জয়ো বৃত্তো নাপি তত্র পরাজয়ঃ।
ইহ নো গ্লহমানানামদ্য তাত! জয়াজয়ৌ ॥১৫॥
যান্ স্ম তান্ গ্লহতে ঘোরান্ শকুনিঃ কুরুসংসদি।
ন তেহক্ষা নিশিতা ঘোরাঃ শরা যুষ্মত্তনুচ্ছিদঃ।
যত্র তে বহবস্তাত! কুরবঃ পর্য্যবস্থিতাঃ ॥১৬॥
সেনাং দুরোদরং বিদ্ধি শরানক্ষান্ বিশাংপতে!।
গ্লহঞ্চ সৈন্ধবং রাজন্নত্র দ্যূতস্য নিশ্চয়ঃ ॥১৭॥

ভারতকৌমুদী

সংপ্রাপ্তমিতি। ন বৃত্তো ন জাতঃ অস্থায়িত্বাৎ। গ্লহমানানাং ক্রীড়তাম্। ষট্‌পাদোহয়ং শ্লোকঃ ॥১৫॥

যানিতি। গ্লহতে স্ম ক্ষিপতি স্ম। অক্ষাঃ পাশকা ন, অপি তু শরাঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৬॥

সেনামিতি। দুরোদরং দ্যূতকারম্। গ্লহং পণম্। নিশ্চয়ো জয়াজয়য়োঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১॥ সংরম্ভাৎ প্রণয়ক্রোধাৎ ॥২—১৪॥ তান্ গ্লহীয়ানক্ষান্ অক্ষান্ যত্র, মন্যমানঃ প্রাগ্গ্লহ ইত্যন্বয়ঃ ॥১৫—৪০॥
ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশাধিকশততমোহধ্যায়ঃ ॥১১৩॥

বৎস! ক্রুদ্ধ অর্জ্জুন হইতে ভীত জয়দ্রথকে প্রধানভাবে আমাদের রক্ষা করিতে হইবে। বিশেষতঃ মহাবীর সাত্যকি ও ভীমসেন জয়দ্রথের দিকে গিয়াছেন ॥১৪॥

বৎস! শকুনির বুদ্ধিতে সেই যে দ্যূতক্রীড়া হইয়াছিল, তাহার ফল এই উপস্থিত হইয়াছে। সে সভায় জয়ও হয় নাই, পরাজয়ও হয় নাই। কিন্তু আজ আমরা প্রকৃত দ্যূতক্রীড়ায় প্রবৃত্ত হইয়াছি; সুতরাং আজ আমাদের প্রকৃত জয় বা পরাজয় হইবে ॥১৫॥

বৎস! যাহাতে বহু কৌরব রহিয়াছিলেন, সেই কৌরবসভায় শকুনি সেই যে পাশক নিক্ষেপ করিয়াছিলেন, সে গুলি পাশক ছিল না; কিন্তু সেগুলি তোমাদের দেহচ্ছেদী ভয়ঙ্কর সুধার বাণ ছিল ॥১৬॥

নরনাথ রাজা! এখন সৈন্যগণই দ্যূতকার, বাণ সকলই পাশক এবং

---

(১৬)…অক্ষান্ স মন্যমানঃ প্রাক্ শরাস্তে হি দুরাসদাঃ—বা নি। (১৭)…দ্যূতস্য নিশ্চয়ম্—পি।

সৈন্ধবে হি মহদ্দ্যূতং সমাসক্তং পরৈঃ সহ।
অত্র সর্ব্বে মহারাজ! ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ ॥১৮॥
সৈন্ধবস্য রণে রক্ষাং বিধিবৎ কর্ত্তুমর্হথ।
তত্র নো গ্লহমানানাং ধ্রুবং জয়পরাজয়ৌ ॥১৯॥ (যুগ্মকম্)
যত্র তে পরমেষ্বাসা যত্তা রক্ষন্তি সৈন্ধবম্।
তত্র যাহি স্বয়ং বীর! তাংশ্চ রক্ষস্ব রক্ষিণঃ ॥২০॥
ইহৈব ত্বহমাসিষ্যে প্রেষয়িষ্যামি চাপরান্।
নিরোৎস্যামি চ পাঞ্চালান্ সহিতান্ পাণ্ডুসৃঞ্জয়ৈঃ ॥২১॥
ততো দুর্য্যোধনোঽগচ্ছত্তূর্ণমাচার্য্যশাসনাৎ।
উদ্যম্যাত্মানমুগ্রায় কর্ম্মণে সপদানুগঃ ॥২২॥

ভারতকৌমুদী

সৈন্ধব ইতি। জীবিতং জীবনাশাম্। গ্লহমানানাং ক্রীড়তাম্ ॥১৮—১৯॥
যত্রেতি। তে কর্ণাদয়ঃ, পরমেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ, যত্তা রক্ষায়ামেব যত্নবন্তঃ ॥২০॥
ইহেতি। ইহ ব্যূহদ্বার এব, আসিষ্যে স্থাস্যামি, প্রেষয়িষ্যামি যুষ্মৎ সাহায্যার্থম্ ॥২১॥
তত ইতি। আচার্য্যশাসনাৎ দ্রোণাদেশাৎ। কর্ম্মণে যুদ্ধায়, সপদানুগঃ সানুচরঃ ॥২২॥

জয়দ্রথই পণ ইহা অবগত হও; এই দ্যূতক্রীড়াতেই স্থায়ী জয় বা পরাজয়ের নিশ্চয় হইয়া যাইবে ॥১৭॥

মহারাজ! এখনই জয়দ্রথসম্বন্ধে বিপক্ষগণের সহিত গুরুতর দ্যূতক্রীড়া উপস্থিত হইয়াছে; ইহাতে তোমরা সকলে আপন আপন জীবনের আশা ত্যাগ করিয়া যুদ্ধে যথাবিধানে জয়দ্রথকে রক্ষা কর; তাহাতে আমরা ক্রীড়া করিতে থাকিলে, স্থায়ী জয় বা পরাজয় নির্দ্ধারিত হইবে ॥১৮—১৯॥

বীর! যেখানে সেই মহাধনুর্দ্ধরেরা যত্নবান্ হইয়া জয়দ্রথকে রক্ষা করিতেছেন, তুমি সেইখানে যাও; যাইয়া নিজেও সেই রক্ষকদিগকে রক্ষা কর ॥২০॥

কিন্তু আমি এইখানেই থাকিব, থাকিয়া তোমাদের সাহায্যের জন্য অপর যোদ্ধাদিগকে পাঠাইব এবং পাণ্ডব ও সৃঞ্জয়গণের সহিত পাঞ্চালগণকে নিরুদ্ধ করিব' ॥২১॥

তাহার পর দুর্য্যোধন দ্রোণের আদেশ অনুসারে আপনাকে ভীষণ কার্য্যের

(১৯)···ধ্রুবৌ জয়পরাজয়ৌ—বা নি। (২১) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (২২) ততো দুর্য্যোধনঃ প্রায়াৎ—বঙ্গ বর্দ্ধ।

চক্ররক্ষৌ তু পাঞ্চাল্যৌ যুধামন্যূত্তমৌজসৌ।
বাহ্যেন সেনামভ্যেত্য জগ্মতুঃ সব্যসাচিনম্।
যৌ তু পূর্ব্বং মহারাজ! বারিতৌ কৃতবর্ম্মণা ॥২৩॥
প্রবিষ্টে ত্বর্জ্জুনে রাজন্! তব সৈন্যং যুযুৎসয়া।
পার্শ্বে ভিত্ত্বা চমূং বীরৌ প্রবিষ্টৌ তব বাহিনীম্ ॥২৪॥
তাভ্যাং দুর্য্যোধনঃ সার্দ্ধমকরোদ্যুদ্ধমুত্তমম্।
ত্বরিতস্ত্বরমাণাভ্যাং ভ্রাতৃভ্যাং ভারতো বলী ॥২৫॥
তাবভ্যদ্রবতামেনমুভাবুদ্যতকার্ম্মুকৌ।
মহারথৌ মহাবেগৌ ক্ষত্রিয়প্রবরৌ যুধি ॥২৬॥
তমবিধ্যদ্যুধামন্যুস্ত্রিংশতা কঙ্কপত্রিভিঃ।
বিংশত্যা সারথিঞ্চাস্য চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥২৭॥

ভারতকৌমুদী

চক্রেতি। চক্ররক্ষৌ অর্জ্জুনসচরসৈন্যমুহুরক্ষকৌ। বাহ্যেন বহির্দ্দেশেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

প্রেতি। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া। বীরৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥২৪॥

তাভ্যামিতি। তাভ্যাং যুধামন্যূত্তমৌজোভ্যাম্। ভারতো ভারতাধিপতিঃ ॥২৫॥

তাবিতি। তৌ যুধামন্যূত্তমৌজসৌ, অভ্যদ্রবতামভ্যধাবতাম্, এনং দুর্য্যোধনম্ ॥২৬॥

তমিতি। তং দুর্য্যোধনম্। কঙ্কপত্রিভিঃ শরৈঃ। চতুরশ্চতুঃসংখ্যকান্ ॥২৭॥

জন্য উদ্যত করিয়া অনুচরগণের সহিত মিলিত হইয়া সত্বর প্রস্থান করিলেন ॥২২॥

মহারাজ! ওদিকে পূর্ব্বে কৃতবর্ম্মা যাঁহাদিগকে বারণ করিয়াছিলেন, সেই অর্জ্জুনের চক্ররক্ষক পাঞ্চালদেশীয় যুধামন্যু ও উত্তমৌজা কৌরবসৈন্যের বাহির দিয়া অর্জ্জুনের দিকে যাইতে লাগিলেন ॥২৩॥

রাজা! অর্জ্জুন যুদ্ধ করিবার ইচ্ছায় আপনার সৈন্যমধ্যে প্রবেশ করিলে, সেই বীর যুধামন্যু ও উত্তমৌজা আপনার সৈন্যের পার্শ্ব ভেদ করিয়া তাহার মধ্যে প্রবেশ করিয়াছিলেন ॥২৪॥

তখন বলবান্ ভারতাধিপতি দুর্য্যোধন ত্বরান্বিত হইয়া ত্বরাপরায়ণ সেই দুই ভ্রাতার সহিত গুরুতর যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥২৫॥

ক্রমে মহারথ, যুদ্ধে মহাবেগশালী ও ক্ষত্রিয়শ্রেষ্ঠ সেই দুই ভ্রাতা ধনু উত্তোলন করিয়া দুর্য্যোধনের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

দুর্য্যোধনো যুধামন্যোর্ধ্বজমেকেষুণাচ্ছিনৎ।
একেন কার্ম্মুকঞ্চাস্য চকর্ত্ত তনয়স্তব ॥২৮॥
সারথিঞ্চাস্য ভল্লেন রথনীড়াদপাতয়ৎ।
ততোঽবিধ্যচ্ছরৈস্তীক্ষ্ণৈশ্চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥২৯॥
যুধামন্যুস্তু সংক্রুদ্ধঃ শরাংস্ত্রিংশতমাহবে।
ব্যসৃজত্তব পুত্রস্য ত্বরমাণঃ স্তনান্তরে ॥৩০॥
তথোত্তমৌজাঃ সংক্রুদ্ধঃ শরৈর্হেমবিভূষিতৈঃ।
অবিধ্যৎ সারথিঞ্চাস্য প্রাহিণোদ্যমসাদনম্ ॥৩১॥
দুর্য্যোধনোঽপি রাজেন্দ্র! পাঞ্চাল্যস্যোত্তমৌজসঃ।
জঘান চতুরোঽশ্বাংস্তু তথোভৌ পার্ষ্ণিসারথী ॥৩২॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। একেষুণা একেন বাণেন। চকর্ত্ত চিচ্ছেদ ॥২৮॥
সারথিমিতি। রথনীড়াদিত্যনেন সারথেঃ পক্ষিতুল্যত্বং সূচিতম্ ॥২৯॥
যুধেতি। ব্যসৃজৎ চিক্ষিপৎ। স্তনান্তরে বক্ষসি ॥৩০॥
তথেতি। প্রাহিণোৎ সারথিমেব প্রৈরয়ৎ, যমস্য সাদনং ভবনম্ ॥৩১॥
দুর্য্যোধন ইতি। পার্ষ্ণিসারথী পৃষ্ঠবর্ত্তি সারথিদ্বয়ম্ ॥৩২॥

ক্রমে যুধামন্যু ত্রিশটা বাণদ্বারা দুর্য্যোধনকে, কুড়িটাদ্বারা তাঁহার সারথিকে এবং চারিটাদ্বারা চারিটা অশ্বকে তাড়ন করিলেন ॥২৭॥

রাজা! তখন আপনার পুত্র দুর্য্যোধন একটা বাণদ্বারা যুধামন্যুর ধ্বজ ছেদন করিলেন এবং অপর একটা বাণদ্বারা তাঁহার ধনু কাটিয়া ফেলিলেন ॥২৮॥

আর একটা ভল্লদ্বারা তাঁহার সারথিকে রথনীড় হইতে নিপাতিত করিলেন। তদনন্তর চারিটা তীক্ষ্ণ বাণদ্বারা চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥২৯॥

তখন যুধামন্যু অত্যন্তক্রুদ্ধ হইয়া যুদ্ধে আপনার পুত্রের বক্ষস্থলে সত্বর ত্রিশটা বাণ নিক্ষেপ করিলেন ॥৩০॥

এবং উত্তমৌজাও ক্রুদ্ধ হইয়া স্বর্ণভূষিত বাণদ্বারা দুর্য্যোধনের সারথিকে বিদ্ধ করিলেন, আর তাঁহার অশ্বগুলিকে যমালয়ে পাঠাইলেন ॥৩১॥

রাজশ্রেষ্ঠ! দুর্য্যোধনও পাঞ্চালদেশীয় উত্তমৌজার চারিটা অশ্বকে এবং পৃষ্ঠবর্ত্তী সারথি দুইজনকে বধ করিলেন ॥৩২॥

---

(৩০)…ত্রিংশতমায়তান্—বঙ্গ বর্দ্ধ। (৩১)…হেমবিভূষণৈঃ—বঙ্গ বর্দ্ধ।

উত্তমৌজা হতাশ্বস্তু হতসূতশ্চ সংযুগে।
আরুরোহ রথং ভ্রাতুর্যুধামন্যোরভিত্বরন্ ॥৩৩॥
স রথং প্রাপ্য তং ভ্রাতুর্দুর্য্যোধনহয়ান্ শরৈঃ।
বহুভিস্তাড়য়ামাস তে হয়াঃ প্রাপতন্ ভুবি ॥৩৪॥
হয়েষু পতিতেষ্বস্য চিচ্ছেদ পরমেষুণা।
যুধামন্যুর্ধনুঃ শীঘ্রং শরাবাপঞ্চ সংযুগে ॥৩৫॥
হতাশ্বসূতাৎ স রথাদবপ্লুত্য নরর্ষভঃ।
গদামাদায় তে পুত্রঃ পাঞ্চাল্যাবভ্যধাবত ॥৩৬॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য ক্রুদ্ধং পরপুরঞ্জয়ম্।
অবপ্লুতৌ রথোপস্থাদ্যুধামন্যূত্তমৌজসৌ ॥৩৭॥

ভারতকৌমুদী

উত্তমৌজা ইতি। হতসূতো হতসারথিঃ। অভিত্বরন্ সত্বরং গচ্ছন্ ॥৩৩॥
স ইতি। দুর্য্যোধনস্য হয়ানশ্বান্ ॥৩৪॥
হয়েষ্বিতি। অস্য দুর্য্যোধনস্য। শরাবাপং হস্তস্য শরবারণীভূতং চর্ম্মাবরণম্ ॥৩৫॥
হতেতি। হতা অশ্বাঃ সূতঃ সারথিশ্চ যস্য তস্মাৎ। পাঞ্চাল্যৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥৩৬॥
তমিতি। রথস্য উপস্থাৎ অবস্থিতিস্থানাৎ ॥৩৭॥

যুদ্ধে অশ্ব ও সারথি নিহত হইলে, উত্তমৌজা অতিসত্বর যাইয়া ভ্রাতা যুধামন্যুর রথে আরোহণ করিলেন ॥৩৩॥

উত্তমৌজা তাঁহার ভ্রাতার রথে আরোহণ করিয়াই বহুতর বাণদ্বারা দুর্য্যোধনের অশ্বগুলিকে তাড়ন করিলেন; তখন সে অশ্বগুলি ভূতলে পতিত হইল ॥৩৪॥

দুর্য্যোধনের অশ্বগুলি পতিত হইলে, যুধামন্যু সত্বর উত্তমবাণদ্বারা তাঁহার ধনু ও হস্তাবাপ ছেদন করিলেন ॥৩৫॥

মহারাজ! অশ্ব ও সারথি নিহত হইলে, আপনার পুত্র নরশ্রেষ্ঠ দুর্য্যোধন গদা লইয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া যুধামন্যু ও উত্তমৌজার দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

শত্রুনগরবিজয়ী দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া আসিতেছেন দেখিয়া যুধামন্যু ও উত্তমৌজা রথমধ্য হইতে লাফাইয়া পড়িলেন ॥৩৭॥

(৩৬)...রথাদবতীর্য্য নরাধিপঃ—পি বা নি। (৩৭)...ক্রুদ্ধং কুরুপতিং তদা—পি বা নি।

ততঃ স হেমচিত্রাঙ্গং স্যন্দনপ্রবরং বলী।
গদয়া পোথয়ামাস সাশ্বসূতধ্বজং রণে ॥৩৮॥
ভঙ্‌ক্ত্বা রথং স পুত্রস্তে হতাশ্বো হতসারথিঃ।
মদ্ররাজরথং তূর্ণমারুরোহ পরন্তপঃ ॥৩৯॥
পাঞ্চালানান্তু মুখ্যৌ তৌ রাজপুত্রৌ মহাবলৌ।
রথাবন্যৌ সমারুহ্য বীভৎসুমভিজগ্মতুঃ ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দুর্য্যোধনযুদ্ধে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

বর্ত্তমানে মহারাজ! সংগ্রামে লোমহর্ষণে।
ব্যাকুলেষু চ সৈন্যেষু পীড্যমানেষু সংঘশঃ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। হেমভিশ্চিত্রাণি অঙ্গানি যস্য তম্, স্যন্দনপ্রবরং রথশ্রেষ্ঠম্ ॥৩৮॥

ভঙ্‌ক্ত্বেতি। মদ্ররাজস্য শল্যস্য রথম্ ॥৩৯॥

পাঞ্চালানামিতি। বীভৎসুমর্জ্জুনম্, অভি লক্ষীকৃত্য জগ্মতুঃ ॥৪০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

তাহার পর বলবান্ দুর্য্যোধন গদাদ্বারা যুদ্ধে অশ্ব, সারথি ও ধ্বজের সহিত স্বর্ণবিচিত্র উত্তম রথখানাকে বিধ্বস্ত করিলেন ॥৩৮॥

অশ্ব ও সারথিবিহীন আপনার পুত্র পরন্তপ দুর্য্যোধন পাঞ্চাল্যদিগের রথ ভগ্ন করিয়া সত্বর যাইয়া শল্যের রথে আরোহণ করিলেন ॥৩৯॥

ওদিকে পাঞ্চালশ্রেষ্ঠ ও মহাবল সেই রাজপুত্র যুধামন্যু এবং উত্তমৌজাও অন্য দুইখানা রথে আরোহণ করিয়া অর্জ্জুনের দিকে যাইতে লাগিলেন ॥৪০॥

(৩৮)...গদয়া স্যন্দনং গদী...ধ্বজং নৃপ!—পি বা নি। (৪০)...সমারুহ্য ধনঞ্জয়মুপেয়তুঃ—বঙ্গ বর্দ্ধ। * '...অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বা রা নি। (১)...পীড্যমানেষু সর্ব্বশঃ—পি বা নি।

রাধেয়ো ভীমমানর্চ্ছ যুদ্ধায় ভরতর্ষভ ! ।
যথা নাগো বনে নাগং মত্তো মত্তমভিদ্রবন্ ॥২॥ (যুগ্মকম্)

ধৃতরাষ্ট্র উবাচ ।

উভৌ ভীমশ্চ কর্ণশ্চ সম্প্রযুদ্ধৌ মহাবলৌ ।
অর্জ্জুনস্য রথোপান্তে কীদৃশঃ সোঽভবদ্রণঃ ॥৩॥
পূর্ব্বং হি নির্জ্জিতঃ কর্ণো ভীমসেনেন সংযুগে ।
কথং ভূয়ঃ স রাধেয়ো ভীমমাগান্মহারথঃ ॥৪॥
ভীমো বা সূততনয়ং প্রত্যুদ্‌যাতঃ কথং রণে ।
মহারথং সমাখ্যাতং পৃথিব্যাং প্রবরং রথম্ ॥৫॥
ভীষ্মদ্রোণাবতিক্রম্য ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ।
নান্যতো ভয়মাদত্ত বিনা কর্ণং ধনুর্দ্ধরম্ ॥৬॥

ভারতকৌমুদী

বর্ত্তেতি । সৈন্যেষু কৌরবীয়েষু । আনর্চ্ছ পীড়য়ামাস । নাগো হস্তী ॥১—২॥
উভাবিতি । সম্প্রযুদ্ধৌ যুদ্ধে সম্প্রবৃত্তৌ । রথস্য উপান্তে সমীপে ॥৩॥
পূর্ব্বমিতি । সংযুগে যুদ্ধে । ভূয়ঃ পুনঃ । আগাৎ আগচ্ছৎ ॥৪॥
ভীম ইতি । সূততনয়ং কর্ণম্ । প্রত্যুদ্‌যানাসম্ভবে হেতুভূতং বিশেষণং মহেত্যাদি ॥৫॥
ভীষ্মেতি । অন্যতঃ অন্যস্মাদ্বীরাৎ, আদত্ত অগৃহ্নাৎ অকরোদিত্যর্থঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ মহারাজ ! লোমহর্ষণ যুদ্ধ চলিতে থাকিলে এবং কৌরবসৈন্যেরা পীড়িত হইয়া দলে দলে বিহ্বল হইতে লাগিলে, বনমধ্যে মত্ত হস্তী যেমন অপর মত্ত হস্তীর প্রতি ধাবিত হইয়া পীড়ন করে, সেইরূপ কর্ণ পুনরায় যুদ্ধের জন্য ধাবিত হইয়া ভীমকে পীড়ন করিতে লাগিলেন' ॥১—২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! মহাবল ভীম ও কর্ণ অর্জ্জুনের রথের নিকটে পুনরায় যুদ্ধে ত প্রবৃত্ত হইলেন ; কিন্তু সে যুদ্ধটা কিরূপ হইতে লাগিল ? ॥৩॥

ভীমসেন পূর্ব্বে যুদ্ধে কর্ণকে জয় করিয়াছিলেন। সুতরাং মহারথ কর্ণ কি করিয়া পুনরায় ভীমের দিকে আসিলেন ? ॥৪॥

ভীমসেনই বা পৃথিবীর মধ্যে মহারথ বলিয়া বিখ্যাত এবং বাস্তবিক রথিশ্রেষ্ঠ কর্ণের দিকে কি করিয়া যুদ্ধে প্রত্যুদ্‌গমন করিতে সাহসী হইলেন ? ॥৫॥

---

(২)…ভীমমানর্চ্ছৎ—বঙ্গ বর্দ্ধ । (৩)…যৌ তৌ কর্ণশ্চ ভীমশ্চ—পি বা নি । (৫) ভীমো বা সূর্য্যতনয়ম্—পি …মহারথসমাখ্যাতম্—নি । (৬)…ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ আদত্ত যথা কর্ণান্মহারথাৎ—পি ।

ভয়াদ্‌যস্য মহাবাহোর্ন শেতে বহুলাঃ সমাঃ।
চিন্তয়ন্ নিত্যশো বীর্য্যং রাধেয়স্য মহাত্মনঃ।
তং কথং সূতপুত্রন্তু ভীমোঽযোধয়তাহবে ॥৭॥
ব্রহ্মণ্যং বীর্য্যসম্পন্নং সমরেম্বনিবর্ত্তিনম্।
কথং কর্ণং যুধাং শ্রেষ্ঠং ভীমোঽযুধ্যত সঞ্জয়! ॥৮॥
যৌ তৌ সমীয়তুর্বীরাবর্জ্জুনস্য রথং প্রতি।
কথং নু তাবযুধ্যেতাং সূতপুত্রবৃকোদরৌ ॥৯॥
ভ্রাতৃত্বং দর্শিতং পূর্ব্বং ঘৃণী চাপি স সূতজঃ।
কথং ভীমেন যুযুধে কুন্ত্যা বাক্যমনুস্মরন্ ॥১০॥

ভারতকৌমুদী

ভয়াদিতি। ন শেতে যুধিষ্ঠিরো ন নিদ্রাতি। সমা বৎসরান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
ব্রহ্মণ্যমিতি। ব্রহ্মণ্যং বেদবিধানে সাধুবর্ত্তিনম্। যুধাং যোধানাম্ ॥৮॥
যাবিতি। সমীয়তুরভিজগ্মতুঃ, একঃ সাহায্যায় অপরস্য বারণায়েতি ভাবঃ ॥৯॥
ভ্রাতৃত্বমিতি। ভ্রাতৃত্বং ভ্রাতৃবাৎসল্যম্। ঘৃণী দয়ালুঃ। অতঃ পূর্ব্বজাতঃ পরাজয়ঃ কর্ণস্যাভিনয়মাত্রমিতি ভাবঃ। কুন্ত্যা বাক্যং যথা উদ্‌যোগপর্ব্বণি ষট্‌ত্রিংশদধিকশততমাধ্যায়ে—"ত্বয়া চতুর্ণাং ভ্রাতৄণামভয়ং শত্রুকর্ষণ!। দত্তং তৎ প্রতিজানীহি সঙ্গরপ্রতিমোচনম্ ॥"

ভারতভাবদীপঃ

বর্ত্তমান ইতি ॥১—৯॥ ভ্রাতৃত্বং কুন্ত্যা বাক্যঞ্চ চতুর্ণামবধ্যাত্মলক্ষণঞ্চানুস্মরন্নিত্যন্বয়ঃ ॥১০—৫৭॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৪॥

কারণ, ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ভীষ্ম ও দ্রোণকে লঙ্ঘন করিয়া এক ধনুর্দ্ধর কর্ণ ব্যতীত অন্য বীরের ভয় করেন না ॥৬॥

যুধিষ্ঠির সর্ব্বদা যে মহাবাহু ও মহাত্মা কর্ণের বল স্মরণ করিয়া বহু বৎসর যাবৎ ভয়ে নিদ্রা যান না, সেই কর্ণের সহিত ভীম কি করিয়া সমরাঙ্গনে যুদ্ধ করিলেন? ॥৭॥

সঞ্জয়! বেদবিধানের অনুবর্ত্তী, যুদ্ধে অনিবর্ত্তী, বলবান্ ও যোদ্ধৃশ্রেষ্ঠ কর্ণের সহিত ভীমসেন কি প্রকারে যুদ্ধ করিলেন? ॥৮॥

সেই যে বীরেরা অর্জ্জুনের রথের দিকে গিয়াছিলেন, সেই কর্ণ ও ভীম কিরূপ যুদ্ধ করিয়াছিলেন? ॥৯॥

(৭) অত্র বহবঃ পাঠভেদা লক্ষ্যন্তে। (৮)...শ্রেষ্ঠং যোধয়ামাস পাণ্ডবঃ—পি বা নি। (৯)...বীরৌ বৈকর্ত্তনবৃকোদরৌ।...মহাবলপরাক্রমৌ—পি বা নি।

ভীমো বা সূতপুত্রেণ স্মরন্ বৈরং পুরা কৃতম্ ।
সোঽযুধ্যত কথং বীরঃ কর্ণেন সহ সংযুগে ॥১১॥
আশাস্তে চ সদা সূত ! পুত্রো দুর্য্যোধনো মম ।
কর্ণো জেষ্যতি সংগ্রামে সহিতান্ পাণ্ডুনন্দনান্ ॥১২॥
জয়াশা মম পুত্রস্য যত্র মন্দস্য সংযুগে ।
স কথং ভীমকর্ম্মাণং ভীমসেনমযুধ্যত ॥১৩॥
যং সমাশ্রিত্য পুত্রো মেঽকরোদ্বৈরং মহারথৈঃ ।
তং সূততনয়ং তাত ! কথং ভীমো হ্যযুধ্যত ॥১৪॥
অনেকান্ বিপ্রকারাংশ্চ সূতপুত্রসমুদ্ভবান্ ।
স্মরমাণঃ কথং ভীমো যুযুধে সূতসূনুনা ॥১৫॥

ভারতকৌমুদী

এতত্তু রহসি জাতমপি পূর্ব্বং ব্যাসবরেণ সর্ব্বজ্ঞীভূতস্য সঞ্জয়স্য মুখাদাকর্ণ্যাধুনাভিহিতং ধৃতরাষ্ট্রেণেতি বোধ্যম্ ॥১০॥

ভীম ইতি। কথং কীদৃশম্। উৎকটমেবাযুধ্যতেত্যাশয় ॥১১॥

আশাস্ত ইতি। আশাস্তে আশাবিষয়ীকরোতি। তত্তুচ্ছং ভ্রাতৃস্নেহাদিত্যভিপ্রায়ঃ ॥১২॥

জয়েতি। মন্দস্য মূঢ়স্য, কর্ণাভিপ্রায়াপরিজ্ঞানাদিতি ভাবঃ ॥১৩॥

যমিতি। মহারথৈঃ পাণ্ডবৈঃ সহ। সূততনয়ং কর্ণম্ ॥১৪॥

কর্ণ পূর্ব্বযুদ্ধে ভ্রাতৃস্নেহ দেখাইয়াছিলেন এবং তিনি দয়ালুও বটেন। আবার তিনি কুন্তীর বাক্য স্মরণ করিয়া কেনই বা ভীমের সহিত যুদ্ধ করিলেন ॥১০॥

বীর ভীমসেনই বা কর্ণের সহিত পূর্ব্বকৃত শক্রতা স্মরণ করিয়া তাঁহার সহিত রণস্থলে কিরূপ যুদ্ধ করিলেন ? ॥১১॥

সারথি সঞ্জয়! আমার পুত্র দুর্য্যোধন সর্ব্বদা আশা করেন যে, কর্ণ যুদ্ধে সম্মিলিত পাণ্ডবগণকে জয় করিবেন ॥১২॥

যাঁহার উপরে আমার মূঢ়পুত্র দুর্য্যোধনের জয়াশা রহিয়াছে, সেই কর্ণই বা রণস্থলে ভীমকর্ম্মা ভীমের সহিত কিরূপ যুদ্ধ করিলেন ? ॥১৩॥

বৎস! আমার পুত্র দুর্য্যোধন যাঁহাকে অবলম্বন করিয়া মহারথ পাণ্ডবগণের সহিত শক্রতা করিয়াছিলেন, সেই কর্ণের সহিত ভীম কি করিয়া যুদ্ধ করিলেন ? ॥১৪॥

(১২)···সমস্তান্ পাণ্ডবানিতি—পি বা নি। (১৫) ইতঃ পরম্ 'যোঽজয়ৎ পৃথিবীং সর্ব্বাং রথেনৈকেন বীর্য্যবান্। তং সূতপুত্রং সমরে কথং ভীমো হ্যযুধ্যত ॥' শ্লোকোঽয়মধিকঃ—পি বঙ্গ বর্দ্ধ নি।

যো জাতঃ কুণ্ডলাভ্যাঞ্চ কবচেন সহৈব চ।
তং সূতপুত্রং সমরে ভীমঃ কথমযোধয়ৎ ॥১৬॥
যথা তয়োর্যুদ্ধমভূদ্‌যশ্চাসীদ্বিজয়ী তয়োঃ।
তন্মমাচক্ষ্ব তত্ত্বেন কুশলো হ্যসি সঞ্জয়! ॥১৭॥

সঞ্জয় উবাচ।

ভীমসেনঃ সমুৎসৃজ্য রাধেয়ং রথিনাং বরম্।
ইয়েষ গন্তুং যত্রাস্তাং বীরৌ কৃষ্ণধনঞ্জয়ৌ ॥১৮॥
তং প্রয়ান্তমভিক্রুত্য রাধেয়ঃ কঙ্কপত্রিভিঃ।
অভ্যবর্ষন্মহারাজ! মেঘো বৃষ্ট্যেব পর্ব্বতম্ ॥১৯॥
ফুল্লতা পঙ্কজেনেব বক্ত্রেণাভ্যুৎস্ময়ন্ বলী।
আজুহাব রণে যান্তং ভীমমাধিরথিস্তদা ॥২০॥

ভারতকৌমুদী

অনেকানিতি। বিপ্রকারান্ তিরস্কারান্। স্মরমাণঃ স্মরন্ ॥১৫॥
য ইতি। অলৌকিকভাবশালিনা কর্ণেন সহ যুদ্ধমাশ্চর্য্যমেবেতি ভাবঃ ॥১৬॥
যথেতি আচক্ষ্ব ব্রূহি, তত্ত্বেন যাথার্থ্যেন, কুশল উক্তিনিপুণঃ ॥১৭॥
ভীমেতি। সমুৎসৃজ্য সমরক্ষেপপরিজিহীর্ষয়া বিহায়, রাধেয়ং কর্ণম্ ॥১৮॥
তমিতি। অভিক্রুত্য দ্রুতমভিপত্য, কঙ্কপত্রিভির্বাণৈঃ ॥১৯॥
ফুল্লতেতি। ফুল্লতা বিকসতা। অভ্যুৎস্ময়ন্ অভিমুখং মন্দং হসন্ ॥২০॥

ভীম কর্ণকৃত অনেক তিরস্কার স্মরণ করিয়া তাঁহার সহিত কিরূপ যুদ্ধ করিয়াছিলেন? ॥১৫॥

যিনি দুইটী কুণ্ডল ও কবচের সহিতই জন্ম গ্রহণ করিয়াছিলেন, ভীম সমরাঙ্গনে সেই কর্ণের সহিত কি প্রকারে যুদ্ধ করিলেন? ॥১৬॥

সঞ্জয়! তাঁহাদের যেপ্রকার যুদ্ধ হইল এবং তাঁহাদের মধ্যে যিনি বিজয়ী হইলেন, তাহা তুমি আমার নিকট যথার্থরূপে বল। তুমি বলিতে বড়ই নিপুণ' ॥১৭॥

সঞ্জয় বলিলেন—'রাজা! ভীমসেন রথিশ্রেষ্ঠ কর্ণকে পরিত্যাগ করিয়া যেখানে বীর কৃষ্ণ ও অর্জ্জুন ছিলেন, সেইখানে যাইবার ইচ্ছা করিলেন ॥১৮॥

মহারাজ! ভীম যাইতে লাগিলে, কর্ণ দ্রুত উপস্থিত হইয়া—মেঘ যেমন পর্ব্বতের উপরে বারি বর্ষণ করে, সেইরূপ ভীমের উপরে শর বর্ষণ করিতে লাগিলেন ॥১৯॥

(১৮) ভীমসেনস্ত রাধেয়মুৎসৃজ্য রথিনাং বরঃ—পি। (২০)...বিহসন্ বলী—পি বা নি।

কর্ণ উবাচ।

ভীমাহিতৈস্তব রণে স্বপ্নেঽপি ন বিভাবিতম্।
তদ্দর্শয়সি কস্মান্নঃ পৃষ্ঠং পার্থদিদৃক্ষয়া ॥২১॥
কুন্ত্যাঃ পুত্রস্য সদৃশং নেদং পাণ্ডবনন্দন!।
তেন মামভিতঃ স্থিত্বা শরবর্ষৈরবাকির ॥২২॥
ভীমসেনস্তদাহ্বানং কর্ণেনামর্ষয়ন্ যুধি।
অর্দ্ধমণ্ডলমাবৃত্য সূতপুত্রমযোধয়ৎ ॥২৩॥
অবক্রগামিভির্বাণৈরভ্যবর্ষন্মহাযশাঃ।
দংশিতং দ্বৈরথে যান্তং সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ ॥২৪॥
বিধিৎসুঃ কলহস্যান্তং জিঘাংসুঃ কর্ণমাক্ষিণোৎ।
তঞ্চ হত্বেতরান্ সর্ব্বান্ হন্তুকামো মহাবলঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ভীমেতি। অহিতৈঃ শত্রুভিঃ। ন বিভাবিতং যৎ পৃষ্ঠপ্রদর্শনং ন চিন্তিতম্ ॥২১॥
কুন্ত্যা ইতি। অভিতঃ সম্মুখে। মামিতি "তসোভয়াভিপরিসর্বৈঃ" ইতি দ্বিতীয়া ॥২২॥
ভীমেতি। অমর্ষয়ন্ অসহমানঃ। আবৃত্য পরিবৃত্য ॥২৩॥
অবক্রেতি। মহাযশাঃ কর্ণঃ। দংশিতং কৃতসন্নাহম্, যান্তমর্জ্জুনং প্রতি ॥২৪॥
বিধিৎসুরিতি। বিধিৎসুর্বিধাতুমিচ্ছুঃ। জিঘাংসুর্হন্তুমিচ্ছু, আক্ষিণোদপীড়য়ৎ ॥২৫॥

তথাপি ভীম যাইতেছিলেন, তখন বলবান্ কর্ণ প্রস্ফুটিত পদ্মতুল্য মুখমণ্ডলদ্বারা মন্দহাস্য করতঃ তাঁহাকে যুদ্ধে আহ্বান করিলেন ॥২০॥

কর্ণ বলিলেন—'ভীম! তোমার শত্রুরা যাহা স্বপ্নেও ভাবে নাই, তুমি সামান্য অর্জ্জুনদর্শনেচ্ছায় কেন আমাদিগকে সেই পৃষ্ঠদর্শন করাইতেছ? ॥২১॥

পাণ্ডুনন্দন! ইহা কিন্তু কুন্তীর পুত্রের উপযুক্ত কার্য্য হইতেছে না। অতএব তুমি সম্মুখে থাকিয়া বাণবর্ষণদ্বারা আমাকে আবৃত কর' ॥২২॥

ভীমসেন কর্ণের সেই আহ্বান সহ্য না করিয়া অর্দ্ধমণ্ডলাকারে ফিরিয়া কর্ণের সহিত যুদ্ধ আরম্ভ করিলেন ॥২৩॥

তখন সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ ও মহাযশা কর্ণ দ্বৈরথযুদ্ধে সজ্জিত এবং অর্জ্জুনের দিকে গমনে প্রবৃত্ত ভীমের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২৪॥

(২২)···নেদং পাণ্ডুসুতাস্য তে—বঙ্গ বর্দ্ধ। (২৪)···সর্ব্বশস্ত্রবিদাং বরঃ—পি··· সর্ব্বশস্ত্রবিশারদম্—বা নি।

তস্মৈ প্রাস্যজদুগ্রাণি বিবিধানি পরন্তপঃ।
অমর্ষী পাণ্ডবঃ ক্রুদ্ধঃ শরবর্ষাণি সংযুগে ॥২৬॥
তস্য তানীষুবর্ষাণি মত্তদ্বিরদগামিনঃ।
সূতপুত্ত্রোঽস্ত্রমায়াভিরগ্রসৎ সুমহাযশাঃ ॥২৭॥
স যথাবন্মহাবাহুর্ব্বিদ্যয়া বৈ সুপূজিতঃ।
আচার্য্যবন্মহেষ্বাসঃ কর্ণঃ পর্য্যচরদ্বলী ॥২৮॥
যুধ্যমানস্তু সংরম্ভাদ্ভীমসেনং হসন্নিব।
অভ্যপদ্যত কৌন্তেয়ং কর্ণো রাজন্! বৃকোদরম্ ॥২৯॥
তন্নামৃষ্যত কৌন্তেয়ঃ কর্ণস্য স্মিতমাহবে।
যুধ্যমানেষু বীরেষু পশ্যৎসু চ সমন্ততঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। তস্মৈ কর্ণায়, প্রাস্যজৎ অক্ষিপৎ। পাণ্ডবো ভীমঃ ॥২৬॥
তস্যেতি। ইষূণাং বাণানাং বর্ষাণি। অস্ত্রাণাং মায়াভিঃ প্রয়োগকৌশলৈঃ ॥২৭॥
স ইতি। বিদ্যয়া ধনুর্ব্বেদজ্ঞানেন, সুপূজিতঃ সর্ব্বৈরতিসম্মানিতঃ। আচার্য্যবৎ দ্রোণ ইব ॥২৮॥
যুধ্যেতি। সংরম্ভাৎ ক্রোধাৎ। অভ্যপদ্যত আক্রামৎ ॥২৯॥
তদিতি। অমৃষ্যত অসহত। স্মিতং মন্দহাস্যম্। পশ্যৎসু যুদ্ধং স্থিতেষু ॥৩০॥

পরে মহাবল ভীম কর্ণকে বধ করিয়া অন্য সকলকে বধ করিবার অভিলাষী হইয়া কলহের শেষ ও কর্ণকে বধ করিবার ইচ্ছায় বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিতে প্রবৃত্ত হইলেন ॥২৫॥

ক্রমে শত্রুসন্তাপী ভীমসেন অসহিষ্ণু ও ক্রুদ্ধ হইয়া কর্ণের উপরে নানাবিধ ভীষণ শর বর্ষণ করিতে থাকিলেন ॥২৬॥

তখন অতিমহাযশা কর্ণ অস্ত্রকৌশলে মত্তহস্তীর ন্যায় মন্থরগামী ভীমসেনের সেই বাণবর্ষণ নিবারণ করিলেন ॥২৭॥

মহাবাহু, বিদ্যার গুণে সর্ব্বসম্মানিত, মহাধনুর্দ্ধর ও বলবান্ কর্ণ দ্রোণের ন্যায় সমরস্থলে যথানিয়মে বিচরণ করিতে লাগিলেন ॥২৮॥

রাজা! কুন্তীনন্দন বৃকোদর ভীমসেন সক্রোধে যুদ্ধ করিতেছিলেন, সেই অবস্থায় কর্ণ মন্দহাস্য করতই যেন তাঁহাকে আক্রমণ করিলেন ॥২৯॥

---

(২৬)...শরবর্ষাণি মারিষ!—পি বা নি। (২৭)...অগ্রসৎ পরমাস্ত্রবিৎ—পি বা নি। (২৮) স যথাবন্মহারাজ!...প্রপূজিতঃ...পর্য্যচরদ্রণে—বর্দ্ধ। (২৯) সংরম্ভেণ তু যুধ্যন্তং ভীমসেনং স্ময়ন্নিব। অভ্যাপতত রাধেয়স্তমমর্ষী বৃকোদরম্ বলী—বর্দ্ধ।

তং ভীমসেনঃ সংপ্রাপ্তং বৎসদন্তৈঃ স্তনান্তরে।
বিব্যাধ বলবান্ ক্রুদ্ধস্তোত্রৈরিব মহাদ্বিপম্ ॥৩১॥
পুনশ্চ সূতপুত্রস্ত স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
সুমুক্তৈশ্চিত্রবর্ম্মাণং নির্বিভেদ ত্রিসপ্তভিঃ ॥৩২॥
কর্ণো জাম্বূনদৈর্জালৈঃ সংছন্নান্ বাতরংহসঃ।
হয়ান্ বিব্যাধ ভীমস্য পঞ্চভিঃ পঞ্চভিঃ শরৈঃ ॥৩৩॥
ততো বাণময়ং জালং ভীমসেনরথং প্রতি।
কর্ণেন বিহিতং রাজন্! নিমেষার্দ্ধাদদৃশ্যত ॥৩৪॥
সরথঃ সধ্বজস্তত্র সসূতঃ পাণ্ডবস্তদা।
প্রাচ্ছাদ্যত মহারাজ! কর্ণচাপচ্যুতৈঃ শরৈঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

তমিতি। বৎসদন্তৈস্তদাখ্যৈঃ শরৈঃ। তোত্রৈরঙ্কুশৈঃ ॥৩১॥
পুনরিতি। সুমুক্তৈঃ সম্যক্ ক্ষিপ্তৈঃ। ত্রিসপ্তভিরেকবিংশত্যা ॥৩২॥
কর্ণ ইতি। জাম্বূনদময়ৈঃ স্বর্ণময়ৈঃ। বাতস্যেব রংহো বেগো যেষাং তান্ ॥৩৩॥
তত ইতি। অদৃশ্যত সর্বৈরিতি শেষঃ ॥৩৪॥
সেতি। সসূতঃ সসারথিং, পাণ্ডবো ভীমসেনঃ ॥৩৫॥

সকল দিকে যুধ্যমান বীরেরা দেখিতেছিলেন, সেই অবস্থায় কর্ণের সেই মন্দহাস্য ভীমসেন সহ্য করিলেন না ॥৩০॥

সুতরাং বলবান্ ভীমসেন তখন আরও ক্রুদ্ধ হইয়া—অঙ্কুশদ্বারা মহাহস্তীকে যেমন তাড়ন করে, সেইরূপ বৎসদন্তবাণদ্বারা কর্ণের বক্ষস্থলে তাড়ন করিলেন ॥৩১॥

পুনরায় তিনি স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত একুশটা বাণ সম্যক্ নিক্ষেপ করিয়া বিচিত্রবর্ম্মধারী কর্ণকে বিদীর্ণ করিলেন ॥৩২॥

তখন কর্ণ স্বর্ণজালে আবৃত ও বায়ুর ন্যায় বেগবান্ ভীমের অশ্বগুলিকে পাঁচ পাঁচটা বাণে বিদ্ধ করিলেন ॥৩৩॥

রাজা! তৎপরে নিমেষার্দ্ধমধ্যে ভীমের রথের উপরে কর্ণকৃত বাণময় জাল দেখা যাইতে লাগিল ॥৩৪॥

মহারাজ! তখন কর্ণকার্ম্মুকনির্গত বাণ সকল যাইয়া রথ, ধ্বজ ও সারথির সহিত ভীমসেনকে আবৃত করিল ॥৩৫॥

---

(৩২)...সুপুঙ্খৈর্নিশিতৈঃ শরৈঃ—বর্দ্ধ।

তস্য কর্ণশ্চতুঃষষ্ট্যা ব্যধমৎ কবচং দৃঢ়ম্।
ক্রুদ্ধশ্চাপ্যবধীৎ পার্থং নারাচৈর্ম্মর্ম্মভেদিভিঃ ॥৩৬॥
ততোঽচিন্ত্য মহাবেগান্ কর্ণকার্ম্মুকনিঃসৃতান্।
সমাশ্লিষ্যদসংভ্রান্তঃ সূতপুত্রং বৃকোদরঃ ॥৩৭॥
স কর্ণচাপপ্রভবানিষূনাশীবিষোপমান্।
বিভ্রন্তীমো মহারাজ! ন জগাম ব্যথাং রণে ॥৩৮॥
ততো দ্বাত্রিংশতা ভল্লৈর্নিশিতৈস্তিগ্মতেজনৈঃ।
বিব্যাধ সমরে কর্ণং ভীমসেনঃ প্রতাপবান্ ॥৩৯॥
অযত্নেনৈব তং কর্ণঃ শরৈর্ভৃশমবাকিরৎ।
ভীমসেনং মহাবাহুং সৈন্ধবস্য বধৈষিণম্ ॥৪০॥
মৃদুপূর্ব্বঞ্চ রাধেয়ো ভীমমাজাবযোধয়ৎ।
ক্রোধপূর্ব্বং তথা ভীমঃ পূর্ব্ববৈরমনুস্মরন্ ॥৪১॥

ভারতকৌমুদী

তস্যেতি। চতুঃষষ্ট্যা শরৈঃ, ব্যধমদতাড়য়ৎ। অবধীৎ প্রহৃতবান্, পার্থং ভীমম্ ॥৩৬॥
তত ইতি। অচিন্ত্য অচিন্তয়িত্বা অবজ্ঞায়েত্যর্থঃ। সমাশ্লিষ্যৎ যুদ্ধে মিলিতোঽভবৎ ॥৩৭॥
স ইতি। কর্ণচাপাৎ প্রভবন্তি নির্গচ্ছন্তীতি তান্, ইষূন্ বাণান্ ॥৩৮॥
তত ইতি। নিশিতৈঃ সুধারৈঃ, তিগ্মতেজনৈর্মহাবেগৈঃ ॥৩৯॥
অযত্নেনেতি। অযত্নেনৈব ভ্রাতৃস্নেহাৎ কুন্তীবাক্যাচ্চেতি ভাবঃ। অবাকিরদাবৃণোৎ ॥৪০॥

ক্রমে কর্ণ ক্রুদ্ধ হইয়া চৌষট্টিটা বাণদ্বারা ভীমের দৃঢ় কবচের উপরে আঘাত করিলেন এবং বহুতর মর্ম্মভেদী নারাচদ্বারা ভীমকে তাড়ন করিলেন ॥৩৬॥

তদনন্তর ভীমসেন কর্ণকার্ম্মুকনির্গত মহাবেগশালী বাণ সকল অবজ্ঞা করিয়া অবিচলিতভাবে কর্ণের সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥৩৭॥

মহারাজ! ভীমসেন কর্ণকার্ম্মুকনির্গত সর্পতুল্য বাণ সকল গ্রহণ করিয়াও যুদ্ধে ব্যথিত হইলেন না ॥৩৮॥

তাহার পর প্রতাপশালী ভীমসেন সুধার ও মহাবেগশালী বত্রিশটা ভল্লদ্বারা যুদ্ধে কর্ণকে তাড়ন করিলেন ॥৩৯॥

তখন কর্ণ বিশেষ যত্ন না করিয়া জয়দ্রথবধৈষী মহাবাহু ভীমসেনকে বাণদ্বারা অত্যন্ত আবৃত করিলেন ॥৪০॥

---

(৪০) প্রযত্নেনৈব তং কর্ণঃ শরৈঃ কৃচ্ছমবাকিরৎ—পি।

তং ভীমসেনো নামৃষ্যদবমানমমর্ষণঃ ।
স তস্মৈ ব্যসৃজত্তূর্ণং শরবর্ষমমিত্রহা ॥৪২॥
তে শরাঃ প্রেষিতাস্তেন ভীমসেনেন সংযুগে ।
নিপেতুঃ সর্ব্বতো বীরে কূজন্ত ইব পক্ষিণঃ ॥৪৩॥
হেমপুঙ্খাঃ প্রসন্নাগ্রা ভীমসেনধনুশ্চ্যুতাঃ ।
প্রাচ্ছাদয়ংস্তে রাধেয়ং শলভা ইব পাবকম্ ॥৪৪॥
কর্ণস্তু রথিনাং শ্রেষ্ঠশ্ছাদ্যমানঃ সমন্ততঃ ।
রাজন্ ! ব্যসৃজদুগ্রাণি শরবর্ষাণি সংযুগে ॥৪৫॥
তস্য তানশনিপ্রখ্যানিষূন্ সমরশোভিনঃ ।
চিচ্ছেদ বহুভির্ভল্লৈরসংপ্রাপ্তান্ বৃকোদরঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

মৃদ্বিতি । মৃদুপূর্ব্বং ভ্রাতৃস্নেহাৎ কোমলতাপূর্ব্বকম্ । আজৌ যুদ্ধে ॥৪১॥
তমিতি । তং মৃদুপূর্ব্বযুদ্ধরূপমবমানম্, নামৃষ্যৎ নাসহত অবজ্ঞাবগমাৎ ॥৪২॥
ত ইতি । প্রেষিতাঃ ক্ষিপ্তাঃ । বীরে কর্ণে, কূজন্তো রুবন্তঃ ॥৪৩॥
হেমেতি । প্রসন্নাগ্রা নির্ম্মলমুখাঃ । তে শরাঃ, শলভাঃ পতঙ্গাঃ ॥৪৪॥
কর্ণ ইতি । সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু । ব্যসৃজৎ ন্যক্ষিপৎ ॥৪৫॥

কর্ণ কোমলতাপূর্ব্বক ভীমের সহিত যুদ্ধ করিতে লাগিলেন, আর ভীমসেন পূর্ব্বশত্রুতা স্মরণ করিয়া ক্রোধপূর্ব্বক কর্ণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৪১॥

অসহিষ্ণু ও শত্রুহন্তা ভীমসেন সেই অপমান সহ্য করিলেন না। সুতরাং তিনি সত্বর কর্ণের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৪২॥

যুদ্ধে ভীমসেন নিক্ষিপ্ত সেই বাণগুলি পক্ষিগণের ন্যায় রব করিতে করিতে যাইয়া সকল দিক্ হইতে কর্ণের উপরে পড়িতে থাকিল ॥৪৩॥

পতঙ্গ-(ফড়িং) সমূহ যেমন অগ্নিকে আবৃত করে, সেইরূপ ভীমের ধনু হইতে নির্গত স্বর্ণপুঙ্খ ও নির্ম্মলমুখ সেই বাণগুলি যাইয়া কর্ণকে আবৃত করিল ॥৪৪॥

রাজা ! রথিশ্রেষ্ঠ কর্ণও সকল দিকে বাণে আবৃত হইতে থাকিয়া ভীমের উপরে ভয়ঙ্কর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪৫॥

---

(৪২)···শরবর্ষমমিত্রজিৎ—বঙ্গ বর্দ্ধ। (৪৩)···প্রেষিতা রাজন্!···সর্ব্বতো ভীমাঃ—বর্দ্ধ। (৪৪) হেমপুঙ্খা মহারাজ !···অভ্যদ্রবংস্তে রাধেয়ং বৃকাঃ ক্ষুদ্রমৃগং যথা—বর্দ্ধ।

পুনশ্চ শরবর্ষেণ চ্ছাদয়ামাস ভারত!।
কর্ণো বৈকর্ত্তনো যুদ্ধে ভীমসেনমরিন্দমঃ ॥৪৭॥
তত্র ভারত! ভীমস্তু দৃষ্টবস্তঃ স্ম সায়কৈঃ।
সমাচিততনুং সংখ্যে শ্বাবিধং শললৈরিব ॥৪৮॥
হেমপুঙ্খান্ শিলাধৌতান্ কর্ণচাপচ্যুতান্ শরান্।
দধার সমরে বীরঃ স্বরশ্মীনিব রশ্মিবান্ ॥৪৯॥
রুধিরোক্ষিতসর্ব্বাঙ্গো ভীমসেনো ব্যরোচত।
সমৃদ্ধকুসুমাপীড়ো বসন্তেঽশোকবৃক্ষবৎ ॥৫০॥
তত্তু ভীমো মহাবাহোঃ কর্ণস্য চরিতং রণে।
নামৃষ্যত মহাবাহুঃ ক্রোধাদুদ্বৃত্তলোচনঃ ॥৫১॥

ভারতকৌমুদী

তস্যেতি। অশনিপ্রখ্যান্ বজ্রতুল্যান্। সমরশোভিনো বীরশ্রিয়া ॥৪৬॥
পুনরিতি। বৈকর্ত্তনো বিকর্ত্তনস্য সূর্য্যস্য পুত্রঃ ॥৪৭॥
তত্রেতি। সমাচিততনুং ব্যাপ্তদেহম্, শ্বাবিধং শল্যাম্, শললৈস্তৎকণ্টকৈঃ ॥৪৮॥
হেমেতি। শিলাধৌতান্ শিলায়াং ঘর্ষণেন পরিষ্কৃতাগ্রান্। রশ্মিবান্ সূর্য্যঃ ॥৪৯॥
রুধিরেতি। সমৃদ্ধং বহুলীভূতং কুসুমমেব আপীড়ঃ শেখরো যস্য সঃ ॥৫০॥

সমরশোভী কর্ণের সেই বজ্রতুল্য বাণ সকল না আসিতেই ভীমসেন বহুতর ভল্লদ্বারা সেগুলিকে ছেদন করিতে থাকিলেন ॥২৬॥

ভরতনন্দন! সূর্য্যপুত্র অরিন্দম কর্ণ আবারও যুদ্ধে বাণবর্ষণদ্বারা ভীমসেনকে আবৃত করিলেন ॥৪৭॥

ভরতনন্দন! তখন কণ্টকব্যাপ্ত শেজারুর ন্যায় যুদ্ধে ভীমসেনকে বাণব্যাপ্তদেহ দেখা যাইতে লাগিল ॥৪৮॥

সূর্য্য যেমন তাঁহার রশ্মি ধারণ করেন, সেইরূপ মহাবীর ভীমসেন কর্ণের ধনু হইতে নির্গত স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত বাণ সকল ধারণ করিতে লাগিলেন ॥৪৯॥

তখন রক্তে ভীমসেনের সমস্ত অঙ্গ সিক্ত হইতে লাগিল; তাহাতে তিনি বসন্তকালে প্রচুরপুষ্পশালী অশোকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৫০॥

(৪৯)...স্বরশ্মীনিব ভাস্করঃ—বঙ্গ বর্দ্ধ,...স্বরশ্মীনিব রশ্মিমান্—বা নি। (৫০)...ভীমসেনো ব্যরাজত—পি বা নি,...বসন্তেঽশোকবত্তরুঃ—পি। (৫১)...নামৃষ্যত মহেষাসঃ—বঙ্গ বর্দ্ধ।

স কর্ণং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
মহীধরমিব শ্বেতং গূঢ়পাদৈর্বিষোল্বণৈঃ ॥৫২॥
তং বিব্যাধ পুনর্ভীমঃ ষড়্ভিরষ্টাভিরেব চ।
মর্ম্মস্বমরবিক্রান্তঃ সূতপুত্ত্রং মহারণে ॥৫৩॥
পুনরন্যেন বাণেন ভীমসেনঃ প্রতাপবান্।
চিচ্ছেদ কার্ম্মুকং তূর্ণং কর্ণস্য প্রহসন্নিব ॥৫৪॥
জঘান ত্বরিতশ্চাশ্বান্ সূতঞ্চ বহুভিঃ শরৈঃ।
নারাচৈরর্করশ্ম্যাভৈঃ কর্ণং বিব্যাধ চোরসি ॥৫৫॥
তে জগ্মুর্ধরণীং সর্ব্বে কর্ণং নির্ভিদ্য মারিষ !।
যথা হি জলদং ভিত্ত্বা রাজন্ ! সূর্য্যস্য রশ্ময়ঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

তদিতি। চরিতং ব্যবহারম্। নামৃষ্যত নাসহত। উদ্বৃত্তলোচন উদ্গতনয়নঃ ॥৫১॥

স ইতি। সমার্পয়দপীড়য়ৎ। শ্বেতমিত্যনেন ভীমস্যাপি শ্বেতত্বং সূচিতম্, গূঢ়পাদৈঃ সর্পৈঃ ॥৫২॥

তমিতি। ষড়্ভিরষ্টাভিরেব চ বাণৈঃ। অমর ইব বিক্রান্তো বিক্রমী ॥৫৩॥

পুনরিতি। প্রহসন্নিবেত্যনেনানায়াসত্বং কৌতুকঞ্চ ব্যজ্যতে ॥৫৪॥

জঘানেতি। সূতং সারথিম্। অর্করশ্ম্যাভৈঃ সূর্য্যকিরণতুল্যোজ্জ্বলৈঃ ॥৫৫॥

তৎকালে মহাবাহু ভীমসেন ক্রোধে নয়নযুগল উত্তোলন করিয়া যুদ্ধে মহাবাহু কর্ণের সেই ব্যবহার সহ্য করিলেন না ॥৫১॥

সুতরাং বিষমত্ত সর্পসমূহদ্বারা কৈলাসপর্ব্বতের ন্যায় পঁচিশটা নারাচদ্বারা ভীমসেন কর্ণকে তাড়ন করিলেন ॥৫২॥

দেবতার ন্যায় বিক্রমশালী ভীমসেন পুনরায় ছয়টা ও আটটা বাণদ্বারা কর্ণের মর্ম্মস্থল বিদ্ধ করিলেন ॥৫৩॥

প্রতাপশালী ভীমসেন হাসিতে হাসিতেই যেন আবার অন্য একটা বাণদ্বারা কর্ণের ধনুখানা সত্বর ছেদন করিলেন ॥৫৪॥

ভীমসেন সত্বর বহুতর বাণদ্বারা কর্ণের অশ্বগুলি ও সারথিকে বধ করিলেন এবং সূর্য্যকিরণের ন্যায় উজ্জ্বল নারাচসমূহদ্বারা কর্ণের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৫৫॥

---

(৫৩) পুনরেব চ বিব্যাধ···সূতপুত্ত্রং তনুত্যজম্—পি বা নি। (৫৫) জঘান চতুরশ্চাশ্বান সূতঞ্চ ত্বরিতঃ শরৈঃ—পি বা নি। (৫৬)···ধরণীমাশু কর্ণং নির্ভিদ্য পত্রিণঃ। যথা জলধরং ভিত্ত্বা দিবাকরমরীচয়ঃ—পি বা নি।

স বৈকল্যং মহৎ প্রাপ্য ছিন্নধন্বা শরার্দ্দিতঃ।
তথা পুরুষমানী স প্রত্যপায়াদ্রথান্তরম্ ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে ভীমপ্রবেশে পুনঃ কর্ণপরাজয়ে
চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:-*-:—

ধৃতরাষ্ট্র উবাচ।
যস্মিন্ জয়াশা মহতী পুত্রাণাং মম সঞ্জয় !।
তং দৃষ্ট্বা বিমুখং ভীমাৎ কিং নু দুর্য্যোধনোঽব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

ত ইতি। তে নারাচাঃ। নির্ভিদ্য বিদার্য্য। জলদং মেঘম্ ॥৫৬॥

স ইতি। স কর্ণঃ, বৈকল্যং বিহ্বলতাম্। তথা তাদৃক্। প্রত্যপায়াদপগত্যাগচ্ছৎ ॥৫৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারত টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে
চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যস্মিন্নিতি। তং কর্ণম্ ; বিমুখমপযানেন পরাঙ্মুখম্ ॥১॥

মাননীয় রাজা ! তখন সূর্য্যের রশ্মি যেমন মেঘ ভেদ করিয়া ভূতলে পতিত হয়, সেইরূপ সেই নারাচগুলি কর্ণের দেহ ভেদ করিয়া ভূতলে পতিত হইল ॥৫৬॥

পরে প্রসিদ্ধ পুরুষাভিমানী কর্ণ ছিন্নকার্ম্মুক, বাণপীড়িত ও অত্যন্ত বিহ্বল হইয়া অপসারণপূর্ব্বক অন্যরথে আরোহণ করিলেন" ॥৫৭॥

—:*:—

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয় ! যাঁহার উপরে আমার পুত্রগণের প্রবল জয়ের আশা ছিল, সেই কর্ণকে ভীমসেন হইতে পরাঙ্মুখ দেখিয়া দুর্য্যোধন কি কহিলেন ? ॥১॥

---

(৫৭) স বৈক্লব্যম্...শরাহতঃ...লজ্জামুৎসৃজ্য ভারত !। ভীমসেনভয়াৎ কর্ণঃ—নি।

* '...ঊনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ—বর্দ্ধ, '...একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' —বা রা নি।

কথঞ্চ যুযুধে ভীমো বীর্য্যশ্লাঘী মহাবলঃ।
কর্ণো বা সমরে তাত! কিমকার্ষীদতঃ পরম্।
ভীমসেনং রণে দৃষ্ট্বা জ্বলন্তমিব পাবকম্ ॥২॥
সঞ্জয় উবাচ
রথমন্যং সমাস্থায় বিধিবৎ কল্পিতং পুনঃ।
অভ্যয়াথ পাণ্ডবং কর্ণো বাতোদ্ধূত ইবার্ণবঃ ॥৩॥
ক্রুদ্ধমাধিরথিং দৃষ্ট্বা পুত্রাস্তব বিশাংপতে!।
ভীমসেনমমন্যন্ত বৈবস্বতমুখে গতম্ ॥৪॥
চাপশব্দং ততঃ কৃত্বা তলশব্দঞ্চ ভৈরবম্।
অভ্যবর্ত্তত রাধেয়ো ভীমসেনরথং প্রতি ॥৫॥
পুনরেব তয়ো রাজন্! ঘোর আসীৎ সমাগমঃ।
বৈকর্ত্তনস্য শূরস্য ভীমস্য চ মহৌজসঃ ॥৬॥

ভারতকৌমুদী

কথমিতি। কথং কীদৃশম্। অতঃ অপযানাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥
রথমিতি। কল্পিতং সজ্জিতম্। বাতোদ্ধূতো বায়ুসঞ্চালিতঃ ॥৩॥
ক্রুদ্ধমিতি। আধিরথিম্ অধিরথপুত্রং কর্ণম্। বৈবস্বতমুখে যমবদনে ॥৪॥
চাপেতি। তলশব্দং হস্তাবাপধ্বনিম্। রাধেয়ঃ কর্ণঃ ॥৫॥
পুনরিতি। সমাগমো যুদ্ধে মেলনম্। বৈকর্ত্তনস্য সূর্য্যপুত্রস্য কর্ণস্য ॥৬॥

বৎস! মহাবল ও বলগর্ব্বী ভীমসেন ইহার পর কিরূপ যুদ্ধ করিতে লাগিলেন? কর্ণই বা যুদ্ধে জ্বলন্ত অগ্নির ন্যায় ভীমকে দেখিয়া কি করিলেন?” ॥২॥

সঞ্জয় বলিলেন—“মহারাজ! ইহার পর কর্ণ যথাবিধানে সজ্জিত অন্য একখানা রথে আরোহণ করিয়া বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় পুনরায় ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩॥

নরনাথ! তখন আপনার পুত্রেরা কর্ণকে ক্রুদ্ধ দেখিয়া ভীমকে যমের মুখে প্রবিষ্ট বলিয়া মনে করিতে লাগিলেন ॥৪॥

ক্রমে কর্ণ ভয়ঙ্কর ধনুষ্টঙ্কার ও হস্তাবাপের (চর্ম্মনির্ম্মিত হস্তাবরণের) শব্দ করিয়া ভীমসেনের রথের প্রতি ধাবিত হইলেন ॥৫॥

---

(২)…বীর্য্যশ্লাঘী মহারথ—পি। (৪)…বৈশ্বানরমুখে হুতম্—পি বা নি। (৫)…চাপশব্দং মহৎ কৃত্বা—বঙ্গ বর্দ্ধ। (৬) পুনরেব ততো রাজন্! মহানাসীৎ-সুদারুণম্। বিমর্দ্দঃ সূতপুত্রস্য ভীমস্য চ বিশাংপতে!—বর্দ্ধ, …ভীমস্য চ মহাত্মনঃ—বা নি।

সংরব্ধৌ হি মহাবাহূ পরস্পরবধৈষিণৌ ।
অন্যোন্যমীক্ষাঞ্চক্রাতে দহন্তাবিব লোচনৈঃ ॥৭॥
ক্রোধরক্তেক্ষণৌ তীব্রৌ নিশ্বসন্তাবিবোরগৌ ।
শূরাবন্যোন্যমাসাদ্য ততক্ষতুররিন্দমৌ ॥৮॥
ব্যাঘ্রাবিব সুসংরব্ধৌ শ্যেনাবিব চ শীঘ্রগৌ ।
শরভাবিব সংক্রুদ্ধৌ যুযুধাতে পরস্পরম্ ॥৯॥
ততো ভীমঃ স্মরন্ ক্লেশানক্ষদ্যূতে বনেঽপি চ ।
বিরাটনগরে চৈব প্রাপ্তং দুঃখমরিন্দমঃ ॥১০॥
রাষ্ট্রাণাং স্ফীতরত্নানাং হরণঞ্চ তবাত্মজৈঃ ।
সততঞ্চ পরিক্লেশান্ সপুত্রেণ ত্বয়া কৃতান্ ॥১১॥
যৎ কুন্তীং দগ্ধুমৈচ্ছঃ স্ম সপুত্রাং ত্বমনাগসম্ ।
কৃষ্ণায়াশ্চ পরিক্লেশং সভামধ্যে দুরাত্মভিঃ ॥১২॥
কেশপক্ষগ্রহঞ্চৈব দুঃশাসনকৃতং তথা ।
পরুষাণি চ বাক্যানি কর্ণেনোক্তানি ভারত ! ॥১৩॥

ভারতকৌমুদী

সমিতি । সংরব্ধৌ ক্রুদ্ধৌ । ঈক্ষাঞ্চক্রাতে দদৃশতুঃ । দ্বয়োশ্চক্ষুষ্টাল্লোচনৈরিতি বহুবচনম্ ।৭।
ক্রোধেতি । তীব্রৌ জয়ে তীব্রোত্তমৌ । উরগৌ সর্পৌ । ততক্ষতুঃ প্রজহ্রতুঃ ॥৮।
ব্যাঘ্রাবিতি । সুসংরব্ধৌ অতীবোৎসাহিনৌ । শরভৌ ভীষণৌ হিংস্রজন্তুবিশেষৌ ।৯।
অথ নবভিঃ শ্লোকৈঃ কুলকেন ধৃতরাষ্ট্রাদিতিরস্কারং সূচয়ন্ ভীমস্য কৌরবকৃতাত্যাচার-

রাজা। তখন মহাবীর কর্ণ ও মহাতেজা ভীমের পুনরায় ভীষণ যুদ্ধ হইতে লাগিল ॥৬॥

ক্রুদ্ধ, মহাবাহু ও পরস্পরবধাভিলাষী কর্ণ ও ভীম নয়নদ্বারা যেন দগ্ধ করিতে থাকিয়া পরস্পর দর্শন করিতে লাগিলেন ॥৭॥

পরে ক্রোধে আরক্তনয়ন, তীব্রোত্তম, মহাবীর ও শত্রুদমনকারী কর্ণ ও ভীম দুইটা সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করতঃ পরস্পরকে পাইয়া প্রহার করিতে থাকিলেন ॥৮॥

দুইটা ব্যাঘ্রের ন্যায় অত্যন্ত উৎসাহী, দুইটা শ্যেনপক্ষীর তুল্য দ্রুতগামী এবং দুইটা শরভের (মহাভীষণ হিংস্রজন্তুর) সমান ক্রুদ্ধ কর্ণ ও ভীম পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন ॥৯॥

---

(৮)...যুদ্ধেঽন্যোন্যং সমাসাদ্য—বঙ্গ বর্দ্ধ ।

পতিমন্যং পরীপ্সস্ব ন সন্তি পতয়স্তব।
নরকং পতিতাঃ সর্ব্বে পার্থাঃ ষণ্ডতিলোপমাঃ ॥১৪॥
সমক্ষং তব কৌরব্য! যদূচুঃ কৌরবাস্তদা।
দাসীভাবেন কৃষ্ণাঞ্চ ভোক্তুকামাঃ সুতাস্তব ॥১৫॥
যচ্চাপি তান্ প্রব্রজতঃ কৃষ্ণাজিননিবাসিনঃ।
পরুষাণ্যুক্তবান্ কর্ণঃ সভায়াং সন্নিধৌ তব ॥১৬॥
তৃণীকৃত্য চ যৎ পার্থাংস্তব পুত্রো ববল্গ হ।
বিষমস্থান্ সমস্থো হি সংরম্ভাদ্গতচেতনঃ ॥১৭॥
বাল্যাৎ প্রভৃতি চারিঘ্নস্তানি দুঃখানি চিন্তয়ন্।
নিরবিন্দত ধর্ম্মাত্মা জীবিতেন বৃকোদরঃ ॥১৮॥ (কুলকম্)

ভারতকৌমুদী

স্মরণেনাত্মনির্বেদমাহ তত ইতি। অক্ষদ্যূতে পাশকক্রীড়ায়াম্। রাষ্ট্রাণাং রাজ্যানাম্, স্ফীতরত্নানাং ধনপূর্ণানাম্। ঐচ্ছো জতুগৃহদাহেনাভিলষিতবান্। অনাগসং নিরপরাধাম্। কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ। কেশপক্ষগ্রহং কেশপাশধারণম্। পরুষাণি নিষ্ঠুরাণি। কিমুক্তানীত্যনুবদতি পতিমিতি। পরীপ্সস্ব গৃহাণ। ষণ্ডাঃ ক্লীবা অঙ্কুরজননাশক্তা যে তিলাস্তদুপমাঃ প্রতিবিধানাশক্তত্বাদিত্যাশয়ঃ। কৃষ্ণাং দ্রৌপদীম্। কৃষ্ণাজিননিবাসিনঃ পরিহিতকৃষ্ণমৃগচর্ম্মণঃ। তৃণীকৃত্য তৃণবদবজ্ঞায়। পুত্রো দুঃশাসনঃ, ববল্গ ননর্ত্ত। বিষমস্থান্ বিপৎপতিতান্, সমস্থঃ পূর্ব্ববৎ রাজপুত্রস্থানস্থঃ, সংরম্ভাৎ আমোদোৎসাহাৎ, গতচেতনস্তিরোহিতবিবেকঃ। অরিঘ্নঃ শত্রুহন্তা। নিরবিন্দত ধিক্কৃতবান্ ॥১০—১৮॥

ভরতনন্দন মহারাজ! তদনন্তর শত্রুদমনকারী শত্রুহন্তা ও ধর্ম্মাত্মা বৃকোদর ভীমসেন এই সকল বিষয় স্মরণ করিয়া মনে মনে আত্মধিক্কার করিতে থাকিলেন। দ্যূতক্রীড়ায় ও বনে নানাবিধ ক্লেশ, বিরাটনগরে দুঃখভোগ, আপনার পুত্রগণকৃত ধনসমৃদ্ধ-রাজ্যহরণ, পুত্রদের সহিত আপনার কৃত নিরন্তর কষ্ট, আপনি পুত্রদের সহিত নিরপরাধা কুন্তীকে যে জতুগৃহে দাহ করিবার ইচ্ছা করিয়াছিলেন তাহা, সভামধ্যে দুরাত্মগণকৃত দ্রৌপদীর ক্লেশ, দুঃশাসনকৃত দ্রৌপদীর কেশাকর্ষণ, কর্ণোক্ত নিষ্ঠুর বাক্য সকল—(অর্থাৎ) "দ্রৌপদি! তুমি অন্য পতি গ্রহণ কর। কেন না, তোমার পতিরা ত নাই, তাহারা সকলে ত নরকে পতিত হইয়াছে" এবং কৌরবনন্দন! তখন আপনার সমক্ষেই আপনার পুত্রেরা দাসীভাবে দ্রৌপদীকে ভোগ করিবার ইচ্ছা করিয়া

(১৪) পরীপ্স ত্বম্—পি। (১৫)...কৌরব্য! ভূয়শ্চ কুরবস্তদা—পি। (১৮)...স্থানি দুঃখানি—পি বা নি।

ততো বিস্ফার্য্য সুমহদ্ধেমপৃষ্ঠং দুরাসদম্।
চাপং ভরতশার্দ্দূলস্ত্যক্তাত্মা কর্ণমভ্যয়াৎ ॥১৯॥
স সায়কময়ৈর্জালৈর্ভীমঃ কর্ণরথং প্রতি।
ভানুমদ্ভিঃ শিলাধৌতৈর্ভানোঃ প্রাচ্ছাদয়ৎ প্রভাম্ ॥২০॥
ততঃ প্রহস্যাধিরথিস্তূর্ণমস্য শিলাশিতৈঃ।
ব্যধমদ্ভীমসেনস্য শরজালানি পত্রিভিঃ ॥২১॥
মহারথো মহাবাহুর্মহাবেগো মহাবলঃ।
বিব্যাধাধিরথির্ভীমং নবভির্নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
স তোত্ত্রৈরিব মাতঙ্গো বার্য্যমাণঃ পতত্রিভিঃ।
অভ্যধাবদসংভ্রান্তঃ সূতপুত্রং বৃকোদরঃ ॥২৩॥

ভারতকৌমুদী

তত ইতি। হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্। ত্যক্তাত্মা প্রাণত্যাগোদ্যতঃ সন্ ॥১৯॥
স ইতি। ভানুমদ্ভির্নির্ম্মলতয়া কিরণবদ্ভিঃ, শিলাধৌতৈঃ শিলায়াং ঘর্ষণেন পরিষ্কৃতৈঃ ॥২০॥
তত ইতি। আধিরথিঃ অধিরথপুত্রঃ কর্ণঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ। পত্রিভির্বাণৈঃ ॥২১॥
মহেতি। আধিরথিঃ কর্ণঃ। নিশিতৈঃ সুধারৈঃ ॥২২॥

যাহা বলিয়াছিলেন তাহা, পাণ্ডবেরা কৃষ্ণমৃগের চর্ম্ম পরিধান করিয়া বনে চলিলে সভামধ্যে আপনার নিকটে কর্ণ যে সকল নিষ্ঠুর কথা বলিয়াছিলেন তাহা, বিবেকবিহীন আপনার পুত্র দুঃশাসন সমানস্থানে থাকিয়া আনন্দোৎসাহে বিষমবিপদাপন্ন পাণ্ডবগণকে তৃণের ন্যায় অবজ্ঞা করিয়া যে নৃত্য করিয়াছিলেন তাহা এবং বাল্যকাল হইতে আপনাদের চক্রান্তে যে সকল দুঃখ পাইয়াছিলেন, সেইগুলি চিন্তা করিয়া ভীমসেন জীবনে নির্বিণ্ণ হইয়াছিলেন ॥১০—১৮॥

তাহার পর ভরতশ্রেষ্ঠ ভীমসেন জীবনত্যাগে উদ্যত হইয়া স্বর্ণখচিতপৃষ্ঠ ও দুর্দ্ধর্ষ বিশাল ধনু বিস্ফারিত করিয়া কর্ণের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

পরে ভীমসেন কর্ণের রথের দিকে নিক্ষিপ্ত শিলাশাণিত উজ্জ্বল বাণময় জালদ্বারা সূর্য্যের আলোক আবৃত করিয়া ফেলিলেন ॥২০॥

তদনন্তর কর্ণ হাস্য করিয়া সত্বর শিলাশাণিত শরসমূহদ্বারা ভীমসেনের শরজাল প্রতিহত করিলেন ॥২১॥

পরে মহারথ, মহাবাহু, মহাবেগ ও মহাবল কর্ণ নয়টা সুধার বাণদ্বারা ভীমসেনকে বিদ্ধ করিলেন ॥২২॥

(২১) তূর্ণমস্তন্ শিতান্ শরান্—নি। (২২)…মহাবার্ষৈর্মহাবলঃ…নবভির্বিশিখৈস্তদা—পি,…নবভির্নিশিতৈস্তদা—বা নি।

তমাপতন্তং বেগেন রভসং পাণ্ডবর্ষভম্ ।
কর্ণঃ প্রত্যুদ্যযৌ যোদ্ধুং মত্তো মত্তমিব দ্বিপম্ ॥২৪॥
ততঃ প্রধ্মাপ্য জলজং ভেরীশতসমস্বনম্ ।
অক্ষুভ্যত বলং হর্ষাদুদ্ধূত ইব সাগরঃ ॥২৫॥
তদুদ্ধূতং বলং দৃষ্ট্বা নাগাশ্বরথপত্তিমৎ ।
ভীমঃ কর্ণং সমাসাদ্য চ্ছাদয়ামাস সায়কৈঃ ॥২৬॥
অশ্বানৃক্ষসবর্ণাংশ্চ হংসবর্ণৈর্হয়োত্তমৈঃ ।
ব্যামিশ্রয়দ্রণে কর্ণঃ পাণ্ডবং ছাদয়ন্ শরৈঃ ॥২৭॥
ঋক্ষবর্ণান্ হয়ান্ হংসৈর্মিশ্রান্ মারুতরংহসঃ ।
নিরীক্ষ্য তব পুত্রাণাং হাহাকৃতমভূদ্বলম্ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। তোত্ত্রৈরঙ্কুশৈঃ। পতত্ত্রিভির্বাণৈঃ। অসংভ্রান্তঃ অবিচলিত ॥২৩॥
তমিতি। রভসং হৃষ্টচিত্তম্, পাণ্ডবর্ষভং ভীমম্। মত্তো দ্বিপ এব ॥২৪॥
তত ইতি। প্রধ্মাপ্য বাদয়িত্বা, জলজং শঙ্খম্। উদ্ধূতো বায়ুদ্বেলিতঃ ॥২৫॥
তদিতি। বলং সৈন্যম্, নাগা হস্তিনঃ অশ্বা রথাঃ পত্তয়ঃ পদাতয়শ্চাস্য সন্তীতি তৎ ॥২৬॥
অশ্বানিতি। ঋক্ষসবর্ণান্ ভল্লূকবৎ কৃষ্ণবর্ণান্। ব্যামিশ্রয়ৎ সমযোজয়ৎ ॥২৭॥

হস্তিপক অঙ্কুশদ্বারা হস্তীকে যেমন বারণ করে, সেইরূপ কর্ণ বাণদ্বারা বারণ করিলেও ভীমসেন অবিচলিত চিত্তে কর্ণের দিকে অগ্রসর হইতে লাগিলেন ॥২৩॥

ভীমসেন হৃষ্টচিত্তে বেগে আসিতে লাগিলে, মত্তহস্তী যেমন মত্তহস্তীর প্রতি গমন করে, তেমন কর্ণ যুদ্ধ করিবার জন্য তাঁহার প্রতি গমন করিলেন ॥২৪॥

তাহার পর কৌরবসৈন্যেরা আনন্দে শত ভেরীর তুল্য ধ্বনিকারী শঙ্খ বাজাইয়া উদ্বেলিত সমুদ্রের ন্যায় ভীমের দিকে চলিল ॥২৫॥

হস্তী, অশ্ব, রথ ও পদাতিশালী সেই সৈন্য আসিতেছে দেখিয়া ভীমসেন অগ্রসর হইয়া বাণদ্বারা কর্ণকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৬॥

তখন কর্ণও যুদ্ধে বাণদ্বারা ভীমকে আচ্ছাদন করিতে করিতে হংসের ন্যায় শুভ্রবর্ণ স্বকীয় উত্তম অশ্বগুলির সহিত ভীমের ভল্লূকবর্ণ অশ্বগুলিকে মিলিত করিলেন ॥২৭॥

(২৪)…রভসং পাণ্ডুনন্দনম্…মত্তং মত্ত ইব দ্বিপঃ—বঙ্গ বর্দ্ধ।

তে হয়া বহুবশোভন্ত মিশ্রিতা বাতরংহসঃ।
সিতাসিতা মহারাজ! যথা ব্যোম্নি বলাহকাঃ ॥২৯॥
সংরব্ধৌ ক্রোধতাম্রাক্ষৌ প্রেক্ষ্য কর্ণবৃকোদরৌ।
সন্ত্রস্তাঃ সমকম্পন্ত ত্বদীয়া বৈ মহারথাঃ ॥৩০॥
যমরাষ্ট্রোপমং ঘোরমাসীদায়োধনং তয়োঃ।
দুর্দ্দর্শং ভরতশ্রেষ্ঠ! প্রেতরাজপুরং যথা ॥৩১॥
সমাজমিব তচ্চিত্রং প্রেক্ষমাণা মহারথাঃ।
নালক্ষয়ন্ জয়ং ব্যক্তমেকৈকস্য তদা রণে ॥৩২॥

ভারতকৌমুদী

ঋক্ষেতি। হংসৈঃ হংসবচ্ছুভ্রবর্ণৈর্হয়ৈঃ কর্ণাশ্বৈঃ "শঙ্খবর্ণাংশ্চ তানশ্বান্" ইতি পরত্রোক্তেঃ ॥২৮॥

ত ইতি। সিতাসিতাঃ শুক্লকৃষ্ণাঃ। বলাহকাঃ সিতাসিতা এব মেঘাঃ ॥২৯॥

সমিতি। সংরব্ধৌ ক্রুদ্ধৌ। সমকম্পন্ত কিং স্যাদিত্যাশঙ্কাবশাৎ ॥৩০॥

যমেতি। যমরাষ্ট্রোপমং মৃতপূর্ণত্বাৎ। আয়োধনং রণস্থলম্ ॥৩১॥

সমাজমিতি। সমাজং নটসংঘক্রিয়মাণমভিনয়ম্, তদ্‌যুদ্ধম্। ব্যক্তং স্পষ্টম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

স্বয়মিতি ॥১—২৭॥ কর্কৈঃ শ্বেতৈঃ ॥২৮—৩১॥ সমাজং রঙ্গম্ একস্যৈব কস্যচিৎ নাস্ত্যস্য ॥৩২—৪১॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৫॥

কর্ণের হংসের ন্যায় শুভ্রবর্ণ অশ্বগুলির সহিত ভীমের ভল্লুকবর্ণ অশ্বগণ মিলিত হইয়াছে দেখিয়া আপনার পুত্রগণের সৈন্যেরা ভয়ে হাহাকার করিতে লাগিল ॥২৮॥

মহারাজ! বায়ুর ন্যায় বেগবান্ এবং শুক্ল ও কৃষ্ণবর্ণ সেই অশ্বগুলি পরস্পর মিলিত হইয়া আকাশে শুক্ল ও কৃষ্ণবর্ণ মেঘসমূহের ন্যায় বিশেষ শোভা পাইতে লাগিল ॥২৯॥

ক্রুদ্ধ ও ক্রোধে আরক্তনয়ন কর্ণ ও ভীমসেনকে দেখিয়া আপনার পক্ষের মহারথেরা ভীত হইয়া কাঁপিতে লাগিলেন ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ! যমের রাজ্যের ন্যায় তাঁহাদের সেই ভয়ঙ্কর রণস্থলটা যমনগরের তুল্যই দুষ্প্রেক্ষ্য হইয়া পড়িল ॥৩১॥

---

(৩০)...ক্রোধরক্তাক্ষৌ—পি। (৩১)...দুর্দ্দর্শং ভরতশ্রেষ্ঠ!—পি।

তয়োঃ প্রৈক্ষন্ত সম্মর্দ্দং সন্নিকৃষ্টং মহাস্ত্রয়োঃ ।
তব দুর্ম্মন্ত্রিতে রাজন্ ! সপুত্রস্য বিশাংপতে ! ॥৩৩॥
ছাদয়ন্তৌ হি শত্রুঘ্নাবন্যোন্যং সায়কৈঃ শিতৈঃ ।
শরজালাবৃতং ব্যোম চক্রাতেঽদ্ভুতবিক্রমৌ ॥৩৪॥
তাবন্যোন্যং জিঘাংসন্তৌ শরৈস্তীক্ষ্ণৈর্মহারথৌ ।
প্রেক্ষণীয়তরাবাস্তাং বৃষ্টিমন্তাবিবাম্বুদৌ ॥৩৫॥
সুবর্ণবিকৃতান্ বাণান্ প্রমুঞ্চন্তাবরিন্দমৌ ।
ভাস্বরং ব্যোম চক্রাতে তাবুল্কাভিরিব প্রভো ! ॥৩৬॥
তাভ্যাং মুক্তাঃ শরা রাজন্ ! গার্ধ্রপত্রাশ্চকাশিরে ।
শ্রেণ্যঃ শরদি মত্তানাং সারসানামিবাম্বরে ॥৩৭॥

ভারতকৌমুদী

তয়োরিতি । সম্মর্দ্দং সংঘর্ষং যুদ্ধমিতি যাবৎ, সন্নিকৃষ্টং পরস্পরমেলনজাতম্ ॥৩৩॥ ছাদয়ান্তাবিতি । শত্রুঘ্নৌ রিপুহন্তারৌ । শিতৈঃ সুধারৈঃ । চক্রাতে কৃতবন্তৌ ॥৩৪॥ তাবিতি । জিঘাংসন্তৌ হন্তুমিচ্ছন্তৌ । প্রেক্ষণীয়তরৌ সুদৃশ্যৌ । অম্বুদৌ মেঘৌ ॥৩৫॥ সুবর্ণেতি । সুবর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্, প্রমুঞ্চন্তৌ নিক্ষিপন্তৌ । ভাস্বরমুজ্জ্বলম্ ॥৩৬॥ তাভ্যামিতি । গৃধ্রাণাং পক্ষিণামিমানীতি গার্ধ্রাণি পত্রাণি পক্ষা যেষু তে ॥৩৭॥

মহারথেরা নাট্যাভিনয়ের ন্যায় তাঁহাদের সেই বিচিত্র যুদ্ধ দেখিতে থাকিয়া তখন যুদ্ধে তাঁহাদের এক একজনের জয় স্পষ্ট লক্ষ্য করিতে পারিলেন না ॥৩২॥

নরনাথ রাজা ! আপনার ও আপনার পুত্রগণের কুমন্ত্রণাঘটিত সেই মহাস্ত্রশালী কর্ণ ও ভীমের সন্নিহিত যুদ্ধ সকলে দেখিতে লাগিল ॥৩৩॥

অদ্ভুতবিক্রমশালী এবং শত্রুহন্তা কর্ণ ও ভীম সুধার বাণসমূহদ্বারা পরস্পর আবৃত করিতে থাকিয়া আকাশটাকেই শরজালে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৪॥

সেই মহারথেরা দুই জন তীক্ষ্ণ বাণসমূহদ্বারা পরস্পর বধ করিবার ইচ্ছা করিয়া বারিবর্ষী দুইটা মেঘের ন্যায় সুদৃশ্য হইলেন ॥৩৫॥

রাজা ! শত্রুদমনকারী কর্ণ ও ভীমসেন স্বর্ণখচিত বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া উল্কাদ্বারাই যেন আকাশটাকে উজ্জ্বল করিয়া ফেলিলেন ॥৩৬॥

রাজা ! শরৎকালে আকাশে মত্ত সারসপক্ষিশ্রেণীর ন্যায় তাঁহাদের নিক্ষিপ্ত গৃধ্রপক্ষযুক্ত বাণ সকল প্রকাশ পাইতে লাগিল ॥৩৭॥

---

(৩৬)...উল্কাভিরিব চ প্রভো !—বঙ্গ বর্দ্ধ,...মহোল্কাভিরিব প্রভো !—বা নি ।

সংসক্তং সূতপুত্রেণ দৃষ্ট্বা ভীমমরিন্দমম্।
অতিভারমমন্যেতাং ভীমে কৃষ্ণধনঞ্জয়ৌ ॥৩৮॥
তত্রাধিরথিভীমাভ্যাং শরৈর্মুক্তৈর্দৃঢ়াহতাঃ।
ইষুপাতমতিক্রম্য পেতুরশ্বনরদ্বিপাঃ ॥৩৯॥
পতদ্ভিঃ পতিতৈশ্চান্যৈর্গতাসুভিরনেকশঃ।
কৃতো মহান্ মহারাজ! পুত্রাণাং তে জনক্ষয়ঃ ॥৪০॥
মনুষ্যাশ্বগজানাঞ্চ শরীরৈর্গতজীবিতৈঃ।
ক্ষণেন ভূমিঃ সংজজ্ঞে সংবৃতা ভরতর্ষভ! ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমকর্ণযুদ্ধে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

সমিতি। সংসক্তং যুদ্ধে সম্মিলিতম্। অতিভারম্ অতিভারবদ্দুঃসহমাক্রমণম্ ॥৩৮॥

তত্রেতি। আধিরথিঃ কর্ণঃ। ইষুপাতং বাণপতনদেশমতিক্রম্য বাণবেগাদেব ॥৩৯॥

পতদ্ভিরিতি। গতাসুভিরাঘাতান্নির্গতপ্রাণৈঃ ॥৪০॥

মনুষ্যেতি। গতজীবিতৈর্মৃতৈঃ। ভূমিঃ সমরাঙ্গনম্, সংজজ্ঞে সঞ্জাতা ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

-:*:-

শত্রুদমনকারী ভীমসেন কর্ণের সহিত মিলিত হইয়াছেন দেখিয়া কৃষ্ণ ও অর্জ্জুন ভীমসেনসম্বন্ধে গুরুতর ভার বলিয়া মনে করিতে লাগিলেন ॥৩৮॥

তখন কর্ণও ভীমনিক্ষিপ্ত বাণে গুরুতর আহত হইয়া হস্তী, অশ্ব ও মনুষ্যগণ বাণপতনের স্থান অতিক্রম করিয়া যাইয়া যাইয়া পতিত হইতে থাকিল ॥৩৯॥

মহারাজ! পতিত ও পতনশীল অন্য অনেক লোক প্রাণহীন হইতে থাকায় আপনার পুত্রদের গুরুতর লোকক্ষয় হইতে লাগিল ॥৪০॥

ভরতশ্রেষ্ঠ! প্রাণহীন মনুষ্য, অশ্ব ও হস্তীর শরীরে ক্ষণকালমধ্যে সমরভূমি আবৃত হইয়া গেল" ॥৪১॥

—:*:—

(৩৯)…পেতুরশ্বরথদ্বিপাঃ—পি। (৪১) মনুষ্যবাজিনাগানাম্—পি। * '…ত্রিংশদধিক-শততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ,… 'দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বা মা নি।

ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

অত্যদ্ভুতমহং মন্যে ভীমসেনস্য বিক্রমম্।
যৎ কর্ণং যোধয়ামাস সমরে লঘুবিক্রমম্ ॥১॥
ত্রিদশানপি চোদ্যুক্তান্ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
বারয়েদ্যো রণে কর্ণঃ সযক্ষাসুরমানবান্ ॥২॥
স কথং পাণ্ডবং যুদ্ধে রাজমানমিব শ্রিয়া।
নাতরৎ সংযুগে তাত! তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৩॥ (যুগ্মকম্)
কথঞ্চ যুদ্ধং ভূয়োঽভূত্তয়োঃ প্রাণদুরোদরে।
অত্র মন্যে সমায়ত্তৌ যুদ্ধে জয়পরাজয়ৌ ॥৪॥

ভারতকৌমুদী

অতীতি। যোধয়ামাস ভীম ইতি শেষঃ। লঘুঃ শীঘ্রো বিক্রমো মহাশক্তিপ্রকাশো যস্য তম্ ॥১॥

ত্রিদশানিতি। বারয়েৎ বারয়িতুং শক্নুয়াৎ। নাতরৎ অতিক্রমিতুং জেতুং নাশক্নোৎ ॥২-৩॥

কথমিতি। কথং কীদৃশম্। প্রাণা এব দুরোদরং পণো যত্র তস্মিন্। সমায়ত্তৌ দৈবাধীনৌ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"আমি ভীমসেনের বিক্রমকে অত্যদ্ভুত বলিয়াই মনে করি। যেহেতু তিনি যুদ্ধে দ্রুতবিক্রমকারী কর্ণের সহিত যুদ্ধ করিয়াছিলেন ॥১॥

বৎস সঞ্জয়! সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ যে কর্ণ যুদ্ধে উদ্যত যক্ষ, অসুর ও মানুষের সহিত দেবগণকেও যুদ্ধে বারণ করিতে পারেন, সেই কর্ণ যুদ্ধে বীরশোভায় শোভিত ভীমসেনকে রণস্থলে কেন অতিক্রম করিতে পারেন নাই, তাহা তুমি আমার নিকট বল ॥২—৩॥

তাঁহাদের পুনরায় কিরূপ যুদ্ধ হইল? দেখ—সঞ্জয়! এই প্রাণপণের যুদ্ধে জয় ও পরাজয় দৈবায়ত্ত বলিয়াই আমি মনে করি ॥৪॥

---

(৩)···ভ্রাজমানমিব শ্রিয়া—বা নি। (৪)···জয়ো বাঽজয় এব বা—বঙ্গ বর্দ্ধ,···জয়ো বাঽজয় এব চ—বা নি।

কর্ণং প্রাপ্য রণে সূত ! মম পুত্রঃ সুযোধনঃ।
জেতুমুৎসহতে পার্থান্ সগোবিন্দান্ সসাত্বতান্ ॥৫॥
শ্রুত্বা তু নির্জ্জিতং কর্ণমসকৃদ্ভীমকর্ম্মণা।
ভীমসেনেন সমরে মোহ আবিশতীব মাম্ ॥৬॥
বিনষ্টান্ কৌরবান্ মন্যে পুত্রস্য মম দুর্নয়ৈঃ।
নহি কর্ণো মহেষ্বাসান্ পার্থান্ জেষ্যতি সঞ্জয় ! ॥৭॥
কৃতবান্ যানি যুদ্ধানি কর্ণঃ পাণ্ডুসুতৈঃ সহ।
সর্ব্বত্র পাণ্ডবাঃ কর্ণমজয়স্ত রণাজিরে ॥৮॥
অজয্যাঃ পাণ্ডবাস্তাত ! দেবৈরপি সবাসবৈঃ।
ন চ তদ্বুধ্যতে মন্দঃ পুত্রো দুর্য্যোধনো মম ॥৯॥
ধনং ধনেশ্বরস্যেব হৃত্বা পার্থস্য মে সুতঃ।
মধুপ্রেপ্সুরিবাবুদ্ধিঃ প্রপাতং নাববুধ্যতে ॥১০॥

ভারতকৌমুদী

কর্ণমিতি। উৎসহতে ইচ্ছতি, পার্থান্ পাণ্ডবান্, সসাত্বতান্ সাত্যকিসহিতান্ ॥৫॥
শ্রুত্বেতি। আবিশতীব সর্ব্বথা নৈরাশ্যাদিতি ভাবঃ ॥৬॥
বিনষ্টানিতি। পুত্রস্য দুর্য্যোধনস্য, দুর্নয়ৈর্দুষ্টনীতিভিঃ। জেষ্যতি জেতুং শক্ষ্যতি ॥৭॥
কৃতবানিতি। রণাজিরে রণাঙ্গনে ॥৮॥
তত্র সমাধত্তে অজয্যা ইতি। অজয্যা জেতুমশক্যাঃ। সবাসবৈঃ সেন্দ্রৈঃ ॥৯॥

সঞ্জয় ! আমার পুত্র দুর্য্যোধন যুদ্ধে কর্ণকে পাইয়া কৃষ্ণ ও সাত্যকির সহিত পাণ্ডবগণকে জয় করিবার ইচ্ছা করিয়া থাকেন ॥৫॥

কিন্তু ভীমকর্ম্মা ভীমসেন যুদ্ধে সেই কর্ণকে বার বার জয় করিয়াছেন শুনিয়া আমার যেন মোহ উপস্থিত হইতেছে ॥৬॥

সুতরাং সঞ্জয় ! আমার পুত্রের (দুর্য্যোধনের) দুর্নীতিতে কৌরবগণকে আমি বিনষ্ট বলিয়াই মনে করি। কর্ণ মহাধনুর্দ্ধর পাণ্ডবগণকে জয় করিতে পারিবেন না ॥৭॥

কর্ণ পাণ্ডবগণের সহিত যত যুদ্ধ করিয়াছেন, সকল যুদ্ধেই পাণ্ডবেরা রণস্থলে কর্ণকে জয় করিয়াছেন ॥৮॥

সুতরাং বৎস ! ইন্দ্রের সহিত দেবতারাও পাণ্ডবগণকে জয় করিতে পারেন না। কিন্তু আমার পুত্র নির্বোধ দুর্য্যোধন তাহা বোঝে না ॥৯॥

(৬)...ভীমসেনেন বিক্রম্য—পি। (৮)...অজয়ংস্তে রণাজিরে—নি। (৯) অজেয়াঃ পাণ্ডবাঃ—বা নি।

নিকৃত্যা নিকৃতিপ্রজ্ঞো রাজ্যং হৃত্বা মহাত্মনাম্ ।
জিতমিত্যেব মন্বানঃ পাণ্ডুবানবমন্যতে ॥১১॥
পুত্রস্নেহাভিভূতেন ময়া চাপ্যকৃতাত্মনা ।
ধর্ম্মে স্থিতা মহাত্মানো নিকৃতাঃ পাণ্ডুনন্দনাঃ ॥১২॥
শমকামঃ সদা পার্থো দীর্ঘাপেক্ষী যুধিষ্ঠিরঃ ।
অশক্ত ইতি মন্বানৈঃ পুত্রৈর্মম নিরাকৃতঃ ॥১৩॥
তানি দুঃখান্যনেকানি বিপ্রকারাংশ্চ সর্ব্বশঃ ।
হৃদি কৃত্বা মহাবাহুর্ভীমোঽযুধ্যত সূতজম্ ॥১৪॥
তস্মান্মে সঞ্জয় ! ব্রূহি কর্ণভীমৌ যথা রণে ।
অযুধ্যেতাং যুধি শ্রেষ্ঠৌ পরস্পরবধৈষিণৌ ॥১৫॥

ভারতকৌমুদী

ধনমিতি । ধনেশ্বরস্য কুবেরস্য, পার্থস্য যুধিষ্ঠিরস্য । প্রপাতমুচ্চদেশাৎ পতনম্ ॥১০॥
নিকৃত্যেতি । নিকৃত্যা শাঠ্যেন, নিকৃতিপ্রজ্ঞঃ শাঠ্যনিপুণো দুর্য্যোধনঃ ॥১১॥
পুত্রেতি । অকৃতাত্মনা অশিক্ষিতবুদ্ধিনা । নিকৃতা নানাপ্রকারেণ নির্যাতিতাঃ ॥১২॥
শমেতি । শমকামঃ শান্তিকামী, দীর্ঘাপেক্ষী শান্ত্যর্থমেব দীর্ঘকালপ্রতীক্ষী ॥১৩॥
তানীতি । বিপ্রকারান্ অস্মৎকৃতা নির্যাতনাঃ । সূতজং কর্ণম্ ॥১৪॥
তস্মাদিতি । পরস্পরবধৈষিণাবিতি স্বধারণানুসারাদুক্তম্ । বস্তুতস্তু কর্ণো ন ভীমসেন-

নির্বোধ মধুলোভী লোক যেমন উচ্চদেশ হইতে পতন বোঝে না, সেইরূপ আমার বুদ্ধিশূন্য পুত্র কুবেরের ন্যায় যুধিষ্ঠিরের ধন হরণ করিয়া রাজ্যচ্যুতির বিষয় বোঝে নাই ॥১০॥

শাঠ্যনিপুণ দুর্য্যোধন শঠতাপূর্ব্বক মহাত্মা পাণ্ডবদের রাজ্য হরণ করিয়া তাহা জয় করিয়াছে এইরূপই বুঝিয়া পাণ্ডবগণকে অবজ্ঞা করিয়াছে ॥১১॥

আবার আমিও পুত্রস্নেহে অভিভূত এবং অশিক্ষিতবুদ্ধি; তাই ধার্ম্মিক ও মহাত্মা পাণ্ডবদিগকে নানাপ্রকারে নির্যাতন করিয়াছি ॥১২॥

ওদিকে পৃথানন্দন যুধিষ্ঠির সর্ব্বদাই শান্তি কামনা করেন এবং তাহার জন্য দীর্ঘকাল অপেক্ষাও করিয়াছেন; কিন্তু আমার পুত্রেরা তাঁহাকে অসমর্থ মনে করিয়া নির্যাতন করিয়াছে ॥১৩॥

সেই অনেক দুঃখ ও সমস্ত নির্যাতন মনে করিয়া মহাবাহু ভীমসেন কর্ণের সহিত যুদ্ধ করিয়াছেন ॥১৪॥

(১১)…পাণ্ডবানবমন্যত—পি। (১৩) শমকামঃ সসোদর্য্যো দীর্ঘপ্রেক্ষী…ইতি মত্বা তু—নি।

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! যথা বৃত্তঃ সংগ্রামঃ কর্ণভীময়োঃ।
পরস্পরবধপ্রেপ্সোর্বনে কুঞ্জরয়োরিব ॥১৬॥
রাজন্! বৈকর্ত্তনো ভীমং ক্রুদ্ধঃ ক্রুদ্ধমরিন্দমম্।
পরাক্রান্তং পরাক্রম্য বিব্যাধ ত্রিংশতা শরৈঃ ॥১৭॥
মহাবেগৈঃ প্রসন্নাগ্রৈঃ শাতকুম্ভপরিষ্কৃতৈঃ।
আহনদ্ভরতশ্রেষ্ঠ! ভীমং বৈকর্ত্তনঃ শরৈঃ ॥১৮॥
তস্যাস্যতো ধনুর্ভীমশ্চকর্ত্ত বিশিখৈস্ত্রিভিঃ।
রথনীড়াচ্চ যন্তারং ভল্লেনাপাতয়ৎ ক্ষিতৌ ॥১৯॥
স কাঙ্ক্ষন্ ভীমসেনস্য বধং বৈকর্ত্তনো ভৃশম্।
শক্তিং কনকবৈদূর্য্যচিত্রদণ্ডাং পরামৃশৎ ॥২০॥

ভারতকৌমুদী

বধৈষী আসীৎ ভ্রাতৃস্নেহাৎ কুন্তীবাক্যস্মরণাৎ স্বপ্রতিজ্ঞাবশাচ্চেতি বোধ্যম্। তৎ সর্ব্বমুদ্‌যোগপর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥১৫॥

শৃণ্বিতি। বৃত্তো জাতঃ। অত্রাপি কুন্তীবাক্যাদিবিস্মরণাৎ পরস্পরেত্যাদ্যুক্তম্ ॥১৬॥

রাজন্নিতি। বৈকর্ত্তনঃ কর্ণঃ। বিব্যাধ তাড়য়ামাস ॥১৭॥

মহেতি। প্রসন্নাগ্রৈর্নির্ম্মলমুখৈঃ, শাতকুম্ভপরিষ্কৃতৈঃ স্বর্ণখচিতৈঃ। আহনদাহতবান্ ॥১৮॥

তস্যেতি। অস্যতঃ শরান্ ক্ষিপতঃ। চকর্ত্ত চিচ্ছেদ। রথ এব নীড়ং কুলায়স্তস্মাৎ ॥১৯॥

অতএব সঞ্জয়! যুদ্ধবিষয়শ্রেষ্ঠ এবং পরস্পরবধৈষী কর্ণ ও ভীম রণস্থলে যেভাবে যুদ্ধ করিয়াছিলেন, তাহা তুমি আমার নিকট বল" ॥১৫॥

সঞ্জয় বলিলেন—"রাজা! বনে দুইটা হস্তীর ন্যায় পরস্পরবধৈষী কর্ণ ও ভীমের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা আপনি শ্রবণ করুন ॥১৬॥

রাজা! ক্রুদ্ধ কর্ণ পরাক্রম প্রকাশ করিয়া ত্রিশটা বাণদ্বারা ক্রুদ্ধ, অরিন্দম ও পরাক্রমশালী ভীমসেনকে তাড়ন করিলেন ॥১৭॥

ভরতশ্রেষ্ঠ! পুনরায় কর্ণ মহাবেগশালী, নির্ম্মলমুখ ও স্বর্ণখচিত বহুতর বাণদ্বারা ভীমসেনকে আঘাত করিলেন ॥১৮॥

এইভাবে কর্ণ বাণক্ষেপ করিতে লাগিলে, ভীমসেন তিনটা বাণদ্বারা তাঁহার ধনু ছেদন করিলেন এবং একটা ভল্লদ্বারা তাঁহার সারথিকে ভূতলে নিপাতিত করিলেন ॥১৯॥

---

(১৮)...অহনদ্ভরতশ্রেষ্ঠ! ভীমো বৈকর্ত্তনং শরৈঃ—পি,...অহনৎ—বধ বর্দ্ধ,...রাজন্‌রেতশ্রেষ্ঠ!—নি। (১৯)...চকর্ত্ত নিশিতৈঃ শরৈঃ—পি।

প্রগৃহ্য চ মহাশক্তিং কালশক্তিমিবাপরাম্ ।
সমুৎক্ষিপ্য চ রাধেয়ঃ সন্ধায় চ মহাবলঃ ।
চিক্ষেপ ভীমসেনায় জীবিতান্তকরীমিব ॥২১॥
শক্তিং বিসৃজ্য রাধেয়ঃ পুরন্দর ইবাশনিম্ ।
ননাদ সুমহানাদং বলবান্ সূতনন্দনঃ ।
তঞ্চ নাদং তদা শ্রুত্বা পুত্রাস্তে হৃষিতাভবন্ ॥২২॥
তাং কর্ণভুজনির্ম্মুক্তামর্কবৈশ্বানরপ্রভাম্ ।
শক্তিং বিয়তি চিচ্ছেদ ভীমঃ সপ্তভিরাশুগৈঃ ॥২৩॥
ছিত্ত্বা শক্তিং তদা ভীমো নির্ম্মুক্তোরগসন্নিভাম্ ।
মার্গমাণ ইব প্রাণান্ সূতপুত্রস্য মারিষ ! ॥২৪॥
প্রাহিণোৎ কৃতসংরম্ভঃ শরান্ বর্হিণবাসসঃ ।
স্বর্ণপুঙ্খান্ শিলাধৌতান্ যমদণ্ডোপমান্ যুধি ॥২৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। কনকবৈদূর্য্যৈঃ স্বর্ণ বৈদূর্য্যমণিভিশ্চিত্রো দণ্ডো যস্যাস্তাম্, পরামৃশদস্পৃশৎ ॥২০॥

প্রগৃহ্যেতি। কালশক্তিং সংহারিণীং শক্তিম্। সমুৎক্ষিপ্য তূণাৎ সমুত্তোল্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

শক্তিমিতি। হৃষিতাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২২॥

তামিতি। অর্কবৈশ্বানরপ্রভাং সূর্য্যাগ্নিবদুজ্জ্বলাম্। বিয়তি আকাশে ॥২৩॥

ছিত্ত্বেতি। নির্ম্মুক্তস্ত্যক্তচর্ম্মা য উরগঃ সর্পস্তৎসন্নিভাম্। মার্গমাণো গ্রহণায়ান্বিষ্যন্। কৃতসংরম্ভঃ কৃতক্রোধঃ, বর্হিণা ময়ূরাস্তৎপক্ষা বাসাংসি আবরণানি যেষাং তান্ ॥২৪—২৫॥

তখন কর্ণ ভীমসেনকে বধ করিবার ইচ্ছা করিয়া স্বর্ণ ও বৈদূর্য্যমণিখচিত একটা শক্তি স্পর্শ করিলেন ॥২০॥

এবং মহাবল কর্ণ জীবননাশক অপর কালশক্তির তুল্য সেই মহাশক্তিটা গ্রহণ, উত্তোলন ও সন্ধান করিয়া ভীমসেনের উপরে নিক্ষেপ করিলেন ॥২১॥

ইন্দ্র যেমন বজ্র নিক্ষেপ করেন, সেইরূপ বলবান্ সারথিনন্দন কর্ণ সেই শক্তি নিক্ষেপ করিয়া অতিবিশাল সিংহনাদ করিলেন। তখন আপনার পুত্রেরা সেই সিংহনাদ শুনিয়া আনন্দিত হইলেন ॥২২॥

ওদিকে ভীমসেন সাতটা বাণদ্বারা আকাশেই কর্ণবাহুনিক্ষিপ্ত সূর্য্য ও অগ্নির ন্যায় উজ্জ্বল সেই শক্তিটাকে ছেদন করিলেন ॥২৩॥

(২১)...কালরাত্রিমিবাপরাম্—নি। (২৩)...শক্তিং চিচ্ছেদ ভীমস্ত তাং সপ্তভিরাশুগৈঃ—বর্দ্ধ। (২৪)...মার্গমাণামিব—নি। (২৫)...যমদণ্ডোপমান্ মৃধে—পি।

কর্ণোঽপ্যন্যদ্ধনুর্গৃহ্য হেমপৃষ্ঠং দুরাসদম্।
বিকৃষ্য চ মহাতেজা ব্যসৃজৎ সায়কান্ বহূন্ ॥২৬॥
তান্ পাণ্ডুপুত্রশ্চিচ্ছেদ নবভির্নতপর্ব্বভিঃ।
বসুষেণেন নির্ম্মুক্তান্ নব রাজন্! মহাশরান্।
ছিত্ত্বা ভীমো মহারাজ! নাদং সিংহ ইবানদৎ ॥২৭॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ বলিনৌ বাসিতান্তরে।
শার্দ্দূলাবিব চান্যোন্যমামিষার্থেঽভ্যগর্জ্জতাম্ ॥২৮॥
অন্যোন্যং প্রজিহীর্ষন্তাবন্যোন্যস্যান্তরৈষিণৌ।
অন্যোন্যমভিবীক্ষেতাং গোষ্ঠেষ্বিব মহর্ষভৌ ॥২৯॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। গৃহ্য গৃহীত্বা, হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্। বিকৃষ্যাকৃষ্য ॥২৬॥
তানিতি। তান্ তন্মধ্যে প্রধানীভূতান্। বসুষেণেন কর্ণেন। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৭॥
তাবিতি। বাসিতা ঋতুমতী গৌস্তদন্তরে তদর্থে। আমিষার্থে মাংসার্থে ॥২৮॥
অন্যোন্যমিতি। প্রজিহীর্ষন্তৌ প্রহর্ত্তুমিচ্ছন্তৌ, অন্তরৈষিণৌ ছিদ্রান্বেষিণৌ। অভিবীক্ষেতাম্ অপশ্যতাম্। হ্রস্বত্বাং বৃদ্ধ্যভাব আর্ষঃ। মহর্ষভৌ মহাবৃষৌ ॥২৯॥

মাননীয় রাজা! তখন ভীমসেন ত্যক্তচর্ম্মা সর্পের তুল্য শক্তিটাকে ছেদন করিয়া আরও ক্রুদ্ধ হইয়া কর্ণের প্রাণই যেন অন্বেষণ করিতে থাকিয়া তাঁহার উপরে ময়ূরপক্ষাবৃত, স্বর্ণপুঙ্খ, শিলাঘর্ষণপরিষ্কৃত ও যমদণ্ডতুল্য বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥২৪—২৫॥

ইতোমধ্যে মহাতেজা কর্ণও স্বর্ণখচিতপৃষ্ঠ ও দুর্দ্ধর্ষ অন্য ধনু লইয়া এবং তাহা আকর্ষণ করিয়া বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥২৬॥

মহারাজ! তখন পাণ্ডুপুত্র ভীমসেন নতপর্ব্ব নয়টা বাণদ্বারা কর্ণনিক্ষিপ্ত প্রধান নয়টা বাণকে ছেদন করিলেন এবং ছেদন করিয়া সিংহের ন্যায় গর্জ্জন করিলেন ॥২৭॥

পরে ঋতুমতী গাভীর জন্য দুইটা বৃষের ন্যায় এবং মাংসের জন্য দুইটা ব্যাঘ্রের তুল্য কর্ণ ও ভীমসেন পরস্পর গর্জ্জন করিতে লাগিলেন ॥২৮॥

গোষ্ঠে দুইটা মহাবৃষের ন্যায় কর্ণ ও ভীমসেন পরস্পর প্রহার করিবার ইচ্ছা করিয়া পরস্পর ছিদ্রান্বেষী হইয়া পরস্পর দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥২৯॥

(২৯)...অন্যোন্যস্য চ বৈরিণৌ—পি।

মহাগজাবিবাসাদ্য বিষাণাগ্রৈঃ পরস্পরম্ ।
শরৈঃ পূর্ণায়তোৎসৃষ্টৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥৩০॥
নির্দ্দহন্তৌ মহারাজ ! শরবৃষ্ট্যা পরস্পরম্ ।
অন্যোন্যস্যান্তরপ্রেপ্সূ কোপাদ্‌বিবৃতলোচনৌ ॥৩১॥
প্রহসন্তৌ তদান্যোন্যং ভর্ৎসয়ন্তৌ মুহুর্মুহুঃ ।
শঙ্খশব্দঞ্চ কুর্ব্বাণৌ যুযুধাতে পরস্পরম্ ॥৩২॥ (যুগ্মকম্)
তস্য ভীমঃ পুনশ্চাপং মুষ্টৌ চিচ্ছেদ মারিষ ! ।
শঙ্খবর্ণাংশ্চ তানশ্বান্ বাণৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥৩৩॥
তথা কৃচ্ছ্রগতং দৃষ্ট্বা কর্ণং দুর্য্যোধনো নৃপ ! ।
বেপমান ইব ক্রোধাদ্‌ব্যাদিদেশাথ দুর্জ্জয়ম্ ॥৩৪॥
গচ্ছ দুর্জ্জয় ! রাধেয়ং পুরা গ্রসতি পাণ্ডবঃ ।
জহি তূবরকং ক্ষিপ্রং কর্ণস্য বলমাদধৎ ॥৩৫॥

ভারতকৌমুদী

মহেতি। বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ। পূর্ণমায়তেনাকৃষ্টেন ধনুষা উৎসৃষ্টৈঃ ক্ষিপ্তৈঃ ॥৩০॥

নিরিতি। নির্দ্দহন্তৌ সন্তাপয়ন্তৌ। অন্তরপ্রেপ্সূ ছিদ্রলিপ্সূ বিবৃতলোচনৌ বিস্ফারিতনয়নৌ। হাসো বীরব্যভিচারী ॥৩১—৩২॥

তস্যেতি। তস্য কর্ণস্য। যমক্ষয়ং যমালয়ম্ ॥৩৩॥

তথেতি। কৃচ্ছ্রগতং কষ্টপ্রাপ্তম্। বেপমানঃ কম্পমানঃ। দুর্জ্জয়ং তদাখ্যং ভ্রাতরম্ ॥৩৪॥

দন্তাগ্রদ্বারা নিকটবর্ত্তী দুইটা বিশাল হস্তীর ন্যায় তাঁহারা পূর্ণাকৃষ্ট-কার্ম্মুক-নিক্ষিপ্ত বাণদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥৩০॥

মহারাজ! বাণবর্ষণদ্বারা পরস্পর সন্তপ্ত করিতে থাকিয়া, পরস্পর ছিদ্রান্বেষী ও ক্রোধে প্রসারিতনয়ন হইয়া এবং মুহুর্মুহু হাস, ভর্ৎসনা ও শঙ্খধ্বনি করতঃ তাঁহারা তখন পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন ॥৩১—৩২॥

মাননীয় রাজা! ক্রমে ভীমসেন, পুনরায় কর্ণের ধনুর মুষ্টিদেশ ছেদন করিলেন এবং বাণদ্বারা কর্ণের শঙ্খবর্ণ সেই অশ্বগুলিকে যমালয়ে পাঠাইলেন ॥৩৩॥

রাজা! তখন দুর্য্যোধন কর্ণকে সেইরূপ বিপদাপন্ন দেখিয়া ক্রোধে যেন কাঁপিতে থাকিয়া দুর্জ্জয়কে আদেশ করিলেন—॥৩৪॥

---

(৩১)…অন্তরপ্রেক্ষৌ—পি,…অন্যোন্যমভিবীক্ষন্তৌ—বা নি। (৩৪)…দুর্য্যোধনো নৃপঃ—পি বা নি।

এবমুক্তস্তথেত্যুক্ত্বা তব পুত্রস্তবাত্মজম্।
অভ্যদ্রবদ্ভীমসেনং ব্যাসক্তং বিকিরন্ শরৈঃ ॥৩৬॥
স ভীমং দশভির্ব্বাণৈরশ্বানষ্টভিরার্পয়ৎ।
ষড়্ভিঃ সূতং ত্রিভিঃ কেতুং পুনস্তঞ্চাপি সপ্তভিঃ ॥৩৭॥
ভীমসেনোঽপি সংক্রুদ্ধঃ সাশ্বযন্তারমাশুগৈঃ।
দুর্জ্জয়ং ভিন্নমর্ম্মাণমনয়দ্‌যমসাদনম্ ॥৩৮॥
স্বলঙ্কৃতং ক্ষিতৌ ক্ষুণ্ণং চেষ্টমানং যথোরগম্।
রুদন্নার্ত্তস্তব সুতং কর্ণশ্চক্রে প্রদক্ষিণম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

গচ্ছেতি। পুরা পরকালে, পাণ্ডবো ভীমঃ। তুবরকং কুৎসিতং শ্মশ্রুহীনং ভীমম্, "অজাতশৃঙ্গো গৌঃ কালেঽপ্যশ্মশ্রুর্না চ তুবরঃ" ইত্যমরঃ। কুৎসায়াং কপ্রত্যয়ঃ। আধ্বজনয়ন্ ॥৩৫॥

এবমিতি। পুত্রো দুর্জ্জয়ঃ, আত্মজং দুর্য্যোধনম্। ব্যাসক্তং যুদ্ধে ব্যাপৃতম্ ॥৩৬॥

স ইতি। অশ্বান্ ভীমস্যৈব, আর্পয়দপীড়য়ৎ। সূতং সারথিম্, তং ভীমম্ ॥৩৭॥

ভীমেতি। অশ্বৈর্যন্ত্রা সারথিনা চ সহেতি তম্। ভিন্নমর্ম্মাণং বিদীর্ণবক্ষসম্ ॥৩৮॥

স্বলঙ্কৃতমিতি। ক্ষুণ্ণং লুণ্ঠিতম্। চক্রে বাৎসল্যাৎ কারুণ্যাচ্চ ॥৩৯॥

'দুর্জ্জয়! হয় ত পাণ্ডবটা পরে কর্ণকে গ্রাস করিয়াই ফেলিবে। অতএব তুমি যাও, কর্ণের শক্তিবৃদ্ধি করতঃ সত্বর শ্মশ্রুহীনটাকে বধ কর' ॥৩৫॥

দুর্য্যোধন এইরূপ বলিলে, আপনার পুত্র দুর্জ্জয় আপনার পুত্র দুর্য্যোধনকে 'তাহাই হউক' এই কথা বলিয়া বাণক্ষেপ করিতে করিতে যুদ্ধব্যাপৃত ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

ক্রমে দুর্জ্জয় দশটা বাণদ্বারা ভীমকে, আটটাদ্বারা তাঁহার অশ্বগুলিকে, ছয়টাদ্বারা সারথিকে, তিনটাদ্বারা ধ্বজটাকে এবং আবার সাতটা বাণদ্বারা ভীমকে তাড়ন করিলেন ॥৩৭॥

তখন ভীমসেনও অত্যন্তক্রুদ্ধ হইয়া বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত দুর্জ্জয়ের বক্ষ বিদীর্ণ করিয়া তাঁহাকে যমভবনে প্রেরণ করিলেন ॥৩৮॥

এই সময়ে কর্ণ শোকে পীড়িত হইয়া রোদন করিতে থাকিয়া সুন্দর অলঙ্কৃত, ভূলুণ্ঠিত এবং সর্পের ন্যায় স্পন্দমান দুর্জ্জয়কে প্রদক্ষিণ করিলেন ॥৩৯॥

---

(৩৭)…নবভির্বাণৈরশ্বানষ্টভিরার্দ্দয়ৎ—নি। (৩৮) ভীমসেনোঽভিসংক্রুদ্ধঃ—পি। (৩৯) বাঢ়ং হতম্…বেষ্টমানম্—নি।

স তু তং বিরথং কৃত্বা স্মরন্নত্যন্তবৈরিণম্ ।
সমাচিনোদ্বাণগণৈঃ শতঘ্নীমিব শঙ্কুভিঃ ॥৪০॥
তথাপ্যতিরথঃ কর্ণো ভিদ্যমানস্তু সায়কৈঃ ।
ন জহৌ সমরে ভীমং ক্রুদ্ধরূপং পরন্তপঃ ॥৪১॥
স তথা বিরথঃ কর্ণঃ পুনর্ভীমেন নির্জ্জিতঃ ।
রথমন্যং সমাস্থায় সদ্যো বিব্যাধ পাণ্ডবম্ ॥৪২॥
অথ কর্ণঃ শরব্রাতৈর্ভীমসেনং সমার্পয়ৎ ।
ননাদ বলবন্নাদং পুনর্বিব্যাধ চোরসি ॥৪৩॥
তং ভীমো দশভির্ব্বাণৈঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ।
পুনর্বিব্যাধ বিংশত্যা শরাণাং নতপর্ব্বণাম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

স ইতি। স ভীমঃ। অত্যন্তবৈরিণমত্যন্তবৈরিতয়া। সমাচিনোৎ ব্যাপ্নোৎ ॥৪০॥
অথেতি। ভিদ্যমানো বিদার্য্যমাণঃ। ন জহৌ ন তত্যাজ, যতঃ পরন্তপঃ ॥৪১॥
স ইতি। সমাস্থায় আরুহ্য, বিব্যাধ তাড়য়ামাস, পাণ্ডবং ভীমম্ ॥৪২॥
অথেতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, সমার্পয়দপীড়য়ৎ। ননাদ চকার, বলবৎ বিশালম্ ॥৪৩॥
তমিতি। স্তনান্তরে বক্ষসি। নতপর্ব্বণামীষদ্বক্রোপান্তানাম্ ॥৪৪॥

কিন্তু ভীমসেন কর্ণকে রথবিহীন করিয়া তাঁহার মহাশত্রুতা স্মরণ করতঃ শঙ্কু-(পেরেক) দ্বারা শতঘ্নীর ন্যায় বাণসমূহদ্বারা তাঁহাকে ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥৪০॥

অতিরথ ও শত্রুসন্তাপী কর্ণ ভীমের বাণে বিদীর্ণ হইতে থাকিয়াও যুদ্ধে ক্রুদ্ধ ভীমসেনকে ত্যাগ করিলেন না ॥৪১॥

ভীমকর্ত্তৃক সেইভাবে পুনরায় পরাজিত ও রথবিহীন কর্ণ অন্য রথে আরোহণ করিয়া তৎক্ষণাৎ ভীমকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৪২॥

তাহার পর কর্ণ বাণসমূহদ্বারা ভীমসেনকে পীড়ন করিলেন, পরে বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন, আবার তাঁহার বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৪৩॥

---

(৪১)…শতঘ্নীভিশ্চ শঙ্কুভিঃ—পি বা নি,…পরন্তপ!—বঙ্গ বর্দ্ধ। ইতঃ পরম্, '…একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ॥ সঞ্জয় উবাচ'—বঙ্গ বর্দ্ধ, '…ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ॥ সঞ্জয় উবাচ'—বা ম্ব নি। (৪২) শ্লোকাৎ পরম্ 'মহাগজাবিবাসাদ্য বিষাণাগ্রৈঃ পরস্পরম্ শরৈঃ পূর্ণায়তোৎসৃষ্টৈরন্যোন্যমভিজঘ্নতুঃ॥' শ্লোকোঽয়মধিকঃ প্রাগবিকলমেবোক্তত্বাৎ—বঙ্গ বর্দ্ধ বা। (৪৩)…ননাদ চ মহানাদম্—পি। (৪৪)…প্রত্যবিধ্যদজিহ্মগৈঃ—পি বা নি।

কর্ণস্তু নবভির্ভীমং বিদ্ধা রাজন্! স্তনান্তরে।
ধ্বজমেকেন বিব্যাধ সায়কেন শিতেন হ ॥৪৫॥
সায়কানাং ততঃ পার্থস্ত্রিষষ্ট্যা প্রত্যবিধ্যত।
তোত্ত্রৈরিব মহানাগং কশাভিরিব বাজিনম্ ॥৪৬॥
সোঽতিবিদ্ধো মহারাজ! পাণ্ডবেন যশস্বিনা।
সৃক্কিণী লেলিহন্ বীরঃ কোপসংরক্তলোচনঃ ॥৪৭॥
ততঃ শরং মহারাজ! সর্ব্বকায়াবদারণম্।
প্রাহিণোদ্ভীমসেনায় বলায়েন্দ্র ইবাশনিম্ ॥৪৮॥
স নির্ভিদ্য রণে পার্থং সূতপুত্রধনুশ্চ্যুতঃ।
অগচ্ছদ্দারয়ন্ ভূমিং চিত্রপুঙ্খঃ শিলীমুখঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। নবভিঃ সায়কৈঃ। শিতেন শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতেন ॥৪৫॥
সায়কানামিতি। পার্থঃ পৃথায়াঃ কুন্ত্যাঃ পুত্রো ভীমঃ। তোত্ত্রৈরঙ্কুশৈঃ ॥৪৬॥
স ইতি। লেলিহন্ রসনয়া পুনঃ পুনঃ স্পৃশন্, কোপসংরক্তলোচনোঽভবৎ ॥৪৭॥
তত ইতি। প্রাহিণোৎ কর্ণ ইতি শেষঃ, বলায় তন্নাম্নাখ্যায়াসুরায় ॥৪৮॥
স ইতি। চিত্রপুঙ্খঃ স্বর্ণাদিখচিতত্বান্নানাবর্ণমূলদেশঃ, শিলীমুখো বাণঃ ॥৪৯॥

তখন ভীমসেন দশটা বাণদ্বারা কর্ণের বক্ষস্থল প্রতিবিদ্ধ করিলেন, পরে আবার কুড়িটা নতপর্ব্ব বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৪৪॥

রাজা! তৎপরে কর্ণ নয়টা বাণদ্বারা ভীমের বক্ষ বিদ্ধ করিয়া একটা সুধার বাণদ্বারা তাঁহার ধ্বজ বিদ্ধ করিলেন ॥৪৫॥

তদনন্তর অঙ্কুশদ্বারা মহাহস্তীর ন্যায় এবং কশাদ্বারা ঘোটকের তুল্য ভীমসেন তেষট্টিটা বাণদ্বারা কর্ণকে প্রতিবিদ্ধ করিলেন ॥৪৬॥

মহারাজ! যশস্বী ভীমসেন অত্যন্তবিদ্ধ করিলে, মহাবীর কর্ণ ক্রোধে আরক্তনয়ন হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে লাগিলেন ॥৪৭॥

মহারাজ! তৎপরে ইন্দ্র যেমন বলাসুরের উপরে বজ্র নিক্ষেপ করিয়াছিলেন, সেইরূপ কর্ণ ভীমের উপরে একটা সর্ব্বদেহবিদারক বাণ নিক্ষেপ করিলেন ॥৪৮॥

কর্ণের কার্ম্মুকনির্গত বিচিত্রপুঙ্খ সেই বাণটা যাইয়া ভীমসেনকে বিদীর্ণ করিয়া ভূমিও বিদারণপূর্ব্বক তাহাতে প্রবেশ করিল ॥৪৯॥

ততো ভীমো মহাবাহুঃ ক্রোধসংরক্তলোচনঃ।
বজ্রকল্পাং চতুষ্কিষ্কুং গুর্ব্বীং রুক্মাঙ্গদাং গদাম্।
প্রাহিণোৎ সূতপুত্রায় ষড়স্রামবিচারয়ন্ ॥৫০॥
তয়া জঘানাধিরথেঃ সদশ্বান্ সাধুবাহিনঃ।
গদয়া ভারত! ক্রুদ্ধো বজ্রেণেন্দ্র ইবাসুরান্ ॥৫১॥
ততো ভীমো মহাবাহুঃ ক্ষুরাভ্যাং ভরতর্ষভ!।
ধ্বজমাধিরথেশ্ছিত্ত্বা সূতমভ্যহনচ্ছরৈঃ ॥৫২॥
হতাশ্বসূতমুৎসৃজ্য স রথং পতিতধ্বজম্।
বিস্ফারয়ন্ ধনুঃ কর্ণস্তস্থৌ ভারত! দুর্ম্মনাঃ ॥৫৩॥
তত্রাদ্ভুতমপশ্যাম রাধেয়স্য পরাক্রমম্।
বিরথো রথিনাং শ্রেষ্ঠো বারয়ামাস যদ্রিপুম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

তত ইতি। চতুষ্কিষ্কুং চতুর্হস্তাম্, "কিষ্কুর্হস্তে বিতস্তৌ চ" ইত্যমরঃ। গুর্ব্বীং ভারবতীম্, রুক্মাঙ্গদাং মধ্যে স্বর্ণপট্টবেষ্টিতাম্। ষড়স্রাং ষট্‌কোণাম্, অবিচারয়ন্ অসন্দধৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥

তয়েতি। আধিরথেঃ কর্ণস্য, সাধুবাহিনঃ সুষ্ঠুরথচালকান্ ॥৫১॥

তত ইতি। ক্ষুরাভ্যাং ক্ষুরপ্রাখ্যবাণাভ্যাম্। সূতং সারথিম্ ॥৫২॥

হতেতি। দুর্ম্মনা অশ্বসারথিধ্বজবিনাশাদ্দুঃখিতচিত্তঃ ॥৫৩॥

তত্রেতি। রাধেয়স্য অধিরথপত্ন্যা রাধাখ্যায়াঃ পুত্রস্য কর্ণস্য। রিপুং ভীমম্ ॥৫৪॥

তাহার পর মহাবাহু ভীমসেন ক্রোধে আরক্তনয়ন হইয়া, কোথায় আঘাত করিবেন তাহার বিচার না করিয়া বজ্রতুল্যা, চতুর্হস্তপরিমিতা, ভারবতী, স্বর্ণপট্টবেষ্টিতা ও ষট্‌কোণা গদাটাকে কর্ণের দিকে নিক্ষেপ করিলেন ॥৫০॥

ভরতনন্দন! তখন ইন্দ্র যেমন বজ্রদ্বারা অসুর বধ করিতেন, সেইরূপ ভীমসেন সেই গদাদ্বারা সুষ্ঠুরথবাহক কর্ণের উত্তম অশ্বগুলিকে বধ করিলেন ॥৫১॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর আবার মহাবাহু ভীমসেন দুইটা ক্ষুরপ্রদ্বারা কর্ণের ধ্বজ ছেদন করিয়া বাণদ্বারা তাঁহার সারথিকে বধ করিলেন ॥৫২॥

ভরতনন্দন! অশ্ব ও সারথি নিহত এবং ধ্বজ পতিত হইলে, কর্ণ রথ পরিত্যাগ করিয়া ধনু বিস্ফারণ করতঃ অবস্থান করিতে লাগিলেন ॥৫৩॥

---

(৫০)...সর্ব্বশৈক্যাং চতুষ্কিষ্কুম্—পি বঙ্গ বর্দ্ধ,...ষড়শ্রীম্—পি,...ষড়শ্রিম্—বর্দ্ধ। (৫৩)... রথং স পতিতধ্বজম্—বর্দ্ধ।

বিরথং রথিনাং শ্রেষ্ঠং দৃষ্ট্বাধিরথিমাহবে ।
দুর্য্যোধনস্ততো রাজন্নভ্যভাষত দুর্ম্মুখম্ ॥৫৫॥
এষ দুর্ম্মুখ ! রাধেয়ো ভীমেন বিরথীকৃতঃ ।
তং রথেন নরশ্রেষ্ঠং সম্পাদয় মহারথম্ ॥৫৬॥
দুর্য্যোধনবচঃ শ্রুত্বা ততো ভারত ! দুর্ম্মুখঃ ।
ত্বরমাণোঽভ্যয়াৎ কর্ণং ভীমঞ্চাবারয়চ্ছরৈঃ ॥৫৭॥
দুর্ম্মুখং প্রেক্ষ্য সংগ্রামে সূতপুত্রপদানুগম্ ।
বায়ুপুত্র প্রহৃষ্টোঽভূৎ সৃক্কণী পরিসংলিহন্ ॥৫৮॥
ততঃ কর্ণং মহারাজ ! বারয়িত্বা শিলীমুখৈঃ ।
দুর্ম্মুখায় রথং তূর্ণং প্রেষয়ামাস পাণ্ডবঃ ॥৫৯॥
তস্মিন্ ক্ষণে মহারাজ ! নবভির্নতপর্ব্বভিঃ ।
সুমুখৈর্দুর্ম্মুখং ভীমঃ প্রেষয়ামাস মৃত্যবে ॥৬০॥

ভারতকৌমুদী

বিরথমিতি । আধিরথিং কর্ণম্ । দুর্ম্মুখং তন্নামানং ভ্রাতরম্ ॥৫৫॥
এষ ইতি । সম্পাদয় সম্পন্নং কুরু ॥৫৬॥
দুর্য্যোধনেতি । অভ্যয়াদভ্যাগচ্ছৎ ॥৫৭॥
দুর্ম্মুখমিতি । সূতপুত্রপদানুগং কর্ণপৃষ্ঠচরম্ । বায়ুপুত্রো ভীমঃ ॥৫৮॥
তত ইতি । শিলীমুখৈর্বাণৈঃ । পাণ্ডবো ভীমসেনঃ ॥৫৯॥

তখন আমরা কর্ণের অদ্ভুত পরাক্রম দেখিতে লাগিলাম ; যে হেতু রথিশ্রেষ্ঠ কর্ণ রথবিহীন হইয়াও শত্রুকে বারণ করিতে থাকিলেন ॥৫৪॥

রাজা ! ওদিকে দুর্য্যোধন রথিশ্রেষ্ঠ কর্ণকে যুদ্ধে রথবিহীন দেখিয়া দুর্ম্মুখকে বলিলেন—॥৫৫॥

'দুর্ম্মুখ ! ভীম এই কর্ণকে রথবিহীন করিয়াছে ; অতএব তুমি যাইয়া নরশ্রেষ্ঠ ও মহারথ কর্ণকে রথসম্পন্ন কর (রথে আরোহণ করাও)' ॥৫৬॥

ভরতনন্দন ! তাহার পর দুর্ম্মুখ দুর্য্যোধনের বাক্য শুনিয়া সত্বর কর্ণের দিকে গমন করিলেন এবং বাণসমূহদ্বারা ভীমকে বারণ করিতে লাগিলেন ॥৫৭॥

দুর্ম্মুখকে যুদ্ধে কর্ণের পৃষ্ঠবর্ত্তী হইতে দেখিয়া ভীমসেন ওষ্ঠপ্রান্ত লেহন করতঃ আনন্দিত হইলেন ॥৫৮॥

মহারাজ ! তদনন্তর ভীমসেন বাণদ্বারা কর্ণকে বারণ করিয়া সত্বর দুর্ম্মুখের দিকে রথ চালাইয়া দিলেন ॥৫৯॥

---

(৫৮)…পরিলেলিহন্—বর্দ্ধ । (৬০)…সুপুঙ্খৈর্দুর্ম্মুখং ভীমঃ শরৈর্নিন্যে যমক্ষয়ম্—পি নি

ততস্তমেবাধিরথিঃ স্যন্দনং দুর্ম্মুখে হতে।
আস্থিতঃ প্রবভৌ রাজন্! দীপ্যমান ইবাংশুমান্ ॥৬১॥
শয়ানং ভিন্নমর্ম্মাণং দুর্ম্মুখং শোণিতোক্ষিতম্।
দৃষ্ট্বা কর্ণোঽশ্রুপূর্ণাক্ষো মুহূর্ত্তমভ্যবর্ত্তত ॥৬২॥
তং গতাসুমতিক্রম্য কৃত্বা কর্ণঃ প্রদক্ষিণম্।
দীর্ঘমুষ্ণং শ্বসন্ বীরো ন কিঞ্চিৎ প্রত্যপদ্যত ॥৬৩॥
তস্মিংস্তু বিবরে রাজন্! নারাচান্ গার্ধ্রবাসসঃ।
প্রাহিণোৎ সূতপুত্রায় ভীমসেনশ্চতুর্দ্দশ ॥৬৪॥
তে তস্য কবচং ভিত্ত্বা স্বর্ণপুঙ্খা মহৌজসঃ।
হেমচিত্রা মহারাজ! দ্যোতয়ন্তো দিশো দশ ॥৬৫॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। সুমুখৈঃ সুধারাগ্রৈর্বাণৈঃ ॥৬০॥
তত ইতি। আধিরথিঃ কর্ণঃ, স্যন্দনং রথম্। আস্থিত আরূঢ়ঃ। অংশুমান্ সূর্য্যঃ ॥৬১॥
শয়ানমিতি। ভিন্নমর্ম্মাণং বিদীর্ণবক্ষসম্। অভ্যবর্ত্তত শোকাদবাতিষ্ঠত ॥৬২॥
তমিতি। গতাসুং মৃতম্। প্রত্যপদ্যত কর্ত্তুমবাধারয়ৎ ॥৬৩॥
তস্মিন্নিতি। বিবরে অবসরে। গার্ধ্রবাসসো গৃধ্রপক্ষাবৃতান্ ॥৬৪॥
ত ইতি। দ্যোতয়ন্ত আসন্নিতি শেষঃ। যুগ্মকাঙ্গীকারে মহারাজপদদ্বিরুক্ত্যাপত্তিঃ ॥৬৫॥

মহারাজ! সেই সময়ে ভীম নয়টা নতপর্ব্ব ও সুধার বাণদ্বারা দুর্ম্মুখকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৬০॥

রাজা! দুর্ম্মুখ নিহত হইলে পর কর্ণ তাঁহার সেই রথেই আরোহণ করিয়া দীপ্তিশালী সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৬১॥

ক্রমে কর্ণ দুর্ম্মুখকে বিদীর্ণহৃদয়ে ও রক্তাক্তদেহে শয়িত দেখিয়া অশ্রুপূর্ণনয়ন হইয়া মুহূর্ত্তকাল তাঁহার দিকে চাহিয়া রহিলেন ॥৬২॥

মহাবীর কর্ণ তখন মৃত দুর্ম্মুখকে প্রদক্ষিণ করিয়া অতিক্রমপূর্ব্বক দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করতঃ কোন কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৬৩॥

রাজা! সেই অবসরে ভীমসেন কর্ণের উপরে গৃধ্রপক্ষযুক্ত চৌদ্দটা নারাচ নিক্ষেপ করিলেন ॥৬৪॥

মহারাজ! স্বর্ণপুঙ্খ, স্বর্ণবিচিত্র ও মহাতেজা সেই নারাচগুলি যাইয়া কর্ণের কবচ ভেদ করিয়া দশ দিক্ আলোকিত করিল ॥৬৫॥

(৬২)…মুহূর্ত্তং নাভ্যবর্ত্তত—পি নি। (৬৩) ন কিঞ্চিৎ প্রত্যভাষত—বঙ্গ বর্দ্ধ। (৬৫)… স্বর্ণচিত্রং মহৌজসঃ—পি বা নি, ব্যশোভন্ত দিশো দশ—বা নি।

অপিবন্ সূতপুত্রস্য শোণিতং রক্তভোজনাঃ।
ক্রুদ্ধা ইব মহারাজ! ভুজগাঃ কালচোদিতাঃ ॥৬৬॥
প্রসর্পমাণা মেদিন্যাং তে ব্যরোচন্ত মার্গণাঃ।
অর্দ্ধপ্রবিষ্টাঃ সংরব্ধা বিলানীব মহোরগাঃ ॥৬৭॥
তং প্রত্যবিধ্যদ্রাধেয়ো জাম্বূনদবিভূষিতৈঃ।
চতুর্দ্দশভিরত্যুগ্রৈর্নারাচৈরবিচারয়ন্ ॥৬৮॥
তে ভীমসেনস্য ভুজং সব্যং নির্ভিদ্য পত্রিণঃ।
প্রাবিশন্ মেদিনীং ভীমাঃ ক্রৌঞ্চং পত্ররথা ইব ॥৬৯॥
তে ব্যরোচন্ত নারাচাঃ প্রবিশন্তো বসুন্ধরাম্।
গচ্ছত্যস্তং দিনকরে দীপ্যমানা ইবাংশবঃ ॥৭০॥
স নির্ভিন্নো রণে ভীমো নারাচৈর্মর্ম্মভেদিভিঃ।
সুস্রাব রুধিরং ভূরি পর্ব্বতঃ সলিলং যথা ॥৭১॥

ভারতকৌমুদী

অপিবন্নিতি। রক্তভোজনা রুধিরপায়িনঃ। কালেন চোদিতাঃ প্রেরিতাঃ ॥৬৬॥
প্রেতি। প্রসর্পমাণাঃ প্রবিশন্তঃ। মার্গণা বাণাঃ। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥৬৭॥
তমিতি। জাম্বূনদেন স্বর্ণেন বিভূষিতৈঃ। অবিচারয়ন্ সন্ধানে ॥৬৮॥
ত ইতি। সব্যং বামম্, পত্রিণো বাণাঃ। ক্রৌঞ্চং গিরিম্, পত্ররথাঃ পক্ষিণঃ ॥৬৯॥
ত ইতি। নারাচানাং রক্তাক্তত্বাৎ সায়ং দিনকরাংশূনাঞ্চ রক্তত্বাৎ সাম্যম্ ॥৭০॥
স ইতি। সুস্রাব দেহান্নিঃসারয়া মাস। সলিলং বর্ষজলম্ ॥৭১॥

মহারাজ! কালপ্রেরিত ক্রুদ্ধ সর্পগণের ন্যায় রক্তপায়ী সেই নারাচগুলি কর্ণেরও রক্ত পান করিয়াছিল ॥৬৬॥

ক্রুদ্ধ মহাসর্পগণ যেমন গর্ত্তের ভিতরে অর্দ্ধপ্রবিষ্ট হইয়া প্রকাশ পায়, তেমন সেই বাণগুলিও ভূতলে অর্দ্ধ প্রবেশ করিয়া প্রকাশ পাইতে লাগিল ॥৬৭॥

পরে কর্ণও সন্ধানবিষয়ে কোন বিচার না করিয়া স্বর্ণভূষিত ভয়ঙ্কর চৌদ্দটা নারাচদ্বারা ভীমকে প্রতিবিদ্ধ করিলেন ॥৬৮॥

তখন সেই বাণগুলি যাইয়া ভীমসেনের বামবাহু ভেদ করিয়া—পক্ষিগণ যেমন ক্রৌঞ্চপর্ব্বতে প্রবেশ করে, সেইরূপ ভূতলে প্রবেশ করিল ॥৬৯॥

সূর্য্য অস্ত গমন করিতে লাগিলে, তাঁহার রক্তোজ্জ্বল কিরণের ন্যায় সেই রক্তাক্ত নারাচগুলি ভূতলে প্রবেশ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিল ॥৭০॥

স ভীমস্ত্রিভিরায়স্তঃ সূতপুত্রং পতত্রিভিঃ।
সুপর্ণবেগৈর্বিব্যাধ সারথিঞ্চাস্য সপ্তভিঃ ॥৭২॥
স বিহ্বলো মহারাজ! কর্ণো ভীমশরাহতঃ।
প্রাদ্রবজ্জবনৈরশ্বৈ রণং হিত্বা মহাভয়াৎ ॥৭৩॥
ভীমসেনস্তু বিস্ফার্য্য চাপং হেমপরিষ্কৃতম্।
আহবেঽতিরথোঽতিষ্ঠজ্জ্বলন্নিব হুতাশনঃ ॥৭৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে কর্ণপলায়নে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। আয়স্তো বেদনাখিন্নঃ পতত্রিভির্বাণৈঃ। সুপর্ণস্ত গরুড়স্তেব বেগো যেষাং তৈঃ ॥৭২॥

স ইতি। প্রাদ্রবৎ পলায়ত, জবনৈর্বেগবদ্ভিঃ। হিত্বা ত্যক্ত্বা ॥৭৩॥

ভীমেতি। হেমপরিষ্কৃতং স্বর্ণশোভিতম্। আহবে রণস্থলে ॥৭৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য বিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অত্যদ্ভুতমিতি ॥১—৩॥ প্রাণভৃদোদরে প্রাণদ্যূতে ॥৪—৭১॥ সুষ্ঠু পর্ণানাং পত্রাণাং বেগো যেষাম্ ॥৭২—৭৪॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৬॥

ভীমসেন যুদ্ধে মর্ম্মভেদী নারাচদ্বারা বিদীর্ণ হইয়া—পর্ব্বত যেমন গাত্র হইতে বৃষ্টির জল নিঃসারণ করে, তেমন গাত্র হইতে প্রচুর রক্ত নিঃসারণ করিতে থাকিলেন ॥৭১॥

পরে বেদনাক্রান্ত ভীমসেন গরুড়ের ন্যায় বেগবান্ তিনটা বাণদ্বারা কর্ণকে এবং সাতটা বাণদ্বারা উহার সারথিকে বিদ্ধ করিলেন ॥৭২॥

মহারাজ! তখন কর্ণ ভীমের বাণে আহত ও বিহ্বল হইয়া গুরুতর ভয়ে রণস্থল ত্যাগ করিয়া বেগবান্ অশ্বগণের গুণে দ্রুত পলায়ন করিলেন ॥৭৩॥

কিন্তু অতিরথ ভীমসেন স্বর্ণশোভিত ধনু বিস্ফারণ করিয়া প্রজ্বলিত অগ্নির ন্যায় রণস্থলে অবস্থান করিতে লাগিলেন” ॥৭৪॥

---

(৭২)...আয়স্তঃ...সমন্নবেগৈর্বিব্যাধ—পি। (৭৩)...রণং হিত্বা মহাযশাঃ—পি,...রণং ত্যক্ত্বা মহাযশাঃ—বঙ্গ বর্দ্ধ। * '...দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বা রা নি।

সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

দৈবমেব পরং মন্যে ধিক্ পৌরুষমনর্থকম্।
যত্রাধিরথিরায়ত্তো নাতরৎ পাণ্ডবং রণে ॥১॥
কর্ণঃ পার্থান্ সগোবিন্দান্ জেতুমুৎসহতে রণে।
ন চ কর্ণসমং যোধং লোকে পশ্যামি কঞ্চন।
ইতি দুর্য্যোধনস্যাহমশ্রৌষং জল্পতো মুহুঃ ॥২॥
কর্ণো হি বলবান্ শূরো দৃঢ়ধন্বা জিতক্লমঃ।
ইতি মামব্রবীৎ সূত! মন্দো দুর্য্যোধনঃ পুরা ॥৩॥
বসুষেণসহায়ং মাং নালং দেবাপি সংযুগে।
কিমু পাণ্ডুসুতা রাজন্! গতসত্ত্বা বিচেতসঃ ॥৪॥

ভারতকৌমুদী

দৈবমিতি। যত্র যেন হেতুনা, আধিরথিঃ কর্ণঃ, আয়ত্তো জয়ে যত্নবানপি ॥১॥

কর্ণ ইতি। উৎসহতে শক্নোতি। জল্পতঃ প্রলপতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥

কর্ণ ইতি। শূরো যুদ্ধে শিক্ষিতঃ। মন্দো মূঢ়ঃ, প্রকৃতানবগমাৎ ॥৩॥

বস্বিতি। বসুষেণঃ কর্ণঃ সহায়ো যস্য তম্, নালং জেতুং শক্তা ন ভবন্তি। দেবাপীতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। গতসত্ত্বা দুর্ব্বলাঃ, বিচেতসো দুরবস্থাবিষয়চিন্তাঃ ॥৪॥

বলিলেন—"আমি দৈবকেই প্রধান বলিয়া মনে করি, আর অনর্থক পুরুষকারকে ধিক্কার দিই। যে হেতু কর্ণ জয়ে যত্নবান্ হইয়াও যুদ্ধে ভীমকে জয় করিতে পারিলেন না ॥১॥

'কর্ণ যুদ্ধে কৃষ্ণের সহিত পাণ্ডবগণকে জয় করিতে পারেন। আমি জগতে কর্ণের সমান কোন যোদ্ধা দেখিতে পাই না' দুর্য্যোধনকে এইরূপ মুহুর্মুহু বলিতে আমি শুনিয়াছি ॥২॥

'কর্ণ বলবান্, বীর, দৃঢ়কার্ম্মুক ও ক্লান্তিশূন্য'। সঞ্জয়! মূঢ় দুর্য্যোধন পূর্ব্বে আমাকে এইরূপও বলিত ॥৩॥

(আরও বলিত যে,) রাজা! কর্ণ আমার সহায় থাকিলে, দেবতারাও

(১) যত্রাধিরথিরায়ত্তঃ—বর্দ্ধ।

তত্র তং নির্জিতং দৃষ্ট্বা ভুজঙ্গমিব নির্বিষম্ ।
যুদ্ধাৎ কর্ণমপক্রান্তং কিং স্বিদ্দুর্য্যোধনোঽব্রবীৎ ॥৫॥
অহো ! দুর্ম্মুখমেবৈকং যুদ্ধানামবিশারদম্ ।
প্রাবেশয়দ্ধুতবহং পতঙ্গমিব মোহিতঃ ॥৬॥
অশ্বত্থামা মদ্ররাজঃ কৃপঃ কর্ণশ্চ সঙ্গতাঃ ।
ন শক্তাঃ প্রমুখে স্থাতুং নূনং ভীমস্য সঞ্জয় ! ॥৭॥
তেঽপি চাস্য মহাঘোরং বলং নাগাযুতোপমম্ ।
জানন্তো ব্যবসায়ঞ্চ ক্রূরং মারুততেজসঃ ॥৮॥
কিমর্থং ক্রূরকর্ম্মাণং যমকালান্তকোপমম্ ।
বলসংরম্ভবীর্য্যজ্ঞাঃ কোপয়িষ্যন্তি সংযুগে ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত্রেতি। অপক্রান্তং পলায়িতম্ ॥৫॥

অহো ইতি। দুর্ম্মুখমিত্যুপলক্ষণং দুর্জ্জয়মপি। মোহিতো দুর্য্যোধনঃ ॥৬॥

অশ্বেতি। মদ্ররাজঃ শল্যঃ। সঙ্গতাঃ সম্মিলিতা অপি। প্রমুখে সম্মুখে ॥৭॥

ত ইতি। নাগাযুতোপমম্ অযুতহস্তিবলতুল্যম্। ব্যবসায়মধ্যবসায়ম্, মারুতস্য বায়োরিব তেজো যস্য তস্য। কালে আয়ুঃশেষসময়ে অন্তকো বন্ধনকারী চাসৌ যমশ্চেতি স যমকালান্তক উপমা যস্য তম্। অগ্নিষ্টোকাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ। বলং মানসিকীং শক্তিং সংরম্ভং ক্রোধং বীর্য্যং সাহসঞ্চ জানন্তীতি তে, কিমর্থং কোপয়িষ্যন্তি ॥৮—৯॥

আমাকে যুদ্ধে জয় করিতে পারেন না ; তাহাতে দুর্ব্বল ও বিষণ্ণচিত্ত পাণ্ডবদের কথা আর কি বলিব' ॥৪॥

তাহাতে সেই কর্ণকে বিষবিহীন সর্পের ন্যায় পরাজিত এবং যুদ্ধ হইতে পলায়িত দেখিয়া দুর্য্যোধন কি বলিলেন ? ॥৫॥

হায় ! মোহিত দুর্য্যোধন অগ্নির ভিতরে পতঙ্গের ন্যায় যুদ্ধে অপটু একমাত্র দুর্ম্মুখকে ও দুর্জ্জয়কে যুদ্ধে প্রবেশ করাইয়াছিল ॥৬॥

সঞ্জয় ! অশ্বত্থামা, শল্য, কৃপ ও কর্ণ ইঁহারা মিলিত হইয়াও নিশ্চয়ই ভীমের সম্মুখে থাকিতে সমর্থ হন না ॥৭॥

তাঁহারাও বায়ুর তুল্য তেজস্বী ভীমসেনের দশসহস্র হস্তীর তুল্য মহাভয়ঙ্কর দৈহিক বল, কঠিন অধ্যবসায়, মানসিক বল, ক্রোধ ও সাহসের বিষয় জানেন বলিয়া কালান্তক যমের তুল্য ক্রূরকর্ম্মা ভীমসেনকে কি জন্য যুদ্ধে ক্রুদ্ধ করিবেন ? ॥৮—৯॥

কর্ণস্ত্বেকো মহাবাহুঃ স্ববাহুবলমাশ্রিতঃ।
ভীমসেনমনাদৃত্য রণেঽযুধ্যত সূতজঃ ॥১০॥
যোঽজয়ৎ সমরে কর্ণং পুরন্দর ইবাসুরম্।
ন স পাণ্ডুসুতো জেতুং শক্যঃ কেনচিদাহবে ॥১১॥
দ্রোণং যঃ সংপ্রমথ্যৈকঃ প্রবিষ্টো মম বাহিনীম্।
ভীমো ধনঞ্জয়ান্বেষী কস্তমর্চ্ছেজ্জিজীবিষুঃ ॥১২॥
কো হি সঞ্জয়! ভীমস্য স্থাতুমুৎসহতেঽগ্রতঃ।
উদ্যতাশনিহস্তস্য মহেন্দ্রস্যেব দানবঃ ॥১৩॥
প্রেতরাজপুরং প্রাপ্য নিবর্ত্তেতাপি মানবঃ।
ন ভীমসেনং সংপ্রাপ্য নিবর্ত্তেত কদাচন ॥১৪॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। অনাদৃত্য অবজ্ঞায়। অতএব তৎপরাজয়ো নাসম্ভব ইতি ভাবঃ ॥১০॥
য ইতি। পুরন্দর ইন্দ্রঃ। পাণ্ডুসুতো ভীমসেনঃ। আহবে যুদ্ধে ॥১১॥
দ্রোণমিতি। অর্চ্ছেৎ পীড়য়েৎ। অর্চ্ছ পীড়ায়ামিত্যার্ষোধাতুরন্যত্রাপি দৃষ্টঃ ॥১২॥
ক ইতি। উৎসহতে শক্নোতি। উদ্যতা অশনির্বজ্রং যত্র স তাদৃশো হস্তো যস্য তস্য ॥১৩॥
প্রেতেতি। প্রেতরাজপুরং যমভবনম্। অপিশব্দঃ সম্ভাবনায়াম্ ॥১৪॥

কিন্তু তাঁহাদের মধ্যে একমাত্র মহাবাহু সূতনন্দন কর্ণই আপন বাহুবল অবলম্বন করিয়া অনাদরপূর্ব্বক রণস্থলে ভীমের সহিত যুদ্ধ করিয়াছিলেন ॥১০॥

ইন্দ্র যেমন অসুর জয় করেন, তেমন যিনি যুদ্ধে কর্ণকে জয় করিয়াছেন, সেই ভীমসেনকে যুদ্ধে কেহই জয় করিতে সমর্থ হয় না ॥১১॥

ধনঞ্জয়ান্বেষী যে ভীমসেন একাকী দ্রোণকে পরাভূত করিয়া আমার সৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন, সেই ভীমসেনকে জীবনার্থী কোন্ ব্যক্তি পীড়ন করিতে যায়? ॥১২॥

সঞ্জয়! উদ্যতবজ্রহস্ত ইন্দ্রের সম্মুখে দানবের ন্যায় ভীমের সম্মুখে কোন্ ব্যক্তি অবস্থান করিতে সমর্থ হয়? ॥১৩॥

মানুষ যমের বাড়ী যাইয়াও ফিরিতে পারে; কিন্তু ভীমের নিকটে উপস্থিত হইয়া কখনও ফিরিতে পারে না ॥১৪॥

---

(১০)...স্ববাহুবলদর্পিতঃ...বা, ...স্ববাহুবলদর্পিতম্ নি। (১২)...কস্তমার্চ্ছে জ্জিজীবেষুঃ —বা নি।

পতঙ্গা ইব বহ্নিং তে প্রাবিশন্নল্পচেতসঃ।
যে ভীমসেনং সংক্রুদ্ধমন্বধাবন্ বিমোহিতাঃ ॥১৫॥
যত্তৎ সভায়াং ভীমেন মম পুত্রবধাশ্রয়ম্।
শপ্তং সংরম্ভিণোগ্রেণ কুরূণাং শৃণ্বতাং তদা ॥১৬॥
তন্নূনমভিসঞ্চিন্ত্য দৃষ্ট্বা কর্ণঞ্চ নির্জ্জিতম্।
দুঃশাসনঃ সহ ভ্রাত্রা ভয়াদ্ভীমাদুপারমৎ ॥১৭॥ (যুগ্মকম্)
যশ্চ সঞ্জয়! দুর্বুদ্ধিরব্রবীৎ সমিতৌ মুহুঃ।
কর্ণো দুঃশাসনোঽহঞ্চ জেষ্যামো যুধি পাণ্ডবান্ ॥১৮॥
স নূনং বিরথং দৃষ্ট্বা কর্ণং ভীমেন নির্জ্জিতম্।
প্রত্যাখ্যানাচ্চ কৃষ্ণস্য ভৃশং তপ্যতি সঞ্জয়! ॥১৯॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বা ভ্রাতৄন্ হতান্ যুদ্ধে ভীমসেনেন দংশিতান্।
আত্মাপরাধে সুমহন্নূনং তপ্যতি পুত্রকঃ ॥২০॥

ভারতকৌমুদী

পতঙ্গা ইতি। অল্পচেতসঃ প্রাঙ্ মৃত্যোরজ্ঞানাদল্পবুদ্ধয়ঃ ॥১৫॥

যদিতি। শপ্তং শপথঃ কৃতঃ, সংরম্ভিণা ক্রুদ্ধেন। তদা বনগমনকালে। তথা চ সভাপর্ব্বণি চতুঃসপ্ততিতমাধ্যায়ে—"ধার্ত্তরাষ্ট্রান্ রণে হত্বা মিষতাং সর্ব্বধন্বিনাম্। শমং গন্তাস্মি ন চিরাৎ সত্যমেতদ্ব্রবীমি বঃ ॥" ভ্রাত্রা দুর্য্যোধনেন। উপারমৎ ন্যবর্ত্তত ॥১৬—১৭॥

য ইতি। যো দুর্য্যোধনঃ। সমিতৌ সভায়াম্। প্রত্যাখ্যানাৎ সন্ধৌ ॥১৮—১৯॥

দৃষ্ট্বেতি। দংশিতান্ সন্নদ্ধান্। আত্মাপরাধে বিষয়ে। পুত্রকো দুর্য্যোধনঃ ॥২০॥

যে মূঢ়েরা ক্রুদ্ধ ভীমের দিকে ধাবিত হইয়াছিল সেই অল্পবুদ্ধিরা পতঙ্গের ন্যায় (ফড়িংএর মত) অগ্নিতে প্রবেশ করিয়াছিল ॥১৫॥

ক্রুদ্ধ ও উগ্রমূর্ত্তি ভীম সেই সময়ে সভামধ্যে কৌরবগণের সমক্ষে আমার পুত্রগণের বধবিষয়ে সেই যে প্রতিজ্ঞা করিয়াছিল, নিশ্চয়ই তাহা স্মরণ করিয়া এবং কর্ণকে পরাজিত দেখিয়া দুঃশাসন, ভ্রাতা দুর্য্যোধনের সহিত ভয়ে ভীমের নিকট হইতে ফিরিয়াছিল ॥১৬—১৭॥

সঞ্জয়! যে দুর্বুদ্ধি দুর্য্যোধন সভামধ্যে বার বার বলিয়াছিল যে, 'আমি, কর্ণ ও দুঃশাসন আমরাই যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিব' সে দুর্য্যোধন নিশ্চয়ই কর্ণকে ভীমকর্ত্তৃক নির্জ্জিত ও বিরথীকৃত দেখিয়া এবং সন্ধিবিষয়ে কৃষ্ণকে প্রত্যাখ্যান করায় গুরুতর সন্তপ্ত হইতেছে ॥১৮—১৯॥

---

(১৮)…অব্রবীৎ সময়ে মুহুঃ…বঙ্গ বর্দ্ধ।

কো হি জীবিতমন্বিচ্ছন্ প্রতীপং পাণ্ডবং ব্রজেৎ।
ভীমং ভীমায়ুধং ক্রুদ্ধং সাক্ষাৎ কালমিব স্থিতম্ ॥২১॥
বড়বামুখমধ্যস্থো মুচ্যেতাপি হি মানবঃ।
ন ভীমমুখসংপ্রাপ্তো মুচ্যেতেতি মতির্মম ॥২২॥
ন পার্থা ন চ পাঞ্চালা ন চ কেশবসাত্যকী।
জানতে যুধি সংরব্ধা জীবিতং পরিরক্ষিতুম্।
অহো মম সুতানাং হি বিপন্নং সূত! জীবিতম্ ॥২৩॥

সঞ্জয় উবাচ।

যঃ সংশোচসি কৌরব্য! বর্ত্তমানে মহাভয়ে।
ত্বমস্য জগতো মূলং বিনাশস্য ন সংশয়ঃ ॥২৪॥
স্বয়ং বৈরং মহৎ কৃত্বা পুত্রাণাং বচনে স্থিতঃ।
উচ্যমানো ন গৃহ্লীষে মর্ত্ত্যঃ পথ্যমিবৌষধম্ ॥২৫॥

ভারতকৌমুদী

ক ইতি। প্রতীপং প্রতিকূলং যথা স্যাত্তথা। কালং যমম্ ॥২১॥
বড়বেতি। বড়বামুখমধ্যস্থো বাড়বাগ্নিমধ্যগতঃ। অপিঃ সম্ভাবনায়াম্ ॥২২॥
নেতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। পরিরক্ষিতুং পরিরক্ষ্য জেতুম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥
য ইতি। জগতঃ সর্ব্বস্য, মূলং কারণম্ ॥২৪॥

আমার মূর্খ পুত্রটা যুদ্ধসজ্জায় সজ্জিত ভ্রাতৃগণকে ভীমকর্ত্তৃক যুদ্ধে নিহত দেখিয়া নিশ্চয়ই নিজের অপরাধের বিষয়ে গুরুতর অনুতাপ করিতেছে ॥২০॥

জীবনার্থী কোন্ ব্যক্তি সাক্ষাৎ যমের ন্যায় অবস্থিত ভীষণাস্ত্রধারী ক্রুদ্ধ ভীমের প্রতিকূলে গমন করিতে পারে? ॥২১॥

মানুষ বাড়বানলের মধ্যে পড়িয়াও মুক্ত হইতে পারে; কিন্তু ভীমের সম্মুখে যাইয়া মুক্ত হইতে পারে না, ইহাই আমরা ধারণা ॥২২॥

পাণ্ডবগণ, পাঞ্চালগণ, কৃষ্ণ ও সাত্যকি ইহারা ক্রুদ্ধ হইয়া যুদ্ধে বিপক্ষের জীবন রক্ষা করিতেই জানেন না। হায় সঞ্জয়! আমার পুত্রগণের জীবন বিপন্নই হইয়াছে' ॥২৩॥

সঞ্জয় বলিলেন—'কৌরবনন্দন! বর্ত্তমান মহাভয়বিষয়ে যে আপনি শোক করিতেছেন, সেই আপনিই এই সর্ব্বনাশের মূল; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৪॥

(২১)...সাক্ষাৎ কালমবস্থিতম্—বর্দ্ধ। (২২)...মুচ্যেতাপি চ মানবঃ ..বর্দ্ধ।

স্বয়ং পীত্বা মহারাজ ! কালকূটং সুদুর্জ্জরম্ ।
তস্যেদানীং ফলং কৃৎস্নমবাপ্নোহি নরোত্তম ! ॥২৬॥
যত্তু কুৎসয়সে যোধান্ যুধ্যমানান্ যথাবলম্ ।
তত্র তে বর্ণয়িষ্যামি যথা যুদ্ধমবর্ত্তত ॥২৭॥
দৃষ্ট্বা কর্ণস্তু পুত্রাস্তে ভীমসেনপরাজিতম্ ।
নামৃষ্যন্ত মহেষ্বাসাঃ সোদর্য্যাঃ পঞ্চ ভারত ! ॥২৮॥
দুর্ম্মর্ষণো দুঃসহশ্চ দুর্ম্মদো দুর্দ্ধরো জয়ঃ ।
পাণ্ডবং চিত্রসন্নাহাস্তং প্রতীপমুপাদ্রবন্ ॥২৯॥
তে সমন্তান্মহাবাহুং পরিবার্য্য বৃকোদরম্ ।
দিশঃ শরৈঃ সমাবৃণ্বন্ শলভানামিব ব্রজৈঃ ॥৩০॥

ভারতকৌমুদী

কথং মূলমিত্যাহ স্বয়মিতি। উচ্যমানো হিতমিতি শেষঃ। মর্ত্ত্য আসন্নমৃত্যুঃ ॥২৫॥
স্বয়মিতি। সুদুর্জ্জরং জীর্ণীকর্ত্তুমশক্যম্। স্বয়ং বৈরং কৃতং স্বয়মেব ফলং ভুঙ্ক্ষেত্যাশয়ঃ ॥২৬॥
যদিতি। কুৎসয়সে "ধিক্‌পৌরুষমনর্থকম্" ইত্যনেন নিন্দসি। যথাবলং যথাশক্তি ॥২৭॥
দৃষ্ট্বেতি। নামৃষ্যন্ত নাসহন্ত, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥২৮॥
পঞ্চ সোদর্য্যানাহ দুর্ম্মর্ষণ ইতি। চিত্রসন্নাহা বিচিত্রসজ্জাঃ, প্রতীপং প্রতিকূলম্ ॥২৯॥
ত ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। ব্রজৈঃ সমূহৈঃ ॥৩০॥

আপনি পুত্রগণের বাক্য অনুসারে চলিয়া নিজেই গুরুতর শত্রুতা ঘটাইয়া—মুমূর্ষু ব্যক্তি যেমন হিতকর ঔষধ গ্রহণ করে না, সেইরূপ—বলিলেও হিতোপদেশ গ্রহণ করেন নাই ॥২৫॥

নরশ্রেষ্ঠ মহারাজ! আপনি নিজে অতিদুর্জ্জর কালকূটবিষ পান করিয়া এখন তাহার সমগ্র ফল ভোগ করুন ॥২৬॥

যোদ্ধারা শক্তি অনুসারে যুদ্ধ করিতেছিলেন, তথাপি আপনি তাঁহাদিগকে যে নিন্দা করিতেছেন, সে বিষয়ে আমি আপনার নিকটে—যে ভাবে যুদ্ধ হইয়াছিল, তাহা বলিব ॥২৭॥

ভরতনন্দন! আপনার পুত্র সেই মহাধনুর্দ্ধর পঞ্চ সহোদর কর্ণকে ভীম কর্তৃক পরাজিত দেখিয়া সহ্য করিলেন না ॥২৮॥

বিচিত্র সজ্জায় সজ্জিত দুর্ম্মর্ষণ, দুঃসহ, দুর্ম্মদ, দুর্দ্ধর ও জয় এই পঞ্চ সহোদর ভীমসেনের প্রতিকূলে ধাবিত হইলেন ॥২৯॥

আগচ্ছতস্তান্ সহসা কুমারান্ দেবরূপিণঃ।
প্রতিজগ্রাহ সমরে ভীমসেনো হসন্নিব ॥৩১॥
তব দৃষ্ট্বা তু তনয়ান্ ভীমসেনপুরোগতান্।
অভ্যবর্ত্তত রাধেয়ো ভীমসেনং মহাবলম্ ॥৩২॥
বিসৃজন্ বিশিখাংস্তীক্ষ্ণান্ স্বর্ণপুঙ্খান্ শিলাশিতান্।
তস্ত ভীমোঽভ্যয়াত্তূর্ণং বার্য্যমাণঃ সুতৈস্তব ॥৩৩॥ (যুগ্মকম্)
কুরবস্তু ততঃ কর্ণং পরিবার্য্য সমন্ততঃ।
অবাকিরন্ ভীমসেনং শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৩৪॥
তান্ বাণৈঃ পঞ্চবিংশত্যা সাশ্বান্ রাজন্! নরর্ষভান্।
সসূতান্ ভীমধনুষো ভীমো নিন্যে যমক্ষয়ম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

আগচ্ছত ইতি। হাসোঽত্র বীরব্যভিচারী ভাবঃ ॥৩১॥

তবেতি। অভ্যবর্ত্তত তেষাং সাহায্যবিধানায়। তং রাধেয়ম্ ॥৩২—৩৩॥

কুরব ইতি। পরিবার্য্য সাহায্যার্থং পরিবেষ্ট্য। অবাকিরন্ ন্যপীড়য়ন্ ॥৩৪॥

তানিতি। পঞ্চবিংশত্যা অন্যৈশ্চ পঞ্চভিরিতি বোধ্যম্। অন্যথা সর্ব্বেষাং বধানুপপত্তিঃ ॥৩৫॥

তাঁহারা সকল দিকে মহাবাহু ভীমকে বেষ্টন করিয়া পতঙ্গসমূহতুল্য বাণসমূহদ্বারা সমস্ত দিক্ আবৃত করিলেন ॥৩০॥

দেবরূপী সেই কুমারেরা বেগে আসিতে লাগিলে, ভীমসেন হাস্য করতই যেন তাঁহাদিগকে যুদ্ধে গ্রহণ করিলেন ॥৩১॥

মহারাজ! আপনার পুত্রেরা ভীমের সম্মুখবর্ত্তী হইয়াছেন দেখিয়া কর্ণও শিলাশাণিত, তীক্ষ্ণ ও স্বর্ণপুঙ্খ বাণ সকল নিক্ষেপ করিতে করিতে মহাবল ভীমের অভিমুখে গমন করিলেন। তখন আপনার পুত্রেরা বারণ করিতে থাকিলেও ভীম সত্বর কর্ণের দিকে চলিলেন ॥৩২—৩৩॥

তদনন্তর কৌরবসৈন্যেরা সকল দিকে কর্ণকে বেষ্টন করিয়া নতপর্ব্ব শরসমূহদ্বারা ভীমকে পীড়ন করিতে লাগিল ॥৩৪॥

রাজা! তখন ভীমসেন পঁচিশটা ও পাঁচটা বাণদ্বারা কুড়িটা ঘোড়া ও পাঁচজন সারথির সহিত সেই ভয়ঙ্করধনুর্দ্ধর নরশ্রেষ্ঠ পাঁচ জনকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৩৫॥

(৩২)…ভীমসেনপুরোগমান্…পি বা নি। (৩৩)…সুপুঙ্খান্ সুশিলাশিতান্…পি।

প্রাপতন্ স্যন্দনেভ্যস্তে সার্দ্ধং সূতৈর্গতাসবঃ।
চিত্রপুষ্পধরা ভগ্না বাতেনেব মহাদ্রুমাঃ ॥৩৬॥
তত্রাদ্ভুতমপশ্যাম ভীমসেনস্য বিক্রমম্।
সংবার্য্যাধিরথিং বাণৈর্যজ্জঘান তবাত্মজান্ ॥৩৭॥
স বার্য্যমাণো ভীমেন শিতৈর্বাণৈঃ সমন্ততঃ।
সূতপুত্রো মহারাজ! ভীমসেনমবৈক্ষত ॥৩৮॥
তং ভীমসেনঃ সংরম্ভাৎ ক্রোধসংরক্তলোচনঃ।
বিস্ফার্য্য সুমহচ্চাপং মুহুঃ কর্ণমবৈক্ষত ॥৩৯॥
তবাত্মজাংস্তু পতিতান্ দৃষ্ট্বা কর্ণঃ প্রতাপবান্!
ক্রোধেন মহতাবিষ্টো নির্বিণ্ণোঽভূৎ স জীবিতে ॥৪০॥
আগস্কৃতমিবাত্মানং মেনে চাধিরথিস্তদা।
যৎ প্রত্যক্ষং তব সুতা ভীমেন নিহতা রণে ॥৪১॥

ভারতকৌমুদী

প্রেতি। স্যন্দনেভ্যো রথেভ্যঃ। চিত্রপুষ্পধরা ইত্যনেন তেষাং বিচিত্রবেশত্বং সূচিতম্ ॥৩৬॥
তত্রেতি। সংবার্য্য নিবার্য্য, আধিরথিং কর্ণম্ ॥৩৭॥
স ইতি। শিতৈঃ সুধারৈঃ। অবৈক্ষত সক্রোধমপশ্যৎ ॥৩৮॥
তমিতি। সংরম্ভাৎ ক্রোধাদবৈক্ষতেতি সম্বন্ধঃ ॥৩৯॥
তবেতি। নির্বিণ্ণো ধিক্কারদাতা, রক্ষিতুমশক্তত্বাৎ ॥৪০॥

তৎকালে বায়ুভগ্ন বিচিত্রপুষ্পধারী মহাবৃক্ষসমূহের ন্যায় সেই ধার্ত্তরাষ্ট্রেরা সারথিগণের সহিত প্রাণহীন হইয়া রথ হইতে পতিত হইলেন ॥৩৬॥

মহারাজ! তখন আমরা ভীমসেনের অদ্ভুত বিক্রম দেখিলাম। যেহেতু তিনি বাণদ্বারা কর্ণকে বারণ করিয়াও আপনার পুত্রগণকে বধ করিলেন ॥৩৭॥

মহারাজ! ভীমসেন সুধার বাণদ্বারা সকল দিকে বারণ করিতে থাকিলে, কর্ণ ক্রোধের সহিত ভীমের প্রতি দৃষ্টিপাত করিলেন ॥৩৮॥

ক্রোধে আরক্তনয়ন ভীমসেনও বিশাল ধনু বিস্ফারিত করিয়া ক্রোধে মুহুর্মুহু কর্ণের দিকে দৃষ্টিপাত করিতে থাকিলেন ॥৩৯॥

এদিকে প্রতাপশালী কর্ণ আপনার পুত্রগণকে পতিত দেখিয়া মহাক্রোধাবিষ্ট হইয়া আপন জীবনে ধিক্কার দিতে লাগিলেন ॥৪০॥

---

(৩৯) ইতঃ পরম্ '...ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি। (৪০)...স জীবিতাৎ—পি বঙ্গ বর্দ্ধ বা। (৪১) ইতঃ পরম্ 'ভীমসেনস্ততঃ ক্রুদ্ধস্তমাধাবদসংভ্রমম্' ইতি পাদদ্বয়মধিকম্ পি বঙ্গ বর্দ্ধ বা।

স ভীমং পঞ্চভির্বিদ্ধা রাধেয়ঃ প্রহসন্নিব।
পুনর্বিব্যাধ সপ্তত্যা স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥৪২॥
অবিচিন্ত্যাথ তান্ বাণান্ কর্ণেনাস্তান্ বৃকোদরঃ।
রণে বিব্যাধ রাধেয়ং শতেনানতপর্ব্বণাম্ ॥৪৩॥
পুনশ্চ বিশিখৈস্তীক্ষ্ণৈর্বিদ্ধা মর্ম্মসু পঞ্চভিঃ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন সূতপুত্রস্য মারিষ! ॥৪৪॥
অথান্যদ্ধনুরাদায় কর্ণো ভারত! দুর্ম্মনাঃ।
ইষুভিশ্ছাদয়ামাস ভীমসেনং পরন্তপঃ ॥৪৫॥
তস্য ভীমো হয়ান্ হত্বা বিনিহত্য চ সারথিম্।
প্রজহাস মহাহাসং কৃতে প্রতিকৃতে পুনঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

আগ ইতি। আগস্কৃতমপরাধকারিণম্। আধিরথিঃ কর্ণঃ ॥৪১॥
স ইতি। পঞ্চভিঃ শরৈঃ। এবমন্যত্র ॥৪২॥
অবীতি। অস্তান্ ক্ষিপ্তান্। আনতপর্ব্বণামীষদ্বক্রোপাস্থানাং শরাণাম্ ॥৪৩॥
পুনরিতি। বিশিখৈর্বাণৈঃ। চিচ্ছেদ বৃকোদর ইত্যনুবৃত্তিঃ ॥৪৪॥
অথেতি। দুর্ম্মনাঃ পুনঃ পুনঃ পরাজয়াদ্দুঃখিতচিত্তঃ। ইষুভির্বাণৈঃ ॥৪৫॥
তস্যেতি। কর্ণেন কৃতে প্রহারে বিষয়ে, পুনঃ প্রতিকৃতে প্রতিপ্রহারে কৃতে সতি ॥৪৬॥

এবং কর্ণ তখন আপনাকে অপরাধকারী বলিয়া মনে করিতে থাকিলেন। যেহেতু তাঁহার সমক্ষেই ভীমসেন আপনার পুত্রগণকে যুদ্ধে বধ করিয়াছিলেন ॥৪১॥

তখন কর্ণ হাস্য করতই যেন পাঁচটা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিয়া পুনরায় স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত সত্তরটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৪২॥

তদনন্তর ভীমসেন কর্ণনিক্ষিপ্ত সেই বাণগুলিকে অবজ্ঞা করিয়া নতপর্ব্ব একশত বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৪৩॥

মাননীয় রাজা! পুনরায় তিনি পাঁচটা তীক্ষ্ণ বাণদ্বারা কর্ণের মর্ম্মদেশে তাড়ন করিয়া একটা ভল্লদ্বারা তাঁহার ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥৪৪॥

ভরতনন্দন! তাহার পর শত্রুসন্তাপক কর্ণ দুঃখিতচিত্ত থাকিয়াও অন্য ধনু লইয়া বাণদ্বারা ভীমসেনকে আচ্ছাদন করিয়া ফেলিলেন ॥৪৫॥

---

(৪৩)…শতেন নতপর্ব্বণাম্—পি। (৪৫)…ভীমসেনং পরন্তপম্—বঙ্গ বর্দ্ধ। (৪৬)… কৃতপ্রতিকৃতং মহৎ—নি।

ইষুভিঃ কার্ম্মুকঞ্চাস্য চকর্ত্ত পুরুষর্ষভঃ।
তৎ পপাত মহারাজ! স্বর্ণপৃষ্ঠং মহাস্বনম্ ॥৪৭॥
অবারোহদ্রথাত্তস্মাদথ কর্ণো মহারথঃ।
গদাং গৃহীত্বা সমরে ভীমায় প্রাহিণোদ্রুষা ॥৪৮॥
তমাপতন্তীমালোক্য ভীমসেনো মহাগদাম্।
শরৈরবারয়দ্রাজন্! সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ ॥৪৯॥
ততো বাণসহস্রাণি প্রেষয়ামাস পাণ্ডবঃ।
সূতপুত্রবধাকাঙ্ক্ষী ত্বরমাণঃ পরাক্রমী ॥৫০॥
তানিষূনিষুভিঃ কর্ণো বারয়িত্বা মহামৃধে।
কবচং ভীমসেনস্য পাটয়ামাস সায়কৈঃ ॥৫১॥

ভারতকৌমুদী

ইষুভিরিতি। পুরুষর্ষভো ভীমঃ। মহান্ স্বনো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥৪৭॥
অবেতি। অবারোহৎ অবাতরৎ। প্রাহিণোৎ তামেব গদাং ন্যক্ষিপৎ ॥৪৮॥
তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। অবারয়ৎ বেগেন বেগপ্রতিঘাতাৎ ॥৪৯॥
তত ইতি। প্রেষয়ামাস চিক্ষেপ, পাণ্ডবো ভীমসেনঃ ॥৫০॥
তানিতি। ইষূন্ বাণান্। মহামৃধে মহাযুদ্ধে ॥৫১॥

তখন ভীম কর্ণের অশ্বগণ ও সারথিকে বধ করিয়া কর্ণকৃত প্রহারের প্রতি প্রহার করা হইলে বিশাল হাস্য করিয়া উঠিলেন ॥৪৬॥

মহারাজ! এবং পুরুষশ্রেষ্ঠ ভীম বাণদ্বারা পুনরায় কর্ণের ধনু ছেদন করিলেন। তখন সেই স্বর্ণখচিতপৃষ্ঠ ধনু পতিত হইয়া গুরুতর শব্দ করিল ॥৪৭॥

তৎপরে মহারথ কর্ণ ক্রোধে গদা ধারণ করিয়া সেই রথ হইতে অবতীর্ণ হইলেন এবং ভীমের প্রতি তাহা নিক্ষেপ করিলেন ॥৪৮॥

রাজা! সেই বিশাল গদাটা আসিতেছে দেখিয়া ভীমসেন বহুতর বাণদ্বারা সমস্ত সৈন্যের সমক্ষেই সেটাকে বারণ করিলেন ॥৪৯॥

তদনন্তর পরাক্রমশালী ভীমসেন ত্বরান্বিত হইয়া কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া যুগপৎ বহুসহস্র বাণ নিক্ষেপ করিলেন ॥৫০॥

তখন কর্ণ বাণদ্বারাই সে বাণগুলিকে বারণ করিয়া মহাযুদ্ধে অপর বাণসমূহদ্বারা ভীমের কবচটাকে বিদারণ করিয়া ফেলিলেন ॥৫১॥

(৪৯) তামাপতন্তীমালক্ষ্য··· বঙ্গ বৰ্দ্ধ বা নি। (৫১)···পাতয়ামাস সায়কৈঃ—পি বঙ্গ বৰ্দ্ধ।

অথৈনং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
পশ্যতাং সর্ব্বসৈন্যানাং তদদ্ভুতমিবাভবৎ ॥৫২॥
ততো ভীমো মহাবাহুর্নবভির্নতপর্ব্বভিঃ।
প্রেষয়ামাস সংক্রুদ্ধঃ সূতপুত্রস্য মারিষ! ॥৫৩॥
তে তস্য কবচং ভিত্ত্বা তথা বাহুঞ্চ দক্ষিণম্।
অভ্যায়ুর্ধরণীং তীক্ষ্ণা বল্মীকমিব পন্নগাঃ ॥৫৪॥
সংছাদ্যমানো বাণৌঘৈর্ভীমসেনধনুশ্চ্যুতৈঃ।
পুনরেবাভবৎ কর্ণো ভীমসেনপরাঙ্মুখঃ ॥৫৫॥
তং পরাঙ্মুখমালোক্য পদাতিং সূতনন্দনম্।
কৌন্তেয়শরসংছন্নং রাজা দুর্য্যোধনোঽব্রবীৎ।
ত্বরধ্বং সর্বতো যত্তা রাধেয়স্য রথং প্রতি ॥৫৬॥

ভারতকৌমুদী

অথেতি। সমার্পয়দপীড়য়ৎ। লঘুহস্ততাতিরেকাদদ্ভুতত্বমিতি ভাবঃ ॥৫২॥
তত ইতি। নবভির্নতপর্ব্বভির্ব্বাণৈরাহন্তুং তান্ প্রেষয়ামাসেত্যর্থঃ ॥৫৩॥
ত ইতি। অভ্যায়ুঃ প্রাবিশন্। বল্মীকম্ উয়ীমৃত্তিকাস্তূপম্ ॥৫৪॥
সমিতি। প্রাগুক্তং দুর্ম্মনস্ত্বমেবাত্র কারণমিত্যাশয়ঃ ॥৫৫॥
তমিতি। পদাতিং পাদচারিণম্। যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬॥

তৎপরে আবার তিনি সমস্ত সৈন্যের সমক্ষে পঁচিশটা নারাচদ্বারা ভীমকে তাড়ন করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৫২॥

মাননীয় রাজা! তাহার পর মহাবাহু ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া নয়টা নতপর্ব্ব বাণদ্বারা কর্ণকে তাড়ন করিবার ইচ্ছা করিয়া সেগুলি নিক্ষেপ করিলেন ॥৫৩॥

সেই তীক্ষ্ণ বাণগুলি যাইয়া কর্ণের কবচ ও দক্ষিণ বাহু ভেদ করিয়া—সর্প যেমন উয়ীর মৃত্তিকার ভিতরে প্রবেশ করে, সেইরূপ ভূমির ভিতরে প্রবেশ করিল ॥৫৪॥

ক্রমে ভীমসেনের ধনু হইতে নির্গত বাণসমূহে আবৃত হইতে থাকিয়া কর্ণ পুনরায় ভীমসেন হইতে পরাঙ্মুখ হইলেন ॥৫৫॥

কর্ণকে পরাঙ্মুখ, পাদচারী ও ভীমের বাণে আবৃত দেখিয়া রাজা দুর্য্যোধন বলিলেন —'তোমরা সর্ব্বপ্রকারে যত্নবান্ হইয়া সত্বর কর্ণের রথের দিকে গমন কর' ॥৫৬॥

---

(৫৫) স চ্ছাদ্যমানঃ… ভীমসেনাৎ পরাঙ্মুখঃ—নি।

ততস্তব সুতা রাজন্ ! শ্রুত্বা ভ্রাতুর্বচো দ্রুতম্ ।
অভ্যয়ুঃ পাণ্ডবং যুদ্ধে বিসৃজন্তঃ শিলীমুখান্ ॥৫৭॥
চিত্রোপচিত্রশ্চিত্রাক্ষশ্চারুচিত্রঃ শরাসনঃ ।
চিত্রায়ুধশ্চিত্রবর্ম্মা সমরে চিত্রযোধিনঃ ॥৫৮॥ (যুগ্মকম্)
তানাপতত এবাশু ভীমসেনো মহারথঃ ।
একৈকেন শরেণাজৌ পাতয়ামাস তে সুতান্ ।
তে হতা ন্যপতন্ ভূমৌ বাতরুগ্‌ণা ইব দ্রুমাঃ ॥৫৯॥
দৃষ্ট্বা বিনিহতান্ পুত্রাংস্তব রাজন্ ! মহারথান্ ।
অশ্রুপূর্ণমুখঃ কর্ণঃ ক্ষত্তুঃ সস্মার তদ্বচঃ ॥৬০॥
রথশ্চান্যং সমাস্থায় বিধিবৎ কল্পিতং পুনঃ ।
অভ্যয়াৎ পাণ্ডবং যুদ্ধে ত্বরমাণঃ পরাক্রমী ॥৬১॥

ভারতকৌমুদী

তত ইতি। অভ্যয়ুরভ্যগচ্ছন্। চিত্রেণ যুক্ত উপচিত্রশ্চিত্রোপচিত্রঃ, মধ্যপদলোপী সমাসঃ। চিত্রযোধিনো বিচিত্রযোদ্ধারঃ ॥৫৭—৫৮॥

তানিতি। আজৌ যুদ্ধে। বাতরুগ্‌ণা বায়ুভগ্নাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

দৃষ্ট্বেতি ক্ষত্তুর্বিদুরস্য। তদ্বচো যথা উদ্‌যোগপর্ব্বণি ত্রিষষ্টিতমাধ্যায়ে—"অতো নূনং ভবিতায়ং কুরূণাং সুদারুণঃ সর্ব্বহরো বিনাশঃ" ইত্যাদি ॥৬০॥

ভারতভাবদীপঃ

দৈবমিতি ॥১—৮॥ যমঃ সংযমনব্যাপারঃ, কালঃ কলনব্যাপারঃ, অন্তকো মারণব্যাপারঃ তদ্ধতম্ ॥৪৫॥ প্রতিকৃতে প্রতিকর্ম্মণিকৃতে সতীত্যন্বয়ঃ ॥৪৬—৪৭॥ আবারোহৎ আসদৎ ॥৪৮—৫৭॥ চিত্রোপচিত্রঃ চিত্র উপচিত্রশ্চেতি চিত্রোপচিত্রঃ ॥৫৮—১৭॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৭॥

রাজা! তাহার পর আপনার পুত্র বিচিত্রযোদ্ধা চিত্র, উপচিত্র, চিত্রাক্ষ, চারুচিত্র, শরাসন, চিত্রায়ুধ ও চিত্রবর্ম্মা ভ্রাতার বাক্য শুনিয়া বাণক্ষেপ করিতে করিতে ভীমের দিকে গমন করিতে লাগিলেন ॥৫৭—৫৮॥

তাঁহারা আসিতে লাগিলেই মহারথ ভীমসেন যুদ্ধে এক একটা বাণদ্বারা আপনার এক এক পুত্রকে সত্বর নিপাতিত করিলেন; তখন তাঁহারা নিহত হইয়া বায়ুভগ্ন বৃক্ষসমূহের ন্যায় ভূতলে পতিত হইলেন ॥৫৯॥

রাজা! কর্ণ আপনার মহারথ পুত্রগণকে নিহত দেখিয়া অশ্রুপূর্ণবদন হইয়া বিদুরের সেই কথা স্মরণ করিতে লাগিলেন ॥৬০॥

---

(৫৭)…প্রত্যয়ুঃ পাণ্ডবং যুদ্ধে…পি। (৬১)…প্রত্যগাৎ পাণ্ডবং যুদ্ধে…পি।

তাবন্যোন্যং শরৈর্ভিত্ত্বা স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
ব্যভ্রাজেতাং যথা মেঘৌ সংস্যূতৌ সূর্য্যরশ্মিভিঃ ॥৬২॥
ষট্‌ত্রিংশতা ততো বাণৈঃ স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
ব্যধমৎ কবচং ক্রুদ্ধঃ সূতপুত্রস্য পাণ্ডবঃ ॥৬৩॥
সূতপুত্রোঽপি কৌন্তেয়ং শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
পঞ্চাশতা মহাবাহুর্বিব্যাধ ভরতর্ষভ! ॥৬৪॥
রক্তচন্দনদিগ্ধাঙ্গৌ শরৈঃ কৃতমহাব্রণৌ।
শোণিতাক্তৌ ব্যরাজেতাং চন্দ্রসূর্য্যাবিবোদিতৌ ॥৬৫॥
তৌ শোণিতোক্ষিতৈর্গাত্রৈঃ শরৈশ্ছিন্নতনুচ্ছদৌ।
কর্ণভীমৌ ব্যরাজেতাং নির্ম্মুক্তাবিব পন্নগৌ ॥৬৬॥

ভারতকৌমুদী

রথমিতি। সমাস্থায় আরুহ্য, কল্পিতং সজ্জিতম্। অভ্যয়াৎ কর্ণঃ ॥৬১॥
তাবিতি। শিলয়া শিলাঘর্ষণেন শিতৈঃ সুধারীকৃতৈঃ। সংস্যূতৌ গ্রথিতৌ ॥৬২॥
ষড়িতি। ব্যধমৎ ব্যদারয়ৎ সূতপুত্রস্য কর্ণস্য, পাণ্ডবো ভীমসেনঃ ॥৬৩॥
সূতেতি। সন্নতপর্ব্বভির্বক্রোপান্তদেশৈঃ। বিব্যাধ তাড়য়ামাস ॥৬৪॥
রক্তেতি। রক্তচন্দনেন দিগ্ধানি লিপ্তানি অঙ্গানি যয়োস্তৌ। বীরব্যবহারোঽয়ম্ ॥৬৫॥
তাবিতি। ছিন্নৌ তনুচ্ছদৌ বর্ম্মণী যয়োস্তৌ। নির্ম্মুক্তৌ ত্যক্তচর্ম্মাণৌ ॥৬৬॥

এবং পরাক্রমশালী কর্ণ যথাবিধানে সজ্জিত অন্য রথে আরোহণ করিয়া ত্বরান্বিত হইয়া যুদ্ধে ভীমের দিকে ধাবিত হইলেন ॥৬১॥

ক্রমে তাঁহারা স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত শরসমূহদ্বারা পরস্পর বিদীর্ণ করিয়া সূর্য্যরশ্মিগ্রথিত দুইটা মেঘের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৬২॥

তদনন্তর ক্রুদ্ধ ভীমসেন স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত ছত্রিশটা বাণদ্বারা কর্ণের বর্ম্মটা বিদীর্ণ করিলেন ॥৬৩॥

ভরতশ্রেষ্ঠ! মহাবাহু কর্ণও নতপর্ব্ব পঞ্চাশটা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিলেন ॥৬৪॥

তৎকালে রক্তচন্দনলিপ্তগাত্র, বাণাঘাতে ক্ষত-বিক্ষতদেহ ও রক্তশরীর কর্ণ ও ভীম উদয়কালীন চন্দ্র ও সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে থাকিলেন ॥৬৫॥

তাঁহাদের গাত্র রক্তে সিক্ত হইয়া গিয়াছিল এবং বাণের আঘাতে দুই জনের

---

(৬৩) ষট্‌ত্রিংশদ্ভিস্ততো ভল্লৈর্নিশিতৈস্তিগ্মতেজনৈঃ···বা নি। (৬৫)·· বিবৃতাঙ্গৌ ব্যরাজেতাং কালসূর্য্যাবিবোদিতৌ—নি।

ব্যাঘ্রাবিব নরব্যাঘ্রৌ দংষ্ট্রাভিরিতরেতরম্।
শরধারাসৃজৌ বীরৌ মেঘাবিব ববর্ষতুঃ ॥৬৭॥
বারণাবিব চান্যোন্যং বিষাণাভ্যামরিন্দমৌ।
নির্ভিন্দন্তৌ স্ম গাত্রাণি সায়কৈশ্চারু রেজতুঃ ॥৬৮॥
নাদয়ন্তৌ প্রবল্গন্তৌ বিক্রীড়ন্তৌ পরস্পরম্।
মণ্ডলানি বিকুর্বাণৌ রথাভ্যাং রথসত্তমৌ ॥৬৯॥
বৃষভাবিব নর্দ্দন্তৌ বলিনৌ বাসিতান্তরে।
সিংহাবিব পরাক্রান্তৌ নরসিংহৌ মহাবলৌ ॥৭০॥
পরস্পরং বীক্ষমাণৌ ক্রোধসংরক্তলোচনৌ।
যুযুধাতে মহাবীর্য্যৌ শক্রবৈরোচনী যথা ॥৭১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ব্যাঘ্রাবিতি। দংষ্ট্রাভির্দন্তশ্রেণীভিঃ। ববর্ষতুরিতি "বর্ষ স্নেহনে ভৌবাদিকো ধাতুঃ পরস্মৈপদঞ্চার্ষম্ ॥৬৭॥

বারণাবিতি। বারণৌ গজৌ। বিষাণাভ্যাং দন্তাভ্যাম্ ॥৬৮॥

নাদেতি। নাদয়ন্তৌ দিশো নর্দ্দনেনৈব, প্রবল্গন্তৌ বিবিধভঙ্গ্যা ব্রজন্তৌ। অতএব বিক্রীড়ন্তাবিব। মণ্ডলানি মণ্ডলাকারেণ বিচরণানি, বিকুর্বাণৌ বিশেষেণ কুর্বাণৌ, রথসত্তমৌ রথিশ্রেষ্ঠৌ। বাসিতান্তরে ঋতুমত্যা গোরর্থে। বৈরোচনির্বলিঃ ॥৬৯—৭১॥

বর্ম্মই ছিন্ন হইয়াছিল। সুতরাং তাঁহারা ত্যক্তচর্ম্মা দুইটা সর্পের ন্যায় বিরাজ করিতেছিলেন ॥৬৬॥

দন্তদ্বারা দুইটা ব্যাঘ্রের ন্যায় নরশ্রেষ্ঠ ও বীর কর্ণ ও ভীমসেন বারিবর্ষী দুইটা মেঘের তুল্য বাণধারা বর্ষণ করতঃ পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥৬৭॥

দুইটা হস্তী যেমন দন্তদ্বারা পরস্পর গাত্র বিদারণ করে, সেইরূপ শত্রুদমনকারী কর্ণ ও ভীম বাণদ্বারা পরস্পর গাত্র বিদারণ করিতে থাকিয়া সুন্দর শোভা পাইতে থাকিলেন ॥৬৮॥

সিংহের ন্যায় পরাক্রমশালী, রথিপ্রধান, নরশ্রেষ্ঠ, মহাবল, মহাবীর ও ক্রোধে আরক্তনয়ন কর্ণ ও ভীম ঋতুমতী গাভীর জন্য দুইটা বলবান্ বৃষের ন্যায় গর্জ্জনে সমস্ত দিক্ নিনাদিত করিয়া, বিবিধভঙ্গীতে গমন, রথযুগলে মণ্ডলাকারে বিচরণ এবং

(৬৮) বৃষভাবিব চান্যোন্যম্···বা, স্বগাত্রাণি সায়কৈঃ···বা নি। (৬৯)···বিকুর্বন্তৌ··· পি,···চিক্রীড়ন্তৌ···বর্দ্ধ, নাদয়ন্তৌ প্রহর্ষন্তৌ···রথাভ্যাং রথিবৃত্তমৌ—বা নি (৭০) তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ···পি, বৃষাবিবাথ নর্দ্দন্তৌ···বা নি। (৭১)···শক্রবৈরোচনৌ যথা—পি।

ততো ভীমো মহাবাহুর্ব্বাহুভ্যাং বিক্ষিপন্ ধনুঃ।
ব্যরাজত রণে রাজন্! সবিদ্যুদিব তোয়দঃ ॥৭২॥
স নেমিঘোষস্তনিতশ্চাপবিদ্যুচ্ছরাম্বুভিঃ।
ভীমসেনমহামেঘঃ কর্ণপর্ব্বতমাবৃণোৎ ॥৭৩॥
ততঃ শরসহস্রেণ ধনুর্মুক্তেন ভারত!।
পাণ্ডবোঽবাকিরৎ কর্ণং ভীমো ভীমপরাক্রমঃ ॥৭৪॥
তত্রাপশ্যংস্তব সুতা ভীমসেনস্য বিক্রমম্।
সুপুঙ্খৈঃ কঙ্কবাসোভির্যৎ কর্ণং ছাদয়ন্ শরৈঃ ॥৭৫॥
স নন্দয়ন্ রণে পার্থং কেশবঞ্চ যশস্বিনম্।
সাত্যকিং চক্ররক্ষৌ চ ভীমঃ কর্ণমবারয়ৎ ॥৭৬॥

ভারতকৌমুদী

তত ইতি। সবিদ্যুদিত্যনেন ধনুষঃ স্বর্ণখচিতত্বমাক্ষিপ্তম্ ॥৭২॥

স ইতি। অত্র সাধকবাধকপ্রমাণাভাবাদুপমারূপকয়োঃ সন্দেহসঙ্করঃ তথা চ নেমিঘোষো রথচক্রপ্রান্তশব্দঃ স্তনিতং গর্জ্জিতমিব যস্য সঃ, রূপকসমাসো বা। এবমন্যত্র ॥৭৩॥

তত ইতি। ধনুষা মুক্তেন ক্ষিপ্তেন। অবাকিরদপীড়য়ৎ ॥৭৪॥

তত্রেতি। কঙ্কাঃ কঙ্কপক্ষিপক্ষা বাসাংসি আবরণানি যেষাং তৈঃ। ছাদয়ন্নাসীৎ ॥৭৫॥

স ইতি। পার্থমর্জ্জুনং কেশবসাহচর্য্যাৎ। চক্ররক্ষৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥৭৬॥

পরস্পর যেন খেলা করিতে থাকিয়া পরস্পর দর্শন করতঃ ইন্দ্র ও বলির ন্যায় যুদ্ধ করিতে লাগিলেন ॥৬৯—৭১॥

রাজা! তদনন্তর মহাবাহু ভীমসেন বাহুযুগলদ্বারা ধনু আকর্ষণ করতঃ বিদ্যুৎ-সমন্বিত মেঘের ন্যায় সমরাঙ্গনে প্রকাশ পাইতে থাকিলেন ॥৭২॥

ক্রমে রথচক্রের শব্দরূপ-গর্জ্জনশালী এবং ধনুস্বরূপ-বিদ্যুৎ-সমন্বিত ভীম-সেনরূপ মহামেঘ বাণরূপ-জল-বর্ষণদ্বারা কর্ণরূপ পর্ব্বতকে আবৃত করিলেন ॥৭৩॥

ভরতনন্দন! তাহার পর ভয়ঙ্করপরাক্রমশালী পাণ্ডুনন্দন ভীমসেন কার্ম্মুক-নিক্ষিপ্ত বাণসমূহদ্বারা কর্ণকে আঘাত করিতে লাগিলেন ॥৭৪॥

মহারাজ! তখন আপনার পুত্রেরা ভীমসেনের বিক্রম দর্শন করিতে লাগিলেন। যে হেতু ভীমসেন সুন্দরপুঙ্খযুক্ত এবং কঙ্কপক্ষসমন্বিত বাণসমূহদ্বারা কর্ণকে আবৃত করিতেছিলেন ॥৭৫॥

---

(৭৪)···সম্যগস্তেন ভারত!···পি। (৭৫)···সুবর্ণপুঙ্খৈরিষুভিঃ কর্ণং প্রচ্ছাদয়চ্ছরৈঃ—পি।
(৭৬)···কর্ণমযোধয়ৎ—বা নি।

বিক্রমং ভুজয়োর্বীর্য্যং ধৈর্য্যঞ্চ সুমহাত্মনঃ।
পুত্রাস্তব মহারাজ! দৃষ্ট্বা বিমনসোঽভবন্ ॥৭৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমযুদ্ধে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

ভীমসেনস্য রাধেয়ঃ শ্রুত্বা জ্যাতলনিস্বনম্।
নামৃষ্যত যথা মত্তো গজঃ প্রতিগজস্বনম্ ॥১॥
সোঽপক্রম্য মুহূর্ত্তন্তু ভীমসেনস্য গোচরাৎ।
পুত্রাংস্তব দদর্শাথ ভীমসেনেন পাতিতান্ ॥২॥

ভারতকৌমুদী

বিক্রমমিতি। সুমহাত্মনো ভীমস্য। বিমনসঃ পরাজয়ভয়াদ্বিষণ্ণচিত্তাঃ ॥৭৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:*:——

ভীমেতি। জ্যা ধনুর্গুণঃ তলং হস্তাবাপশ্চ তয়োর্নিস্বনম্। নামৃষ্যত নাসহত ॥১॥
স ইতি। অপক্রম্য অপসৃত্য। গোচরাৎ বাণপাতদেশাৎ ॥২॥

তৎকালে ভীমসেন যুদ্ধে যশস্বী অর্জ্জুন, কৃষ্ণ, সাত্যকি এবং চক্ররক্ষক যুধামন্যু ও উত্তমৌজাকে আনন্দিত করিতে থাকিয়া কর্ণকে বারণ করিতে থাকিলেন ॥৭৬॥

মহারাজ! তখন আপনার পুত্রেরা মহাত্মা ভীমসেনের বিক্রম, বাহুবল ও ধৈর্য্য দেখিয়া ক্রমে বিষণ্ণচিত্ত হইয়া উঠিলেন' ॥৭৭॥

—:*:—

সঞ্জয় বলিলেন—'কর্ণ ভীমসেনের ধনুষ্টঙ্কার এবং হস্তাবরণের শব্দ শুনিয়া—মত্তহস্তী যেমন অপর মত্তহস্তীর শব্দ সহ্য করিতে পারে না, সেইরূপ তাহা সহ্য করিতে পারিলেন না ॥১॥

---

(৭৭)... ধৈর্য্যঞ্চ বিদিতাত্মনঃ...বা নি। * '...'চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

তানবেক্ষ্য নরশ্রেষ্ঠ! বিমনা দুঃখিতস্তদা।
নিশ্বসন্ দীর্ঘমুষ্ণঞ্চ পুনঃ পাণ্ডবমভ্যয়াৎ ॥৩॥
স তাম্রনয়নঃ ক্রোধাৎ শ্বসন্নিব মহোরগঃ।
বভৌ কর্ণঃ শরানস্যন্ রশ্মীনিব দিবাকরঃ ॥৪॥
কিরণৈরিব সূর্য্যস্য বিততৈর্ভরতর্ষভ!।
কর্ণচাপচ্যুতৈর্ব্বাণৈঃ প্রাচ্ছাদ্যত বৃকোদরঃ ॥৫॥
তে কর্ণচাপপ্রভবাঃ কঙ্কবর্হিণবাসসঃ।
বিবিশুঃ সর্ব্বতঃ পার্থং বাসায়েবাণ্ডজা দ্রুমম্ ॥৬॥
কর্ণচাপচ্যুতা বাণাঃ সংপতন্তস্ততস্ততঃ।
রুক্মপুঙ্খা ব্যরাজন্ত হংসাঃ শ্রেণীকৃতা ইব ॥৭॥

ভারতকৌমুদী

তানিতি। বিমনা দুঃখিতশ্চ তান্ রক্ষিতুমশক্তত্বাৎ। পাণ্ডবং ভীমম্ ॥৩॥
স ইতি। অস্যন্ নিক্ষিপন্, রশ্মীন্ কিরণান্ ॥৪॥
কিরণৈরিতি। বিততৈর্বিস্তৃতৈঃ ॥৫॥
ত ইতি। কঙ্কবর্হিণাঃ কঙ্কময়ূরপক্ষিপক্ষা বাসাংসি আবরণানি যেষাং তে। অণ্ডজাঃ পক্ষিণঃ ॥৬॥
কর্ণেতি। রুক্মপুঙ্খাঃ স্বর্ণখচিতমূলদেশাঃ ॥৭॥

মহারাজ! তিনি ভীমের বাণপতনের স্থান হইতে সরিয়া যাইয়া কিছু কাল ভীমনিহত আপনার পুত্রগণকে দেখিলেন ॥২॥

নরশ্রেষ্ঠ! তিনি তাঁহাদিগকে দেখিয়া বিষণ্ণ ও দুঃখিত হইয়া তখন দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করিয়া পুনরায় ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩॥

পরে কর্ণ ক্রোধে তাম্রনয়ন হইয়া মহাসর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া সূর্য্য যেমন কিরণ নিক্ষেপ করেন, সেইরূপ বাণক্ষেপ করতঃ প্রকাশ পাইতে লাগিলেন ॥৪॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমে সূর্য্যের বিস্তৃত কিরণের ন্যায় কর্ণকার্ম্মুকনির্গত বাণ সকল যাইয়া ভীমসেনকে আবৃত করিল ॥৫॥

কর্ণকার্ম্মুকনির্গত কঙ্ক (হাড়গিলা) ও ময়ূরের পক্ষযুক্ত বাণসমূহ যাইয়া—বাস করিবার জন্য পক্ষিগণ যেমন বৃক্ষে প্রবেশ করে, সেইরূপ ভীমের শরীরে প্রবেশ করিতে লাগিল ॥৬॥

কর্ণধনুর্নিঃসৃত স্বর্ণপুঙ্খ বাণ সকল শ্রেণীকৃত হংসগণের ন্যায় ইতস্ততঃ পতিত থাকিয়া প্রকাশ পাইতে থাকিল ॥৭॥

চাপধ্বজোপস্করেভ্যশ্ছত্রাদীষামুখাদ্‌যুগাৎ ।
প্রভবন্তো ব্যদৃশ্যন্ত রাজন্নাধিরথেঃ শরাঃ ॥৮॥
খং পূরয়ন্ মহাবেগান্ খগমান্ গৃধ্রবাসসঃ ।
সুবর্ণবিকৃতাংশ্চিত্রান্ মুমোচাধিরথিঃ শরান্ ॥৯॥
তমন্তকমিবায়ন্তমাপতন্তং বৃকোদরঃ ।
ত্যক্ত্বা প্রাণানতিক্রম্য বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥১০॥
তস্য বেগমসহ্যং স দৃষ্ট্বা কর্ণস্য পাণ্ডবঃ ।
মহতশ্চ শরৌঘাংস্তান্ নৈবাব্যথত বীর্য্যবান্ ॥১১॥
ততো নিরস্যাধিরথেঃ শরজালানি পাণ্ডবঃ ।
বিব্যাধ কর্ণং বিংশত্যা পুনরন্যৈঃ শিলাশিতৈঃ ॥১২॥
যথৈব হি স কর্ণেন পার্থঃ প্রচ্ছাদিতঃ শরৈঃ ।
তথৈব স রণে কর্ণং ছাদয়ামাস পাণ্ডবঃ ॥১৩॥

ভারতকৌমুদী

চাপেতি। উপস্করাদয়ো রথাঙ্গবিশেষাঃ। প্রভবন্ত আবির্ভবন্তঃ। আধিরথেঃ কর্ণস্য ॥৮॥
খমিতি। খমাকাশম্। খগমান্ আকাশচরান্। সুবর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্ ॥৯॥
তমিতি। অয়ন্তমক্লান্তং যথা স্যাত্তথা। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা, অতিক্রম্যান্যান্ ॥১০॥
তস্যেতি। পাণ্ডবো ভীমঃ। নৈবাব্যথত বীর্য্যবত্ত্বাদেব ॥১১॥
তত ইতি। নিরস্য প্রতিহত্য। শিলাশিতৈঃ শিলাঘর্ষণেন সুধারীকৃতৈঃ শরৈঃ ॥১২॥
যথেতি। পার্থো ভীমঃ। পাণ্ডবোঽপি ভীম এব ॥১৩॥

রাজা! কর্ণের বাণ সকল—ধনু, ধ্বজ, উপস্কর, ঈষা ও যুগ হইতে আবির্ভূত হইতে দেখা যাইতে লাগিল ॥৮॥

ক্রমে কর্ণ আকাশ পূর্ণ করিতে থাকিয়া মহাবেগশালী, আকাশগামী, গৃধ্রপক্ষযুক্ত ও স্বর্ণখচিত বিচিত্র বাণ সকল নিক্ষেপ করিতে থাকিলেন ॥৯॥

কর্ণ যমের ন্যায় অনায়াসে আসিতে লাগিলে, ভীমসেন প্রাণত্যাগে উদ্যত হইয়া অন্য যোদ্ধাদিগকে অতিক্রম করিয়া সুধার বাণসমূহদ্বারা কর্ণকেই বিদ্ধ করিতে লাগিলেন ॥১০॥

বলবান্ ভীমসেন কর্ণের অসহ্য বেগ এবং বিশাল বাণসমূহ দেখিয়াও ব্যথিত হইলেন না ॥১১॥

তদনন্তর ভীমসেন কর্ণের শরজাল প্রতিহত করিয়া পুনরায় অপর শিলাশাণিত কুড়িটা বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ॥১২॥

(১০) তমন্তকমিবায়ান্তমাপতন্তম্...পি বঙ্গ বৰ্দ্ধ।

দৃষ্ট্বা তু ভীমসেনস্য বিক্রমং যুধি ভারত ! ।
অভ্যনন্দংস্ত্বদীয়াশ্চ সংপ্রহৃষ্টাশ্চ চারণাঃ ॥১৪॥
ভূরিশ্রবাঃ কৃপো দ্রৌণির্মদ্ররাজো জয়দ্রথঃ ।
উত্তমৌজা যুধামন্যুঃ সাত্যকিঃ কেশবার্জ্জুনৌ ॥১৫॥
কুরুপাণ্ডবপ্রবরা দশ রাজন্ ! মহারথাঃ ।
সাধু সাধ্বিতি বেগেন সিংহনাদমথানদন্ ॥১৬॥ (যুগ্মকম্)
তস্মিন্ সমুত্থিতে শব্দে তুমুলে লোমহর্ষণে ।
অভ্যভাষত পুত্রস্তে রাজন্ ! দুর্য্যোধনস্ত্বরন্ ॥১৭॥
রাজ্ঞঃ সরাজপুত্রাংশ্চ সোদর্য্যাংশ্চ বিশেষতঃ ।
কর্ণং গচ্ছত ভদ্রং বঃ পরীপ্সন্তো বৃকোদরাৎ ॥১৮॥ (যুগ্মকম্)
পুরা নিঘ্নন্তি রাধেয়ং ভীমচাপচ্যুতাঃ শরাঃ ।
তে যতধ্বং মহেষ্বাসাঃ ! সূতপুত্রস্য রক্ষণে ॥১৯॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। অভ্যনন্দন্ প্রাশংসন্। চারণা আকাশস্থা দেবযোনিবিশেষাঃ ॥১৪॥
ভূরীতি। দ্রৌণিরশ্বত্থামা। সিংহস্যেব নাদো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥১৫—১৬॥
তস্মিন্নিতি। ত্বরন্ ত্বরমাণঃ। ভদ্রং মঙ্গলমস্তু, পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥১৭—১৮॥
পুরেতি। পুরা পরস্মিন্ কালে। হে মহেষ্বাসা ! মহাধনুর্দ্ধরাঃ ! ॥১৯॥

কর্ণ যেমন শরজালদ্বারা ভীমকে আবৃত করিয়াছিলেন, ভীমও তেমনই শরজালদ্বারা কর্ণকে আবৃত করিয়া ফেলিলেন ॥১৩॥

ভরতনন্দন। যুদ্ধে ভীমসেনের বিক্রম দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা এবং আকাশবর্ত্তী চারণেরা আনন্দিত হইয়া তাঁহার প্রশংসা করিতে লাগিলেন ॥১৪॥

রাজা। কুরুপক্ষের ভূরিশ্রবা, কৃপাচার্য্য, অশ্বত্থামা, শল্য ও জয়দ্রথ এবং পাণ্ডবপক্ষের উত্তমৌজা, যুধামন্যু, সাত্যকি, কৃষ্ণ ও অর্জ্জুন এই দশ জন মহারথ সাধু সাধু বলিয়া বেগে সিংহনাদ করিলেন ॥১৫—১৬॥

রাজা। সেই তুমুল ও লোমহর্ষণ শব্দ উত্থিত হইলে, আপনার পুত্র দুর্য্যোধন ত্বরান্বিত হইয়া রাজগণ, রাজপুত্রগণ এবং বিশেষভাবে সহোদরগণকে বলিলেন—'তোমরা ভীমের হাত হইতে কর্ণকে রক্ষা করিবার জন্য সত্বর গমন কর; তোমাদের মঙ্গল হউক ॥১৭—১৮॥

---

(১৬) কুরুপাণ্ডবপক্ষস্থাঃ…নি। (১৯) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

দুর্য্যোধনসমাদিষ্টাঃ সোদর্য্যাঃ সপ্ত ভারত ! ।
ভীমসেনমভিক্রুত্য সংরব্ধাঃ পর্য্যবারয়ন্ ॥২০॥
তে সমাসাদ্য কৌন্তেয়মাবৃণ্বন্ শরবৃষ্টিভিঃ ।
পর্ব্বতং বারিধারাভিঃ প্রাবৃষীব বলাহকাঃ ॥২১॥
তেঽপীড়য়ন্ ভীমসেনং ক্রুদ্ধাঃ সপ্ত মহারথাঃ ।
প্রজাসংহরণে রাজন্ ! সোমং সপ্ত গ্রহা ইব ॥২২॥
ততো বামেন কৌন্তেয়ঃ পীড়য়িত্বা শরাসনম্ ।
মুষ্টিনা পাণ্ডবো রাজন্ ! দৃঢ়েন সুপরিষ্কৃতম্ ॥২৩॥
স মুষ্টিসমতাং জ্ঞাত্বা সপ্ত সন্ধায় সায়কান্ ।
তেভ্যো ব্যসৃজদায়স্তঃ সূর্য্যরশ্মিনিভান্ প্রভুঃ ॥২৪॥
নিরস্যন্নিব দেহেভ্যস্তনয়ানামসূংস্তব ।
ভীমসেনো মহারাজ ! পূর্ব্ববৈরমনুস্মরন্ ॥২৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। অভিক্রুত্য দ্রুতমভিগত্য, সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥২০॥

ত ইতি। কৌন্তেয়ং ভীমসেনম্। প্রাবৃষি বর্ষাকালে, বলাহকা মেঘাঃ ॥২১॥

ত ইতি। প্রজা লোকাঃ সংহ্রিয়ন্তে অস্মিন্নিতি প্রজাসংহরণঃ প্রলয়কালস্তত্র ॥২২॥

তত ইতি। শরাসনং ধনুঃ। মুষ্টেঃ সমতাং ধার্ত্তরাষ্ট্রাণাং সমসূত্রপাতিতাম্। এতত্তু সন্ধানসমীচীনত্বার্থমুক্তম্। আয়স্তোঽধিকাকর্ষণেন শ্রান্তঃ। নিরস্যন্ বহিষ্কুর্বন্। অসূন্ প্রাণান্ ॥২৩—২৫॥

ভীমের ধনু হইতে নির্গত বাণ সকল যাইয়া হয় ত পরে কর্ণকে বধ করিবে। সুতরাং মহাধনুর্দ্ধরগণ ! আপনারা কর্ণকে রক্ষা করিবার জন্য যত্ন করুন' ॥১৯॥

ভরতনন্দন ! তখন দুর্য্যোধনের আদেশে সাত জন সহোদর ক্রুদ্ধ হইয়া সত্বর যাইয়া ভীমকে পরিবেষ্টন করিলেন ॥২০॥

এবং বর্ষাকালে মেঘসমূহ যেমন জলধারাদ্বারা পর্ব্বত আবৃত করে, সেইরূপ তাঁহারা উপস্থিত হইয়া বাণবৃষ্টিদ্বারা ভীমকে আবৃত্ত করিলেন ॥২১॥

রাজা ! প্রলয়কালে সাতটা গ্রহ যেমন চন্দ্রকে পীড়ন করে, সেইরূপ সেই সাত জন মহারথ ক্রুদ্ধ হইয়া ভীমসেনকে পীড়ন করিতে লাগিলেন ॥২২॥

মহারাজ ! তখন প্রভাবশালী কুন্তীনন্দন ভীমসেন পূর্ব্বশত্রুতা স্মরণপূর্ব্বক

(২৩) ততো বেগেন কৌন্তেয়ঃ—বা নি। (২৪) মনুষ্যসমতাং জ্ঞাত্বা…বা, অমানুষং কর্ম্ম কৃত্বা—নি।

তে ক্ষিপ্তা ভীমসেনেন শরা ভারত ! ভারতান্।
বিদার্য্য খং সমুৎপেতুঃ স্বর্ণপুঙ্খাঃ শিলাশিতাঃ ॥২৬॥
তেষাং বিদার্য্য দেহাংস্তে শরা হেমবিভূষিতাঃ।
ব্যরাজন্ত মহারাজ ! সুপর্ণা ইব খেচরাঃ ॥২৭॥
শোণিতাদিগ্ধসর্ব্বাঙ্গাঃ সপ্ত হেমপরিস্কৃতাঃ।
পুত্রাণাং তব রাজেন্দ্র ! পীত্বা শোণিতমুদ্‌গতাঃ ॥২৮॥
তে শরৈর্ভিন্নমর্ম্মাণো রথেভ্যঃ প্রাপতন্ ক্ষিতৌ।
গিরি-সানু-রুহা ভগ্না দ্বিপেনেব মহাদ্রুমাঃ ॥২৯॥
শক্রঞ্জয় শক্রসহশ্চিত্রশ্চিত্রায়ুধো দৃঢ়ঃ।
চিত্রসেনো বিকর্ণশ্চ সপ্তৈতে বিনিপাতিতাঃ ॥৩০॥

ভারতকৌমুদী

ত ইতি। ভারতান্ ভরতবংশীয়ান্ ত্বৎপুত্রান্। খমাকাশম্ ॥২৬॥
তেষামিতি। সুপর্ণাঃ স্বর্ণবর্ণপক্ষাঃ পক্ষিণঃ, খেচরা আকাশচরাঃ ॥২৭॥
শোণিতেতি। শোণিতেন আদিগ্ধানি সংলিপ্তানি সর্বাণ্যঙ্গানি যেষাং তে শরাঃ ॥২৮॥
ত ইতি। ভিন্নমর্ম্মাণো বিদীর্ণহৃদয়াঃ। গিরিসানুরুহাঃ পর্ব্বতসমতলদেশজাতাঃ ॥২৯॥

বামমুষ্টিদ্বারা সুমার্জ্জিত ধনুখানাকে দৃঢ়ভাবে ধরিয়া, সূর্য্যরশ্মির ন্যায় উজ্জ্বল সাতটা বাণ সন্ধান করিয়া, আপনার পুত্রেরা মুষ্টির সমসূত্রপাতে রহিয়াছেন জানিয়া, তাঁহাদের দেহ হইতে প্রাণগুলিকে যেন বাহির করিতে থাকিয়া, বিশেষ শ্রান্ত হইয়া (সজোরে) তাঁহাদের উদ্দেশে ক্রমে সে বাণগুলিকে নিক্ষেপ করিলেন ॥২৩—২৫॥

ভরতনন্দন ! ক্রমে ভীমসেননিক্ষিপ্ত স্বর্ণপুঙ্খ ও সুধার সেই বাণগুলি যাইয়া আপনার পুত্রগণকে বিদীর্ণ করিয়া আকাশে উঠিল ॥২৬॥

মহারাজ ! স্বর্ণভূষিত সেই বাণগুলি তাঁহাদের দেহ বিদীর্ণ করিয়া আকাশচারী স্বর্ণবর্ণপক্ষযুক্ত পক্ষিগণের ন্যায় প্রকাশ পাইয়াছিল ॥২৭॥

রাজশ্রেষ্ঠ ! স্বর্ণভূষিত সেই সাতটা বাণ আপনার পুত্রগণের রক্ত পান করিয়া রক্তলিপ্তসর্ব্বাঙ্গ হইয়া আকাশে উঠিয়াছিল ॥২৮॥

তখন পর্ব্বতের সমতলদেশজাত বিশাল বৃক্ষ সকল যেমন হস্তিকর্ত্তৃক ভগ্ন হইয়া ভূতলে পতিত হয়, সেইরূপ সেই ধার্ত্তরাষ্ট্রেরা শরাঘাতে বিদীর্ণহৃদয় হইয়া ভূতলে পতিত হইলেন ॥২৯॥

---

(২৭) তেষাং বিদার্য্য চেতাংসি—পি বা বঙ্গ বৰ্দ্ধ। (২৮)···শোণিতাদিগ্ধবাজাগ্রাঃ··· পি বা নি,···পীত্বা শোণিতমুদ্‌গতম্—পি বঙ্গ বৰ্দ্ধ। (২৯) তৈঃ শরৈঃ—পি।

তান্ নিহত্য মহাবাহু রাধেয়স্যৈব পশ্যতঃ।
সিংহনাদরবং ঘোরমসৃজৎ পাণ্ডুনন্দনঃ ॥৩১॥
স রবস্তস্য শূরস্য ধর্ম্মরাজস্য ভারত!।
আচখ্যাবিব তদ্‌যুদ্ধং বিজয়ঞ্চাত্মনো মহৎ ॥৩২॥
তং শ্রুত্বা তু মহানাদং ভীমসেনস্য ধন্বিনঃ।
বভূব পরমপ্রীতির্ধর্ম্মরাজস্য ধীমতঃ ॥৩৩॥
ততো হৃষ্টমনা রাজন্! বাদিত্রাণাং মহাস্বনৈঃ।
সিংহনাদরবং ভ্রাতুঃ প্রতিজগ্রাহ পাণ্ডবঃ ॥৩৪॥
হর্ষেণ মহতা যুক্তঃ কৃতসংজ্ঞে বৃকোদরে।
অভ্যয়াৎ সমরে দ্রোণং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

অথ কে তে সপ্তেত্যাহ শত্রুঞ্জয় ইতি। অত্র চিত্রচিত্রায়ুধৌ পূর্ব্বোক্তভিন্নৌ ॥৩০॥
তানিতি। পশ্যতো রাধেয়স্য পশ্যন্তমেব রাধেয়মনাদৃত্যেত্যর্থং। অনাদরে ষষ্ঠী ॥৩১॥
স ইতি। আচখ্যৌ উবাচেব। মহদিতি যুদ্ধবিশেষণম্ ॥৩২॥
তমিতি। পরমপ্রীতির্বভূব জয়াবগমাদিত্যাশয়ঃ ॥৩৩॥
তত ইতি। ভ্রাতুর্ভীমস্য, প্রতিজগ্রাহ স্বীচকার, পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥৩৪॥
হর্ষেণেতি। যুক্তো যুধিষ্ঠিরঃ, কৃতা সংজ্ঞা জয়সঙ্কেতো যেন তস্মিন্ ॥৩৫॥

শত্রুঞ্জয়, শত্রুসহ, চিত্র, চিত্রায়ুধ, দৃঢ়, চিত্রসেন ও বিকর্ণ এই সাত জন নিপাতিত হইয়াছিলেন ॥৩০॥

মহাবাহু ভীমসেন কর্ণের সমক্ষেই তাঁহাদিগকে বধ করিয়া ভয়ঙ্কর সিংহনাদ করিলেন ॥৩১॥

ভরতনন্দন! সেই সিংহনাদ যাইয়া বীর যুধিষ্ঠিরের নিকটে যেন সেই মহাযুদ্ধের ও ভীমের জয়ের সংবাদ বলিল ॥৩২॥

ধনুর্দ্ধর ভীমসেনের সেই মহানাদ শুনিয়া ধীমান্ যুধিষ্ঠিরের পরম প্রীতি জন্মিল ॥৩৩॥

রাজা! তাহার পর যুধিষ্ঠির হৃষ্টচিত্ত হইয়া বিশাল বাদ্যধ্বনি করিয়া ভ্রাতা ভীমসেনের সিংহনাদ স্বীকার করিলেন ॥৩৪॥

ভীমসেন জয়সঙ্কেত করিলে, যুধিষ্ঠির মহাহর্ষযুক্ত হইয়া যুদ্ধে সর্ব্বশস্ত্রধারী-শ্রেষ্ঠ দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

---

(৩১) ·· রাধেয়স্য চ পশ্যতঃ--পি। (৩৫)···সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ—বা নি।

একত্রিংশন্মহারাজ! পুত্রাংস্তব নিপাতিতান্।
ততো দুর্য্যোধনো দৃষ্ট্বা ক্ষত্তুঃ সস্মার তদ্বচঃ ॥৩৬॥
তদিদং সমনুপ্রাপ্তং ক্ষত্তুর্নৈঃশ্রেয়সং বচঃ।
ইতি সঞ্চিন্ত্য তে পুত্রো নোত্তরং প্রত্যপদ্যত ॥৩৭॥
যদ্দ্যূতকালে দুর্বুদ্ধিরব্রবীত্তনয়স্তব।
সভামানায্য পাঞ্চালীং কর্ণেন সহিতোঽল্পধীঃ ॥৩৮॥
যচ্চ কর্ণোঽব্রবীৎ কৃষ্ণাং সভায়াং পরুষং বচঃ।
প্রমুখে পাণ্ডুপুত্রাণাং তব চৈব বিশাংপতে!।
শৃণ্বতস্তব রাজেন্দ্র! কৌরবাণাঞ্চ সর্ব্বশঃ ॥৩৯॥
বিনষ্টাঃ পাণ্ডবাঃ কৃষ্ণে! শাশ্বতং নরকং গতাঃ।
পতিমন্যং বৃণীষ্বেতি তস্যেদং ফলমাগতম্ ॥৪০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

একেতি। একত্রিংশৎ ভীমপ্রবেশাদারভ্যেতি গণনীয়ম্। ক্ষত্তুর্বিদুরস্য ॥৩৬॥

তদিতি। তৎ তদ্বচঃপ্রতিপাদ্যং ফলম্। নৈঃশ্রেয়সং নিশ্চিতমঙ্গলকরম্। তদ্বচশ্চ প্রাগেবোল্লিখিতম্। পুত্রো দুর্য্যোধনঃ, উত্তরং পরকর্ত্তব্যম্, ন প্রত্যপদ্যত ন নিরধারয়ৎ ॥৩৭॥

যদিতি। তনয়ো দুর্য্যোধন এব। প্রমুখে সম্মুখে। কৌরবাণাঞ্চ শৃণ্বতাম, সর্ব্বশঃ সর্ব্বেষাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। কর্ণো যদব্রবীৎ তদনুবদতি বিনষ্টা ইতি। শাশ্বতং চিরন্তনম্ ॥৩৮—৪০॥

মহারাজ! তাহার পর দুর্য্যোধন আপনার একত্রিশটী পুত্রকে নিপাতিত দেখিয়া বিদুরের সেই সকল বাক্য স্মরণ করিতে লাগিলেন ॥৩৬॥

'এই সেই বিদুরের হিতকারী বাক্যের ফল উপস্থিত হইয়াছে' ইহা মনে করিয়া আপনার পুত্র (দুর্য্যোধন) কোন পরকর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৩৭॥

নরনাথ রাজশ্রেষ্ঠ! সেই দ্যূতক্রীড়ার সময়ে দুর্বুদ্ধি ও অল্পবুদ্ধি আপনার পুত্র (দুর্য্যোধন) দ্রৌপদীকে সভায় আনাইয়া যাহা বলিয়াছিলেন, আর পাণ্ডবগণের ও আপনার সম্মুখে এবং আপনি শোনেন ও কৌরবেরা সকলে শুনিতে পান এই অবস্থায় সভামধ্যে দ্রৌপদীর প্রতি কর্ণ যে নিষ্ঠুর কথা কহিয়াছিলেন—'দ্রৌপদি! পাণ্ডবেরা বিনষ্ট হইয়া চিরকালের জন্য নরকে গিয়াছে। সুতরাং তুমি অন্য পতি বরণ কর' সেই বাক্যের এই ফল উপস্থিত হইয়াছে ॥৩৮—৪০॥

যচ্চ ষণ্ডতিলাদীনি পরুষাণি তবাত্মজৈঃ।
শ্রাবিতাস্তে মহাত্মানঃ পাণ্ডবাঃ কোপয়িষ্ণুভিঃ ॥৪১॥
তং ভীমসেনঃ ক্রোধাগ্নিং ত্রয়োদশ সমাঃ স্থিতম্।
উদ্গিরংস্তব পুত্রাণামন্তং গচ্ছতি পাণ্ডবঃ ॥৪২॥ (যুগ্মকম্)
বিলপংশ্চ বহু ক্ষত্তা শমং নালভত ত্বয়ি।
সপুত্ত্রো ভরতশ্রেষ্ঠ! তস্য ভুঙ্‌ক্ষ্ব ফলোদয়ম্ ॥৪৩॥
ত্বয়া বৃদ্ধেন ধীরেণ কার্য্যতত্ত্বার্থদর্শিনা।
ন কৃতং সুহৃদাং বাক্যং দৈবমত্র পরায়ণম্ ॥৪৪॥
তন্মা শুচো নরব্যাঘ্র! তবৈবাপনয়ো মহান্।
বিনাশহেতু পুত্ত্রাণাং ভবানেব মতো মম ॥৪৫॥

ভারতকৌমুদী

যদিতি। কোপয়িষ্ণুভিঃ ক্রোধয়িতৃভিঃ। তং তন্নিবন্ধনম্। সমা বৎসরান্ ॥৪১—৪২॥
বিলপন্নিতি। ক্ষত্তা বিদুরঃ, শমং তন্মতগ্রহণেন শান্তিম্ ॥৪৩॥
ত্বয়েতি। পরায়ণং পরমো হেতুঃ ॥৪৪॥
তদিতি। মা শুচঃ শোকং ন কুরু। অপনয়ো দুর্নীতিঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

ভীমসেনস্তেতি ॥১—৩৪॥ কৃতসংজ্ঞো গৃহীতসঙ্কেতঃ ॥৩৫—৩৬॥ নিঃশ্রেয়সং নিশ্চিতং শ্রেয়ঃসাধনম্ ॥৩৭—৪০॥ যে পরুষাণ্যাহুস্তেষামন্তমিত্যন্বয়ঃ যত্তদোর্নিত্যসম্বন্ধাৎ ॥৪১—৪৮॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৮॥

তা'র পর আপনার অন্য পুত্ত্রেরা পাণ্ডবগণের ক্রোধ জন্মাইবার জন্য 'ষণ্ডতিল'-প্রভৃতি যে সকল নিষ্ঠুর বাক্য সেই মহাত্মাদিগকে শুনাইয়াছিলেন, তাহাতে উৎপন্ন এবং ত্রয়োদশ বৎসর যাবৎ সঞ্চিত ক্রোধাগ্নি উদ্গার করতঃ পাণ্ডুনন্দন ভীমসেন আপনার পুত্ত্রগণকে বিনাশ করিতেছেন ॥৪১—৪২॥

ভরতশ্রেষ্ঠ! বিদুর বহু বিলাপ করিয়াও আপনার নিকটে শান্তি পান নাই। সুতরাং আপনি এখন পুত্ত্রগণের সহিত তাহার ফলভোগ করুন ॥৪৩॥

আপনি বৃদ্ধ, বুদ্ধিমান্ এবং কার্য্যতত্ত্বজ্ঞ; তথাপি আপনি বন্ধুগণের বাক্য রক্ষা করেন নাই। অতএব এ বিষয়ে দৈবকেই প্রধান কারণ বলিতে হইবে ॥৪৪॥

সুতরাং নরশ্রেষ্ঠ! আপনি শোক করিবেন না; আপনারই গুরুতর দুর্নীতি এবং আপনিই এই পুত্ত্রবিনাশের হেতু, ইহা আমার ধারণা ॥৪৫॥

---

(৪২)...ত্রয়োদশ সমা হৃতম্—পি।

হতো বিকর্ণো রাজেন্দ্র! চিত্রসেনশ্চ বীর্য্যবান্।
প্রবরাশ্চাত্মজানাং তে সুতাশ্চান্যে মহারথাঃ ॥৪৬॥
যানন্যান্ দদৃশে ভীমশ্চক্ষুর্বিষয়মাগতান্।
পুত্রাংস্তব মহারাজ! ত্বরয়া তান্ জঘান হ ॥৪৭॥
ত্বৎকৃতে হ্যহমদ্রাক্ষং দহ্যমানাং বরূথিনীম্।
সহস্রশঃ শরৈর্মুক্তৈঃ পাণ্ডবেন বৃষেণ চ ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমযুদ্ধে অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

মহানপনয়ঃ সূত! মমৈবাত্র বিশেষতঃ।
স ইদানীমনুপ্রাপ্তো মন্যে সঞ্জয়! শোচতঃ ॥১॥

ভারতকৌমুদী

হত ইতি। প্রবরাঃ শ্রেষ্ঠাঃ ॥৪৬॥

যানিতি। দদৃশে দদর্শ ॥৪৭॥

ত্বদিতি। ত্বৎকৃতে ত্বন্নিমিত্তে। বরূথিনীং সেনাম্। বৃষেণ কর্ণেন ॥৪৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

রাজশ্রেষ্ঠ! বলবান্ বিকর্ণ ও চিত্রসেন নিহত হইয়াছেন এবং আপনার পুত্রদের মধ্যে প্রধান পুত্রেরা ও অন্য মহারথেরা বিনষ্ট হইয়াছেন ॥৪৬॥

মহারাজ! অন্য যাঁহারা ভীমের দৃষ্টিগোচর হইয়াছিলেন, ভীম আপনার সেই সকল পুত্রকেও সত্বর বধ করিয়াছেন ॥৪৭॥

রাজা! আপনার জন্যই ভীম ও কর্ণ সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিয়া কৌরবসৈন্য ও পাণ্ডবসৈন্য বধ করিতেছিলেন, তাহা আমি দেখিয়াছি' ॥৪৮॥

* '...পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...সপ্তত্রিংশদধিশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

যদ্‌গতং তদ্‌গতমিতি মমাসীন্মনসি স্থিতম্‌ ।
ইদানীমত্র কিং কার্য্যং প্রকরিষ্যামি সঞ্জয় ! ॥২॥
যথা ত্বেষ ক্ষয়ো বৃত্তো মমাপনয়সম্ভবঃ ।
বীরাণাং তম্মনাচক্ষ্ব স্থিরীভূতোঽস্মি সঞ্জয় ! ॥৩॥

সঞ্জয় উবাচ ।

কর্ণভীমৌ মহারাজ ! পরাক্রান্তৌ মহাবলৌ ।
বাণবর্ষাণ্যসৃজতাং বৃষ্টিমন্তাবিবাম্বুদৌ ॥৪॥
ভীমনামাঙ্কিতা বাণাঃ স্বর্ণপুঙ্খাঃ শিলাশিতাঃ ।
বিবিশুং কর্ণমাসাদ্য ছিন্দন্ত ইব জীবিতম্‌ ॥৫॥
তথৈব কর্ণনির্ম্মুক্তাঃ শরা বর্হিণবাসসঃ ।
ছাদয়াঞ্চক্রিরে ভীমং শতশোঽথ সহস্রশঃ ॥৬॥

ভারতকৌমুদী

মহানিতি। অপনয়ো দুর্নীতিঃ। বিশেষতঃ প্রাধান্যেন, শক্তৌ সত্যামপি নিবৃত্ত্যকরণাৎ ॥১॥
যদিতি। যদত্যাচারাদিকম্‌। অত্র সংক্ষয়ে। কিমপি নেত্যর্থঃ উপায়াভাবাৎ ॥২॥
যথেতি। বৃত্তো জাতঃ। স্থিরীভূতোঽস্মি তৎসর্বশ্রবণে ॥৩॥
কর্ণেতি। অসৃজতামকুরুতাম্‌ অম্বুদৌ মেঘৌ ॥৪॥
ভীমেতি। শিলাশিতাঃ শিলায়াং ঘর্ষণেন সুধারীকৃতাঃ। ছিন্দন্তো নাশয়ন্তঃ ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সারথিবংশীয় সঞ্জয় ! এ বিষয়ে প্রধানতঃ আমারই গুরুতর দুর্নীতি। সুতরাং আমি মনে করি—আমার এখন সেই দুর্নীতিরই ফল উপস্থিত হইয়াছে ; তাই আমি শোকার্ত্ত হইয়াছি ॥১॥

সঞ্জয় ! আমার মনে ছিল যে, যাহা গিয়াছে, তাহা ত গিয়াছেই। এখন আমি এ বিষয়ে কি উপায় করিব ? ॥২॥

সে যাহা হউক, সঞ্জয় ! আমার দুর্নীতিনিবন্ধন বীরগণের যেরূপ এই ক্ষয় হইয়াছিল, তাহা তুমি আমার নিকট বল ; আমি শুনিবার পক্ষে স্থির হইলাম' ॥৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! পরাক্রমশালী ও মহাবল কর্ণ এবং ভীম বৃষ্টিকারী দুইটা মেঘের ন্যায় বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪॥

ভীমনামাঙ্কিত, স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত বাণ সকল যাইয়া জীবনই যেন বিনাশ করিতে থাকিয়া কর্ণের দেহে প্রবেশ করিতে থাকিল ॥৫॥

(৫) ...বিবিশুঃ কর্ণমাহত্য ক্ষিপন্ত ইব জীবিতম্‌—পি বঙ্গ বৰ্দ্ধ। (৬)...ছাদয়াঞ্চক্রিরে বীরম্‌—বা নি।

তয়োঃ শরৈর্মহারাজ! সম্পতদ্ভিঃ সমন্ততঃ।
বভূব তব তব সৈন্যানাং সংক্ষোভঃ সাগরোপমঃ ॥৭॥
ভীমচাপচ্যুতৈর্বাণৈস্তব সৈন্যমরিন্দম!।
অবধ্যত চমূমধ্যে ঘোরৈরাশীবিষোপমৈঃ ॥৮॥
বারণৈঃ পতিতৈ রাজন্! বাজিভিশ্চ নরৈঃ সহ।
অদৃশ্যত মহী কীর্ণা বাতরুগ্ণৈরিব দ্রুমৈঃ ॥৯॥
তে বধ্যমানাঃ সমরে ভীমচাপচ্যুতৈঃ শরৈঃ।
প্রাদ্রবংস্তাবকা যোধাঃ কিমেতদিতি চাব্রুবন্ ॥১০॥
ততো ব্যুদস্তং তৎ সৈন্যং সিন্ধুসৌবীরকৌরবম্।
প্রোৎসারিতং মহাবেগৈঃ কর্ণপাণ্ডবয়োঃ শরৈঃ ॥১১॥

ভারতকৌমুদী

তথেতি। বর্হিণা ময়ূরাস্তৎপক্ষা বাসাংসি আবরণানি যেষাং তে ॥৬॥

তয়োরিতি। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু। সাগরোপমঃ সাগরসংক্ষোভতুল্যঃ ॥৭॥

ভীমেতি। আশীবিষোপমৈঃ সর্পতুল্যৈর্দীর্ঘৈঃ ॥৮॥

বারণৈরিতি। বারণৈর্গজৈঃ। বাজিভিরশ্বৈঃ। বাতরুগ্ণৈর্বায়ুভগ্নৈঃ ॥৯॥

ত ইতি। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥১০॥

ভারতভাবদীপঃ

মহানিতি ॥১—৬॥ সাগরোপমঃ মহত্তরঃ ॥৭—১০॥ শরৈর্ব্যুদস্তমাক্ষিপ্তং প্রসারিতং দূরমপসারিতম্ ॥১১—২৮॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৯॥

সেইরূপই আবার কর্ণনিক্ষিপ্ত ময়ূরপক্ষযুক্ত শত শত ও সহস্র সহস্র বাণ যাইয়া ভীমকে আচ্ছাদন করিল ॥৬॥

মহারাজ! তাঁহাদের বাণগুলি যাইয়া সকল দিকে পতিত হইতে থাকায় আপনার পক্ষের সৈন্যগণের সমুদ্রসংক্ষোভের ন্যায় সংক্ষোভ হইল ॥৭॥

অরিন্দম! ভীমের ধনু হইতে নির্গত, সর্পতুল্য দীর্ঘ ও ভয়ঙ্কর বাণ সকল যাইয়া বাহিনীমধ্যে আপনার সৈন্য বধ করিতে লাগিল ॥৮॥

রাজা! ক্রমে দেখা গেল—বায়ুভগ্ন বৃক্ষসমূহের ন্যায় পতিত হস্তী, অশ্ব ও মনুষ্যে সমরভূমি ব্যাপ্ত হইয়া গিয়াছে ॥৯॥

ভীমের ধনু হইতে নিঃসৃত বাণ সকল যাইয়া বধ করিতে লাগিলে, আপনার পক্ষের যোদ্ধারা পলায়ন করিতে লাগিল এবং 'এ কি' এইরূপ বলিতে থাকিল ॥১০॥

তে শূরা হতভূয়িষ্ঠা হতাশ্বরথবারণাঃ।
উৎসৃজ্য ভীমং কর্ণঞ্চ ব্যদ্রবন্ সর্ব্বতো দিশঃ ॥১২॥
নূনং পার্থার্থমেবাস্মান্ মোহয়ন্তি দিবৌকসঃ।
যদ্ভীমকর্ণপ্রভবৈর্হন্যতে নো বলং শরৈঃ ॥১৩॥
এবং ব্রুবাণা যোধাস্তে তাবকা ভয়পীড়িতাঃ।
শরপাতং সমুৎসৃজ্য স্থিতা যুদ্ধদিদৃক্ষবঃ ॥১৪॥
ততঃ প্রাবর্ত্তত নদী ঘোররূপা রণাজিরে।
শূরাণাং হর্ষজননী ভীরূণাং ভয়বর্দ্ধিনী।
বারণাশ্বমনুষ্যাণাং রুধিরৌঘসমুদ্ভবা ॥১৫॥
সংবৃতা গতসত্ত্বৈশ্চ মনুষ্যগজবাজিভিঃ।
সানুকর্ষপতাকৈশ্চ দ্বিপাশ্বরথভূষণৈঃ ॥১৬॥
স্যন্দনৈরপবিদ্ধৈশ্চ ভগ্নচক্রাক্ষকূবরৈঃ।
জাতরূপপরিষ্কারৈর্ধনুর্ভিঃ সুমহাস্বনৈঃ ॥১৭॥
সুবর্ণপুঙ্খৈরিষুভির্নারাচৈশ্চ সহস্রশঃ।
কর্ণপাণ্ডবনির্ম্মুক্তৈর্নির্ম্মুক্তৈরিব পন্নগৈঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। ব্যূদস্তং বিশৃঙ্খলীকৃতম্। প্রোৎসারিতমপসারিতম্ ॥১১॥
ত ইতি। হতা ভূয়িষ্ঠা বহুলা যেষাং তে। ব্যদ্রবন্ পলায়ন্ত ॥১২॥
নূনমিতি। পার্থার্থং দেবপুত্রার্জ্জুনহুবিধার্থম্। নঃ অস্মাকম্ ॥১৩॥
এবমিতি। শরপাতং বাণপতনদেশপর্য্যন্তম্। যুদ্ধদিদৃক্ষবো যুদ্ধং দ্রষ্টুমিচ্ছবঃ ॥১৪॥
তত ইতি রণাজিরে সমরচত্বরে। বারণা গজাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

তদনন্তর সিন্ধু ও সৌবীরদেশীয় এবং কৌরবপক্ষীয় সেই সকল সৈন্য মহাবেগশালী কর্ণ ও ভীমের বাণে বিশৃঙ্খল হইয়া অপসৃত হইতে লাগিল ॥১১॥

বহুসংখ্যক নিহত এবং হস্তী, অশ্ব ও রথ বিনষ্ট হইলে, সেই বীরেরা ভীম ও কর্ণকে পরিত্যাগ করিয়া সকল দিকে পলায়ন করিতে থাকিলেন ॥১২॥

'নিশ্চয় অর্জ্জুনের জন্যই দেবতারা আমাদিগকে মোহিত করিতেছেন। যে হেতু ভীম ও কর্ণের বাণগুলি আসিয়া আমাদের সৈন্য সংহার করিতেছে' ॥১৩॥

এইরূপ বলিতে থাকিয়া আপনার পক্ষের ভয়ার্ত্ত যোদ্ধারা বাণপতনের স্থানপর্য্যন্ত ত্যাগ করিয়া যাইয়া যুদ্ধ দেখিবার ইচ্ছায় দাঁড়াইল ॥১৪॥

তাহার পর হস্তী, অশ্ব ও মনুষ্যের রক্তে সঞ্জাত, বীরগণের হর্ষজনক ও ভীরুদিগের ভয়বর্দ্ধক একটা ভয়ঙ্কর নদী সমরাঙ্গনে প্রবাহিত হইল ॥১৫॥

প্রাসতোমরসংঘাতৈঃ খড়্গৈশ্চ সপরশ্বধৈঃ।
সুবর্ণবিকৃতৈশ্চাপি গদামুষলপট্টিশৈঃ ॥১৯॥
বজ্রৈশ্চ বিবিধাকারৈঃ শক্তিভিঃ পরিঘৈরপি।
শতঘ্নীভিশ্চ চিত্রাভির্বভৌ ভারত! মেদিনী ॥২০॥ (কুলকম্)
কনকাঙ্গদহারৈশ্চ কুণ্ডলৈর্মুকুটৈস্তথা।
বলয়ৈরপবিদ্ধৈশ্চ তথৈবাঙ্গুলিবেষ্টকৈঃ ॥২১॥
চূড়ামণিভিরুষ্ণীষৈঃ স্বর্ণসূত্রৈশ্চ মারিষ!।
তনুত্রৈঃ সতলত্রৈশ্চ গ্রৈবেয়ৈশ্চৈব ভারত! ॥২২॥
বস্ত্রৈশ্ছত্রৈশ্চ বিধ্বস্তৈশ্চামরব্যজনৈরপি।
গজাশ্বমনুজৈর্ভিন্নৈঃ শোণিতাক্তৈশ্চ পত্রিভিঃ ॥২৩॥
তৈস্তৈশ্চ বিবিধৈর্ভিন্নৈস্তত্র তত্র বসুন্ধরা।
পতিতৈরপবিদ্ধৈশ্চ বিভবৌ দ্যৌরিব গ্রহৈঃ ॥২৪॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

সংবৃতেতি। গতসত্ত্বৈর্নির্গতপ্রাণৈঃ। অনুকর্ষান্ ইত্যনুকর্ষা রথাধোগতদারুবিশেষাঃ পতাকাশ্চ তাভিঃ সহেতি তৈঃ। স্যন্দনৈ রথৈঃ, অপবিদ্ধৈঃ পাতিতৈঃ, ভগ্নানি চক্রাণি অক্ষাস্তির্য্যগ্দারূণি কূবরাণি দীর্ঘদারূণি চ তৈঃ। জাতরূপেণ স্বর্ণনিবেশেন পরিষ্কারঃ শোভা যেষাং তৈঃ। নির্ম্মুক্তৈস্ত্যক্তচর্ম্মভিঃ। সুবর্ণবিকৃতৈঃ স্বর্ণখচিতৈঃ। শতঘ্নীভিশ্চ সংবৃতেতি সম্বন্ধঃ ॥১৬—২০॥

কনকেতি। অপবিদ্ধৈঃ পাতিতৈঃ, অঙ্গুলিবেষ্টকৈরঙ্গুরীয়কৈঃ। তনুত্রৈঃ কবচৈঃ, তলত্রৈর্হস্তাবরণৈঃ সহেতি তৈঃ, গ্রৈবেয়ৈর্গ্রীবালঙ্কারৈঃ। ভিন্নৈর্বিদীর্ণৈঃ। দ্যৌরাকাশম্ ॥২১-২৪॥

ভরতনন্দন! প্রাণবিহীন মানুষ, হস্তী ও অশ্ব; রথের নীচের কাঠ ও পতাকা; হস্তী, অশ্ব ও রথের ভূষণ; নিপাতিত রথ; ভগ্ন চক্র, তেরচা কাঠ ও খাড়া কাঠ; স্বর্ণভূষিত ও মহাশব্দকারী ধনু; খোলসশূন্য সর্পের ন্যায় উজ্জ্বল ও স্বর্ণপুঙ্খ কর্ণ ও ভীমনিক্ষিপ্ত সহস্র সহস্র বাণ ও নারাচ; প্রাস ও তোমর-সমূহ; তরবারি ও পরশু; স্বর্ণখচিত গদা, মুষল ও পট্টিশ; নানাপ্রকার বজ্র; শক্তি ও পরিঘ এবং বিচিত্র শতঘ্নীদ্বারা আবৃত হইয়া সমরভূমি শোভা পাইতে লাগিল ॥১৬—২০॥

মাননীয় ভরতনন্দন! নিপাতিত স্বর্ণের কেয়ূর, হার, কুণ্ডল, মুকুট, বলয় ও অঙ্গুরীয়; চূড়ামণি, উষ্ণীষ, স্বর্ণসূত্র, বর্ম্ম, হস্তাবরণ, গ্রীবালঙ্কার, ছিন্ন-বিচ্ছিন্ন

---

(১৯)…গদামুসলপট্টিশৈঃ—নি। (২১)…তথৈবাঙ্গুলিবেষ্টকৈঃ—বা নি। (২২)…হারৈশ্চৈব ভারত!—বা নি।

অচিন্ত্যমদ্ভুতঞ্চৈব তয়োঃ কর্ম্মাতিমানুষম্ ।
দৃষ্ট্বা চারণসিদ্ধানাং বিস্ময়ঃ সমজায়ত ॥২৫॥
অগ্নের্বায়ুসহায়স্য গতিঃ কক্ষ ইবাহবে ।
আসীদ্ভীমসহায়স্য রৌদ্রমাধিরথের্গতম্ ॥২৬॥
নিপাতিতধ্বজরথং হতবাজিনরদ্বিপম্ ।
গজাভ্যাং সম্প্রযুক্তাভ্যামাসীন্নলবনং যথা ॥২৭॥
মেঘজালনিভং সৈন্যমাসীত্তব নরাধিপ ! ।
বিমর্দ্দঃ কর্ণভীমাভ্যামাসীচ্চ পরমো রণে ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমকর্ণযুদ্ধে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অচিন্ত্যমিতি । তয়োর্ভীমকর্ণয়োঃ । চারণসিদ্ধানাং গগনস্থানাং দেবযোনিবিশেষাণাম্ ॥২৫॥
অগ্নেরিতি । কক্ষে শুষ্কতৃণসমূহে । আধিরথেঃ কর্ণস্য, গতং বিচরণম্ ॥২৬॥
নিপাতিতেতি । পূর্ব্বার্দ্ধে যুদ্ধমিতি শেষঃ । সম্প্রযুক্তাভ্যাং যুদ্ধে মিলিতাভ্যাম্ ॥২৭॥
মেঘেতি । বিমর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ, কর্ণভীমাভ্যাং কর্ণভীময়োঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য বিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

বস্ত্র, ছত্র, চামর ও ব্যজন; বাণবিদীর্ণ ও রক্তাক্ত হস্তী, অশ্ব ও মনুষ্য এবং বিদীর্ণ, পতিত ও পাতিত নানাবিধ দ্রব্যদ্বারা ভিন্ন ভিন্ন স্থানের রণভূমিগুলি—গ্রহদ্বারা আকাশের ন্যায় শোভা ধারণ করিল ॥২১—২৪॥

ভীম ও কর্ণের অচিন্তনীয়, অদ্ভুত ও অলৌকিক কার্য্য দেখিয়া আকাশবর্ত্তী সিদ্ধ ও চারণগণের বিস্ময় জন্মিল ॥২৫॥

শুষ্ক তৃণসমূহে বায়ুসমন্বিত অগ্নির যেমন ভয়ঙ্কর গতি হয়, সেইরূপ যুদ্ধে ভীমের সহিত সম্মিলিত কর্ণের ভয়ঙ্কর গতি চলিতে লাগিল ॥২৬॥

দুইটা হাতী যুদ্ধে মিলিত হইলে নলবনের যেরূপ অবস্থা হয়, সেইরূপ ধ্বজ ও রথ নিপাতিত এবং হস্তী, অশ্ব ও পদাতি নিহত হওয়ায় ভীম-কর্ণ যুদ্ধের অবস্থা হইয়া পড়িল ॥২৭॥

---

(২৮) তথারূপং মহৎ সৈন্যম্—নি। * '...ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি ।